আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের
নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুন ২০১৮

‘‘আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ (১ম সংশোধিত)’’ শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুন ২০১৮

সূচিপত্র

	বিবরণ	পৃষ্ঠা নং
	প্রথম অধ্যায়	
	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের আওতায় গৃহীত প্রকল্পের বিবরণ	**১-৭**
১.১	প্রকল্পের পটভূমি	১
১.২	প্রকল্পের উদ্দেশ্য	২
১.৩	প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ	২
১.৪	প্রকল্প অনুমোদন ও সংশোধন	৩
১.৫	অর্থায়নের অবস্থা	৩
১.৬	সংক্ষিপ্ত অঙ্গভিত্তিক বিবরণ	৪
১.৭	প্রকল্প এলাকা	৪
১.৮	SDG ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং ভিশন ২০২১-এর সাথে প্রকল্পের সামঞ্জস্যতা	৬
	দ্বিতীয় অধ্যায়	
	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপরিধি ও কার্যপদ্ধতি	**৮-১৪**
২.১	নিবিড় পরিবীক্ষণে পরামর্শক ফার্মের কার্যপরিধি (ToR)	৮
২.২	কর্ম পরিকল্পনা (Work Plan)	৯
২.৩	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা পদ্ধতি	১০
	তৃতীয় অধ্যায়	
	প্রকল্পের সার্বিক এবং অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতির তথ্য বিশ্লেষণ	**১৫-৩৫**
৩.১	ডিপিপি সংস্থান অনুযায়ী বছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয়	১৫
৩.২	প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতির পর্যালোচনা	১৬
৩.৩	প্রকল্পে অ ন্তভূর্ক্ত কার্যক্রমের মার্চ /২০১৮ পর্যন্ত অঙ্গভিত্তিক বাস্তবায়ন লক্ষ্যমাত্রা ও অগ্রগতি বিশ্লেষণ	১৭
৩.৪	প্রকল্পভুক্ত বিভিন্ন কার্যক্রমের মধ্যে প্রধান প্রধান কয়েকটির বাস্তবায়ন অগ্রগতি বিশেষণ	১৯
	চতুর্থ অধ্যায়	
	প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ওপর্যবেক্ষণ	**৩৬-৩৭**
৪.১	প্রকল্পের উদ্দেশ্য ও অগ্রগতি	৩৬
	পঞ্চম অধ্যায়	
	সংগ্রহ আইন ও বিধিমালা অনুসরণ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ	**৩৮-৪৭**
৫.১	প্রকল্পের অধীনে ক্রয় সম্পর্কিত তথ্যাদি পর্যালোচনা	৩৮
৫.২	WB ক্রয় গাইড লাইন -২০১১ /পিপিআর-২০০৮ এর আলোকে উপরোক্ত দরপত্রটির ওপর মন্তব্য	৪৬
৫.৩	পণ্য, কার্য ও সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলসহ বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;	৪৭
	ষষ্ঠ অধ্যায়	
	ডিজাইন, স্পেসিফিকেশন,গুণগত মান ও পরিমাণবিষয়ে সরেজমিনে পরিদর্শন, পর্যালোচনা ও পর্যবেক্ষণ	**৪৮-৫২**
৬.১	প্রকল্পের সাইলো সংশ্লিষ্ট TSS Civil) প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণ	৪৮

	বিবরণ	পৃষ্ঠা নং
৬.২	সরেজমিনে সাইলো পরিদর্শনের মাধ্যমে সংগৃহীত তথ্য	৫১
৬.৩	প্রকল্পের সাইলো সাইট অফিস ভবন নির্মাণ কাজের মান সম্পর্কে মন্তব্য	৫১
	সপ্তম অধ্যায়	
	অর্থায়ন ও বাস্তবায়নে বিলম্ব, ব্যবস্থাপনা এবং মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা	**৫৩-৬১**
৭.১	প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে বিলম্ব	৫৩
৭.২	W-৩ প্যাকেজ এর চুক্তি সম্পাদনে বিভিন্ন পর্যায়ে সময় ক্ষেপন ও কারণ	৫৫
৭.৩	প্রকল্প ডিজাইন	৫৬
৭.৪	প্রকল্পের প্রথম সংশোধনীতে	৫৬
৭.৫	বর্তমানে প্রকল্পের ব্যয় বৃদ্বির কারণ	৫৬
৭.৬	প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা	৫৮
৭.৭	প্রকল্পের Log Frame-এর সঠিকতা বিশ্লেষণ	৫৯
৭.৮	প্রকল্পের সম্ভাব্য Exit Plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত	৬০
৭.৯	CPM/PERT পদ্ধতি অনুসরণের বাস্তবতা যাচাই	৬০
	অষ্টম অধ্যায়	
	নিবিড় পরিবীক্ষণের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদিবিশ্লেষণ	**৬২-৮৯**
৮.১	সুফলভোগীগণের নিকট হতে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ	৬২
৮.২	ফোকাস গ্রুপ আলোচনা	৭৯
৮.৩	স্থানীয় পর্যায়ের কর্মশালা	৮৪
৮.৪	কি ইনফরমেন্ট ইন্টারভিউ	৮৬
৮.৫	এ প্রকল্পের কার্যক্রমের সাথে অন্য প্রকল্পের কার্যক্রমের দ্বৈততা	৮৮
৮.৬	একই ধরণের অপরাপর খাদ্য গুদামের সাথে বর্তমান প্রকল্পের স্টিল সাইলো নির্মাণের তুলনামূলক বিবরণ	৮৮
৮.৭	প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম ও সৃষ্ট সুবিধাদি টেকসই করার লক্ষ্যে পর্যবেক্ষণ ও পর্যালোচনা	৮৯
	নবম অধ্যায়	
	SWOT বিশ্লেষণ	**৯০-৯৩**
৯.১	SWOT বিশ্লেষণ	৯০
৯.২	প্রকল্পের সবল দিক	৯০
৯.৩	দূর্বল দিক	৯১
৯.৪	সুযোগ	৯২
৯.৫	ঝুঁকি	৯৩
	দশম অধ্যায়	
	নিবিড় পরিবীক্ষণের আলোকে প্রাপ্ত পর্যবেক্ষণ, সুপারিশমালা ও উপসংহার	**৯৪-৯৭**
১০.১	নিবিড় পরিবীক্ষণের আলোকে প্রাপ্ত পর্যবেক্ষণ	৯৪
১০.২	নিবিড় পরিবীক্ষণের আলোকে প্রাপ্ত সুপারিশমালা	৯৬
১০.৩	উপসংহার	৯৭
	পরিশিষ্টের তালিকা	**৯৮-১৫২**

ABBREVIATION

ADP	Annual Development Program
BBS	Bangladesh Bureau of Statistics
BUET	Bangladesh University of Engineering Technology
CPM	Critical Path Method
CPTU	Central Procurement Technical Unit
CRDS	Center for Resource Development Studies Ltd
CSD	Central Storage Depot
CUET	Chittagong University of Engineering Technology
DOE	Department of Environment
DPD	Deputy Project Director
DPP	Development Project Proposal
DUET	Dhaka University of Engineering Technology
e-GP	Electronic Government Procurement
EIA	Environmental Impact Assessment
EoI	Expression of Interest
FGD	Focus Group Discussion
FM	Finesse Modulus
FMIS	Financial Management Information System
FPMU	Food Planning and Monitoring Unit
GAAP	Implementation of Governance and Accountability Action Plan
ICT	Information and communication technology
IEE	Initial Environmental Examination
IFPRI	International Food Policy Research Institute
IMED	Implementation Monitoring and Evaluation Division
IPP	International Procurement Panel
KII	Key Informant Interview
LAN	Local Area Network
lDA	International Development Association
LSD	Local Storage Depot
MB	Mega Byte
MDG	Millennium Development Goals
MoU	Memorandum of Understanding
NOA	Notification of award
PAD	Project Appraisal Document
PD	Project Director
PERT	Program Evaluation Review Technique
SDFP	Pubic Food Distribution System
PMU	Project Management Unit
PPA	Public Procurement Act
PPP	Public Private Partnership
PPR	Public Procurement Rules
PWC	Price water house Coopers
PWD	Public Works Division
RCC	Reinforced Cement Concrete
RDPP	Revised Development Project Proposal
RFC	Regional Food Controller
RFP	Request for Proposal
SDG	Sustainable Development Goals
SWOT	Strength Weakness Opportunity Threats
TA	Technical Assistant
ToR	Terms of Reference
TOT	Training of Trainers
WB	World Bank
WBS	Work Breakdown Structure

নির্বাহী সার-সংক্ষেপ

প্রতি অর্থ বছরে আইএমইডি'র এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের পাশাপাশি পরামর্শক ফার্মের সমীক্ষা টিমের মাধ্যমে সীমিত সংখ্যক চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় আইএমইডি চলতি ২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব বাজেটের আওতায় খাদ্য মন্ত্রণালয়ের অধীনে খাদ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''**আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ**'' শীর্ষক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণের উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে আইএমইডি'র পরিপত্র অনুযায়ী যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে সেন্টার ফর রিসোর্স ডেভেলপমেন্ট স্টাডিস লি. (সিআরডিএস) কে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য পরামর্শক ফার্ম হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। নির্বাচিত প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ পরিচালনা করার লক্ষ্যে ০৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ (কৃষি ও পানি সম্পদ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭-এর সাথে পরামর্শক ফার্ম সিআরডিএস এর ০৪ (চার) মাস মেয়াদি একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

বর্তমানে খাদ্য অধিদপ্তরের মোট ১৮ লক্ষ মেট্রিক টন খাদ্য শস্য সংরক্ষণের সুবিধা বিদ্যমান আছে। ক্রমবর্ধমান খাদ্য চাহিদা মেটাতে বাংলাদেশ সরকার ২০২১ সালের মধ্যে আরও ২.৭ লক্ষ মেট্রিক টন খাদ্য শস্য সংরক্ষণের পরিকল্পনা গ্রহ ণ করেছে। এ প্রেক্ষাপটে খাদ্য মন্ত্রণাল য়ের অধীনে ''আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পটি খাদ্য অধিদপ্তর কর্তৃক দেশের কৌশলগত বিভিন্ন স্থানে ৫,৪৩,২২৫ মে:টন ধারণ ক্ষমতার ৮ টি (আট) আধুনিক স্টীল সাইলো নির্মাণের জন্য ১৯১৯৯৬.৭৫ লক্ষ টাকা প্রাকল্পিত ব্যয়ে জানুয়ারি ২০১৪ হতে জুন ২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য গৃহীত হয়। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো খাদ্য শস্যের নিরাপদ মজুদ নিশ্চিতকরণ ও জনসংখ্যা বৃদ্ধির সাথে খাদ্য শস্যের মজুদ ক্ষমতার সংগতি বজায় রাখার লক্ষ্যে দেশের ৮টি (আট) স্থানে স্টীল সাইলো নির্মাণ করা।

প্রকল্পের অধীনে বাস্তবায়নকৃত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্য অর্জনের ল ক্ষ্যে যথাযথভাবে এবং সরকারি বিধিবিধান অনুসরণে বাস্তবায়িত হচ্ছে কিনা তা পর্যালোচনা করা এবং প্রকল্পের SWOT Analysis এর মাধ্যমে প্রয়োজনীয় দিক-নির্দেশনার জন্য প্রকল্পটি নিবিড় পরিবীক্ষণ করা হয়। সমীক্ষার মাধ্যমে ৭৭৪ জন হাউজহোল্ড সাইলো উপকারভোগীর হতে তথ্য ও উপাত্ত সংগ্রহ করা হয়েছে। সার্ভিস প্রোভাইডার (ডিপিডিএস), সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও কৃষি কর্মকর্তা সহ সকল Stakeholder–দের সাথে ১৮ টি ফোকাস গ্রুপ আলোচনা (FGD) পরিচালনা করা হয়েছে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি জানার জন্য সংশ্লিষ্টদের সাথে মোট ২৭টি KII করা হয়েছে। এছাড়াও প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প কো-অর্ডিনেটর ও অন্যান্য কর্মকর্তাদের সঙ্গে (KII) আলোচনা করা হয়েছে ও ৮টি সাইলো সাইট সরেজমিনে পরিদর্শন করা হয়েছে । স্থানীয় পর্যায়ে একটি কর্মশালার মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

প্রাপ্ত তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের শুরু (জানুয়ারি ২০১৪) হতে মার্চ ২০১৮ পর্যন্ত প্রকল্পের মোট ক্রমপুঞ্জিত ব্যয় ২১,৮৩৩.৫০ লক্ষ টাকা, যা আরডিপিপিতে ১৯১৯৯৬.৭৫ লক্ষ টাকা সংস্থানের ১১.৩৭% এবং প্রকল্পের বাস্তব অগ্রগতি ৩৯% ।

ডিপিপি অনুযায়ী সামাজিক ও পরিবেশগত সুরক্ষা কর্মসূচী, ভূমি উন্নয়ন (৮টি সাইট), ৮টি সাইলো সাইটের যন্ত্রপাতি ক্রয় ও আনুষাংগিক সুবিধাসহ ৮টি সাইলোর পূর্ত নির্মাণ কাজ বাবদ ১৪২৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে। স্টীল সাইলো নির্মাণের মূল কাজ মার্চ/২০১৮ সময় পর্যন্ত আরম্ভ করা হয় নি। কেবল মাত্র W-3 প্যাকেজের কাজ করার জন্য নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame (Italy) JV এর সাথে বিগত ০৪-০৪-২০১৮ তারিখের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অপর দুটি প্যাকেজ W-2 ও W-1 এর চুক্তিপত্র অত্র পর্যবেক্ষণ চলাকালীন পর্যন্ত সম্পন্ন হয়নি। তবে সাইলো নির্মাণের নিমিত্তে ভূমি উন্নয়ন, সাইট অফিস বিল্ডিং নির্মাণ ও সীমানা প্রাচীর নির্মাণ বাবদ মার্চ/২০১৮ পর্যন্ত ৫১ কোটি ৭২ ল ক্ষ টাকা ব্যয় হয়েছে।

আরডিপিপি অনুযায়ী ৮টি সাইলো নির্মাণ সাইটে ৮টি অফিস ভবন নির্মাণের সংস্থান রয়েছে। সমীক্ষা চলাকালীন ৭টি সাইলো সাইটে অফিস ভবন ও ভূমি উন্নয়নসহ সীমানা প্রাচীর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বরিশাল সাইলো সাইটে অফিস ভবন নির্মাণ কাজের প্রায় ৭০% এবং ভূমি উন্নয়ন ও সীমানা প্রাচীর নির্মাণ প্রায় ৪৬% কাজ সম্পন্ন হয়েছে।

প্রকল্পের ডিপিপি অনুযায়ী কার্য, পণ্য ও সেবা ক্রয়ের জন্য ৭২টি প্যাকেজের সংস্থান রয়েছে। এর মধ্যে পণ্য ক্রয়ের জন্য ২৩টি প্যাকেজ, কার্য ক্রয়ের জন্য ১৮টি এবং সেবা ক্রয়ে জন্য ৩১টি প্যাকেজ রয়েছে। মার্চ/২০১৮ পর্যন্ত পণ্য ক্রয়ের ২৩টি প্যাকেজের মধ্যে ১৪টি প্যাকেজের ক্রয় কাজ সম্পন্ন হয়েছে। ১৮টি কার্য ক্রয়ের প্যাকেজের মধ্যে ১৩টি প্যাকেজের ক্রয় কাজ সম্পন্ন হয়েছে। ৩১টি সেবা ক্রয়ের প্যাকেজের মধ্যে ২৯টি প্যাকেজের ক্রয় কাজ সম্পন্ন হয়েছে।

কোন কোন ক্ষেত্রে সাইট অফিস নির্মাণের সামগ্রী ল্যাবরেটরি টেস্ট ছাড়াই নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে তবে অধিকাংশ ক্ষেত্রেই নির্মাণ সামগ্রীর ল্যাবরেটরি টেস্ট করা হয়েছে এবং এ সংক্রান্ত প্রাপ্ত ফলাফল বিশ্লেষণে দেখা গেছে, অধিকাংশ নির্মাণ সামগ্রীর ল্যাবরেটরি টেস্টের ফলাফল স্ট্যান্ডর্ড ভ্যালু ঠিক আছে। নমুনায়িত ৭টি সাইলো অফিস ভবনের অফিস রুম, সিঁড়ি, দরজা, জানালা, রাথরুম, রুফ-টপ (roof-top) ইত্যাদি অনুমোদিত নকশা অনুযায়ী নির্মাণ করা হয়েছে। প্রকল্প আওতায় সাইট অফিস বিল্ডিং নির্মাণ, ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ ও আসবাবপত্রের গুণগত মান ভাল হয়েছে।

প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন পর্যায়ে বিলম্ব ঘটে। প্রকল্প পরিচালক নিয়োগ, IPP (International Procurement Panel) নিয়োগ, Silo Design & Supervision পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ, ঠিকাদার প্রাক নির্বাচন (Pre-qualification), বিশ্ব ব্যাংকের বিভিন্ন প্যাকেজে অনাপত্তি গ্রহণ, Social and Environmental safe guard বিষয়ে বিশ্ব ব্যাংকের এর শর্তাদি প্রদান ইত্যাদি কারণে কাজ শুরু করতে বিলম্বিত হয়। বরিশাল সাইলো সাইটের ভূমি উন্নয়নের জটিলতা, নারায়ণগঞ্জ সাইলো সাইটের ভূমির মালিকানা নিয়ে বিরোধ, চট্টগ্রাম সাইলো সাইটের অব্যবহৃত ভবন ও স্ক্র্যাপ মালামাল নিষ্পত্তিকরণ, মহেশ্বরপাশা, খুলনা সাইলো সাইটের জরাজীর্ণ ভবন অপসারণ, ময়মনসিংহ সাইলো সাইটের পুরাতন খাদ্য গুদাম অপসারণ ইত্যাদি কারণে কাজ শুরু ও সমাপ্ত করতে বিলম্ব হয়।

সমীক্ষা চলাকালীন (মার্চ/২০১৮) পর্যন্ত কোন উপকারভোগী কোন হাউজহোল্ড সাইলো/বিন পায়নি তবে, ৯৯.৬% উপকারভোগী জানেন যে তারা তালিকাভূক্ত হয়েছেন। ৭৭৪ জন উত্তরদাতার মধ্যে যে সকল উত্তরদাতা মনে করেন যে হাউজহোল্ড সাইলো/বিন তাঁদের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করবে, তাঁদের ৫১.৫% উত্তরদাতা জানান যে বন্যা বা দূর্যোগ পরবর্তী সময়ে খাদ্য অভাব বা খাদ্য ঘাটতি দূর করে খাদ্য নিরাপত্তা বাড়াবে। সমীক্ষার ফলাফল

অনুযায়ী ৮৫% সুবিধাভোগী ০.৫ একরের কম জমির মালিক। উত্তরদাতাদের ৮৭% আমন ধান, ৬১% উত্তরদাতা আমন চাল, ৩৯% উত্তরদাতা বোরো ধান, ২৮.৭% উত্তরদাতা বোরো চাল এবং ২৮% উত্তরদাতা আউশ ধান, ২৩% উত্তরদাতা আউশ চাল ও ২% উত্তরদাতা গম সংরক্ষণ করেন। সর্বশেষ প্রাকৃতিক দূর্যোগের ফলে মজুদকৃত আমন ধান নষ্ট হয়েছে বলে মো ট ৭৭৪ উত্তরদাতার মধ্যে ২১৯ (২৮.৩%) উল্লেখ করেছেন। তাঁদের মজুদকৃত আমন ধানের গড় ক্ষতির পরিমান ১১৩.৩ কেজি যা মোট উত্তরদাতার পরিপ্রেক্ষিতে ৩২.১ কেজি। প্রায় ১৩% উত্তরদাতা তাঁদের মজুদকৃত আমন চাল ক্ষতিগ্রস্থ হয়েছে বলে উল্লেখ করেছেন।

স্টীল সাইলো নির্মালেন ফলে এলাকায় খাদ্য শস্য উৎপাদনের ক্ষেত্রে, খাদ্য সংরক্ষণের ক্ষেত্রে ও মূল্য স্থিতিশীল রাখার ক্ষেত্রে ইতিবাচক প্রভাব পড়বে।

দেশে জনসংখ্যা বৃদ্ধির পাশাপাশি খাদ্য উৎপাদনও বৃদ্ধি পাচ্ছে। ফলে স্টীল সাইলোতে শস্য সংরক্ষণের জন্য পর্যাপ্ত খাদ্য শস্য পাওয়া যাবে। প্রকল্পের মূল কাঠামো স্টিল সাইলো গ্যালভানাইজড করোগেটেড জিঙ্ক কোটেড স্টিল দ্বারা নির্মিত হবে। যার মান ASTMA653 স্টিল ৬৪১ গ্রাম জিঙ্ক প্রতি বর্গ.মি. বিশিষ্ট হবে। এই স্টীল সাইলো বিনের স্থায়িত্ব কাল প্রায় ৬০ বছর। তবে যথাযত ভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হলে স্থায়িত্ব আরোও বৃদ্ধি পাবে।

ইতিপূর্বে সরকারি পর্যায়ে স্টিল সাইলো নির্মাণ ও ব্যবহার করা হয়নি। আলোচ্য প্রকল্পে স্টিল সাইলো নির্মাণসহ সরকারের খাদ্য বিভাগের সকল পর্যায়ের খাদ্য গুদাম ও স্থাপনা সমূহ ICT এর মাধ্যমে একটি নেটওয়ার্কের আওতায় আনা হবে। এই প্রকল্পটি সুষ্ঠভাবে সম্পন্ন হলে দেশে মান সম্পন্ন খাদ্য শস্য সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ কার্যক্রমে গতিশীলতা আসবে। খাদ্য অপচয়, খাদ্য মান, খাদ্য বিনষ্ট হওয়া ক্ষতি থেকে সরকার রক্ষা পাবে। একই নেটওয়ার্কের আওতায় থাকায় দেশের সকল স্থানের খাদ্য মজুদ, বিতরণ, সংগ্রহ সহজতর হবে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্প যথাযথ ভাবে চালু রাখা একটি বড় ধরণের চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ মোকাবিলার জন্য সাইলো যথাযথভাবে ও দক্ষতার সাথে ব্যবহার ব্যবস্থাপনা, পরিচালনা মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য উপযুক্ত জনবল এখনই তৈরি করতে হবে। যাতে প্রকল্প সমাপ্তির পর সাইলো পরিচালনায় কোন বিঘ্ন না ঘটে।

নিবিড় পরিবীক্ষণে প্রাপ্ত তথ্যের আলোকে নিম্মে বর্ণিত সুপারিশসমূহ বিবেচনা করা যেতে পারেঃ

১) সকল কাজ পরিকল্পনা মাফিক করার বিষয়ে প্রকল্পের সকল অংগ পরীক্ষা-নিরীক্ষা পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, কাজের সুনির্দিষ্ট তালিকা (Work/Activity list) প্রণয়ন, এবং সে মোতাবেক Work Breakdown Structure (WBS) করে কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে;

২) কর্মপরিকল্পনা মোতাবেক Critical Path Method (CPM) Program Evaluation Review Technique (PERT) Precedence Diagram Method (PDM)-এ জাতীয় স্বীকৃত কোন পদ্ধতি অনুসরণ করে যথাসময়ে প্রকল্প সমাপ্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩) অনুমোদিত ডিপিপিতে উল্লিখিত সকল পণ্য, সেবা ও কার্য ক্রয় কাজ পরিকল্পনা মোতাবেক দ্রুত সম্পন্ন করতে হবে;

৪) প্রকল্প কর্তৃপক্ষকে হাউসহোল্ড সাইলো/বিন উপকারভোগীদের সাইলো ব্যবহারের উপর প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে;

৫) সাইলো নির্মাণ কাজ শুরু হয়ে গেছে বিধায় কাজের তদারকির জন্য অভিজ্ঞ, দক্ষ ও যথাযথ প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর দ্রুত সম্পন্ন করতে হবে;

৬) W-1 ও W-2 প্যাকেজের কাজ দ্রুত সম্পন্ন করার উদ্যোগ নিতে হবে;

৭) PMU দপ্তরের কারিগরি কর্মকর্তাদের নিয়মিত কাজের সাইট পরিদর্শন করতে হবে। পরিদর্শনকালে তাঁদের মতামত/নির্দেশনা সাইট রেজিষ্টারে যথাযথ ভাবে উ ল্লেখ করতে হবে এবং তা সাইটে অবস্থিত সকল তদারকী কাজে নিয়োজিত সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করতে হবে;

৮) স্টিল সাইলো পরিচালনার দক্ষতা বৃদ্ধির জন্য প্রতিটি সাইলো পরিচালনার জন্য ডিপিপিতে বর্ণিত নির্দিষ্ট জনবলকে যথাযথ প্রশিক্ষণ প্রদান করতে হবে;

৯) প্রকল্পটি বাস্তবায়ন শেষে তা ব্যবস্থাপনা, পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ করার জন্য সম্পূর্ণ আলাদা কারিগরি জনবলের কাঠামো পুন:বিন্যাসসহ পদ সৃজনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ এখনই গ্রহণ করা প্রয়োজন।

১০) প্রকল্পের Log Frame টি হাল-নাগাদ করে নতুন সময় সীমার আলোকে এর indicator স্থাপন করা প্রয়োজন ।

১১) অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে (ইআরডি) কে বিভিন্ন বিষয়ে অনুমোদন প্রক্রিয়াকে দ্রুততর করতে হবে।

১২) অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে (ইআরডি) অর্থ প্রাপ্তি নিশ্চিত করতে হবে যেন অর্থের অভাবে ষ্টিল সাইলো নির্মান কাজ বিলম্ব না হয়।

প্রথম অধ্যায়

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের আওতায় গৃহীত প্রকল্পের বিবরণ

১.১ প্রকল্পের পটভূমি[1]

বাংলাদেশের বর্ধিত জনসংখ্যার খাদ্য চাহিদা পুরনের জন্য ব্যাপক পদ ক্ষেপ নেয়া হচ্ছে। তার ফলে বিগত দশক জুড়ে বাংলাদেশের দারিদ্রের হার ব্যাপক ভাবে হ্রাস পেয়েছে। কিন্তু ঘনঘন প্রাকৃতিক ও অন্যান্য দূর্যোগের কারণে দেশের অবকাঠামো এবং কৃষির মারা ত্মক ক্ষতি হচ্ছে। ফলে দেশ খাদ্য সংকটে তথা খাদ্য নিরাপত্তার অভাব পরিলক্ষিত হচ্ছে। এই ঘাটতি আমদানীর মাধ্যমে পূরণ করতে হয়। ২০১৮ সালে দেশের মোট জনসংখ্যা ১৬৬ মিলিয়ন । মোট জনসংখ্যার বার্ষিক খাদ্য চাহিদা ২৮.৭২ মিলিয়ন মেট্রিক টন । বাংলাদেশের বার্ষিক চাল উৎপাদনের পরিমান ৩৪.৭১ মিলিয়ন মেট্রিক টন ও গম উৎপাদনের পরিমান ১.৩৫ মিলিয়ন মেট্রিক টন । উৎপাদিত খাদ্যের একটা অংশ সংরক্ষণ করা হয় বীজ হিসেবে। এ ছাড়াও একটা অংশ নষ্ট হয় বিভিন্ন কারনে। অধিকন্তু প্রাকৃতিক দূর্যোগ, ঝড়, বন্যা ফসলের ক্ষতি করে বলে খাদ্য ঘাটতি দেখা দেয়।

বিশ্বব্যাপী সমানভাবে উন্নয়নের লক্ষ্যে ২০১৫ সালে জাতিসঙ্ঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট বা ইউএন এসডিজি'র নিম্নবর্ণিত দুইটি অভীষ্ট বা গোল খাদ্য নিরাপত্তার জন্য পরস্পর নিবিড় ভাবে সম্পর্কিত:

অভীষ্ট-১: সর্ব প্রকার দারিদ্র্যের মূল্যোৎপাটন করা

অভীষ্ট -২: ক্ষুধা দূরীকরণ, খাদ্য নিরাপত্তা অর্জন করা ও পুষ্টি নিশ্চিত করা এবং শক্তিশালী কৃষি ব্যবস্থা নির্মাণ করা

উক্ত দুটি অভিষ্ট'র সাথে লক্ষ্যমত্রা ও সূচক নির্ধারণ করা আছে যা আগামী ২০৩০ সালের মধ্যে অর্জন করতে হবে।

এসডিজি, ভিশন ২০২১ (অনুচ্ছেদ-১৪.৩,পৃ: ৬১৮) ও ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার (অনুচ্ছেদ-১৪.৩,পৃ: ৬১৮) সাথে সমন্বয় করা দলিলাদি তথা বর্তমান খাদ্য নীতির (অনুচ্ছেদ-১৪.৩,পৃ: ৬১৮) সাথে নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত **''আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ''** শীর্ষক প্রকল্পটি সামঞ্জস্যপূর্ণ, যা নিবিড় পরিবীক্ষণকালে দলিলাদি বিশ্লেষণে প্রতীয়মান হয়। উল্লেখ্য প্রকল্পটি গ্রহণের সময় জাতিসঙ্ঘ ঘোষিত সহস্রাব্দ উন্নয়ন লক্ষমাত্রা বা এমডিজি, ৬ষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা, জাতীয় খাদ্য নীতি ও দেশজ বিনিয়োগ পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ ছিল। দেশের খাদ্য ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধি করার জন্য আধুনিক খাদ্য সংরক্ষণাগার সুবিধাসমূহ সৃষ্টি হবে এবং এই খাদ্য সংরক্ষণাগারগুলো আধুনিক যন্ত্রপাতি সজ্জিত হবে, যাতে করে জলবায়ু পরিবর্তনের প্রভাবকে মোকাবেলা করতে পারবে এবং সাথে সাথে প্রাকৃতিক দূর্যোগ কালীন সময়ে খাদ্য শস্যের নিরাপদ মজুদ নিশ্চিত করতে পারবে।

বর্তমানে খাদ্য অধিদপ্তরের মোট ১.৮০ মিলিয়ন টন খাদ্যশস্য সংর ক্ষণের সুবিধা বিদ্যমান আছে । খাদ্য অধিদপ্তর স্থানীয়ভাবে সংগৃহীত ও আমদানীকৃত খাদ্য শস্য দেশের ৬৩১টি স্থানীয় সংরক্ষণাগার (লোকাল স্টোরেজ ডিপো বা এলএসডি, ১৩ টি কেন্দ্রীয় সংরক্ষণাগার (সেন্ট্রাল স্টরেজ ডিপো বা সিএসডি) ও ৫ (পাঁচ)টি সাইলোতে (বহি; আবহাওয়ার বাতাস ও জলীয় বাষ্পর সংস্পর্শমুক্ত বিভিন্ন আকারের যেমন- চোঙ্গাকার, গোলাকার ইত্যাদি গর্ত বা পাত্র) সংরক্ষণ করে থাকে। এই সংরক্ষণগারগুলি দেশের বিভিন্ন জেলা, উপজেলা, ইউনিয়নের কৌশলগত স্থানে অবস্থিত। সিএসডি ও এলএসডিসমূহ কোনটি ৫০০ মেঃটঃ ও কোনটি ১০০০ মেঃটঃ । ক্রমবর্ধমান বর্তমান জনসংখ্যার খাদ্য বিশেষকরে দানাদার খাদ্যশস্য'র চাহিদা মেটাতে বাংলাদেশ সরকার ২০২১ সালের মধ্যে ২.৭ মিলিয়ন টন খাদ্য সংর ক্ষণের পরিকল্পনা গ্রহন করেছে ।

বর্তমান সংরক্ষণ ক্ষমতা ১.৮০ মিলিয়ন টন খাদ্য শস্য দেশের খাদ্য গুদামে (এলএসডি, সিএসডি ও সাইলোতে) সংরক্ষণ করা হয় । প্রচলিত খাদ্য গুদামে (সিএসডি ও এলএসডি ও কংক্রিটের সাইলো) বিভিন্ন কারণে যেমন, খাদ্য শস্য পঁচে

[1] প্রকল্পের ডিপিপি অনুসারে

যাওয়া এবং ইঁদুর, কীটপতঙ্গের আক্রম ণ । এমতাবস্থায় সরকার উন্নত ধরনের খাদ্য গুদাম এবং সাইলো (স্টীল ও আরসিসি) উন্নতকরণ ও নির্মাণের মাধ্যমে ২০২১ সালের মধ্যে ১ ৪.৮৪ লক্ষ মে:টন খাদ্য শস্য সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করেছেন।

এ প্রেক্ষাপটে খাদ্য মন্ত্রণালয়ের মাধ্যমে দেশের বিভিন্ন কৌশলগত স্থানে মোট ৫.৪৩ লক্ষ মে:টন ধারণ ক্ষমতার ৮(আট) টি আধুনিক স্টীল সাইলো নির্মাণের জন্য ''**আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ**'' শীর্ষক প্রকল্পটি গৃহীত হয় ও ২০১৪ সালে যা একনেক কর্তৃক অনুমোদিত হয়, যা এখন খাদ্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ।

উল্লেখ্য, প্রকল্পটি গ্রহণের পূর্বে ২০১১ সালে সম্ভাব্যতা সমীক্ষাতে (Feasibility Study) ৮ (আট) টি সাইলো নির্মাণের সুপারিশ প্রদান করা হয়। উক্ত সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) কার্যক্রমটি মার্কিন যুক্তরাষ্ট্রের KEY International এবং বাংলাদেশের স্থপতি সংসদ যৌথভাবে সম্পন্ন করেছে। উক্ত সমীক্ষাতে ৮ (আট) কোটি টাকা-এর উর্ধ্বে ব্যয় হয় । সমীক্ষার সুপারিশে ২১৬.৯৭ মিলিয়ন মার্কিন ডলার ব্যয় প্রাক্কলন করা হয়, পরবর্তীতে বিশ্ব ব্যাংক ১৭০ মিলিয়ন মার্কিন ডলার ব্যয় প্রাক্কলন করে এবং বিশ্ব ব্যাংক-এর সাথে গত ৭ এপ্রিল ২০১৪ সালে ঋণ চুক্তি হয়, যার বাংলাদেশী মূল্য ছিল ১ ,৩৬০ কোটি টাকার (১$=৮০ টাকা)। উক্ত ১৭০ মিলিয়ন ডলারের মধ্যে ২৫ মিলিয়ন ডলার ছিল BCCRF ফান্ডের টাকা যা পরবর্তীতে আর পাওয়া যায়নি। অর্থাৎ প্রকৃত ঋণ পাওয়া যায় ১৪৫ মিলিয়ন ডলারের যা ১,১৬০ কোটি টাকা।

১.২ প্রকল্পের উদ্দেশ্য

১. খাদ্য শস্য মজুদ বৃদ্ধির লক্ষ্যে কৌশলগত স্থানে মোট ৫,৪৩,২২৫ মেট্রিক টন (৫.৪৩ লক্ষ মে:টন) ধারণ ক্ষমতার ৮টি আধুনিক স্টীল সাইলো নির্মাণ;
২. দুর্যোগকালীন এবং দূর্যোগ পরবর্তী সময়ে খাদ্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে খাদ্য শস্য/বীজ সংরক্ষণের নিমিত্ত পারিবারিক পর্যায়ে হাউজ হোল্ড সাইলো বিতরণ;
৩. খাদ্য মজুদ ব্যবস্থা উন্নতকরণ, খাদ্য মজুদের খরচ হ্রাসকরণ এবং মজুদকৃত খাদ্য শস্যের পর্যবেক্ষণ ব্যবস্থা উন্নীতকরণ;
৪. দূর্যোগ কবলিত জনগণের মাঝে দ্রুত ত্রাণ বিতরণের জন্য বন্যা, সাইক্লোন ইত্যাদি প্রাকৃতিক দূর্যোগ কালীন খাদ্য শস্যের নিরাপদ মজুদ নিশ্চিতকরণ;
৫. খাদ্য শস্যের গুণগত, পরিমাণগত এবং পুষ্টিমান বজায় রাখার লক্ষ্যে সবচেয়ে উপযুক্ত পদ্ধতি অভিযোজনকারণ; এবং
৬. জনসংখ্যা বৃদ্ধির সাথে খাদ্য শস্যের মজুদ ক্ষমতার সংগতি বজায় রাখা।

১.৩ প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ

১. দেশের ৮টি কৌশলগত স্থানে ৮টি (৬টি চাল+২টি গম) আধুনিক ষ্টীল সাইলো নির্মাণ;
২. দেশের দূর্যোগ প্রবণ ১৯টি জেলার ৬৩টি উপজেলায় ৫ লক্ষ পারিবারিক সাইলো সরবরাহ, পরিবহণ, সংরক্ষণ ও বিতরণ;
৩. ৮টি ষ্টীল সাইলোর আনুষাংগিক স্থাপনা নির্মাণ (অফিস ভবন, সীমানা প্রাচীর ও ভূমি উন্নয়ন);
৪. সামাজিক ও পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন;
৫. সমন্বিত খাদ্য নীতি ও গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে খাদ্য অধিদপ্তরের ফুড প্ল্যানিং এন্ড মনিটরিং ইউনিট বা এফপিএমইইউ -এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা;
৬. খাদ্য মজুদ এবং বাজার মনিটরিং সিস্টেম-এ সহায়তা প্রদান;

৭. খাদ্য মজুদ-এর পরিকল্পনা ও মনিটরিং ব্যবস্থা ও সহায়ক সুবিধাদির জন্য আধুনিক পদ্ধতির প্রবর্তন;

৮. দেশী-- বিদেশী প্রশিক্ষণ, স্টাডি ট্যুর, সেমিনার, কর্মশালা ইত্যাদির মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট মানব সম্পদের দক্ষতা বৃদ্ধিকরণ ও কৌশলগত সমীক্ষা পরিচালনা;

৯. খাদ্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ের অফিস প্রাঙ্গনে প্রশিক্ষণ, মনিটরিং ও গবেষণা কেন্দ্র স্থাপন;

১০. খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের গুরুত্বপূর্ণ ১৫টি স্থাপনায় Digital Truck Weigh Bridge স্থাপন;

১১. খাদ্য অধিদপ্তরের ৬টি আঞ্চলিক অফিসে খাদ্যের গুনগতমান পরিক্ষার জন্য ৬টি আধুনিক Food Testing Laboratory স্থাপন এবং

১২. **Governance and Accountability action plan (GAAP)** বাস্তনবায়ন করা।

১.৪ প্রকল্প অনুমোদন ও সংশোধন

প্রকল্পটি ১৯১৯৯৬.৭৫ লক্ষ (১৯১৯.৯৭ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৪ হতে জুন ২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য ১১ মার্চ ২০১৪ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটি মোট প্রাক্কলিত ব্যয়ের মধ্যে জিওবি ৩৩৫.২৪ লক্ষ (৩.৩৫ কোটি) টাকা এবং প্রকল্প সাহায্য (lDA loan) ১৮৭৬৬১.৫১ লক্ষ (১৮৭৬.৬২ কোটি) টাকা এবং সুবিধাভোগী কর্তৃক প্রদেয় ৪০০০.০০ লক্ষ (৪০ কোটি) টাকা। পরবর্তীতে আন্ত:খাত সমন্বয় করে মূল ডিপিপির ব্যয় ও মেয়াদকাল অপরিবর্তিত রেখে প্রকল্পটি ২৬ মে ২০১৬ তারিখে ১ম সংশোধন করা হয়। এই সংশোধনটি পরিপত্র মোতাবেক খাদ্য মন্ত্রণালয়ের মন্ত্রি পর্যায়ে অনুমোদিত হয়।

১.৫ প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকালঃ

প্রকল্পের অনুমোদিত ব্যয় (কোটি টাকা)					প্রকল্পের বাস্তবায়নকাল	
অনুমোদনের পর্যায়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য		
১	২	৩	৪	৫	৬	৭
মূল	১৯১৯.৯৭	৩.৩৫	১৮৭৬.৬২	৪০.০০	০১ জানুয়ারি ২০১৪ হতে ৩০ জুন ২০২০	১১ মার্চ ২০১৪
সংশোধিত (১ম)	১৯১৯.৯৭	৩.৩৫	১৮৭৬.৬২	৪০.০০	০১ জানুয়ারি ২০১৪ হতে ৩০ জুন ২০২০	২৬ মে ২০১৬

১.৬ অর্থায়নের অবস্থা

(লক্ষ টাকায়)

অর্থ বছর	ডিপিপি'র সংস্থান (জিওবি+ প্রঃসাঃ+ সুবিধাভোগী)	আরডিপিপি'র সংস্থান (জিওবি+ প্রঃসাঃ+ সুবিধাভোগী)	এডিপি (জিওবি+ প্রঃসাঃ+ সুবিধাভোগী)	আরএডিপি (জিওবি+ প্রঃসাঃ+ সুবিধাভোগী)	প্রকৃত ব্যয় (জিওবি+ প্রঃসাঃ+ সুবিধাভোগী)
২০১৩-১৪	১১৫৪.০৯	০	০ ০	০ ০	০
২০১৪-১৫	৭৮৯২৮.৮৭	১২০০.৯০	৮০৫২.০০	২০১২.০০	১২০০.৯০
২০১৫-১৬	৭৯৮১০.২১	৮৮৬৬.০০	৩০০৬৬.০০	৮৮৬৬.০০	৬৬৩৭.০০
২০১৬-১৭	১২২৯২.৮৮	২২২০০.০০	২২০০০.০০	১২০০০.০০	১০৬১৮.০৫
২০১৭-১৮	৮৩৪৩.৬৫	৭০০৪৩.২৫	২০০০০.০০	২০০০০.০০	*৩৩৭৭.৫৫
২০১৮-১৯	৮৩৮৩.৬৫	৬৫১০০.০৫	-	-	-
২০১৯-২০	৩০৮৩.৪	২৪৫৮৬.৫৫	-	-	-
মোট	১৯১৯৯৬.৭৫	১৯১৯৯৬.৭৫	৮০১১৮	৪২৮৭৮	২১৮৩৪

উৎস: প্রকল্প পরিচালকের কার্যালয়, * মার্চ, ২০১৮ পর্যন্ত

প্রকল্পের ১ম বছরে অর্থাৎ ২০১৩-১৪ অর্থবছরে মূলতঃ অনুমোদন কার্যক্রম প্রক্রিয়াধীণ ছিল ও কোন প্রকার বাস্তব কাজ আরম্ভ বা সম্পন্ন না হওয়ায় উক্ত বছরে কোন ব্যয় হয়নি। এক্ষেত্রে কোন কর্মপরিকল্পনা ছিলনা বা বাস্তবায়নে প্রকল্প ব্যবস্থাপনার দুর্বলতা প্রকাশ পায়।

প্রকল্পের ২য় বছরে অর্থাৎ ২০১৪-১৫ অর্থবছরে মূলতঃ প্রকল্পের পরিচালক, উপ প্রকল্প পরিচালকসহ ১৮ জন স্বতন্ত্র পরামর্শক, ২৯ জন আউটসোর্সিং কর্মচারী ও ১০ জন কম্পিউটার কাম অফিস এসিসট্যান্ট নিয়োগ করা হয়। প্রবাসী কল্যাণ ভবনে লেভেল ১৭ এ উম্মুক্ত জায়গা ভাড়া নিয়ে অফিস নির্মাণ। প্রকল্পের ১০ টি গাড়ি, প্রয়োজনীয় অফিস ফার্নিচার , অফিস সরঞ্জাম (কম্পিউটার, ফটোকপিয়ার মেশিন) ক্রয় করা হয়। এ বাবদ ব্যয় হয় ১২০০.৯০ লক্ষ টাকা অথচ সংশোধিত বরাদ্দ ছিল ২০১২.০০ লক্ষ টাকা। বরাদ্দের বিপরীতে ব্যয় কম হওয়ার ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নে প্রকল্প ব্যবস্থাপনা বিশেষ করে ক্রয় ব্যবস্থাপনা ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক কোন তৎপরতা ছিলনা যা নিবিড় পরিবীক্ষণকালে প্রাপ্ত তথ্যাদিতে পাওয়া যায়।

প্রকল্পের ৩য় বছর অর্থাৎ ২০১৫-২ ০১৬ অর্থবছরে মূলতঃ ৩ সদস্য বিশিষ্ট (2 জন বিদেশী, 1জন স্থানীয়) International Procurement Panel (IPP) নিয়োগ, সাইলো নির্মাণের পরামর্শক নকশা ও তদারকী প্রতিষ্ঠান নিয়োগ করা হয়। এ বাবদ ব্যয় হয় ৬৬৩৭.০০ লক্ষ টাকা অথচ সংশোধিত বরাদ্দ ছিল ৮৮৬৬.০০ লক্ষ টাকা। বরাদ্দের বিপরীতে ব্যয় কম হওয়ার ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নে প্রকল্প ব্যবস্থাপনা বিশেষ করে ক্রয় ব্যবস্থাপনা ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক কোন তৎপরতা ছিলনা যা নিবিড় পরিবীক্ষণকালে প্রাপ্ত তথ্যাদিতে পাওয়া যায়।

প্রকল্পের ৪র্থ বছর অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থবছরে House Hold Silo বিতরণের জন্য Server Provider, Food Policy Research এর জন্য পরামর্শক প্রতিষ্ঠান, ICT Based Food Stock & Monitoring System এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ, ৫,০০,০০০ টি House Hold Silo সরবরাহের জন্য প্রস্তুতকারি প্রতিষ্ঠান নিয়োগ, প্রকলের আওতায় ৮টি স্থানে ষ্টীল সাইলো নির্মাণের জন্য নকশা প্রস্তুতিকারি প্রতিষ্ঠান কর্তৃক নকশা প্রণয়ন, প্রকল্পের আওতায় ষ্টীল আইলো নির্মাণের জন্য আটটি সাইট এলাকার ল্যান্ড ডেভেলপমেন্ট ও সাইট অফিস বিল্ডিং নির্মাণ কাজ সম্পন্ন করা হয়। এ বাবদ ব্যয় হয় ১০৬১৮.০৫লক্ষ টাকা অথচ সংশোধিত বরাদ্দ ছিল ১২০০০.০০ লক্ষ টাকা। বরাদ্দের বিপরীতে ব্যয় কম হওয়ার ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নে প্রকল্প ব্যবস্থাপনা বিশেষ করে ক্রয় ব্যবস্থাপনা ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক কোন তৎপরতা ছিলনা যা নিবিড় পরিবীক্ষণকালে প্রাপ্ত তথ্যাদিতে পাওয়া যায়।

প্রকল্পের ৫ম বছর অর্থাৎ ২০১৭-২০১৮ অর্থবছরে (চলমান অর্থবছর) কাজ সম্পন্ন করা হয়েছে। বরাদ্দের বিপরীতে ব্যয় কম হওয়ার ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নে প্রকল্প ব্যবস্থাপনা বিশেষ করে ক্রয় ব্যবস্থাপনা ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক কোন তৎপরতা ছিলনা যা নিবিড় পরিবীক্ষণকালে প্রাপ্ত তথ্যাদিতে পাওয়া যায়।

১.৭ সংক্ষিপ্ত অঙ্গভিত্তিক বিবরণ

অংগের বিবরণ
দেশের ৮টি কৌশলগত স্থানে ৮টি (৬টি চাল+২টি গম) আধুনিক ষ্টীল সাইলো নির্মাণ;
দেশের দূর্যোগ প্রবণ ১৯টি জেলার ৬৩টি উপজেলায় ৫ লক্ষ পারিবারিক সাইলো সরবরাহ, পরিবহণ, সংরক্ষণ ও বিতরণ;
৮টি ষ্টীল সাইলোর আনুষাংগিক স্থাপনা নির্মাণ (অফিস ভবন, সীমানা প্রাচীর ও ভূমি উন্নয়ন);
সামাজিক ও পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন;
সমন্বিত খাদ্য নীতি ও গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে খাদ্য অধিদপ্তরের ফুড প্ল্যানিং এন্ড মনিটরিং ইউনিট বা এফপিএমইইউ —এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা;
খাদ্য মজুদ এবং বাজার মনিটরিং সিস্টেম-এ সহায়তা প্রদান;
খাদ্য মজুদ-এর পরিকল্পনা ও মনিটরিং ব্যবস্থা ও সহায়ক সুবিধাদির জন্য আধুমিক পদ্ধতির প্রবর্তন;

অংগের বিবরণ
দেশী বিদেশী প্রশিক্ষণ—, স্টাডি ট্যুর, সেমিনার, কর্মশালা ইত্যাদির মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট মানব সম্পদের দক্ষতা বৃদ্ধিকরণ ও কৌশলগত সমীক্ষা পরিচালনা;
খাদ্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ের অফিস প্রাঙ্গনে প্রশিক্ষণ, মনিটরিং ও গবেষণা কেন্দ্র স্থাপন;
খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের গুরুত্বপূর্ণ ১৫টি স্থাপনায় Digital Truck Weigh Bridge স্থাপন;
খাদ্য অধিদপ্তরের ৬টি আঞ্চলিক অফিসে খাদ্যের গুনগতমান পরিক্ষার জন্য ৬টি আধুনিক Food Testing Laboratory স্থাপন এবং
Governance and Accountability action plan (GAAP) বাস্তনবায়ন করা।

১.৮ প্রকল্প এলাকা

আট (৮)টি আধুনিক স্টীল সাইলো নিমার্ণের জন্য ৫ টি বিভাগের ৮ টি জেলার ৮ টি উপজেলা (সারণি-১.২) এবং পারিবারিক পর্যায়ে হাউজহোল্ড সাইলো বিতরণের জন্য ১৯ টি জেলার ৬৩ টি উপজেলা (সারণি-১.৩) প্রকল্পের আওতায় আনা হয়েছে। প্রকল্পভূক্ত জেলা ও উপজেলাসমূহ নিম্নে মানচিত্রে দেখানো হলো (চিত্র-১.১)।

সারণি-১.২: ৮টি আধুনিক স্টীল সাইলো নির্মাণের প্রকল্পভূক্ত জেলা ও উপজেলাসমূহ ও সাইলো ধারণ ক্ষমতা

বিভাগ	জেলা	উপজেলা	স্থান নির্বাচনের যৌক্তিকতা	বিন সংখ্যা	বিন সাইজ (ফুট)	প্রতিটি বিনের ধারণ ক্ষমতা (মে:টন)	মোট সাইলো ধারণ ক্ষমতা (মে:টন)	শস্যের ধরণ
বরিশাল	বরিশাল	সদর	দূর্যোগ প্রবণ এলাকা	১৬	৫৪*৬৫	৩,০২০	৪৮,৩২০	চাল
ঢাকা	নারায়নগঞ্জ	বন্দর	বন্যা প্রবণ এলাকা	১২	৬০*৭২	৪,১২২	৪৯,৪৬৪	চাল
	ঢাকা	গেন্ডারিয়	খাদ্য ঘাটতি এলাকা	৮	৬০*১০১	৬,০৯৩	৪৮,৭৪৪	চাল
	টাংগাইল	মধুপুর	উদ্বৃত্ত খাদ্য শস্য উৎপাদন এলাকা	১৬	৫৪*৭২	৩,০২০	৪৮,৩২০	চাল
চট্টগ্রাম	বি-বাড়িয়া	আশুগঞ্জ	খাদ্য প্রক্রিয়াজাত করণের সুবিধা	৩০	৫৪*৭৬	৩,৬০০	১,০৮,০০০	চাল
	চট্টগ্রাম	পতেঙ্গা	আমদানী ও দেশব্যাপি সরবরাহ	৯	৯০*১০৯	১২,৭১৫	১,১৪,৪৩৫	গম
ময়মনসিংহ	ময়মনসিংহ	সদর	উদ্বৃত্ত খাদ্য শস্য উৎপাদন এলাকা	১৫	৫৪*৭২	৩,৩১০	৪৯,৬৫০	চাল
খুলনা	খুলনা	দৌলতপুর	দূর্যোগ প্রবণ এলাকা	৬	৯০*১০৯	১২,৭১৫	৭৬,২৯০	গম
মোট= ০৫	**৮**	**৮**		**১১২**			**৫,৪৩,২২৩**	

সারণি-১.৩: পারিবারিক পর্যায়ে হাউজহোল্ড সাইলো বিতরণের প্রকল্পভুক্ত জেলা ও উপজেলাসমূহ

জেলা	উপজেলা
দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চল (৩০ উপজেলা)	
বাগেরহাট	মংলা, মোড়েলগঞ্জ, রামপাল, সরণখোলা
খুলনা	দাকোপ, ডুমুরিয়া, রূপসা, কয়রা
সাতক্ষীরা	আশাশুনি, শ্যামনগর, কালীগঞ্জ
বরিশাল	বাকেরগঞ্জ, গৌরনদী
পিরোজপুর	ভান্ডারিয়া, মঠবাড়ীয়া
ঝালকাঠি	সদর, কাঠালিয়া, নলছিটি
বরগুনা	সদর, আমতলী, বেতাগী, পাথরঘাটা
পটুয়াখালী	সদর, বাউফল, দুমকী, কলাপাড়া, গলাচিপা, কলাপাড়া
ভোলা	সদর, বোরহান উদ্দিন, চরফ্যাশন
উত্তর-পশ্চিমাঞ্চল (৯ উপজেলা)	
সিরাজগঞ্জ	সদর, বেলকুচি, কাজীপুর
বগুড়া	ধুনট, সারিয়াকান্দি
গাইবান্ধা	ফুলছড়ি, সাঘাটা
কুড়িগ্রাম	চিলমারী, রোমারী
উত্তর-পূর্ব ও পূর্বাঞ্চল (২৪ উপজেলা)	
ব্রাহ্মণবাড়িয়া	নাসিরনগর, বাঞ্ছারামপুর, নবীনগর, সরাইল, আশুগঞ্জ
কুমিল্লা	হোমনা, দাউদকান্দি
হবিগঞ্জ	বানিয়াচং, লাখাই, আজমিরীগঞ্জ
সুনামগঞ্জ	দিরাই, তাহিরপুর, ধর্মপাশা, শাল্লা
কিশোরগঞ্জ	কুলিয়ারচর, অষ্টগ্রাম, বাজিতপুর, ইটনা, করিমগঞ্জ, নিকলি, মিঠামইন
নেত্রকোনা	খালিয়াজুড়ি, মোহনগঞ্জ,কলমাকান্দা
মোট=১৯	**৬৩**

মূলত: দূর্যোগ প্রবন, খাদ্য উদ্বৃত্ত ও খাদ্য ঘাটতি এলাকাসমূহ এবং খাদ্য শস্য প্রক্রিয়াজাতকরণ সুবিধা সম্বলিত এলাকাসমূহকে ষ্টিল সাইলো নির্মাণের জন্য নির্বাচন করা হয়েছে।

দলিলাদি পর্যবেক্ষণে দেখা যায় যে, উত্তরবঙ্গে কোন সাইলো নির্মাণের সাইট হিসাবে বিবেচনা করা হয়নি। প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণে জানা যায় যে, ফিজিবিলিটি স্টাডি হতে প্রাপ্ত সুপারিশ মোতাবেক প্রাথমিকভাবে বর্ণিত আটটি স্থানে সাইলো নির্মাণের সাইট হিসাবে বিবেচনা করা হয়েছে। উত্তরবঙ্গ খাদ্য উৎপাদন যথেষ্ঠ হয়ে থাকে এবং উক্ত এলাকায় বন্যা পরবর্তী সময়ে খাদ্য ঘাটতি দেখা দেয়, এছাড়া এলাকাটি মঙ্গাপিড়ীত। ভবিষ্যতে সুযোগ সৃষ্টি হলে উত্তরবঙ্গের কৌশলগত স্থানে সাইলো নির্মাণের সাইট বিবেচনা করা যেতে পারে।



চিত্র-১.১: প্রকল্পভুক্ত জেলা ও সাইলো সাইট

দ্বিতীয় অধ্যায়

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপরিধি ও কার্যপদ্ধতি

২.১ নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য/পরামর্শক ফার্মের কার্যপরিধি (ToR)

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ করার জন্য টার্মস অফ রেফারেন্স-এ উল্লি খিত কর্মপরিধির আলোকে ফলাফলসমূহ অন্তর্ভূক্ত করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১. প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধ ন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল , ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ প্রাসংগিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা ও বাস্তবায়নকাল নিরুপণের জন্য CPM/PERT পদ্ধতি অনুসরণের বাস্তবতা যাচাই করা ; ***(অধ্যায়-১, পৃ: ৩ও অধ্যায়-৭, পৃ: ৬২)***

২. প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সারণি/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ পূর্বক Work Breakdown Structure (WBS) –এর আলোকে প্রণীত কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পর্যবেক্ষণ ; ***(অধ্যায়-৩, পৃ: ১৪-৩৭)***

৩. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ফলপ্রসু করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান; ***(অধ্যায়-৪, পৃ: ৩৮-৩৯)***

৪. প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ; ***(অধ্যায়-৫, পৃ: ৪০-৪৮)***

৫. প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ; ***(অধ্যায়-৫, পৃ: ৪৯)***

৬. প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাবলী যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;***(অধ্যায়-৭, পৃ: ৫৫-৬৬)***

৭. প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপ যোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত; ***(অধ্যায়-৩, পৃ: ১৮-৩৭)***

৮. উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা ও প্রকল্পের Log Frame-এর সঠিকতা বিশ্লেষণ ;***(অধ্যায়-৭, পৃ: ৬১)***

৯. প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালে ঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;***(অধ্যায়-৯, পৃ: ৯৩)***

১০. প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;***(অধ্যায়-৭, পৃ: ৬২)***

১১. এ প্রকল্পের কার্যক্রমের সাথে অন্য প্রকল্পের কার্যক্রমের দ্বৈততার বিষয়টি সুস্পষ্টকরণ;***(অধ্যায়-৮, পৃ:৯১)***

১২. অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের অনুকূলে সম্পাদিত ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজের গুণগত মান ও পরিমাণ ঠিক আছে কিনা যাচাইকরণ;***(অধ্যায়-৬, পৃ: ৫০-৫৪)***

১৩. প্রকল্পের আওতায় সম্পাদিত ষ্ট্যাডি পর্যালোচনা; ***(অধ্যায়-৩, পৃ: ৩০ ও অধ্যায়-৭, পৃ: ৫৮)***

১৪. প্রকল্পের মাধ্যমে সুবিধাভোগীদের অংশীদারীত্ব বৃদ্ধি ও আয়-বর্ধনমূলক কার্যক্রমের ফলে প্রকল্প এলাকার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন মূল্যায়ন; ***(অধ্যায়-৮, পৃ: ৮৩)***

১৫. প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের সাংগঠনিক দক্ষতা বৃদ্ধি , স্থানীয় জনগণ ও সুবিধাভুগীদের অংশগ্রহণ কতটুকু ছিল তা নিরুপণ; ***(অধ্যায়-৩, পৃ: ৩২,৩৩)***

১৬. একই এলাকায় সমজাতীয় অন্য প্রকল্পের তুলনা এবং প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম ও সৃষ্ট সুবিধাদি টেকসই করার লক্ষ্যে মতামত প্রদান; ***(অধ্যায়-৮, পৃ: ৯১)***

১৭. পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন; এবং ***(অধ্যায়-১০, পৃ: ৯৭)***

১৮. ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

২.২ প্রতিবেদন প্রণয়নে কর্ম পরিকল্পনা (Work Plan)

যে কোন ধরনের গবেষণা বা স্টাডি সম্পন্ন করার জন্য একটি কার্যকরী ও বাস্তবধর্মী কর্মপরিকল্পনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিবিড় পরিবীক্ষণের কাজটি সম্পন্ন করার জন্য প্রস্তাবিত সব ভিন্ন ভিন্ন কার্যক্রম একটি নির্দিষ্ট সময়সূচির অধীনে পরিচালিত হয়েছে। এজন্য একটি কর্মপরিকল্পনা প্রস্তত করা হয়েছে, যেখানে প্রতিটি আলাদা আলাদা কার্যক্রম পর্যায়ক্রমিকভাবে উল্লেখিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার মাধ্যমে নিবিড় পরিবীক্ষণের কাজটি নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত হয়েছে। কর্মপরিকল্পনায় উল্লেখিত কার্যক্রমসমূহ আইএমইডি-র সঙ্গে আলোচনা সাপেক্ষে প্রয়োজনবোধে পরিবর্তন/পরিবর্ধন করা হয়েছে। টার্মস অব রেফারেন্সর শর্তানুযায়ী ০৪ মাস সময়ের জন্য একটি কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে যা সারণী-২.১ এ দেখানো হয়েছে।

যেহেতু কর্মপরিকল্পনায় প্রতিটি কার্যক্রমের জন্য সময়সীমা নির্দিষ্ট করা হয়েছে সেজন্য যে কোন একটি কার্যক্রম উল্লেখিত সময়সীমার মধ্যে সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তী সব কার্যক্রম অনুরুপভাবে পিছিয়ে গেছে। তবে উল্লেখ্য যে নিবিড় পরিবীক্ষণের কাজটি নির্দিষ্ট সময় সীমার মধ্যে সম্পন্নের লক্ষ্যে এক/একাধিক কার্যক্রম একই সঙ্গে সম্পন্ন হয়েছে।

সারণী-২.১: কর্ম পরিকল্পনা

নিয়ামক	সময় (দিন)	শুরু করার তারিখ	শেষ করার তারিখ	মন্তব্য
প্রারম্ভিক কাজ	**২৩ দিন**	**২/৭/২০১৮**	**৩/৮/২০১৮**	
চুক্তিপত্র স্বাক্ষর	১ দিন	২/৭/২০১৮	২/৭/২০১৮	সম্পাদিত
আইএমইডির সঙ্গে সূচনা সভা	১ দিন	২/৭/২০১৮	২/৭/২০১৮	সম্পাদিত
প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি (ডিপিপি Document) সংগ্রহ ও পর্যালোচনা	২ দিন	২/৮/২০১৮	২/১০/২০১৮	সম্পাদিত
খাদ্য অধিদপ্তরের পিডির সঙ্গে সূচনা সভা	১ দিন	২/১১/২০১৮	২/১১/২০১৮	সম্পাদিত
নিবিড় পরিবীক্ষণের জন্য কর্মপদ্ধতির বিস্তারিত বিবরণ, কর্ম পরিকল্পনা ও প্রশ্নপত্র প্রস্তুতকরণ	৬ দিন	২/১২/২০১৮	২/১৯/২০১৮	সম্পাদিত
প্রারম্ভিক প্রতিবেদন প্রস্তুত ও দাখিল	০ দিন	২/২০/২০১৮	২/২০/২০১৮	সম্পাদিত
আইএমইডি-র টেকনিক্যাল কমিটির সঙ্গে কর্ম পরিকল্পনা /কর্ম পদ্বতি/ সমীক্ষার পরিকল্পনা ও প্রশ্নপত্র নিয়ে টেকনিক্যাল কমিটির সভায় আলোচনা	০ দিন	২/২৬/২০১৮	২/২৬/২০১৮	সম্পাদিত
আইএমইডি-র টেকনিক্যাল কমিটির সুপারিশের আলোকে সংশোধিত প্রারম্ভিক প্রতিবেদন (খসড়া-২) প্রস্তুত ও দাখিল	২ দিন	২/২৭/২০১৮	২/২৮/২০১৮	সম্পাদিত
আইএমইডি-র স্টিয়ারিং কমিটির সঙ্গে কর্ম পরিকল্পনা /কর্ম পদ্বতি/ সমীক্ষার পরিকল্পনার আলোচনা ও প্রশ্নপত্র চূড়ন্ত করণ	৩ দিন	৩/৪/২০১৮	৩/৬/২০১৮	সম্পাদিত
আইএমইডি-র স্টিয়ারিং কমিটির সুপারিশের আলোকে সংশোধিত প্রারম্ভিক প্রতিবেদন প্রস্তুত,দাখিলও চূড়ান্ত প্রারম্ভিক প্রতিবেদন অনুমোদন	২ দিন	৩/৭/২০১৮	৩/৮/২০১৮	সম্পাদিত
সমীক্ষার প্রস্তুতি	**৮ দিন**	**৩/১০/২০১৮**	**৩/১৭/২০১৮**	
গবেষণার প্রশ্নপত্রের খাদ্য অধিদপ্তরের সঙ্গে প্রি-টেষ্টকরণ	২ দিন	৩/১০/২০১৮	৩/১১/২০১৮	সম্পাদিত
তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ	২ দিন	৩/১২/২০১৮	৩/১৩/২০১৮	সম্পাদিত
তথ্য সংগ্রহের প্রয়োজনীয় সামগ্রী ক্রয়, প্রয়োজনীয় সংখ্যক প্রশ্নপত্র ছাপানো ও মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে যোগাযোগ স্থাপন	৩ দিন	৩/১৩/২০১৮	৩/১৫/২০১৮	সম্পাদিত
তথ্য সংগ্রহকারীদের মাঠ পর্যায়ে প্রেরণ		৩/১৫/২০১৮	৩/১৭/২০১৮	সম্পাদিত
মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ	**২২ দিন**	**৩/১৮/২০১৮**	**৪/১৬/২০১৮**	
প্রকল্পের হাউজহোল্ড সাইলো উপকারভোগীর সাক্ষাৎকার	২২ দিন	৩/১৮/২০১৮	৪/১৬/২০১৮	সম্পাদিত
কি ইনফরমেন্ট ইন্টারভিউ (KII)	২২ দিন	৩/১৮/২০১৮	৪/১৬/২০১৮	সম্পাদিত
ফোকাস গ্রুপ আলোচনার (FGD)	২২ দিন	৩/১৮/২০১৮	৪/১৬/২০১৮	সম্পাদিত
প্রকল্প প্রধান কার্যালয়ে ক্রয় পদ্ধতি পর্যালোচনা	২২ দিন	৩/১৮/২০১৮	৪/১৬/২০১৮	সম্পাদিত

নিয়ামক	সময় (দিন)	শুরু করার তারিখ	শেষ করার তারিখ	মন্তব্য
৮টি আধুনিক স্টীল সাইলো নির্মাণ সাইট সরেজমিন পরিদর্শন	২২ দিন	৩/১৮/২০১৮	৪/১৬/২০১৮	সম্পাদিত
স্থানীয় পর্যায়ে কর্মশালা	১ দিন	৪/১৬/২০১৮	৪/১৬/২০১৮	সম্পাদিত
সংগৃহীত তথ্যের ব্যবস্থাপনা ও পরিসংখ্যানিক বিশ্লেষণ	**৯ দিন**	**৪/১৭/২০১৮**	**৪/২৭/২০১৮**	
পূরণকৃত প্রশ্নপত্র একত্রীকরণ	২ দিন	৪/১৭/২০১৮	৪/১৮/২০১৮	সম্পাদিত
কম্পিউটারে ডাটা এন্ট্রিকরণ	৩ দিন	৪/১৯/২০১৮	৪/২৩/২০১৮	সম্পাদিত
এন্ট্রিকৃত তথ্যাদি পরীক্ষণ ও প্রয়োজনীয় সংশোধন	২ দিন	৪/২৪/২০১৮	৪/২৫/২০১৮	সম্পাদিত
টেবিল তৈরি করণ	২ দিন	৪/২৬/২০১৮	৪/২৭/২০১৮	সম্পাদিত
ডাটা বিশ্লেষণ ও টেবিল আকারে প্রদর্শন	১ দিন	৪/২৬/২০১৮	৪/২৬/২০১৮	সম্পাদিত
প্রতিবেদন প্রণয়নের কাজ শুরু ও খসড়া প্রতিবেদন দাখিল	**২৮ দিন**	**৪/২৬/২০১৮**	**৫/৩১/২০১৮**	
খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	১৪ দিন	৪/২৬/২০১৮	৫/১৫/২০১৮	সম্পাদিত
আইএমইডি-র টেকনিক্যাল কমিটির কর্তৃক খসড়া প্রতিবেদনের পর্যালোচনা	১ দিন	৫/১৫/২০১৮	৫/১৫/২০১৮	সম্পাদিত
আইএমইডি-র টেকনিক্যাল কমিটির সুপারিশের আলোকে সংশোধিত খসড়া প্রতিবেদন (খসড়া-২) প্রস্তুত ও দাখিল	৭ দিন	৫/১৬/২০১৮	৫/২৩/২০১৮	সম্পাদিত
আইএমইডি-র স্টিয়ারিং কমিটির কর্তৃক খসড়া প্রতিবেদন পর্যালোচনা	২ দিন	৫/২৪/২০১৮	৫/২৬/২০১৮	সম্পাদিত
আইএমইডি-র স্টিয়ারিং কমিটির সুপারিশের আলোকে সংশোধিত খসড়া প্রতিবেদন প্রস্তুত ও দাখিল	২ দিন	৫/২৬/২০১৮	৫/২৭/২০১৮	সম্পাদিত
চূড়ান্ত খসড়া প্রতিবেদন পরিকল্পনা মন্ত্রণালয়ের জাতীয় কর্মশালায় উপস্থাপন	০ দিন	৫/২৮/২০১৮	৫/২৮/২০১৮	সম্পাদিত
আইএমইডি ও কর্মশালার মতামত/পরামর্শ-এর আলোকে আইএমইডি-র টেকনিক্যাল কমিটির চূড়ান্ত খসড়া প্রতিবেদন পর্যালোচনা	২ দিন	৫/২৯/২০১৮	৫/৩০/২০১৮	সম্পাদিত
আইএমইডি-র স্টিয়ারিং কমিটি-এর সুপারিশ ও পরামর্শের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	১ দিন	৫/৩০/২০১৮	৫/৩১/২০১৮	সম্পাদিত

২.৩ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা পদ্ধতি

এ অধ্যায়ে সমীক্ষার এলাকা নির্দিষ্টকরণ, নিদের্শক নির্বাচন , সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতা নির্বাচন, সমীক্ষার জন্য প্রশ্নমালা তৈরি ও প্রশ্নমালা ব্যবহারের কৌশল পদ্ধতি, সমীক্ষা পরিকল্পনা , সংগৃহীত তথ্যের ব্যবস্থাপনা ও পরিসংখ্যাগত বিশ্লেষণ ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়েছে।

বর্তমানে নিবিড় পরিবীক্ষণ সমীক্ষায় তথ্য সংগ্রহের জন্য দুই ধরণের সংগ্রহ পদ্ধতি যথা সংখ্যাগত (Quantitative) ও গুণগত (Qualitative) বিশ্লেষণ পদ্ধতি ব্যবহৃত হয়েছে, যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো:

২.৩.১ সংখ্যাগত বিশ্লেষণ

নমুনা নির্বাচন পদ্ধতি ও নমুনার সংখ্যা: নমুনা আকার নির্ধারণের ক্ষেত্রে নিম্নলিখিত সূত্রটি অনুসরণ করা হয়েছে। প্রতিটি এলাকায় নমুনা সংখ্যা নির্ণয়ের জন্য ৯৫% কনফিডেন্স ইন্টারভেল এবং ভুলের সীমারেখা ১০% ধরা হয়েছে। নমুনা সংখ্যা নির্ণয়ের জন্য নিম্নের পরিসংখ্যান সমীকরণ ব্যবহার করা হয়েছে।

Finite Population Correction (fpc)-কে অগ্রাহ্য করলে এবং সাধারণ দৈবচয়নিক নমুনা (SRS[২]) নিয়ম অনুযায়ী নমুনা আকার ''n''এবং আনুপাত ''p''এর মধ্যেকার সম্পর্ক পরবর্তী ফর্মূলা দ্বারা পাওয়া যায়।

$$n_o = t^2 pq/d^2$$

যেথায় n_o = আনুমানিক নমুনা আকার
p = জনসংখ্যা অনুপাত অনুযায়ী নমুনা সংখ্যা
q = ১-p
t = ৯৫% কনফিডেন্স ইন্টারভেল
d = ভুলের সীমারেখা, যার মান ১০% ধরা হয়েছে

এটা আরও জ্ঞাত যে ভেরিয়েন্স pq -এর মাত্রা সর্বাধিক ০.২৫ হয়, যখন অনুপাত p=০.৫।
আমরা জানি, ৫% সিগনিফিকেন্ট লেভেলে এবং ১০% ভুলের সীমারেখায় নরম্যাল ভ্যারিয়েট, t=১.৯২।

$$n_o = (৩.৬৮৬৪ * ০.৫ * ০.৫)/(০.১)^২ = ৯৬$$

এতে দেখা যায় প্রতি এলাকায় ৯৬টি নমুনা প্রয়োজন। অর্থাৎ মোট প্রকল্প এলাকায় ৮ x ৯৬=৭৬৮≈৭৭৪ টি খানা সমীক্ষা প্রয়োজন।

নমুনা নির্বাচন: হাউজহোল্ড সাইলো বিতরণের এলাকার ওপর ভিত্তি করে ৮টি জেলার ১৮টি উপজেলা নির্বাচন করা হয়েছে। প্রতি উপজেলা থেকে দুইটি ইউনিয়ন ও চারটি গ্রাম হতে ৪৩ জন প্রকল্পভূক্ত হাউজহোল্ড সাইলো নির্বাচিত উপকারভোগী নির্বাচন করা হয়েছে। ১৮টি উপজেলায় মোট ৭৭৪ (৪৩ x১৮) জন প্রকল্পভূক্ত সাইলো উপকারভোগী নির্বাচন করা হয়েছে।

নমুনা বন্টন: উল্লেখিত ৭৭৪ নমুনা ৮টি জেলার ১৮টি উপজেলার জন্য সমান ভাগে বিভক্ত করা হয়েছে। সেক্ষেত্রে সমানুপাতে প্রতিটি উপজেলায় হাউজহোল্ড সাইলো উপকারভোগীর প্রশ্নপত্র সমীক্ষার নমুনার সংখ্যা হয়েছে ৪৩ (মোট সমীক্ষা উপজেলায় নমুনার সংখ্যা হয়েছে ৭৭৪)। প্রকল্পের সুবিধাভোগী হাউজহোল্ড সাইলো উপকারভোগীর সঙ্গে সাক্ষাৎকারের মাধ্যমে প্রশ্নপত্র পুরণের দ্বারা নমুনা সমীক্ষার কাজ সম্পন্ন করা হয়েছে।

[২] Cochran W.G: Sampling Techniques, John Wiley & Sons Inc. New work, pp 53, 74-75

সারণী-২.২: সমীক্ষা এলাকা অনুযায়ী নমুনা বন্টন

নমুনায়িত জেলা	নমুনায়িত উপজেলা	হাউজহোল্ড সাইলো উপকারভোগী
বাগেরহাট	মোড়েলগঞ্জ	৪৩
	সরণখোলা	৪৩
খুলনা	ডুমুরিয়া	৪৩
বরিশাল	বাকেরগঞ্জ	৪৩
	গৌরনদী	৪৩
পিরোজপুর	ভান্ডারিয়া	৪৩
	মঠবাড়ীয়া	৪৩
ঝালকাঠি	সদর	৪৩
	কাঠালিয়া	৪৩
	নলছিটি	৪৩
বরগুনা	বেতাগী	৪৩
	আমতলী	৪৩
	পাথরঘাটা	৪৩
পটুয়াখালী	গলাচিপা	৪৩
	কলাপাড়া	৪৩
	দুমকী	৪৩
	বাউফল	৪৩
ভোলা	বোরহান উদ্দিন	৪৩
মোট=৮	**১৮**	**৭৭৪**

২.৩.২ গুণগত বিশ্লেষণ

এই সমীক্ষা কার্যক্রমে গুণগত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের জন্য ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) ও কি ইনফরমেন্ট ইনটারভিউ (KII) পদ্ধতি অনুসরণ করা হয়েছে, যা নিম্নে আলোচনা করা হলো।

ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD): হাউজহোল্ড সাইলো উপকারভোগী,সার্ভিস প্রোভাইডার (ডিপিডিএস) ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও কৃষি কর্মকর্তাসহ সকল Stakeholder-দের সঙ্গে ১ টি করে ৮টি জেলার ১৮টি উপজেলায় মোট ১৮ টি ফোকাস গ্রুপ আলোচনা (FGD) চেকলিস্ট দ্বারা সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে।

কি ইনফরমেন্ট ইনটারভিউ (KII): প্রকল্পের ICT কার্যক্রম সম্পর্কে প্রতিটি সমীক্ষা জেলায় ১ জন আঞ্চলিক/জেলা খাদ্য নিয়ন্ত্রক এবং প্রতিটি সমীক্ষা উপজেলায় ১ জন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও CSD/LSD Incharge এর সঙ্গে ১ টি করে মোট ২৭টি সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে।

এছাড়াও প্রকল্পের কার্যক্রম, প্রশিক্ষণ, খাদ্য সংরক্ষণ, সাইলো নির্মাণ স্থানে সর্মাপ্ত কাজের মান, অগ্রগতি ও সরবরাহকৃত বিভিন্ন যন্ত্রপাতির অবস্থা ইত্যাদি বিষয়ে প্রকল্পের প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, প্রকল্প কো-অর্ডিনেটর (সাইলো সাইট) এর সঙ্গে ১টি করে মোট ১০টি Key Informant Interview (KII) সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। এ ধরনের সাক্ষাৎকারের মাধ্যমে এক্ষেত্রে প্রকল্প গ্রহণের ফলে প্রকল্প এলাকায় তুলনামূলক কি অগ্রগতি হয়েছে তা জানা গেছে।

প্রকল্প Log Frame ও প্রকল্প ডকুমেন্ট পর্যালোচনা : প্রকল্পের Log Frame ও সংশ্লিষ্ট অন্যান্য ডকুমেন্ট যেমন ডিপিপি, PAD, Baseline survey ও প্রকল্পের বার্ষিক প্রদিবেদন পর্যালোচনা করা হয়েছে।

SWOT বিশ্লেষণ: আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ'' প্রকল্পটি একটি জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্প। ৮টি আধুনিক স্টীল সাইলো নির্মাণের মাধ্যমে শস্যের নিরাপদ মজুদ নিশ্চিতকরণ এবং খাদ্য শস্যের উৎপাদন বৃদ্ধি ও জনসংখ্যা বৃদ্ধির সাথে খাদ্য শস্যের মজুদ ক্ষমতার সংগতি বজায় রাখা প্রকল্পের প্রধান উদ্দেশ্য। তাই প্রকল্পটি নিবিড় পরিবীক্ষণ সফল ভাবে বাস্তয়নের জন্য প্রকল্পের সবলদিক, দূর্বলদিক ও ঝুঁকি সম্পর্কিত তথ্য সংগ্রহ পূর্বক বিশ্লেষণ করা হয়েছে।

প্রকল্পের প্রধান কার্যালয়ের কর্মকর্তার সাথে আলোচনা এবং মালামাল, ক্রয় ও কার্য প্রক্রিয়া সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ : প্রকল্প পরিচালক এবং প্রকল্পের প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং বিভিন্ন বিভাগের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের সাথে প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম, প্রশিক্ষণ, খাদ্য সংরক্ষণ, সাইলো নির্মাণ স্থানে সর্মাপ্ত কাজের মান, অগ্রগতি ও সরবরাহকৃত বিভিন্ন যন্ত্রপাতির অবস্থা ইত্যাদি বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। এ আলোচনার মাধ্যমে প্রকল্পের সফল ও দুর্বল দিক সম্পর্কে তথ্য পাওয়া যায় এবং প্রকল্পের সামগ্রিক বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি বিষয়ে তথ্যাদি জানার জন্য প্রকল্পের অনুকূলে অর্থ ব্যয়, বিভিন্ন কার্যক্রমের খাতভিত্তিক আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি, মালামাল ও কার্য ক্রয় সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। এছাড়াও প্রকল্পের অধীনে মালামাল ও কার্য ক্রয় পিপিআর-২০০৮ মোতাবেক সম্পন্ন করা হয়েছে কিনা এবং ১-৩টির কেস স্টাডি করাসহ বিস্তারিতভাবে পরীক্ষা ও তথ্য সংগ্রহ করা হয়েছে।

সরেজমিন পরিদর্শনের (Physical Observation): প্রকল্প এলাকায় সরেজমিন পরিদর্শনের (Physical Observation) মাধ্যমে সমীক্ষার পরামর্শক টিম কর্তৃক সাইলো নির্মাণ স্থানে সর্মাপ্ত কাজের মান, অগ্রগতি ও সরবরাহকৃত বিভিন্ন যন্ত্রপাতির অবস্থা ইত্যাদি তথ্যাদি সংগ্রহ ও যাচাই করা হয়েছে।

সারণি-২.৩:নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত ৮টি আধুনিক স্টীল সাইলো নির্মাণ সরেজমিন পরিদর্শন

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা/উপজেলা	স্টীল সাইলো সাইট	সরেজমিন পরিদর্শন					KII (প্রকল্পের ICT কার্যক্রম সর্ম্পকিত)			
				ভূমি উন্নয়ন	সাইট উন্নয়ন	সাইট অফিস	সীমানা প্রাচীন নির্মান	অন্যান্য (যদি থাকে)	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক	জেলা খাদ্য নিয়ন্ত্রক	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক	CSD/LSD Incharge
বরিশাল	বরিশাল	বরিশাল সদর	১	১	১	১	১	১	১	১	১	১
ঢাকা	নারায়নগঞ্জ	বন্দর, নারায়নগঞ্জ	১	১	১	১	১	১	১	১	১	১
	ঢাকা	গেন্ডারিয়া থানা	১	১	১	১	১	১		১	১	১
	টাংগাইল	মধুপুর	১	১	১	১	১	১		১	১	১
চট্টগ্রাম	বি-বাড়িয়া	আশুগঞ্জ	১	১	১	১	১	১	১	১	১	১
	চট্টগ্রাম	পতেঙ্গা	১	১	১	১	১	১		১	১	১
ময়মনসিংহ	ময়মনসিংহ	ময়মনসিংহ সদর	১	১	১	১	১	১		১	১	১
খুলনা	খুলনা	দৌলতপুর	১	১	১	১	১	১		১	১	১
মোট= ০৫	**৮**	**৮**	**৮**	**৮**	**৮**	**৮**	**৮**	**৮**	**৩**	**৮**	**৮**	**৮**

২.৩.৩ নিবিড় পরিবীক্ষণের জন্য প্রশ্নমালা প্রস্তুতকরণ

প্রকল্পের কার্যক্রম, নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য, চাহিদা ও মূল্যায়ন নির্দেশকের উপর ভিত্তি করে নিবিড় পরিবীক্ষণের জন্য সমীক্ষা দল কর্তৃক নিম্নে লিখিত প্রশ্নমালা প্রস্তুত করা হয়েছে (**পরিশিষ্ট-১**)।

সাক্ষাৎকার অনুসূচি-১:	**প্রকল্পের হাউজহোল্ড সাইলো উপকারভোগী**
কি ইনফরমেন্ট ইন্টারভিউ (KII) চেকলিষ্ট-২:	**প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, প্রকল্প কো-অর্ডিনেটর (সাইলো সাইট), আঞ্চলিক/জেলা/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ CSD/LSD Incharge**
ফোকাস গ্রুপ আলোচনার (FGD) চেকলিষ্ট-৩:	**হাউজহোল্ড সাইলো উপকারভোগী, সার্ভিস প্রোভাইডার (ডিপিডিএস), সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও কৃষি কর্মকর্তা সহ সকল অংশীজন (Stakeholder)**
ক্রয় পদ্ধতি পর্যালোচনার চেকলিষ্ট-৪:	**প্রকল্প প্রধান কার্যালয়**
সরেজমিন পরিদর্শন চেকলিস্ট-৫:	**৮টি আধুনিক স্টীল সাইলো নির্মাণ সাইট**

২.৩.৪ সংগৃহীত তথ্যের গুণগত মান নিশ্চিতকরণ প্রক্রিয়া

সমীক্ষা টিমের পরামর্শক নিবিড় পরিবীক্ষণের কাজটির তদারকি করেছেন। পরামর্শক ফার্ম কর্তৃক যথাযথ প্রক্রিয়া অনুসরণে প্রয়োজনীয় সংখ্যক অভিজ্ঞ ও যোগ্যতা সম্পন্ন তথ্য সংগ্রহকারী নিয়োগ করা হয়েছে। তথ্য সংগ্রহকারীগণকে তথ্য সংগ্রহের পদ্ধতি ও প্রশ্নপত্র পুরণের কৌশল সর্ম্পকে প্রয়োজনীয় নির্দেশনা ও প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায়ে অবস্থান করে প্রশ্নপত্র পূরণের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছেন এবং পুরণকৃত প্রতিটি প্রশ্নপত্র সঠিকভাবে পুরণ করেছেন কিনা তা নিয়মিত পরীক্ষা করা হয়েছে। সমীক্ষা টিমের পরামর্শক মাঠ পরিদর্শনের সময় তথ্য সংগ্রহকারীদের সংগৃহীত তথ্য পরিবীক্ষণ করেছেন। আইএমইডি-র প্রতিনিধিগণ মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকালে তথ্য সংগ্রহকারীদের কাজ পরিদর্শন এবং কাজের মূল্যায়ন করেছেন। এসব পদক্ষেপ সঠিক ও গুণগত মানসম্পন্ন তথ্য সংগ্রহে ভূমিকা রাখছে।

২.৩.৫ সংগৃহীত তথ্যের ব্যবস্থাপনা ও পরিসংখ্যানিক বিশ্লেষণ

মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের পর তথ্য সংগ্রহকারীগণ কর্তৃক প্রাথমিকভাবে মাঠ পর্যায়েই সংগৃহীত তথ্যসমূহের প্রয়োজনীয় ভুল-ত্রুটি (যদি থাকে) সংশোধন করা হয়েছে। পরবর্তীতে পুরণকৃত প্রশ্নপত্রসমূহ ও অন্যান্য তথ্যাদি পরামর্শকের নিকট প্রদান করা হয়েছে। সমীক্ষা টিমের পরামর্শক পূরণকৃত প্রশ্নপত্রের মধ্য হতে দৈবচয়ণের (random) মাধ্যমে কিছু সংখ্যক প্রশ্নপত্র পরীক্ষা করেছেন। প্রশ্নপত্রে কোন ধরনের ভুল-ভ্রান্তি পরিলক্ষিত হলে তা তথ্য সংগ্রহকারীদের সংশোধনের জন্য দেয়া হয়েছে এবং প্রয়োজন হলে মাঠ পর্যায় হতে পু ন:রায় তথ্য সংগ্রহ করা হয়েছে। এভাবে প্রাথমিকভাবে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা শেষে সংগৃহীত তথ্যাদি MS ACCESS-ডাটা এন্ট্রি সফটওয়ারের মাধ্যমে কম্পিউটারে এন্ট্রি করা হয়েছে এবং SPSS সফটওয়ারের মাধ্যমে বিশ্লেষণ (Analysis) করা হয়েছে। সংগৃহীত তথ্যাদির পরিসংখ্যানিক বিশ্লেষণ শেষে প্রাপ্ত ফলাফল প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

২.৩.৬ স্থানীয় পর্যায়ে কর্মশালা

মাঠ পর্যায়ে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রাপ্ত ফলাফল নিয়ে স্থানীয় পর্যায়ে আলোচনা করা হয়েছে। ৮টি সাইলো সাইটের মধ্যে থেকে বন্দর, নারায়নগঞ্জে স্থানীয় পর্যায়ের একটি কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালায় আইএমইডির কর্মকর্তা, সংশ্লিষ্ট অন্যান্য অধিদপ্তরের কর্মকর্তা, বিশেষজ্ঞ, নির্বাহী কর্মকর্তা , কৃষি কর্মকর্তা, প্রকল্প এলাকায় বসবাসকারী নির্বাচিত উপকারভোগী জনগণ , চাল ব্যবসায়ী, ইত্যাদি গুরুত্ববহনকারীগন উপস্থিত ছিলেন। কর্মশালায় প্রাপ্ত তথ্য প্রতিবেদনে খসড়া প্রতিবেদন অন্তর্ভুক্ত করা হয়েছে।

তৃতীয় অধ্যায়

প্রকল্পের সার্বিক এবং অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতির তথ্য বিশ্লেষণ

প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন হচ্ছে একটি প্রক্রিয়া যার মাধ্যমে কর্ম পরিকল্পনা, কর্মকৌশল, উদ্বুদ্ধকরণ, সম্পদের ব্যবস্থাপনা, পরিচালনা ইত্যাদি কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে যাতে প্রকল্পের নির্দিষ্ট লক্ষ্য অর্জন করা যায়। সামগ্রিকভাবে প্রকল্প ব্যবস্থাপনা এবং প্রকল্পের উদ্দেশ্য ও ডিপিপি লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প কার্যক্রমের খাত-ভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যবেক্ষণ এবং কোন ব্যত্যয় হয়েছে কিনা, তা এই অধ্যায়ে উপস্থাপন করা হয়েছে।

৩.১ ডিপিপি সংস্থান অনুযায়ী বছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয়

অনুমোদিত আরডিপিপিতে বছর ভিত্তিক অর্থের সংস্থান, অর্থ ব্যয় এবং ব্যয়ের শতকরা হার সম্পর্কিত অগ্রগতির বিস্তারিত তথ্যাদি বিশ্লেষণ করে দেখা যায় যে, মার্চ/২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২১৮৩৪ লক্ষ টাকা (লেখচিত্র-৩.১)। এ ব্যয় আরডিপিপি সংস্থানের (প্রকল্প ব্যয়ের) ১১.৩৭% ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে (সারণি-৩.১)।

সারণি-৩.১: মার্চ/২০১৮ পর্যন্ত আরডিপিপি'র সংস্থান ও সামগ্রিক ব্যয় (লক্ষ টাকায়)

অর্থ বছর	ডিপিপি'র সংস্থান (জিওবি+ প্রঃসাঃ+ সুবিধাভোগী)	আরডিপিপি'র সংস্থান (জিওবি+ প্রঃসাঃ+ সুবিধাভোগী)	প্রকৃত ব্যয় (জিওবি+ প্রঃসাঃ+ সুবিধাভোগী)	আরডিপিপি সংস্থানের বিপরীতে ব্যয় (%)
২০১৩-১৪	১১৫৪.০৯	০	০	০
২০১৪-১৫	৭৮৯২৮.৮৭	১২০০.৯০	১২০০.৯০	১০০.০০
২০১৫-১৬	৭৯৮১০.২১	৮৮৬৬.০০	৬৬৩৭.০০	৭৪.৮৬
২০১৬-১৭	১২২৯২.৮৮	২২২০০.০০	১০৬১৮.০৫	৪৭.৮৩
২০১৭-১৮	৮৩৪৩.৬৫	৭০০৪৩.২৫	*৩৩৭৭.৫৫	৪.৮২
২০১৮-১৯	৮৩৮৩.৬৫	৬৫১০০.০৫	-	
২০১৯-২০	৩০৮৩.৪	২৪৫৮৬.৫৫	-	
মোট	**১৯১৯৯৬.৭৫**	**১৯১৯৯৬.৭৫**	**২১৮৩৩.৫০**	**১১.৩৭**

উৎস: প্রকল্প পরিচালকের কার্যালয়, * মার্চ, ২০১৮ পর্যন্ত



লেখচিত্র-৩.১: মার্চ/২০১৮ পর্যন্ত আরডিপিপি'র সংস্থান ও সামগ্রিক ব্যয় (লক্ষ টাকায়)

৩.২ প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতির পর্যালোচনা

প্রকল্পটির বাস্তবায়নের শুরু (২০১৪) হতে জুন ২০১৭ পর্যন্ত আর্থিক অগ্রগতি ১৮,৪৫৫.৯৬ লক্ষ টাকা (৯.৬১%) ও বাস্তব অগ্রগতি ২৬.৩০%। মার্চ ২০১৮ পর্যন্ত আর্থিক অগ্রগতি ২১,৮৩৩.৫০ লক্ষ টাকা যা প্রকল্প ব্যয় ১৯১,৯৯৬.৭৬ লক্ষ টাকার (১১.৩৭%) ও মার্চ ২০১৮ পর্যন্ত বাস্তব অগ্রগতি ৩৯%(লেখচিত্র-৩.২)। প্রকল্পটির বাস্তবায়নের শুরু (২০১৪) হতে মার্চ ২০১৮ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি প্রতিবেদন (প্রকল্প পরিচালকের দপ্তর হতে সংগৃহীত) সারণি-৩.২ এ সংযুক্ত করা হয়েছে।

সারণি-৩.২: মার্চ ২০১৮ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)	১৯১,৯৯৬.৭৫
আর্থিক অগ্রগতি (লক্ষ টাকায়)	২১,৮৩৩.৫০
আর্থিক অগ্রগতি মোট প্রকল্প ব্যয়ের শতকরা হারে	১১.৩৭%
বাস্তব অগ্রগতি (%)	৩৯%

২০১৪-২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ও ২০১৭-২০১৮ মার্চ পর্যন্ত ক্রমপুঞ্জিত প্রকল্পের অর্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতির তুলনামূলক চিত্র নীচের লেখচিত্র-৩.২ এ দেখানো হলো।



লেখচিত্র-৩.২: আর্থিক ও বাস্তব অগ্রগতি

৩.৩ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি পর্যালোচনা ও বিশ্লেষণ

প্রাপ্ত তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের শুরু (২০১৪) হতে মার্চ ২০১৮ পর্যন্ত প্রকল্পের মোট ক্রমপুঞ্জিত ব্যয় ২১,৮৩৩.৫০ লক্ষ টাকা, যা আরডিপিপিতে ১৯১৯৯৬.৭৫ লক্ষ টাকা সংস্থানের ১১.৩৭% ও বাস্তব অগ্রগতি ৩৯%। (সারণি-৩.৩)। প্রকল্পের শুরু (২০১৪) হতে মার্চ ২০১৮ পর্যন্ত বিভিন্ন অংগের বিপরীতে আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি **পরিশিষ্ট-২** এ প্রদান করা হলো:

সারণি-৩.৩: মার্চ ২০১৮ পর্যন্ত বিভিন্ন অংগের বিপরীতে আর্থিক ও বাস্তব অগ্রগতি

অংগ	অংগের বিবরণ	ডিপিপি বরাদ্দ	মার্চ ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি (%)	মার্চ ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি (%)
A১	৮টি সাইলো নির্মাণ	১৩৮৭৪৮.৩২	৫১৭৫.৮৬ (৩.৭৩%)	১০
A২	পারিবারিক সাইলো প্রস্তুত, বিতরণ ও আনুষাংঙ্গিক কাযক্রম	৮,৭২৫.৬৩	২১৮৫.৩২ (২৫.০৪%)	২৭
A৩	সাইলো এলাকায় সামাজিক ও পরিবেশ উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন	৪০০০.০০	৩৬৬.৩১ (৯.১৬%)	১০
B১	সমন্বিত খাদ্যনীতি গবেষণা কাযক্রম	৮৫৬৭.৪২	২৪৭০.৫৫ (২৮.৮৩%)	৩১
B২	ডিজিটাল পদ্ধতিতে খাদ্য মজুদ এবং মনিটরিং কাযক্রম, Construction of Training, Monitoring & Research Center, Suppl, Installation and Commissioning of Digital Track Weigh Bridge	৮,৯০০.০০	৪৫৯.৫০ (২৭.৭৮%)	৩০
C১	Project Management, Governance and accountability action plan (GAAP) বাস্তবায়ন	৮৫৪৮.৩৮	৩৭৫৬.৬৯ (৪৩.৯৫%)	৫০
C২	Design & Supervision Consultant	৯৮৯২.০০	৬৯৪২.২০ (৭০.১৭%)	৮০
C৩	খাদ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্টমানব সম্পদের দক্ষতা বৃদ্ধিকরণ ও কৌশলগত সমীক্ষা কাযক্রম, Construction of Food Testing Laboratory and Supply, Installation and Commissioning of Lab equipment.	৪৬১৫.০০	৭২.৩০ (৪.৪৮%)	৫
	মোট	**১৯১৯৯৬.৭৫**	২১,৮৩৩.৫০ **(১১.৩৭%)**	**৩৯%**

৩.৩.১ ২০১৩-১৪ অর্থবছরের অগ্রগতি

প্রকল্পের ১ম বছরে অর্থাৎ ২০১ ৩-১৪ অর্থবছরে মূলত: অনুমোদন কার্যক্রম প্রক্রিয়াধীণ ছিল ও কোন প্রকার বাস্তব কাজ আরম্ভ বা সম্পন্ন না হওয়ায় কোন ভৌত অগ্রগতি হয়নি । জিওবি খাতের বরাদ্দকৃত অর্থ দিয়ে মূলতঃ জনবলের বেতন ও ভাতাদি প্রদান করা হয়েছে।

৩.৩.২ ২০১৪-১৫ অর্থবছরের অগ্রগতি

প্রকল্পের ২য় বছরে অর্থাৎ ২০১৪-১৫ অর্থবছরে মূলত: প্রকল্পের PD, DPD সহ ১৮ জন স্বতন্ত্র পরামর্শক , ২৯ জন আউটসোর্সিং কর্মচারী ও ১০ জন কম্পিউটার কাম অফিস এসিসট্যান্ট নিয়োগ করা হয়। প্রবাসী কল্যাণ ভবনে লেভেল ১৭ এ উম্মুক্ত জায়গা ভাড়া নিয়ে অফিস নির্মাণ (সেট-আপ) করা হয়। প্রকল্পের ১০ টি গাড়ি, প্রয়োজনীয় অফিস ফার্নিচার , অফিস সরঞ্জাম (কম্পিউটার, ফটোকপিয়ার মেশিন) ক্রয় করা হয়। প্রকল্পের আওতায় ষ্টীল সাইলো নির্মাণের জন্য নকশা ও ডিজাইন প্রতিষ্ঠান নিয়োগের জন্য EoI আহবান করা হয়। প্রকল্পের আওতায় ষ্টীল সাইলো নির্মাণের জন্য আটটি সাইট এলাকার ল্যান্ড ডেভেলমেন্ট ও সাইট অফিস বিল্ডিং নির্মাণের জন্য দরপত্র আহবান করা হয়।

৩.৩.৩ ২০১৫-১৬ অর্থবছরের অগ্রগতি

প্রকল্পের ৩য় বছর অর্থাৎ ২০১৫- ২০১৬ অর্থবছরে অগ্রগতি মূলতঃ ৩ সদস্য বিশিষ্ট (২ জন বিদেশী, ১ জন স্থানীয়) International Procurement Panel (IPP) নিয়োগ, সাইলো নির্মাণের পরামর্শক নকশা ও তদারকী প্রতিষ্ঠান নিয়োগ, Household Silo বিতরনের জন্য Service Provider নিয়োগের EoI আহবান ও RFP মূল্যায়ণ, Food Policy Research এর জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের EoI আহবান ও RFP মূল্যায়ণ, ICT Based Food Stock & Market Monitoring System এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য EoI আহবান ও RFP মূল্যায়ন।

৩.৩.৪ ২০১৬-১৭ অর্থবছরের অগ্রগতি

প্রকল্পের ৪র্থ বছর অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থবছরে মূলত:

১. Household Silo বিতরণের জন্য Server Provider, Food Policy Research এর জন্য পরার্মশক প্রতিষ্ঠান, ICT Based Food Stock & Monitoring System এর পরার্মশক প্রতিষ্ঠান নিয়োগ।

২. ৫,০০,০০০ টি Household Silo সরবরাহের জন্য প্রস্তুতকারি প্রতিষ্ঠান নিয়োগ।

৩. প্রকলের আওতায় ৮টি স্থানে ষ্টীল সালো নির্মাণের জন্য নকশা প্রস্তুতিকারী প্রতিষ্ঠান কর্তৃক নকশা প্রণয়ন।

৪. ২টি প্যাকেজে প্যাকেজ-৩ (আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুর) ও প্যাকেজ-১ (চট্টগ্রাম, খুলনার মহেশ্বর পাশা) সর্বমোট ৫টি স্থানে ষ্টীল সালো নির্মাণের জন্য আর্ন্তজাতিক দরপত্র আহবান।

৫. প্যাকেজ-৩ (আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুর) এর আওতায় প্রাপ্ত দরপত্রগুলো IPP কর্তৃক মূল্যায়ন শেষে মূল্যায়ন প্রতিবেদনের উপর বিশ্ব ব্যাংকের অনাপত্তি গ্রহণ এবং ২৭/১১/২০১৭ তারিখে কৃতকার্য দরদাতার সাথে চুক্তি স্বাক্ষরের অনুমোদন এর জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভা কমিটি বরাবর উপস্থাপনের জন্য খাদ্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ।

৬. প্যাকেজ-১ (চট্টগ্রাম, খুলনার মহেশ্বর পাশা) এর আওতায় প্রাপ্ত দরপত্রগুলো IPP কর্তৃক মূল্যায়ন শেষে প্রণীত মূল্যায়ন প্রতিবেদন ১৪/১২/২০১৭ তারিখে বিশ্ব ব্যাংকের অনাপত্তির জন্য বিশ্ব ব্যাংকে প্রেরণ।

৭. প্রকল্পের আওতায় ষ্টীল সাইলো নির্মাণের জন্য আটটি সাইট এলাকার ল্যান্ড ডেভেলপমেন্ট ও সাইট অফিস বিল্ডিং নির্মাণ কাজ সম্পন্নকরণ।

৩.৩.৫ ২০১৭-১৮ অর্থ বছরের অগ্রগতি বিশ্লেষণ

২০১৭-১৮ অর্থ বছরের আরএডিপিতে প্রকল্পের অনুকূলে ২০,০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে, যা সংশোধিত মোট প্রকল্প ব্যয়ের ১০.৪১% এবং এ বছরের বাস্তব অগ্রগতি ২৪.১৮% অর্জনের লক্ষমাত্রা নির্ধারিত আছে। মার্চ ২০১৮ পর্যন্ত চলতি অর্থ বছরের বরাদ্দকৃত অর্থের মধ্যে ব্যয় হয়েছে ৩,৩৭৭.৫৫ লক্ষ টাকা, যা এ বছরের আরএডিপি বরাদ্দের ১৬.৮৯% এবং সংশোধিত মোট প্রকল্প ব্যয়ের ১.৭৫%। উক্ত সময় পর্যন্ত চলতি বছরের অর্জিত বাস্তব অগ্রগতি ১২.৭%। ২০১৭-১৮ অর্থ বছরের আরএডিপিতে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের মধ্যে ৮টি সাইলোর সকল ভৌত অবকাঠামো ও আনুষাংগিক স্থাপনা নির্মাণ খাতে ১৩৯১৪.০০ লক্ষ টাকা (৬৯.৫৭%) নির্ধারিত আছে। মার্চ ২০১৮ পর্যন্ত এ খাতে ব্যয় হয়েছে ১৭১.৪৯ লক্ষ টাকা, যা আরএডিপিতে উক্ত খাতে বরাদ্দকৃত টাকার ১%। অন্যান্য খাত যেমন-কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, সরবরাহ ও সেবা, পরামর্শক, আর্ন্তজাতিক সংগ্রহ পর্ষদের পরামর্শক ও থার্ড পার্টি মনিটরিং ও মূল্যায়ন ফার্ম খাতে ব্যয় হয়েছে ৬৯৫.০৪ লক্ষ টাকা। চলতি বছরে সমন্বিত খাদ্য নীতি গবেষণা কর্মসূচি, Study tour ও ডিজিটাল ওয়ে ব্রীজ স্কেল, ফুড মনিটরিং (রিসার্চ ও ট্রেনিং) এর জন্য বিল্ডিং নির্মাণ ও পারিবারিক সাইলো সরবরাহ, পরিবহন, মজুদকরণ ও বিতরণ খাতে যথাক্রমে ৫০০.০০ লক্ষ, ৩০.০০ লক্ষ, ৯০০.০০ লক্ষ, ৪০০.০০ লক্ষ এবং ২০০০.০০ লক্ষ টাকা ব্যয়ের লক্ষ্যমাত্রা বিপরীতে গবেষণা কর্মসূচি খাতে ৩৪৩.১৩ লক্ষ, Study tour খাতে ১৭.৮১ লক্ষ, পারিবারিক পর্যায়ে সাইলো বিতরণ খাতে ১,৯১২.০৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

৩.৪ প্রকল্পভুক্ত বিভিন্ন কার্যক্রমের মধ্যে প্রধান প্রধান কয়েকটির বাস্তবায়ন অগ্রগতি বিশেষণ

৩.৪.১ ৮টি ষ্টীল সাইলো নির্মাণের সাইটভিত্তিক কাজের বাস্তব অগ্রগতি

ডিপিপি অনুযায়ী ৮টি সাইলো নির্মাণ বাবদ ১৪২৭ (সামাজিক ও পরিবেশগত সুরক্ষা কর্মসূচীসহ) কোটি টাকা বরাদ্দ আছে। এ পর্যন্ত ব্যয় হয়েছে ৫১ কোটি ৭২ লক্ষ টাকা। স্টীল সাইলো নির্মানের মূল কাজ অত্র নিবিড় পরিবিক্ষণ চলাকালীন সময়ের মধ্যেও আরম্ভ করা যায় নি। কেবলমাত্র W-3 প্যাকেজের আওতায় (আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুর) কাজ করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame (Italy) JV এর সাথে বিগত ০৪-০৪-২০১৮ তারিখের চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

চিত্র: W-3 প্যাকেজের ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame (Italy) JV এর সাথে চুক্তি স্বাক্ষর।

ময়মনসিংহ সাইলো

এ সাইটটি ময়মনসিংহ সিএসডির অভ্যন্তরে একটি পরিত্যাক্ত ভূমি উন্নয়ণ করে নির্মাণ উপযোগী করা হয়েছে। তাছাড়া ইতিমধ্যে দ্বিতল বিশিষ্ট একটি সাইলো অফিস নির্মাণ করা হয়েছে। প্রকল্প এলাকার উন্নয়ন ও প্রারম্ভিক সকল কাজ সম্পন্ন করা হয়েছে। এ খাতে মোট ব্যয় হয়েছে ১ কোটি ৩ লক্ষ টাকা। বর্তমানে ময়মনসিংহ সিএসডি'র অভ্যন্তরে প্যাকেজ W-3 এর আওতায় ৪৯,৬৫০ মেঃ টন ধারণ ক্ষমতার চাল সাইলো নির্মাণের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame (Italy) JV এর সাথে বিগত ০৪-০৪-২০১৮ তারিখের চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

চিত্রঃ ময়মনসিংহ স্টীল সাইলো সাইটের নবনির্মিত অফিস ভবন

চিত্রঃ ময়মনসিংহ স্টীল সাইলো নির্মাণের নির্ধারিত স্থান

চিত্র: ময়মনসিংহ ষ্টীল সাইলোর 3-D নকশা

মধুপুর সাইলো

মধুপুর সাইলো নির্মাণের জন্য ৫ একর খাস জমি খাদ্য অধিদপ্তর কর্তৃক ক্রয় করা হয়েছে। ইতোমধ্যে ক্রয়কৃত জমির রেজিষ্ট্রেশন এবং খাদ্য অধিদপ্তরের অনুকূলে নামজারী সম্পন্ন হয়েছে। সমগ্র এলাকা মাটি ভরাট করে সাইলো নির্মাণের উপযোগী করা হয়েছে। সাইলো এলাকার চারিদিকে সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে এবং একটি দ্বিতল সাইলো অফিস ভবন নির্মাণ করা হয়েছে। এ সকল কাজে ২ কোটি ২৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বর্তমানে মধুপুরে প্যাকেজ W-৩ এর আওতায় ৪৮,৩২০ মেঃ টন ধারণ ক্ষমতার রাইস সাইলো নির্মাণের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame (Italy) JV এর সাথে বিগত ০৪-০৪-২০১৮ তারিখের চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

চিত্রঃ মধুপুর স্টীল সাইলো সাইটের নবনির্মিত অফিস ভবন

চিত্রঃ মধুপুর স্টীল সাইলো নির্মাণের নির্ধারিত স্থান

চিত্র: মধুপুর ষ্টীল সাইলোর 3-D নকশা

আশুগঞ্জ সাইলো

এ সাইটটি বিদ্যমান আশুগঞ্জ কনক্রিট সাইলোর ভাটিতে মেঘনা নদীর তীরে অবস্থিত। প্রকল্পের আওতায় ইতিমধ্যে ১৬ একর নীচু ভূমি উন্নয়ণ করা হয়েছে। সমগ্র এলাকায় সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে এবং একটি দ্বিতল সাইলো অফিস ভবন নির্মাণ করা হয়েছে। তাছাড়া মেঘনা নদীর Foreshore এলাকায় RCC Pile ও RCC Wall সহ নদী শাসনের কাজ সম্পন্ন করা হয়েছে। এ কাজে মোট ব্যয় হয়েছে ২৫ কোটি ৮২ লক্ষ টাকা। বর্তমানে আশুগঞ্জে প্যাকেজ W-3 এর আওতায় ১,০৮,০০০ মেঃ টন ধারণ ক্ষমতার রাইস সাইলো নির্মাণের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame (Italy) JV এর সাথে বিগত ০৪-০৪-২০১৮ তারিখের চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

চিত্রঃ আশুগঞ্জ স্টীল সাইলো সাইটের নবনির্মিত অফিস ভবন

চিত্রঃ আশুগঞ্জ স্টীল সাইলো নির্মাণের নির্ধারিত স্থান

চিত্র: আশুগঞ্জ ষ্টীল সাইলোর 3-D নকশা

চট্টগ্রাম সাইলো

এ সাইটটি বিদ্যমান চট্টগ্রাম কংক্রিট সাইলোর ভাটি এলাকায় অবস্থিত। ইতিমধ্যে প্রায় ৫ একর নীচু জমি উন্নয়ন করে সাইলো নির্মাণ কাজের উপযোগী করা হয়েছে। তাছাড়া নির্মেয় সাইলো এলাকার সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে এবং একটি দ্বিতল সাইলো অফিস ভবন নির্মাণ করা হয়েছে। এ কাজে এ পর্যন্ত ১ কোটি ৪৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্যাকেজ W-1 এর আওতায় ১,১৪,৪৩৫ মেঃ টন ধারণ ক্ষমতার গমের সাইলো নির্মাণের জন্য Pre-qualified ৭টি প্রতিষ্ঠানকে দরপত্র দাখিলের আহবান জানানো হয়। দরপত্র দাখিলের নির্ধারিত সর্বশেষ ০৬/১১/২০১৭ তারিখে ৪টি দরপত্র জমা পড়ে। IPP কর্তৃক প্রাপ্ত দরপত্রগুলো মূল্যায়ন শেষে প্রণীত মূল্যায়ন প্রতিবেদন বিশ্ব ব্যাংকের অনাপত্তির জন্য বিশ্ব ব্যাংকে প্রেরণ করা হয়েছে।

চিত্রঃ চট্টগ্রাম স্টীল সাইলো সাইটের নবনির্মিত অফিস ভবন

চিত্রঃ চট্টগ্রাম স্টীল সাইলো নির্মাণের নির্ধারিত স্থান

চিত্র: চট্টগ্রাম ষ্টীল সাইলোর 3-D নকশা

মহেশ্বরপাশা সাইলো

এ সাইটটি খুলনাস্থ খাদ্য অধিদপ্তরের মহেশ্বরপাশা সিএসডি'র অভ্যন্তরে অবস্থিত। খাদ্য বিভাগের নিজস্ব ৫৯ একর জমির মধ্যে ৭.৪৪ একর জমির উপর সাইলোটি নির্মিত হবে। ইতোমধ্যে প্রকল্প এলাকার নীচু ভূমি উন্নয়ন করে সাইলো নির্মাণের উপযোগী করা হয়েছে। তাছাড়া সাইলো এলাকায় সীমানা প্রাচীর ও একটি দ্বিতল সাইলো অফিস ভবন নির্মাণ সম্পন্ন হয়েছে। এ কাজে এ পর্যন্ত ১ কোটি ৭১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্যাকেজ W-1 এর আওতায় ৭৬,২৯০ মেঃ টন ধারণ ক্ষমতার গমের সা ইলো নির্মাণের জন্য Pre-qualified ৭টি প্রতিষ্ঠানকে দরপত্র দাখিলের আহবান জানানো হয়। দরপত্র দাখিলের নির্ধারিত সর্বশেষ ০৬/১১/২০১৭ তারিখে ৪টি দরপত্র জমা পড়ে। IPP কর্তৃক প্রাপ্ত দরপত্রগুলো মূল্যায়ন শেষে প্রণীত মূল্যায়ন প্রতিবেদনে বিশ্ব ব্যাংকের অনাপত্তির জন্য বিশ্ব ব্যাংকে প্রেরণ করা হয়েছে।

চিত্রঃ মহেশ্বরপাশা স্টীল সাইলো সাইটের নবনির্মিত অফিস ভবন

চিত্রঃ মহেশ্বরপাশা স্টীল সাইলো নির্মাণের নির্ধারিত স্থান

চিত্র: মহেশ্বরপাশা ষ্টীল সাইলোর 3-D নকশা

ঢাকা সাইলো

এ সাইটটি খাদ্য অধিদপ্তরের বিদ্যমান ঢাকা সিএসডি'র স্থলে আধুনিক সাইলো নির্মাণের জন্য গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে সিএসডি'র জরাজীর্ণ সকল গুদাম নিলামে বিক্রি ও অপসারণ করে সাইলো নির্মাণের জন্য প্রস্তুত করা হয়েছে। সাইটটি বুড়িগঙ্গা নদীর তীরে পোস্তগোলা এলাকায় ৪ একর ভূমির উপর অবস্থিত। পুরাতন সিএসডি'র সীমানা প্রাচীর ইতোমধ্যে সংস্কার করা হয়েছে এবং বন্যার রেকর্ড অনুযায়ী বালি ভরাট করে ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন করা হয়েছে। তাছাড়া তিনতলা বিশিষ্ট একটি অফিস ভবন নির্মাণ করা হয়েছে। এ কাজে এ পর্যন্ত ১ কোটি ৮৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বর্তমানে প্যাকেজ W-2 এর আওতায় রাইস সাইলো নির্মাণের সকল প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন হয়েছে এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) খাদ্য মন্ত্রণালয়ের আওতায় অর্ন্তভূক্ত উন্নয়ন প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত আলোকে ডিপিপিতে অতিরিক্ত অর্থের সংস্থান করে দরপত্র আহবানের কার্যক্রম গ্রহণ করা হবে।

চিত্রঃ ঢাকা স্টীল সাইলো সাইটের নবনির্মিত অফিস ভবন

চিত্রঃ ঢাকা স্টীল সাইলো নির্মাণের নির্ধারিত স্থান

চিত্র: ঢাকা স্টীল সাইলোর 3-D নকশা

নারায়ণগঞ্জ সাইলো

এ সাইটটি শীতলক্ষ্যা নদীর তীরে খাদ্য অধিদপ্তরের বিদ্যমান নারায়ণগঞ্জ সিএসডি'র ভাটিতে অবস্থিত। সিএসডি'র মোট ১৭ একর জায়গা থেকে ৬ একর নীচু ভূমি উন্নয়ন করে সাইলো নির্মাণ উপযোগী করা হয়েছে। সমগ্র এলাকায় সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। তাছাড়া ৩ তলা বিশিষ্ট একটি সাইলো অফিস ভবন নির্মাণ করা হয়েছে। অধিকন্তু, শীতলক্ষ্যা নদীর Foreshore এলাকায় RCC Pile, RCC Wall, CC Block সমেত নদী শাসনের যাবতীয় কাজ সম্পন্ন করা হয়েছে। এ কাজে মোট ১৬ কোটি ৭১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বর্তমানে প্যাকেজ W-2 এর আওতায় চাল সাইলো নির্মাণের সকল প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন হয়েছে এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) খাদ্য মন্ত্রণালয়ের আওতায় অর্ন্তভূক্ত উন্নয়ন প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত আলোকে ডিপিপিতে অতিরিক্ত অর্থের সংস্থান করে দরপত্র আহবানের কার্যক্রম গ্রহণ করা হবে।

চিত্রঃ নারায়ণগঞ্জ স্টীল সাইলো সাইটের নবনির্মিত অফিস ভবন

চিত্রঃ নারায়ণগঞ্জ স্টীল সাইলো নির্মাণের নির্ধারিত স্থান

চিত্র: নারায়ণগঞ্জ ষ্টীল সাইলোর 3-D নকশা

বরিশাল সাইলো

বরিশাল শহরের কীর্তন খোলা নদীর তীরে ২৬ একর জমির উপর বিদ্যমান খাদ্য অধিদপ্তরের সিএসডি'র অভ্যন্তরে বরিশাল সাইলো নির্মাণ করা হবে। বরিশাল পুলিশ সদর দপ্তরের পাশে অবস্থিত নীচু ভূমি (ডোবা) ভরাট করে RCC কলাম এর মাধ্যমে সীমানা নির্ধারণ করা হয়েছে। পুকুরসহ নীচু এলাকায় ভরাট করার সময় মহামান্য হাইকোর্ট ডিভিশন এর নিষেধাজ্ঞার পরিপ্রেক্ষিতে বিদ্যমান সিএসডি'র ১৩টি পুরাতন গুদাম অপসারণ করে সাইলো নির্মাণের সিদ্ধান্ত হয়েছে। প্রাথমিক কাজে এ পর্যন্ত ১ কোটি ৩৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বর্তমানে প্যাকেজ W-2 এর আওতায় রাইস সাইলো নির্মাণের সকল প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন হয়েছে এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) খাদ্য মন্ত্রণালয়ের আওতায় অর্ন্তভূক্ত উন্নয়ন প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপিতে অতিরিক্ত অর্থের সংস্থান করে দরপত্র আহবানের কার্যক্রম গ্রহণ করা হবে।

চিত্রঃ বরিশাল স্টীল সাইলো সাইটের নবনির্মিত অফিস ভবন

চিত্রঃ বরিশাল স্টীল সাইলো নির্মাণের নির্ধারিত স্থান



চিত্র: বরিশাল ষ্টীল সাইলোর 3-D নকশা

৩.৪.২ ৮টি সাইলোর আনুষাংগিক স্থাপনা নির্মাণ

প্রকল্পের মোট অনুমোদিত ব্যয়ের মধ্যে আনুষাংগিক সুবিধাসহ ৮টি সাইলোর পূর্ত নির্মাণ কাজের জন্য ৬৮৯০৪.৩২ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। যা সংশোধিত অনুমোদিত মোট প্রকল্প ব্যয়ের ৩৫.৮৯%। এ অর্থ ব্যয়ে ৮টি সাইলো সাইটের সীমানা প্রাচীর ও সাইলো সাইট অফিস ভবন নির্মাণ করার পরিকল্পনা রয়েছে। গেন্ডারিয়া, ঢাকা, বরিশাল সদর, বন্দর নারায়নগঞ্জ, মধুপুর, আশুগঞ্জ, পতেঙ্গা, ময়মনসিংহ সদর ও দৌলতপুর উপজেলায় ২ ও ৩ তলা নতুন সাইলো সাইট অফিস ভবন নির্মাণ এবং এ সকল এলাকায় শুধুমাত্র ময়মনসিংহ সদর বাদে সকল সাইলো সাইটের সীমানা প্রাচীর নির্মাণ কাজ প্রকল্পে অন্তর্ভূক্ত রয়েছে।

প্রকল্প আওতায় সাইলো সাইট অফিস ভবন নির্মাণ কাজ একই স্থাপত্য নকশা বিশিষ্ট। মার্চ/২০১৮ পর্যন্ত ৮টি সাইলোর সকল আনুষাংগিক স্থাপনা নির্মাণ কাজ প্রকল্পের নির্মাণ নকশা অনুযায়ী ৬টির নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং ২টির নির্মাণ কাজ ৭০% অগ্রগতি হয়েছে। মার্চ/২০১৮ পর্যন্ত এ খাতে মোট ৪,৫৮০.৬১ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা এ খাতে আরডিপিতে সংস্থানকৃত অর্থের ৭%।

৩.৪.৩ ৮টি সাইলোর আনুষাংগিক স্থাপনা নির্মাণকাজের অগ্রগতি

৮টি পরিবীক্ষণ কার্যক্রমের আওতায় ৫টি বিভাগের ৮টি জেলার ৮টি উপজেলায় মোট ৮টি সাইলোর আনুষাংগিক স্থাপনা নির্মাণ কাজ সরেজমিনে পরিদর্শন করা। এ ৮টি নির্মাণ কাজের মধ্যে ৬টি সাইলোর আনুষাংগিক স্থাপনা নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ২টি সাইলোর আনুষাংগিক স্থাপনা নির্মাণ কাজের গড় অগ্রগতি ৭০%। আগামী জুন ২০১৮

এর মধ্যে এ সকল সাইলোর আনুষাংগিক স্থাপনা নির্মাণ কাজ পরিপূর্ণ রূপে শেষ হবে মর্মে পরিদর্শন কালে প্রতীয়মান হয়েছে।

৮টি সাইলোর সকল আনুষাংগিক স্থাপনা নির্মাণ ব্যয়, কার্যাদেশ অনুযায়ী নির্মাণ কাজ আরম্ভের তারিখ, কাজ সমাপ্ত করার তারিখ এবং নির্মাণ কাজের আর্থিক ও বাস্তব অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি নিম্নের সারণী- ৩.৪ এ উপস্থাপন করা হলো।

৩.৪.৪ ৮টি সাইলো নির্মাণের পরামর্শক সংস্থার কাজের অগ্রগতি

প্রকল্পের মূল কম্পোনেন্ট ৮টি সাইলো নির্মাণ নকশা প্রণয়ন ও নির্মাণ কাজ তত্ত্বাবধান করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য সংস্থান রয়েছে। এখাতে মোট ৯৮৯২.০০ লক্ষ টাকা আরডিপিপিতে বরাদ্দ আছে। যা অনুমোদিত মোট প্রকল্প ব্যয়ের ৫.১৫%। ৮টি সাইলো নির্মাণের Design ও Supervision consultant হিসেবে Gerico France নামক একটি প্রতিষ্ঠানকে ৩১/০১/২০১৬ তারিখে নিয়োগ করা হয়েছে। প্রকল্পের নকশা প্রণয়ন, বিস্তারিত দরপত্র দলিল প্রস্তুতকরণ, ব্যয় প্রাক্কলন, স্পেসিফিকেশন ইত্যাদিসহ নির্মাণ কাজ তদারকির জন্য মোট ৯৮ কোটি ৯২ লক্ষ টাকায় চুক্তি স্বাক্ষর হয়। ৮টি সাইলো নির্মাণের নকশা প্রণয়ন বাবদ মার্চ/২০১৮ পর্যন্ত ব্যয় হয়েছে ৬৯ কোটি ৪২ লক্ষ টাকা।

পরামর্শক সংস্থা ইতোমধ্যে ৮টি সাইলো নির্মাণের সাইট সার্ভে, লে আউট প্লান, Equipment flow diagram, Soil investigation, Hydrological Survey, প্রতিটি সাইটের নকশা, নির্মাণ কাজ, যন্ত্রপাতির বিনির্দেশ, Bill of quantity, Cost estimate, Detailed Drawing, Bidding document, ইত্যাদি প্রস্তুত করে প্রকল্প দপ্তরে দাখিল করেছে।

বিস্তারিত বিনির্দেশের ভিত্তিতে ইতিমধ্যে প্যাকেজ W-3 এর আওতায় আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে সাইলো নির্মাণের কাজ করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame (Italy) JV এর সাথে বিগত ০৪-০৪-২০১৮ তারিখের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। কিন্তু সাইলো নির্মাণের কাজ তদারকীর জন্য মেসার্স জেরিকো ফ্রান্স এর সাথে অত্র রিপোর্ট লেখাকালীন সময়েও কোন চুক্তি বা সমঝোতা স্মারক স্বাক্ষর হয় নি।

ইতিমধ্যে সাইলো নির্মাণ কাজ শুরু হলে উক্ত কাজ তদারকীর জন্য পিএমইউ দপ্তরের জনবল ছাড়া আর কোন তদারকী ব্যবস্থা থাকবে না। যা নির্মাণ কাজের মান বজায় রাখার ক্ষেত্রে এক বিরাট হুমকি বলে মনে করা যায়।

প্রকল্প দপ্তরে Procurement Specialist মেসার্স Gerico France এর সাথে নির্মাণ কাজ তদারকীর জন্য চুক্তি স্বাক্ষর না হওয়ার বিষয়ে তেমন কোন তথ্য প্রদান করতে পারেন নি।



চিত্র: Tender Document (BOQ, Technical Specification)

সারণী-৩.৪: ৮টি সাইলোর আনুষাংগিক স্থাপনা নির্মাণ কাজের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত সংশ্লিষ্ট তথ্যাদি

Sl no.	Name of Silo	Contract Pkg No	Contractor's Name	Contract Amount (BDT)	Revised Contract Amount (BDT)	Cont. Start Date	a)Contract Completion Date b)Extended Contract Completion Date c)Actual Completion Date	Physical Progress(%)						
								Site Dev.	B. wall/ R. wall	SoB	OverallProg.	Mob. Advance against Bank Guarantee (BDT)	Running account Bills (BDT)	%
1	*2*	*3*	*4*	*5*	*6*	*7*	*8*	*9*	*10*	*11*	*12*	*13*	*14*	
1	Mymensingh	MFSP W-12	Fair Construction	10,833,373.30	10,307,016.62	7-Jun-15	a) 7.12.15 b)30.4.16 c) 30.09.16	100	NA	100	100	0.00	10276412.476	100%
2	Madhupur	MFSP W-15	Noor Construction	26,474.674.63	23,106,367.60	25-May-15	a)25.11.15 b)27 .5.16 c)25.11.16	100	100	100	100	2,647,467.46	22,723,089.70	100%
3	Barisal	MFSP W-08	STC-ME JV	36,915,976.28	13,386,320,07	18-Jun-15	a) 20.12.15 b) 25.1. 16	46	46	70	58	-	13,386,320.07	41 %
4	Khulna	MFSP W-13	ZT-KE JV	22,791,099.61	17,930,839.35	12-Aug-15	a) 02 .02.16 b) 31 .05. 16 c) 31.03.17	100	100	100	100	2 ,279,110.00	17,133,929.414	96%
5	Dhaka	MFSP W-10	STC-ME JV	19,775,827.25	19,263,507.00	5-Sep-15	a) 05.03.16 b)11.04.16	100	90	95	90	1,977,582.73	16,224,726.76	84%
6	Chittagong	MFSP W-14	Reliance Traders	10477,479.36	10,675,671.00	30-Jul-15	a)02.02.16 b)12.05.16 c)30.08.16	100	100	100	100	-	10,675,671.00	100%
7	Narayangonj	MFSP W-09	MSCL-AKE JV	173,845,228.50	153,026,651.65	15-Sep-15	a)15-03-16 b)31-05-16 c)31.03.17	100	100	100	100	17,384,522.85	145,083,646.14	95%
8	Ashugonj	MFSP W-11	TCCL	417,218,680.20	284,966,292.88	28-Sep-15	a)28.09.16 b)31.03.17 c)31.03.17	100	100	100	100	41,721,868.00	283283994.15	99.41%
			Total	**730,554,925.78**	**532,662,666.88**							**66,010,550.46**	**518787789.7**	97%

৩.৪.৫ ৫ লক্ষ পারিবারিক সাইলো প্রস্তুত ও বিতরণ

দূর্যোগকালীন এবং দূর্যোগ পরবর্তী সময়ে খাদ্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে খাদ্য শস্য/বীজ সংরক্ষণের লক্ষ্যে পারিবারিক পর্যায়ে ৫ লক্ষ হাউজহোল্ড সাইলো দেশের ১৯টি জেলার ৬৩টি দূর্যোগ-প্রবণ উপজেলায় বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ খাতে মোট ৮৭২৫.৬৩ লক্ষ টাকা বরাদ্দ আছে, যা অনুমোতি মোট প্রকল্প ব্যয়ের ৪.৫৪%। পাঁচ লক্ষ পারিবারিক সাইলো প্রস্তুত করার জন্য "মদিনা পলিমার ইন্ডাষ্ট্রিজ লিঃ" এর সাথে ০২/০৮/২০১৬ (০২/০৭/২০১৬) তারিখে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ পর্যন্ত প্রায় ১ লক্ষ ৫ হাজার পারিবারিক সাইলো প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত সাইলোগুলো ঝালকাঠি জেলার সদর, কাঠালিয়া ও নলছিটি উপজেলা খাদ্য গুদামে ২৪০০০টি, পিরোজপুর জেলার মঠবাড়িয়া এবং ভান্ডারিয়া খাদ্য গুদামে ১৫৯৫০টি এবং ভোলা জেলার সদর, চরফেশান ও বরহানুদ্দিন উপজেলা খাদ্য গুদামে ২৪০০০টি এবং বরগুনা সদর, আমতলী, পাথরঘাটা ও বেতাগী উপজেলা খাদ্য গুদামে ২৯০২৪ টি সরবরাহ করা হয়েছে। এ ছাড়াও সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলা খাদ্য গুদামে ৯০০০টি সরবরাহ করা হয়েছে।

দেশের ৬৩টি উপজেলায় Training of Trainers (ToT) সম্পন্ন করা হয়েছে। ২০টি উপজেলায় Awareness Program সম্পন্ন করা হয়েছে। এ খাতে এ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ২১ কোটি ৮৫ ল ক্ষ ৩২ হাজার টাকা।

পারিবারিক সাইলো বিতরণের জন্য Development Project Design and Services Ltd নামক একটি প্রতিষ্ঠানের সাথে ১৭/০৭/২০১৬ খ্রিঃ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী প্রতিষ্ঠানটি দেশের দুর্যোগপ্রবণ ১৯টি জেলার ৬৩টি উপজেলা থেকে ৫ লক্ষ সুবিধাভোগীদের তালিকা প্রস্তুতের কাজ চলছে। ইতোমধ্যে ১ লক্ষ ৪৫ হাজার সুবিধাভোগীদের তালিকা প্রস্তুত করা হয়েছে। Market Assessment Report এর ভিত্তিতে হ্রাসকৃত মূল্যে সুবিধাভোগীদের মাঝে পারিবারিক সাইলো বিতরণের জন্য বিশ্বব্যাংক ও খাদ্য মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রতিটি সাইলোর দাম ৮০/- টাকা নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য যে, প্রতিটি সাইলোর গড় উৎপাদন খরচ ১৩৭৭/- টাকা। এখানে প্রতি পারিবারিক সাইলোর জন্য ১২৯৭/- টাকা ভূর্তুকি প্রদান করা হচ্ছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৬/৫/২০১৮ তারিখ সরকারী বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের ১৯টি জেলার ৬৩টি উপজেলায় পাঁচ লাখ পরিবারের মাঝে পাঁচ লাখ পারিবারিক সাইলো বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী খাদ্য মন্ত্রণালয়ের আধুনিক খাদ্য সংরক্ষণ প্রকল্পের আওতায় দুর্যোগ প্রবণ এলাকায় খাদ্য সংরক্ষণের জন্য ঝালকাঠি জেলার সঙ্গে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে এই প্রকল্পের উদ্বোধন করেন।

চিত্র: সরকারী বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে পারিবারিক সাইলো বিতরণ কর্মসূচি উদ্বোধন

ঝালকাঠির জেলা প্রশাকের কার্যালয়ে উপস্থিত প্রকল্পের অনেক উপকারভোগী ভিডিও কনফারেন্সের মাধ্যমে তাঁদের অনুভূতি ব্যক্ত করেন। ফুড গ্রেড প্লাষ্টিকের তৈরি মটকা সদৃশ্য এই পারিবারিক সাইলোতে দুর্যোগকালীন সময়ে বিশেষ করে সাইক্লোন, জলোচ্ছাস ও বন্যার সময়ে বিভিন্ন খাদ্য দ্রব্য- ধান, চিড়া, মুড়ি, ফসলের বীজ সংরক্ষণ করা সম্ভব হবে। সাইলোগুলোকে মাটির নিচে পুঁতে বা গাছের সঙ্গে ঝুলিয়ে রেখেও খাদ্যের গুণাগুন রক্ষা করে খাদ্য সংরক্ষণ করা সম্ভব হবে। প্রতিটি সাইলো নির্মাণে এক হাজার ৩শ' ৭৭ টাকা ব্যয় হলেও নাম মাত্র ৮০ টাকা মূল্যে এগুলো কৃষকদের মধ্যে বিতরণ করা হচ্ছে বলে মাননীয় প্রধানমন্ত্রী উল্লেখ করেন। তিনি আরও বলেন যে প্রাকৃতিক দুর্যোগের সময় খাদ্য মজুদসহ অন্যান্য সময়ে খাদ্য মজুদ নিশ্চিত করাই প্রধান লক্ষ্য। তিনি আরও উল্লেখ করেন যে তাঁর সরকার দেশের শিল্পোন্নয়নেও গুরুত্ব দিচ্ছেন।

৩.৪.৬ সাইলো এলাকায় সামাজিক ও পরিবেশ উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন

চট্টগ্রাম ও খুলনার মহেশ্বরপাশা সাইলো সাইটের ৩৯টি পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের মাধ্যমে প্রকল্প এলাকা থেকে স্থানান্তরিত করা হয়েছে। পরিবেশ অধিদপ্তর (DoE) থেকে ৮টি সাইটের জন্যই অবস্থানগত ছাড়পত্র (Land clearance certificate) ও পরিবেশগত ছাড়পত্র (Environmental Clearance Certificate) থেকে পাওয়া গেছে। সামাজিক সুবিধা উন্নয়নের অংশ হিসেবে আশুগঞ্জ সাইট সংলগ্ন এলাকায় স্থানীয় লোকজনের চলাচলের জন্য ২৩৫০ ফুট দীর্ঘ ও ১০ ফুট প্রস্থ একটি RCC রাস্তা নির্মাণ করা হয়েছে। এ সকল কাজে এ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৩ কোটি ৬৬ লক্ষ ৩১ হাজার টাকা।

৩.৪.৭ সমন্বিত খাদ্যনীতি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন

প্রকল্পের আরডিপিপিতে ৮৫৬৭.৪২ লক্ষ টাকা ব্যয়ে গবেষণা কার্যক্রম বাস্তবায়নের জন্য International Food Policy Research Institute (IFPRI), USA, University of Illinois at Urbana-Champaign, USA এবং Bangladesh Institute of Development Studies - (BIDS) নামক যৌথ প্রতিষ্ঠানের সাথে ২০টি বিষয়ের উপর গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য ২৮/০৭/২০১৬ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে **(পরিশিষ্ট-৩)**। যৌথ প্রতিষ্ঠানটি ইতোমধ্যে Launching Workshop এবং Workshop on Review & Early Result সম্পন্ন করে ৮টি ডেলিভারেবল এর জন্য Inception Report ও Draft Report দাখিল করেছে। রিপোর্টগুলো PMU হতে রিভিউ করার পর মতামত দেওয়া হয়েছে। IFPRI মতামত অনুযায়ী রিপোর্টগুলো চূড়ান্তকরণের কাজ চলছে। দেশের অভ্যন্তরে খাদ্য অধিদপ্তরের কর্মকতাদের জন্য ১ম এবং ২য় ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়াও একটি Consultation Workshop সম্পন্ন করা হয়েছে।

চুক্তি অনুযায়ী Deliverable ৩.২.২ এবং ৩.২.৩ এর আওতায় প্রতি ব্যাচে ২০ জন কর্মকর্তাদের দেশের অভ্যন্তরে ৫দিন ব্যাপি ২টি ব্যাচে প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করার কথা রয়েছে। সে মোতাবেক প্রথম ব্যাচে ১৪ জনকে ১৯/০৯/২০১৭ইং থেকে ২৩/০৯/২০১৭ইং তারিখ পর্যন্ত ৫ দিনের প্রশিক্ষণ BIAM Foundation এ IFPRI কর্তৃক প্রদান করা হয়েছে। দ্বিতীয় ব্যাচে খাদ্য মন্ত্রণালয় হতে মনোয়ন প্রাপ্ত ৪০ জন কর্মকর্তার মধ্য হতে অবশিষ্ট ২৬ জন কর্মকর্তাকে ১৮/০২/২০১৮ইং থেকে ২৮/০২/২০১৮ইং তারিখ পর্যন্ত ৭ দিনের প্রশিক্ষণ BIAM Foundation এ IFPRI কর্তৃক প্রদান করা হয়েছে। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের নাম ও বর্তমান কর্মস্থলের তালিকা **পরিশিষ্ট-৪** এ দেয়া হয়েছে।

প্রকল্প পরিচালকের কার্যালয় হতে প্রাপ্ত অগ্রগতির তথ্য বিশ্লেষণে দেখা যায় যে মার্চ/২০১৮ পর্যন্ত বাস্তবে ১৩টির সমীক্ষা কার্যক্রম শুরু করে, ২টি সমীক্ষার প্রারম্ভিক প্রতিবেদন জমা দিয়েছে মোট ১০টি (৪%) অগ্রগতি হয়েছে এবং এ বাবদ আর্থিক ২৪৭০.৫৫ লক্ষ টাকা (২৮.৮৩%) ব্যয় হয়েছে। বাকি ১০টি গবেষণা কার্যক্রম নির্ধারিত প্রকল্প মেয়াদে (জুন ২০২০) বাস্তবায়ন করা সম্ভব বলে প্রতীয়মান হচ্ছে।

৩.৪.৮ খাদ্য মজুদ, চলাচল, সংগ্রহ ও বাজার মনিটরিং ব্যবস্থা ডিজিটাইজেশন

ডিজি ফুড এর মাধ্যমে কেন্দ্রীয়ভাবে খাদ্য মজুদ ও বাজার মনিটরিং সিস্টের কার্যক্রমে সহায়তা প্রদানের লক্ষ্যে প্রকল্পের আরডিপিপিতে ১৬০০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে, যা অনুমোদিত মোট প্রকল্প ব্যয়ের ০.৮৩%। প্রকল্পের ডিপিপিতে আইসিটি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের সংস্থান রয়েছে। এ কাজ বাস্তবায়নের জন্য Pricewaterhouse Coopers Pvt. Ltd. এর সাথে ৩০/১১/২০১৬ তারিখে চুক্তি স্বা ক্ষরিত হয়েছে। প্রতিষ্ঠানটি ইতিমধ্যে Inception Report, Baseline Survey report ও Business Strategy Report দাখিল করেছে। একটি Workshop অনুষ্ঠানের মাধ্যমে খাদ্য বিভাগীয় মাঠপর্যায়ের কর্মকর্তাগণের Feed back নিয়ে Baseline Survey Report টি চূড়ান্ত করা হয়েছে। এছাড়া Business Strategy Report টি Review করে চুড়ান্ত করা হয়েছে। ইতোমধ্যে ৩টি প্যাকেজে ICT কার্যক্রম বাস্তবায়ন করার জন্য Bidding Document প্রণয়ন করা হয়েছে। Package A এর আওতায় খাদ্য অধিদপ্তরসহ সারাদেশের ১৬৪০টি খাদ্য স্থাপনায় ICT যন্ত্রপাতি স্থাপন করা হবে (**পরিশিষ্ট-৫)**। Package B ও প্যাকেজ C এর আওতায় যথাক্রমে Softwire এবং DC, DR স্থাপন করা হবে। সকল কাজের জন্য এ পর্যন্ত ৪ কোটি ৪৪ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় হয়েছে। এখাতে মার্চ/২০১৮ পর্যন্ত মোট ৪৪৪.৬০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

৩.৪.৯ ট্রেনিং, মনিটরিং ও রিচার্স সেন্টার নির্মাণ

ট্রেনিং, মনিটরিং ও রিচার্স সেন্টার স্থাপনের জন্য খাদ্য অধিদপ্তরের চত্বরে বহুতল বিশিষ্ট ভবন নির্মানের জন্য PWD এর সাথে ১৭/০১/২০১৬ তারিখে একটি MoU স্বাক্ষরিত হয়েছে। ইতোমধ্যে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক খসড়া নকশা গণপূর্ত অধিদপ্তরকে সরবরাহ করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তর উক্ত নকশার ভিত্তিতে ষ্ট্রাকচারাল ডিজাইন ও ব্যয় প্রাক্কলন প্রস্তুত করছে। এ সকল কাজের জন্য এ পর্যন্ত ১৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

৩.৪.১০ ডিজিটাল ট্রাক স্কেল ক্রয় ও স্থাপন

তাছাড়া খাদ্য অধিদপ্তরের মাঠপর্যায়ের গুরুত্বপূর্ণ ১৫টি স্থাপনায় ১৫টি Digital Truck Weigh Bridge ক্রয় ও স্থাপনের জন্য দরপত্র আহবান করা হয়েছে এবং নির্ধারিত ০৪/১০/২০১৭ তারিখে ২টি দরপত্র জমা পড়েছে। প্রাপ্ত দরপত্র IPP কর্তৃক মূল্যায়ন করা হয়েছে। মূল্যায়ন প্রতিবেদনে বিশ্ব ব্যাংকের অনাপত্তিও পাওয়া গেছে। সকল বিধিবিধান পালন করে ১৫টি Digital Weigh Bridge ক্রয় এবং স্থাপনের জন্য WIDRA S.P.R.L, Belgium এর সাথে গত ২৮/১১/২০১৭ তারিখে চুক্তি স্বা ক্ষরিত হয়েছে। যে সকল স্থাপনায় ১৫টি Digital Weigh Bridge স্থাপন করা হচ্ছে (**পরিশিষ্ট-৬**)।

৩.৪.১১ Food Testing Laboratory নির্মাণ

আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের আওতায় খাদ্য অধিদপ্তরের ৬টি আঞ্চলিক অফিসে মোট ৬টি আধুনিক Food Testing Laboratory নির্মাণের জন্য ঠিকাদারের সাথে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। ইতোমধ্যে মাঠ পর্যায়ে কাজ শুরু হয়েছে। যে সকল স্থাপনায় Food Testing Laboratory নির্মাণ করা হচ্ছে (**পরিশিষ্ট-৭**)।

৩.৪.১২ খাদ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট মানব সম্পদেরদক্ষতা বৃদ্ধি করণ ও কৌশলগত সমীক্ষা পরিচালন

এ অঙ্গের আওতায় প্রকল্পের উপর ৪ মে/২০১৪ একটি Launching Workshop অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে Study Tour, Training, Workshop, Seminar ইত্যাদি কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে বিভিন্ন দেশে ৪টি Study Tour সম্পন্ন হয়েছে (স্পেন ও পর্তুগালে ৫ সদস্যের ৭দিন, যুক্তরাষ্ট্রে ৬ সদস্য বিশিষ্ট টিমের ৮দিন এবং যুক্তরাষ্ট্রে ১ সদস্যের ৪দিন, ভারতে ১০ সদস্যের ৫দিন) (**পরিশিষ্ট-৫)**। এ ছাড়াও বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজে ৮ সদস্যের ৩দিনের e-GP (Electronic Government Procurement) প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এ খাতে এ পর্যন্ত ৮৮.৩২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ ছাড়াও ভবিষ্যতে আইএমইডি, পরিকল্পনা কমিশন, খাদ্য

মন্ত্রণালয় সাইলো বিষয়ক কর্মকর্তা বৈদেশিক শিক্ষা সফরে অংশগ্রহণ করার লক্ষমাত্রা প্রকল্পের আরডিপিপিতে নির্ধারিত আছে।

৩.৪.১৩ প্রকল্প ব্যবস্থাপনায় Governance and Accountability Action Plan (GAAP) বাস্তবায়ন।

বিশ্বব্যাংকের সাথে বাংলাদেশ সরকারের সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী দরপত্রসমূহ মূল্যায়নের জন্য ৩ (তিন) সদস্যের International Procurement Panel (IPP) নিয়োগ করা হয়েছে। তাছাড়া, স্বচ্ছ ও জবাবদিহি মূলক প্রকল্প ব্যবস্থাপনার জন্য Independent Monitoring and Impact Evaluation Firm, Independent Audit firm, Financial Management Information System (FMIS) প্রবর্তন এবং Communication and Public Awareness Firm নিয়োগ দেয়া হয়েছে এবং যথারীতি কাজ করে যাচ্ছে। অধিকন্তু, প্রকল্পের Website চালু করা হয়েছে এবং যথানিয়মে update করা হচ্ছে। DPP অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সকল ব্যক্তিক পরামর্শক (Individual Consultant) নিয়োগ দেয়া হয়েছে এবং ৮টি সাইলো সাইটের জন্য ৮ জন Technical Site Specialist সহ সকল সাইলো সাইট অফিসের জনবল নিয়োগ দেয়া হয়েছে। এ অঙ্গের আওতায় এ পর্যন্ত মোট ৩৭ কোটি ৫৬ লক্ষ ৬৯ হাজার টাকা ব্যয় হয়েছে।

৩.৪.১৪ যানবাহন ক্রয়

পিএমইউ'র জন্য ২টি মাইক্রোবাস ক্রয় খাতে আরডিপিপিতে ১০০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। ইতিমধ্যে ১টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে যার ক্রয় মূল্য ৩৮.৪৭ লক্ষ টাকা। এছাড়া আরডিপিপিতে ৬৫০.০০ লক্ষ টাকার মধ্যে মার্চ/২০১৮ পর্যন্ত ৫৩৬.৮০ লক্ষ টাকা ব্যয়ে ১০টি জীপ ক্রয় করা হয়েছে।

৩.৪.১৫ অফিস যন্ত্রপাতি

প্রকল্পের জন্য বিভিন্ন অফিস যন্ত্রপাতি ক্রয়ের লক্ষে আরডিপিতে ১৫৩.০০ লক্ষ টাকা সংস্থান রয়েছে। এখাতে যেসব যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে, তা হলো: ৩টি ফটোকপিয়ার, পিএমইউ অফিসের জন্য ল্যান স্থাপন এবং আইসিটি যন্ত্রপাতি আংশিক, ১টি লেজার কালার প্রিন্টার এবং ৩৪ সেট ল্যাপটপ কম্পিউটার ইত্যাদি। অফিস যন্ত্রপাতি ক্রয় খাতে মার্চ/২০১৮ পর্যন্ত ব্যয় হয়েছে ৫২.২৬ লক্ষ টাকা।

৩.৪.১৬ বৈদেশিক শিক্ষা সফর

প্রকল্পের আরডিপিপিতে ২২৪.০০ লক্ষ টাকা ব্যয়ে বৈদেশিক শিক্ষা সফর করার লক্ষমাত্রা নির্ধারিত ছিল। প্রকল্প পরিচালকের কার্যালয় হতে সরবরাহকৃত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, মার্চ/২০১৮ পর্যন্ত সর্বমোট ৪৯ জন প্রতিনিধি বৈদেশিক শিক্ষা সফর করেছেন।

খাদ্য মন্ত্রণালয়ের সচিব জনাব সাহাবুদ্দিন আহমেদ শিক্ষা সফরকারী দলের নেতৃত্ব প্রদান করেন। শিক্ষা সফরকারী দল প্রথমে চীনের শংডং প্রদেশের জিনান গমন করেন। সেখানে তাঁরা কেন্দ্রীয় খাদ্য মন্ত্রণালয়ের উর্দ্ধতন কারিগরি কর্মকর্তাদের সাথে সাক্ষাৎ করেন। তারা সেখানে ভিডিও চিত্রের মাধ্যমে বাল্ক আকারে খাদ্য শস্য সংগ্রহ, পরিবহণ এবং সাইলোতে সংরক্ষণ কার্যক্রম দেখেন।

সেখানে Mr. Jimmy Lee এবং Dr. Zhao সাথে প্রতিনিধি দল আলাপ আলোচনা করেন। তাঁরা প্রতিনিধি দলকে খাদ্য মজুদের বিভিন্ন দিক বর্ণনা করেন। তাঁরা বলেন, "মাঠ পর্যায় থেকে ট্রাকে খাদ্য শস্য বিশেষত চাল/গম সংগ্রহ করে তা ট্রাকের মাধ্যমে সাইলো সাইটে আনা হয়। অতপর প্রথমে খাদ্য বোঝাই ট্রাকের ওজন নেয়া হয়। অতপর ট্রাকের খাদ্য শস্য কনভেয়ার বেল্টের সাহায্য সাইলোতে সংরক্ষণ করা হয়। অতপর খালি ট্রাক পুনরায় ওজন করা হয়। এভাবে ট্রাকে আনিত খাদ্য শস্যের ওজন কম্পিউটারাইজড পদ্ধতিতে লিপিবদ্ধ হয়ে যায়। এই কার্যক্রমের সকল পর্যায়ে সিসি টিভি

দ্বারা নিবিড় পর্যবেক্ষণ করা হয়। এভাবে বিভিন্ন সাইলো ও খাদ্য গুদামের খাদ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ কার্যক্রম কেন্দ্রীয় ভাবে পরিচালিত একটি নেটওয়ার্কের তথ্য ভান্ডারে সংরক্ষিত হয়।"

সফরকারী দলের সদস্যবৃন্দ এভাবে জানতে পারেন কিভাবে চীনের মত একটি বিশাল দেশ তাদের সমগ্র দেশের কেন্দ্রীয়, প্রাদেশিক ও প্রতিষ্ঠানিক পর্যায়ে খাদ্য ব্যবস্থাপনা পরিচালনা করে থাকে।

পরিদর্শনকারী টিম একই সাথে বাংলাদেশের অগ্রযাত্রার উপর ভিত্তি করে নির্মিত চিত্র Bangladesh: Mowing towards Middle Income Country" শীর্ষক একটি ভিডিও চিত্র প্রদর্শন করেন। যা দেখে চায়না কর্তৃপক্ষ এ দেশের অগ্রযাত্রার ভূয়শী প্রশংসা করেন।

পরিদর্শনকারী দল আরোও জানতে পারেন যে, চীনে একটি "Grain Police System" আছে। এতে করে তারা খাদ্য শস্যের মূল্য নিয়ন্ত্রণ এবং চাষীদের ন্যায্য মূল্য নিশ্চিত করে থাকে। খাদ্য শস্য সংক্রান্ত সকল তথ্য একটি Data Centre এ রাখা হয়। পরিদর্শনকারী দল উক্ত তথ্য ভান্ডার কেন্দ্রও পরিদর্শন করেন এবং তথ্য সংরক্ষণ বিষয়ে প্রত্যক্ষ জ্ঞান লাভ করেন।

পরিদর্শন কালে বাংলাদেশ সরকারের উর্দ্ধতন কর্মকর্তাসহ প্রকল্প পরিচালক চীনের শস্য ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে জানতে পারেন। যা দেশে প্রয়োগ করার বিষয়ে কাজে লাগতে পারবেন। চীন সরকার শস্য ব্যবস্থাপনা পদ্ধতি (Grain Management System) বিগত ২০ (বিশ) বছরে প্রায় ৩ (তিন) বার সংস্কার করেছেন। সনাতনী, আধুনিক ও ইন্টারনেট ভিত্তিক এই তিন পদ্ধতির সমন্বয়ে চীন তাদের শস্য ব্যবস্থাপনা পদ্ধতিকে Grain Management System বিন্যস্ত করেছে। পরিদর্শন দল চীন কর্মকর্তাদের বিভিন্ন প্রশ্ন করে নিজেদের জ্ঞানকে স্বচ্ছ ও সহজবোধ্য করে ধারণ করার চেষ্ঠা করেছেন।

পরিদর্শন টিম কিয়াংডাও মিউনিমিপাল শস্য সংরক্ষণ এবং কির্য়াডাও খাদ্য বিজ্ঞান ইনিষ্টিটিউট পরিদর্শন করেন। সেখানে বৃহৎ খাদ্য সংরক্ষণ সাইলো পরিদর্শন করেন। উক্ত সাইলোর মোট খাদ্য সংরক্ষণ ক্ষমতা ১,৯৮,০০০ মে.টন। ৩৫টি সমতল সাইলো গুদামে উক্ত শস্য সংরক্ষণ পদ্ধতিতে সম্পন্ন হয়ে থাকে। এই গুদামের অতিরিক্ত শস্য আরো বৃহৎ সাইলো যাহার ধারণ ক্ষমতা ৫,৪৩,২২৩ মে.টন সেখানে প্রেরণ করা হয়ে থাকে।

এত্বদব্যতিত চায়না কর্তৃপক্ষ তাদের শস্যবাহী যানবাহনের অবস্থানও পরিবীক্ষণ করে থাকে। এছাড়া এ কাজে Smart Technology ব্যবহার করা হয়ে থাকে । যানবাহন অবস্থান অনুসরনকরণ পদ্ধতি অবলম্বন করে চীনা সরকার তাদের শস্য পরিবাহণকারী সকল যানবাহনের তাৎক্ষনিক অবস্থান পরিবীক্ষণ ও পরিচালনা করে থাকেন। প্রশিক্ষণ গ্রহণকারী দল সরজমিনে পর্যবেক্ষণ করেন।

৩.৪.১৭ Work Breakdown Structure (WBS)–এর আলোকে প্রণীত কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পর্যবেক্ষণ

প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার নিমিত্তে প্রকল্প দপ্তর কর্তৃক কোনWork Plan /CPM প্রণয়ন করেননি।

প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পর্যলোচনা করে দেখা যায় বিভিন্ন কর্ম সম্পাদন কল্পে নিয়োগকৃত ঠিকাদার/সরবরাহ করা/সেবা প্রদানকারীগণ তাদের কাজের একটি Work Plan দাখিল করেছে। কিন্তু বেশির ভাগে ক্ষেত্রে দেখা গেছে ঠিকাদারগণ তাদের Work Plan অনুযায়ী কার্য, পণ্য বা সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়েছেন।

এক্ষেত্রে কাজ তদারককারী কর্তৃপক্ষকে ঠিকাদারদের প্রতি নমনীয় মনোভাব না দেখিয়ে দ্রুত কাজ সম্পাদনের জন্য সকল পদক্ষেপ নিতে হবে।

বিগত ০৪-০৪-২০১৮ তারিখে W-3 প্যাকেজের আওতায় ময়মনসিংহ, মধুপুর, আশুগঞ্জ ৩ টি স্টিল সাইলো নির্মাণ কাজের চুক্তি সম্পদান করা হয়েছে। কিন্তু এখনো **Work Breakdown Structure (WBS)–এর আলোকে প্রণীত কর্মপরিকল্পনা** (Work Plan) জমা দেননি।

উক্ত কাজের ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে Work Plan গ্রহণ করে কঠোর ভাবে তা অনুসরণের সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে।

এক্ষেত্রে সামান্য শৈথল্য প্রদর্শন করা হলে কাজ আরোও বিলম্ব ঘটবে। চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে W-3 প্যাকেজের কাজ সম্পন্ন করার বিষয়ে ঠিকাদার প্রতিষ্ঠানকে সময় সময় তাগদা পত্র প্রদানসহ প্রয়োজনীয় সকল পদক্ষেপ নিতে হবে।

চতুর্থ অধ্যায়

প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যবেক্ষণ ওপর্যালোচনা

৪.১ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যবেক্ষণ ও পর্যালোচনা

প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যবেক্ষণ ও পর্যালোচনা নিম্নে সারণী আকারে দেয়া হ'লঃ

উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যবেক্ষণ	পর্যালোচনা
১. খাদ্য শস্য মজুদ বৃদ্ধির লক্ষ্যে কৌশলগত স্থানে ৫,৪৩,২২৩ মেট্রিক টন ধারণ ক্ষমতার ৮টি আধুনিক স্টীল সাইলো নির্মাণ;	প্রকল্পের মূল কার্যক্রম ৮টি স্থানে সাইলো নির্মাণের কাজ এখনও শুরু করা যায়নি তরে ৮টি সাইলোর ইকুইপমেন্ট এবং মেশিনারিজ ক্রয়ের জন্য ৩টি প্যাকেজের ২টি প্যাকেজ (W-1, W-2) দরপত্র কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। কেবলমাত্র W-3 প্যাকেজের আওতায় (আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুর) কাজ আরম্ভ করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame Italy (JV)এর সাথে বিগত ৪ এপ্রিল ২০১৮ তারিখের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ৮টি সাইলো সাইটের ভূমি উন্নয়ন ও আনুষঙ্গিক সুবিধাদির কাজ সম্পন্ন হয়েছে। ক্রয় পরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ে ক্রয় কার্যক্রম শুরু হয়নি। পরিকল্পনায় উল্লেখিত ২১০ দিন সময়সীমার বিপরীতে ৫৪০ দিন সময় নিয়ে W-3 প্যাকেজের কাজের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ফলে পরিকল্পনার থেকে ৩১০ দিন সময় বেশী লেগেছে। অপরদিকে W-1 প্যাকেজের জন্য পরিকল্পনা মোতাবেক ১৫০ দিন ধরা থাকলেও মে ২০১৮ পর্যন্ত অতিরিক্ত ৩৯০ দিন অর্থাৎ মোট ৫৪০ দিন অতিবাহিত হয়েছে, কিন্তু দরপত্র কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। অন্যদিকে W-2 প্যাকেজের জন্য পরিকল্পনা মোতাবেক ৭৫ দিন ধরা থাকলেও মে ২০১৮ পর্যন্ত অতিরিক্ত ৩৭০ দিন অর্থাৎ মোট ৪৪৫ দিন অতিবাহিত হয়েছে, কিন্তু দরপত্র কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। পরিবীক্ষণ কালে দেখা যায় যে, ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতার বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ বা বিশ্বব্যাঙ্ক-এর ক্রয় বিষয়ক গাইডলাইন মোতাবেক দায়-দায়িত্ব নিরুপণ বা কোন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়নি।	সার্বিকভাবে ক্রয় ব্যবস্থাপনায় দীর্ঘসূত্রীতা পরিলক্ষিত হয়েছে যা পরোক্ষভাবে প্রকল্প ব্যবস্থাপনার অক্ষমতা ফুটে উঠেছে, ফলে অতিরিক্ত ব্যয় বৃদ্ধির সম্ভাবনা দেখা দিয়েছে। W-1, W-2 প্যাকেজের ক্রয় ব্যবস্থাপনা ও W-3 প্যাকেজের চুক্তি ব্যবস্থাপনায় পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে। এছাড়া দ্রুততর সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করার প্রকল্প ব্যবস্থাপনা পরিবেশ সৃষ্টি করতে হবে।
২. দুর্যোগকালীণ এবং দূর্যোগ পরবর্তী সময়ে খাদ্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে খাদ্য শস্য /বীজ সংরক্ষণের নিমিত্ত পারিবারিক পর্যায়ে হাউজ হোল্ড সাইলো বিতরণ;	দূর্যোগকালীন এবং দূর্যোগ পরবর্তী সময়ে খাদ্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে খাদ্য শস্য/বীজ সংরক্ষণের নিমিত্তে পারিবারিক পর্যায়ে ৫ লক্ষ হাউজহোল্ড সাইলো দেশের ১৯টি জেলার ৬৩টি দূর্যোগ প্রবণ উপজেলায় বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। ক্রয় পরিকল্পনার সেবার ২৮ নং প্যাকেজের (SD-28) আওতায় উক্ত সাইলো সমুহ ডিজাইনের জন্য	সার্বিকভাবে ক্রয় ব্যবস্থাপনায় দীর্ঘসূত্রীতা পরিলক্ষিত হয়েছে যেখানে পরোক্ষভাবে প্রকল্প ব্যবস্থাপনার অক্ষমতা ফুটে উঠেছে।

উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যবেক্ষণ	পর্যালোচনা
	ডিজাইনার নিয়োগের লক্ষ্যে পরিকল্পনায় উল্লেখিত ৪৫ দিন সময়সীমার বিপরীতে ৪৫ দিন সময় নেওয়া হয় এবং ..... এর সাথে উক্ত কাজের চুক্তি স্বাক্ষরিত হয়। এ ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় কাজ সম্পন্ন হয়। ক্রয় পরিকল্পনার পণ্যের ১২ নং প্যাকেজের (GD-12) আওতায় উক্ত সাইলো সমুহ নির্মাণের লক্ষ্যে পরিকল্পনায় উল্লেখিত ১৫৫ দিন সময়সীমার বিপরীতে ১৯০ দিন সময় নিয়ে "মদিনা পলিমার ইন্ডাষ্ট্রিজ লিঃ" এর সাথে উক্ত কাজের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ফলে পরিকল্পনার থেকে ৩৫ দিন সময় বেশী লেগেছে। পরিবীক্ষণ কালে দেখা যায় যে, ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতার বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ মোতাবেক দায়-দায়িত্ব নিরুপণ বা কোন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ক্রয় পরিকল্পনার সেবার ৪নং প্যাকেজের (SD-4) আওতায় উক্ত সাইলো সমুহ বিতরণের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে পরিকল্পনায় উল্লেখিত ২৭০ দিন সময়সীমার বিপরীতে ৩১৫ দিন সময় নেওয়া হয় এবং Development Project Design and Services Ltd নামক একটি প্রতিষ্ঠানের সাথে ১৭ জুলাই ২০১৬ খ্রিঃ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। এ ক্ষেত্রে নির্ধারিত সময়ের অতিরিক্ত ৪৫ দিন সময়ের মধ্যে ক্রয় কাজ সম্পন্ন হয়। প্রতিষ্ঠানটি হাউসহোল্ড সাইলো বিতরণের সকল কার্যক্রম পরিচালনা করছে। এ পর্যন্ত প্রায় ১ লক্ষ ৫ হাজার পারিবারিক সাইলো প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত সাইলোগুলো ঝালকাঠি জেলার সদর, কাঠালিয়া ও নলছিটি উপজেলা খাদ্য গুদামে ২৪০০০টি, পিরোজপুর জেলার মটবাড়িয়া এবং ভান্ডারিয়া খাদ্য গুদামে ১৫৯৫০টি এবং ভোলা জেলার সদর, চরফেশান ও বোরহানউদ্দিন উপজেলা খাদ্য গুদামে ২৪০০০টি এবং বরগুনা সদর, আমতলী, পাথরঘাটা ও বেতাগী উপজেলা খাদ্য গুদামে ২৯০২৪ টি সরবরাহ করা হয়েছে। এ ছাড়াও সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলা খাদ্য গুদামে ৯০০০টি সরবরাহ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ০৬ মে ২০১৮ তারিখ সরকারী বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের ১৯টি জেলার ৬৩টি উপজেলায় পাঁচ লাখ পরিবারের মাঝে পাঁচ লাখ পারিবারিক সাইলো বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন। ইতোমধ্যে ঝালকাঠি জেলার ১৮৪৩৬ জন উপকারভোগীর মধ্যে বিতরণ করা হয়েছে।	এখন হতে ক্রয় ব্যবস্থাপনার সাথে সাথে চুক্তি ব্যবস্থাপনা তথা প্রকল্প ব্যবস্থাপনায় সতর্কতা অবলম্বন করতে হবে।

উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যবেক্ষণ	পর্যালোচনা
৩. খাদ্য মজুদ ব্যবস্থা উন্নতকরণ, খাদ্য মজুদের খরচ হ্রাসকরণ এবং মজুদকৃত খাদ্য শস্যের পর্যবেক্ষণ ব্যবস্থা উন্নীতকরণ;	ডিজি ফুড এর মাধ্যমে কেন্দ্রীয়ভাবে খাদ্য মজুদ ব্যবস্থা উন্নতকরণ, খাদ্য মজুদের খরচ হ্রাসকরণ ও বাজার মনিটরিং সিস্টেমের কার্যক্রমে সহায়তার লক্ষ্যে Pricewaterhouse Coopers Pvt. Ltd. এর সাথে ..... তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। প্রতিষ্ঠানটি প্রারম্ভিক প্রতিবেদন, Baseline Survey report ও বাণিজ্য কৌশল প্রতিবেদন প্রকল্প কার্যালয়ে দাখিল করেছে এবং চূড়ান্ত করা হয়েছে। মজুদকৃত খাদ্য শস্যের পর্যবেক্ষণ ব্যবস্থা উন্নীতকরণ-এর জন্য ক্রয় পরিকল্পনার সেবার ২নং প্যাকেজের (SD-2) আওতায় উক্ত সাইলো সমুহ বিতরণের জন্য আইসিটি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে পরিকল্পনায় উল্লেখিত ১৫০ দিন সময়সীমার বিপরীতে ১৫০ দিন সময় নেওয়া হয় এবং .....নামক একটি প্রতিষ্ঠানের সাথে ২৮ জুলাই ২০১৬ খ্রিঃ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। এ ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় কাজ সম্পন্ন হয়। প্রতিষ্ঠানটি ইতিমধ্যে ৩টি প্যাকেজে ICT কার্যক্রম বাস্তবায়ন করার জন্য Bidding Document প্রণয়ন করেছে। Package A এর আওতায় খাদ্য অধিদপ্তর সহ সারাদেশের ১৬৪০টি খাদ্য স্থাপনায় ICT যন্ত্রপাতি স্থাপন করা হবে। Package B ও প্যাকেজ C এর আওতায় যথাক্রমে সফটওয়ার এবং DC (?), DR (?) স্থাপন করা হবে। এ বিষয়ে আরো তথ্য সন্নিবেশ করতে হবে।	ক্রয় ব্যবস্থাপনার সাথে সাথে চুক্তি ব্যবস্থাপনা তথা প্রকল্প ব্যবস্থাপনায় সতর্কতা অবলম্বন করতে হবে।
৪. দূর্যোগ কবলিত জনগণের মাঝে দ্রুত ত্রাণ বিতরণের জন্য বন্যা, সাইক্লোন ইত্যাদি প্রাকৃতিক দূর্যোগ কালীন সময়ে খাদ্য শস্যের নিরাপদ মজুদ নিশ্চিতকরণ;	কৌশলগত স্থানে ৮টি আধুনিক স্টীল সাইলো নির্মাণ কাজ এখনো শুরু হয়নি। তবে খাদ্য শস্য/বীজ সংরক্ষণের নিমিত্তে পারিবারিক পর্যায়ে ৫ লক্ষ হাউজহোল্ড সাইলো দেশের ১৯টি জেলার ৬৩টি দূর্যোগ প্রবণ উপজেলায় বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পারিবারিক সাইলোর দ্বারা বর্তমানে স্বল্প পরিসরে হলেও দূর্যোগ কবলিত জনগণের মাঝে দ্রুত ত্রাণ বিতরণের জন্য বন্যা, সাইক্লোন ইত্যাদি প্রাকৃতিক দূর্যোগ কালীন সময়ে খাদ্য শস্যের নিরাপদ মজুদ নিশ্চিত করা সম্ভব হবে;	ক্রয় ব্যবস্থাপনার সাথে সাথে চুক্তি ব্যবস্থাপনা তথা প্রকল্প ব্যবস্থাপনায় সতর্কতা অবলম্বন করতে হবে। এছাড়া পারিবারিক পর্যায়ে হাউজহোল্ড সাইলো বিতরণ ব্যবস্থার নিবিড় পরিবীক্ষণ করতে হবে।
৫. খাদ্য শস্যের গুণগত, পরিমাণগত এবং পুষ্টিমান বজায় রাখার লক্ষ্যে সবচেয়ে উপযুক্ত পদ্ধতি অভিযোজনকরণ;	কৌশলগত স্থানে ৮টি আধুনিক স্টীল সাইলো নির্মাণ কাজ এখনো শুরু হয়নি। এছাড়া ল্যাবরেটরী স্থাপনের মাধ্যমে খাদ্য শস্যের গুণগত, পরিমাণগত এবং পুষ্টিমান বজায় রাখার লক্ষ্যে সবচেয়ে উপযুক্ত পদ্ধতি অভিযোজনকরণ এখনো শুরু হয়নি।	ক্রয় ব্যবস্থাপনার সাথে সাথে চুক্তি ব্যবস্থাপনা তথা প্রকল্প ব্যবস্থাপনায় সতর্কতা অবলম্বন করতে হবে।
৬. জনসংখ্যা বৃদ্ধির সাথে খাদ্য শস্যের মজুদ ক্ষমতার সংগতি বজায় রাখা।	কৌশলগত স্থানে ৮টি আধুনিক স্টীল সাইলো নির্মাণ কাজ এখনো শুরু হয়নি। ফলে জনসংখ্যা বৃদ্ধির সাথে খাদ্য শস্যের মজুদ ক্ষমতার সংগতি বজায় রাখার বিষয়টি প্রযোজ্য নয়।	আধুনিক স্টীল সাইলো সমূহের কার্যক্রম সূচারুভাবে অব্যাহত রাখার জন্য একটি সুসংগঠিত Exit Plan থাকতে হবে।

পঞ্চম অধ্যায়

সংগ্রহ আইন ও বিধিমালা অনুসরণ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ

খাদ্য মন্ত্রণালয়ের অধীনে খাদ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ (১ম সংশোধিত)' ' শীর্ষক প্রকল্পের অধীনে পণ্য, কার্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে WB ক্রয় গাইড লাইন - ২০১১ ও পিপিআর- ২০০৮ অনুসরণ করা হয়েছে কিনা এবং অনুসরণ করা না হয়ে থাকলে কী কী ব্যত্যয় হয়েছে, সেটা জানার চেষ্টা করা হয়। WB ক্রয় গাইড লাইন -২০১১ ও পিপিআর-২০০৮ অনুযায়ী ক্রয় প্রক্রিয়া সম্পর্কিত তথ্যাদি সংগ্রহের জন্য প্রকল্প পরিচালকের দপ্তর থেকে পরিশিষ্ট-১ এ ক্রয় পদ্ধতি পর্যালোচনার চেকলিষ্ট অনুযায়ী তথ্য সংগ্রহ করা হয়েছে এবং প্রকল্প পরিচালকের অফিস পরিদর্শনকালে আরও নিবিড়ভাবে ক্রয় সম্পর্কিত কাগজপত্রাদি পরীক্ষা - নিরীক্ষা করা হয়েছে।

৫.১ প্রকল্পের অধীনে ক্রয় সম্পর্কিত তথ্যাদি পর্যালোচনা

আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের ডিপিপিতে বর্ণিত সকল ক্রয় কাজ মোট ৭২টি প্যাকেজে সম্পন্ন করার বিধান রয়েছে। এগুলি হলো পণ্য, কার্য ও সেবা। পণ্য ক্রয়ে মোট ২৩টি প্যাকেজ, কার্য ক্রয়ে মোট ১৮টি প্যাকেজ এবং সেবা ক্রয়ে মোট ৩১টি প্যাকেজে বিভক্ত করা হয়েছে। মার্চ/২০১৮ পর্যন্ত পণ্য ক্রয়ের ২৩টি প্যাকেজের মধ্যে ১৪টি প্যাকেজ এর ১০০% ক্রয় সম্পন্ন হয়েছে। অপর ৮টি প্যাকেজের পণ্য ক্রয় কাজ এখনও বাকী রয়েছে। অপর ১টি পণ্য ক্রয়ের কাজ বাদ দেয়া হয়েছে।

কার্য ক্রয়ের জন্য ডিপিপি'তে মোট ১৮টি প্যাকেজের উল্লেখ আছে। উক্ত ১৮টি কার্য ক্রয় প্যাকেজের মধ্যে ১৩টি প্যাকেজের কার্য ১০০% সম্পন্ন হয়েছে। ১টি প্যাকেজের কাজ প্রায় ৬৫% সম্পন্ন হয়েছে। অপর একটি প্যাকেজের কাজ ক্রয় ৬০% সম্পন্ন হয়েছে এবং অপর একটি প্যাকেজের কাজ প্রায় ২০% সম্পন্ন হয়েছে। ১টি প্যাকেজের কাজ বাদ দেয়া হয়েছে। অপর ১টি প্যাকেজের কার্য স্থানান্তর করে পণ্য ক্রয়ে নেয়া হয়েছে।

সেবা ক্রয়ের জন্য ডিপিপি'তে মোট ৩১টি প্যাকেজের সংস্থান রয়েছে। এর মধ্যে ২৯টি প্যাকেজের সেবা প্রায় ১০০% ভাগ সম্পন্ন হয়েছে। এছাড়া ১টি প্যাকেজের কাজ ৩৫% এবং অপর ১টি প্যাকেজের কাজ ২০% সম্পন্ন হয়েছে।

সারণি-৫.১: প্রকল্পের আওতায় পণ্য কার্য ও সেবা ক্রয় সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি

	ক্রয়কৃত প্যাকেজের সংখ্যা				ক্রয়কৃত প্যাকেজের অগ্রগতি (%)						
	বাস্তবায়িত হয়েছে	স্থানান্তর/ড্রপ	বাস্তবায়িত হবে	মোট	১০০	৯০	৬০	৪০	৩০	১০	০
পণ্য (সংখ্যা)	১৪	১	৮	২৩	১৪	-		-	-	-	-
কার্য (সংখ্যা)	১৫	২	১	১৮	১৩	১	১	১	-	১	-
সেবা (সংখ্যা)	৩১	-	-	৩১	২৯	-	-	-	১	১	-
মোট (সংখ্যা)	**৬০**	**৩**	**৯**	**৭২**	**৫৬**	**১**	**১**	**১**	**১**	**২**	**-**

সকল স্থানীয় ক্রয় কার্যক্রম e-GP Tender-এর মাধ্যমে সম্পন্ন হয়েছে। স্থানীয় ক্রয় কার্যক্রম PPR এর নিয়মানুযায়ী করা হয়েছে। ক্রয়ের সকল বিজ্ঞপ্তি স্থানীয় একটি বাংলা, একটি ইংরেজি, ও CPTU web-site–এ প্রকাশ করা হয়েছে। প্রতিযোগিতামূলক দরে সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।

সারণি-৫.২: প্যাকেজ ভিত্তিক পণ্য, কার্য ও সেবা ক্রয় সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি ও অবস্থা

প্যাকেজ নং	প্যাকেজ (১,২,৩...)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টকায়)	চুক্তিমূল্য (লক্ষ টকায়)	Procurement Method	দরপত্র আহ্বানের তারিখ		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ		WB ক্রয় গাইড লাইন -২০১১ ও পিপিআর- ২০০৮ এর সহিত সঙ্গতি বিষয়ে মন্তব্য
					পরিকল্পিত	প্রকৃত	পরিকল্পিত	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
GD-1	Procurement of Furniture for PMU and 8 site offices	27.13	27.13	NCB	19/04/15	19/04/15	24/06/15	24/06/15	23/10/15	23/10/15	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-2	Procurement of one 4WD Jeep	83.50	83.50	NCB	26/10/14	26/10/14	20/01/15	20/01/15	19/03/15	19/03/15	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-3	Procurement of pick-up vehicles	466.50	466.50	NCB	7/12/2014	7/12/2014	19/04/15	19/04/15	18/06/15	18/06/15	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-4	Procurement of LAN Infrrustructure and IT Equipment for PD office and 8 site offices	84.00	84.00	NCB	17/12/16	-	16/04/17	-	15/10/17	-	
GD-4	Procurement of Furniture for food monitoring, research and training center	200.00	200.00	NCB	12/5/2019	-	10/10/2019	-	9/11/2019	-	
GD-5	Procurement of spetiailzed equipment for strengthing of Food Testing Laboratories	2,200.00	2,200.00	LIB	10/4/2018	-	9/10/2018	-	8/4/2019	-	
GD-6	Procurement of Laboratory Apparatous and office equipment	300.00	300.00	NCB	10/6/2018	-	9/10/2018	-	8/4/2019	-	
GD-7	Procurement of Digital Weigh Bridge Scale	900.00	900.00	NCB	18/5/2016	4/8/2016	17/11/16	28/11/17	20/06/17	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-8	Procurement of IT Equipment for modernization of the system for planning and monitoring of the food stocks under FPMP	2,000.00	2,000.00	NCB	12/10/2017	-	10/2/2018	-	8/8/2018	-	
GD-9	Procurement of Notebook computer for PMU and site offices (Including 10 nos Laser Printer)	22.35	22.35	NCB	19/04/15	19/04/15	24/06/15	24/06/15	20/09/15	20/09/15	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-10	Procurement of Color Laser Printer, Photocopier cum printer cum scanner, projector, etc	15.32	15.32	NCB	19/04/15	19/04/15	22/06/15	22/06/15	21/10/15	21/10/15	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-11	Procurement of 9 sets office furniture, 2 AC, 9 notebook, 1 printer etc for PMU	14.74	14.74	NCB	23/02/15	23/02/15	7/4/2015	7/4/2015	6/5/2015	6/5/2015	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-12	Procurement of Household silos	7,000.00	6,886.36	NCB	20/12/15	19/11/15	25/05/16	2/7/2016	24/05/ 20	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-13	Hiring microbus for PMU	3.65	3.65	NCB	24/09/14	24/09/14	30/09/14	30/09/14	29/10/14	29/10/14	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-14	Outsourcing of Manpower	305.23	305.23	NCB	11/2/2015	11/2/2015	30/04/15	30/04/15	31/05/20	-	পিপিআর- ২০০৮

প্যাকেজ নং	প্যাকেজ (১,২,৩...)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টকায়)	চুক্তিমূল্য (লক্ষ টকায়)	Procurement Method	দরপত্র আহ্বানের তারিখ		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ		WB ক্রয় গাইড লাইন -২০১১ ও পিপিআর- ২০০৮ এর সহিত সঙ্গতি বিষয়ে মন্তব্য
					পরিকল্পিত	প্রকৃত	পরিকল্পিত	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
	through a Service provider										অনুযায়ী ঠিক আছে
GD-15	Procurement of one Microbus	38.47	38.47	NCB	26/10/14	26/10/14	4/2/2015	4/2/2015	4/4/2015	4/4/2015	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-16	Procurment of Furniture	22.87	22.87	NCB	11/5/2017	26/02/17	10/10/2017	20/4/17	9/12/2017	30/06/17	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-17	Procurement of SUV for DPD, PMU office	100.00	100.00	NCB	6/4/2016	6/4/2016	20/06/16	14/6/16	18/08/16	14/06/16	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-18	Procurement of different equipment for PMU office (Intercom etc)	4.95	4.95	NCB	02/02/16	02/02 16	9/3/2016	9/3/2016	8/4/2016	8/4/2016	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
GD-19	Procurement of Software for nationwide Food Stock and Market Monitoring	1,700.00	1,700.00	NCB	6/9/17	-	3/3/2018	-	8/9/2018	-	
GD-20	Procurement of Microbus for PMU	61.53	61.53	NCB	12/11/16	-	10/4/2017	-	10/6/2017	-	
GD-21	Laptop, Computer, Printer, Photocopier etc.	31.33	31.33	NCB	15/06/18	-	14/10/18	-	12/2/2018	-	
	GOODS (Total)	**15,581.56**	**15,470.92**		-	-	-	-	-	-	
W-1	Construction of Wheat Silos in Chittagong (114,300 MT) and Maheshwarpasha (76,200 MT) with all ancilary facilities, public toilet, vehicle parking, water supply, sewerage, surface drain, equipment, machineries and fire fighting.	35,379.92	-	ICB	08/12/16	27/07/2017	06/05/17	-	05/04/19	-	
W-2	Construction of the Rice Silos in Dhaka (48,000 MT), Narayangani (48,000 MT) and Barisal (48,000 MT) with all ancilary facilities, public toilet, vehicle parking, water supply, sewerage, surface drain, equipment, machineries and fire fighting.	44,800.00	-	ICB	12/3/17	-	26/05/17	-	25/05/20	-	
W-3	Construction of the Rice Silos in Madhupur (48,000 MT), Mymensingh (48,000 MT) and Ashuganj (105,000 MT) with all ancilary facilities, public toilet, vehicle parking, water supply,	51,385.08	-	ICB	10/11/16	16/03/2017	01/05/17	4/4/2018	30/04/20	30/04/20	WB ক্রয় গাইড লাইন -২০১১ অনুযায়ী ঠিক আছে

প্যাকেজ নং	প্যাকেজ (১,২,৩...)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টকায়)	চুক্তিমূল্য (লক্ষ টকায়)	Procurement Method	দরপত্র আহ্বানের তারিখ		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ		WB ক্রয় গাইড লাইন -২০১১ ও পিপিআর- ২০০৮ এর সহিত সঙ্গতি বিষয়ে মন্তব্য
					পরিকল্পিত	প্রকৃত	পরিকল্পিত	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
	sewerage, surface drain, equipment, machineries and fire fighting.										
W-4	Construction of a building for establishment of Food monitoring, research and training centre	2,600.00	2,600.00	NCB	PWD procured this works						
W-6	Renovation work of PMU office including interior design	101.08	101.08	NCB	27/04/15	27/04/15	24/05/15	24/05/15	28/06/15	28/06/15	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
W-7	Site/Land development, site office, -boundary wall, river training etc of Barisal Silo	369.16	369.16	NCB	09/04/15	09/04/15	04/06/15	04/06/15	20/12/15	-	
W-8	Site/Land development, site office, boundary wall, river training etc of Narayangong Silo	1,738.45	1,738.45	NCB	14/05/15	14/05/15	07/09/15	07/09/15	15/03/16	-	
W-9	Site/Land development, site office, boundary wall, river training etc of Dhaka Silo	197.76	189.78	NCB	10/05/15	10/05/15	30/08/15	30/08/15	05/03/16	31/07/2017	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
W-10	Site/Land development, site office, boundary wall, river training etc of Ashugonj Silo	4,172.19	2,885.53	ICB	14/05/15	14/05/15	20/09/15	20/09/15	28/09/16	31/03/17	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
W-11	Site/Land development, site office etc of Mymenshingh Silo	108.33	102.73	NCB	02/03/15	02/03/15	24/05/15	24/05/15	01/12/15	30/09/16	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
W-12	Site/Land development, site office, boundary wall, river training etc of Mohessorpasa Silo	227.91	169.22	NCB	11/05/15	11/05/15	28/07/15	28/07/15	02/02/16	15/04/17	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
W-13	Site/Land development, site office, boundary wall etc of Chattagong Silo	104.77	106.75	NCB	10/05/15	10/05/15	09/07/15	09/07/15	02/02/16	30/08/16	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
W-14	Site/Land development, site office, boundary wall etc of Modhupur Silo	264.75	227.23	NCB	02/03/15	02/03/15	05/05/15	05/05/15	19/11/15	25/11/16	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
W-15	Emergency Renovation work of PMU office	9.85	9.85	NCB	07/04/15	07/04/15	19/04/15	19/04/15	18/05/15	18/05/15	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
W-16	Construction of Laboratory Buildings	500.00	500.00	NCB	20/10/16	09/10/17	16/02/17	26/12/17	15/02/18		পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
W-17	Construction of additional wall, land development etc at chittagonj silo			NCB						29/01/18	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে

প্যাকেজ নং	প্যাকেজ (১,২,৩...)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টকায়)	চুক্তিমূল্য (লক্ষ টকায়)	Procurement Method	দরপত্র আহ্বানের তারিখ		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ		WB ক্রয় গাইড লাইন -২০১১ ও পিপিআর- ২০০৮ এর সহিত সঙ্গতি বিষয়ে মন্তব্য
					পরিকল্পিত	প্রকৃত	পরিকল্পিত	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
	WORKS (Total)	**141,959.25**	**8,999.78**		-	- -	- -	- -	-	-	
SD-1	Consulting Firm (s): (Design and supervision consultant)	9,891.80	9,891.80	ICB	10/05/15	10/05/15	31/01/16	31/01/16	30/06/20	-	WB ক্রয় গাইড লাইন -২০১১ অনুযায়ী ঠিক আছে
SD-2	ICT Consultant Firm(s):	1,500.00	1,490.00	ICB	29/02/16	29/02/16	28/07/16	28/07/16	27/07/19	-	WB ক্রয় গাইড লাইন -২০১১ অনুযায়ী ঠিক আছে
SD-3	Consulting Firm(s) for Monitoring and Impact Evaluation	454.30	399.78	NCB	10/05/15	10/05/15	28/12/15	28/12/15	30/06/20	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-4	Service Provider for Distribution of Household silos and Related Services	1,722.28	1,716.60	NCB	03/09/15	03/09/15	25/05/16	25/05/16	30/06/20	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-5	Senior Technical Specialist (Mechanical)	133.50	133.50	NCB	02/10/14	02/10/14	03/02/15	03/02/15	02/11/18	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-6	Senior Technical Specialist (Civil)	103.50	103.50	NCB	02/10/14	02/10/14	03/02/15	03/02/15	02/11/18	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-7	Sr. Technical Specialist (Electrical)	144.00	99.68	NCB	10/05/16	03/08/16	18/08/16	01/11/16	31/10/19	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-8	Senior Procurement Specialist	157.12	157.12	NCB	30/03/14	30/03/14	14/09/14	14/09/14	13/09/18	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-9	Procurement Analyst	103.50	103.50	NCB	02/10/14	02/10/14	03/02/15	03/02/15	02/11/18	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-10	Senior Environmental Specialist	136.59	136.59	NCB	30/03/14	30/03/14	27/08/14	27/08/14	26/08/18	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-11	Senior Social Specialist	117.70	117.70	NCB	30/03/14	30/03/14	06/08/14	06/08/14	05/08/18	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-12	Senior Outreach and Public Awareness Specialist	105.92	105.92	NCB	30/03/14	30/03/14	06/08/14	06/08/14	05/08/18	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-13	Senior Financial Management Specialist	150.72	150.72	NCB	30/03/14	30/03/14	10/09/14	10/09/14	09/09/18	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-14	Project Implementation Manual Specialist	24.00	24.00	NCB	20/08/15	20/08/15	15/09/15	15/09/15	15/03/16	15/03 16	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-15	Sr. Institutional Expert	144.00	142.61	NCB	06/06/16	03/10/16	05/10/16	11/04/17	4/10/2019	-	
SD-16	International Experts (Procurement panel) Chairman	454.25	454.25	NCB	19/08/14	19/08/14	14/01/15	14/01/15	30/06/20	-	WB ক্রয় গাইড লাইন -২০১১ অনুযায়ী ঠিক আছে
SD-17	International Experts (Procurement panel) member	427.31	427.31	NCB	19/08/14	19/08/14	20/07/15	20/07/15	30/06/20	-	WB ক্রয় গাইড লাইন -২০১১ অনুযায়ী ঠিক আছে
SD-18	National Expert (Procurement	86.00	86.00	NCB	19/08/14	19/08/14	30/06/15	30/06/15	30/06/20	-	WB ক্রয় গাইড লাইন -২০১১

প্যাকেজ নং	প্যাকেজ (১,২,৩...)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টকায়)	চুক্তিমূল্য (লক্ষ টকায়)	Procurement Method	দরপত্র আহ্বানের তারিখ		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ		WB ক্রয় গাইড লাইন -২০১১ ও পিপিআর- ২০০৮ এর সহিত সঙ্গতি বিষয়ে মন্তব্য
					পরিকল্পিত	প্রকৃত	পরিকল্পিত	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
	panel) member										অনুযায়ী ঠিক আছে
SD-19	Technical Site Specialist (Civil)	567.30	567.30	NCB	16/11/14	16/11/14	04/05/15	04/05/15	3/5/2019	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-20	Accounts Officer (Individual Consultant)	95.33	95.33	NCB	04/08/14	04/08/14	01/02/15	01/02/15	30/06/20	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-21	Accountant Cum Cashier (Individual Consultant)	70.40	70.40	NCB	04/08/14	04/08/14	01/01/15	01/01/15	30/06/20	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-22	Integrated Food Policy Research Program (Research Institute/ Firm)	8,567.43	8,567.43	NCB	14/09/15	14/09/15	25/05/16	25/05/16	30/06/20	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-23	Financial Management Information System	15.94	15.94	NCB	12/02/15	12/02/15	24/08/15	24/08/15	24/02/19	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-24	Food Grain Laboratory Specialist	10.00	10.00	NCB	02/07/15	02/07/15	12/04/15	12/04/15	11/7/2015	11/7/2015	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-25	Website development for MFSP	5.97	5.97	NCB	07/12/14	07/12/14	09/04/15	09/04/15	30/06/20	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-26	Strategic Studies/Survey for Future Project Preparation	800.00	800.00	NCB	18/10/16		04/03/17	30/11/16	30/06/20	ToR is developed	
SD-27	CA firm for Independant Internal Audit	73.20	73.20	NCB	30/04/15	30/04/15	09/11/15	09/11/15	30/06/20	-	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-28	Household Silo Designer	3.35	3.35	NCB	02/03/15	02/03/15	15/04/15	15/04/15	14/05/15	14/05/15	পিপিআর- ২০০৮ অনুযায়ী ঠিক আছে
SD-29	International Consultant for Food Policy Research Program	649.28	426.40	NCB	10/12/15	04/09/16	07/06/16	03/01/17	30/06/20	-	WB ক্রয় গাইড লাইন -২০১১ অনুযায়ী ঠিক আছে
SD-30	National Senior Consultant for Food Policy Research Program	174.00	130.31	NCB	10/12/15	31/01/17	07/06/16	23/05/17	30/06/20	-	WB ক্রয় গাইড লাইন -২০১১ অনুযায়ী ঠিক আছে
SD-31	Consulting Firm for Overseas Study Tour and Training Program	800.00	800.00	NCB	22/01/16	22/01/16	10/08/16		9/8/2018	RFP invited	
SD-32	Firm for Communications and Public Awarness	51.60	49.19	NCB	06/12/16	27/07/16	06/04/17	29/12/16	30/06/20	-	WB ক্রয় গাইড লাইন -২০১১ অনুযায়ী ঠিক আছে
	SERVICES (Total)	**27,740.28**	**27,355.39**		-	-	-	-	-	-	

প্রাক্কলিত মূল্য ও চুক্তিমূল্য একই হবার কারণ হলোপণ্য, সেবা ও ক্রয় কাজের যে সকল প্যাকেজের ক্রয় কাজ সম্পূর্ণ হয়েছে, সে সকল প্যাকেজের চুক্তি মূল্যকে প্রাক্কলিত মূল্য হিসেবে ডিপিপি সংশোধন করা হয়েছে।

কেস স্টাডি হিসেবে নিম্নে W-3 প্যাকেজের ক্রয় প্রক্রিয়া বিস্তারিতভাবে পর্যালোচনা করে প্রাপ্ত তথ্যাদি প্রদান করা হল।

কেস স্টাডি:প্যাকেজ নং- ০৩

ক্রয় প্যাকেজ/চুক্তির নামঃ Construction of the Rice Silos in Madhupur (48,000 MT), Mymensingh (48,000 MT) and Ashuganj (105,000 MT) with all ancillary facilities, public toilet, vehicle parking, water supply, sewerage, surface drain, equipment, machineries and fire fighting

ক্রমিক নং	বিবরণ ও অনুসরণীয় বিষয়াবলী	প্রকৃত	বিলম্ব	কারণ
১.	দরপত্র দলিল **পিপিআর-২০০৮** ও WB ক্রয় গাইড লাইন -২০১১ অনুসারে প্রনীত কিনা	দরপত্র দলিল **পিপিআর-২০০৮** ও WB ক্রয় গাইড লাইন -২০১১ অনুসারে প্রণীত হয়েছে		
২.	ক্রয় প্রক্রিয়ার ধরণ যেমন, ICB	ICB		
৩.	ক্রয়ের ক্যাটাগরি যেমন, মালামাল, কাজ, সেবা	কার্য		
৪.	ক্রয় পদ্ধতি যেমন, OTM, LTM, DPM ইত্যাদি	OTM		
৫.	অর্থায়ন GoB, সংস্থার নিজস্ব, উন্নয়ন সহযোগী ইত্যাদি	IDA credit		
৬.	পত্রিকায় দরপত্র প্রকাশের তারিখ বহুল প্রচলিত ২টি সংবাদপত্রে প্রকাশ করতে হবে	২৯ জানুয়ারী ২০১৬, দৈনিক The Financial Express, , ৩০ জানুয়ারী The Daily Star & The Daily Ittefaq বহুল প্রচলিত ৩টি সংবাদপত্রে প্রকাশ করা হয়		
৭.	কোন কোন পত্রিকায় দরপত্র প্রকাশিত হয়েছে (কমপক্ষে ২টিতে) কমপক্ষে ১টি ইংরেজী ও ১টি বাংলা পত্রিকায় প্রকাশ করতে হবে [R-৯০(২)(a)]	২৯ জানুয়ারী ২০১৬, দৈনিক The Financial Express, , ৩০ জানুয়ারী The Daily Star & The Daily Ittefaq বহুল প্রচলিত ৩টি সংবাদপত্রে প্রকাশ করা হয়		
৮.	এক কোটি টাকার অধিক মূল্যের দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ-তে পাঠানো হয়েছে কি না এক কোটি টাকার অধিক মূল্যের দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ-তে পাঠাতে হবে [R-৯০(২)(i)]	২৭-০১-২০১৬ তারিখ DG (Food) এর ওয়েব সাইট এবং ০১-২-২০১৬ তারিখ CPTUএবং UNDBএ ওয়েব সাইট প্রকাশিত হয়		
৯.	TEC অনুমোদনকারী কর্তৃপক্ষ	ERD, WB এর Financial Agreement, GAAP ও PAD Provision অনুযায়ী অত্র প্রকল্পের Major contract সংক্রান্ত দরপত্র মূল্যায়ন ও এতসংক্রান্ত অন্যান্য কাজ ৩ সদস্য বিশিষ্ট (২ জন আর্ন্তজার্তিক বিশেষজ্ঞ ও ১ জন স্থানীয় বিশেষজ্ঞ) সমন্বয়ে IPP কর্তৃক সম্পন্ন করা হয়েছে	।	
১০.	TOC এর সদস্য সংখ্যা ৩ সদস্য হতে হবে [R-৭, schedule-II]	৩ সদস্য বিশিষ্ট IPP		
১১.	TEC এর সদস্য সংখ্যা	৩ সদস্য বিশিষ্ট IPP		
১২.	TEC অনুমোদনকারী কর্তৃপক্ষ দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ হবে [R-৮(৩)]	CCGP		
১৩.	দরপত্র গ্রহনের তারিখ দরপত্র প্রকাশের তারিখ হতে দরপত্র গ্রহনের	৩১ মে, ২০১৭		

ক্রমিক নং	বিবরণ ও অনুসরণীয় বিষয়াবলী	প্রকৃত	বিলম্ব	কারণ
	মধ্যবর্তী সময় পিপিআর-২০০৮ অনুযায়ী নির্ধারণ করতে হবে			
১৪.	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় দরপত্র নোটিশে বর্ণিত স্থান, তারিখ ও সময় অনুযায়ি	স্থান: PMU, MFSP, তারিখ: ৩১ মে, ২০১৭, সময়:২:৩০		
১৫.	দরপত্র বিষয়ে কোন অভিযোগ ছিল কি না অভিযোগ থাকলে পিপিআর-২০০৮ অনুযায়ী নিষ্পত্তি হয়েছে কি না [R-৫৬, d-৫৭(৩)(৪)]	নাই		
১৬.	অভিযোগ নিষ্পত্তির ফলে পরিবর্তন/সংশোধন	প্রযোজ্য নয়		
১৭.	Independent Review Panel-এ আপীল লিখিত সিদ্ধান্ত প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে Review Panel এ আপীল করা যাবে যদি তিনি সকল প্রকার Administrative Authority এর নিকট হতে অভিযোগের প্রেক্ষেতে কোনরূপ জবাব/সিদ্ধান্ত না পান [R-৫৭(১০)(১১)(১২)]	প্রযোজ্য নয়		
১৮.	Review Panel এর সিদ্ধান্ত ও Follow-on Review Panel এর সিদ্ধান্ত হবে অভিযোগ প্রাপ্তির ১২ কার্যদিবসের মধ্যে	প্রযোজ্য নয়		
১৯.	দরপত্রে অশংগ্রহণকারীর সংখ্যা	৬টি		
২০.	কতগুলো দরপত্র জমা পড়েছে?	৫টি		
২১.	দরপত্র Responsiveness Responsive দরপত্রের ন্যুনতম সংখ্যা নির্দিষ্ট করা নেই [R-৯৮(১৪)(২৮)]	৫টি দরপত্র জমা পড়ে এর মধ্যে থেকে ২টি ফার্ম Responsive হয়।		
২২.	TEC কর্তৃক সুপারিশকৃত পুনঃদরপত্র আহবান	প্রযোজ্য নয়		
২৩.	যথাসময়ে দরপত্র মূল্যায়ন শেষ করা হয়েছে কি না পিপিআর অনুযায়ী যথাসময়ে দরপত্র মূল্যায়ন সম্পন্ন হয়েছে কি না Safe Custody-২ days (R-৩২); TEC Evaluation-২১ days [R-৩৬(৬), schedule-part-A] ২৩ days (opening to evaluation)	- ১ম বার মূল্যায়ন প্রতিবেদন দাখিল করে ৬-৮-২০১৭ইং তারিখ - পূণ:মূল্যায়ন দাখিল করে ২১-৯-২০১৭ইং	Opening to evaluation total day required= ১১৩	মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা শেষে বিশ্ব ব্যাংক কিছু নির্দেশনা প্রদান করে, যা বিবেচনা করে ২১-৯-২০১৭ইং পূণ:মূল্যায়ন প্রতিবেদন দাখিল করে।
২৪.	মূল্যায়ন ও অনুমোদনের মধ্যে দিবসের প্রকৃত পার্থক্য Ministry-৯ weeks (Ministry ৮ weeks (৫৬ days) + NOA - ১ week) [R-৩৬(৬), schedule-৩, part-A]	- পূণ:মূল্যায়ন দাখিল করে ২১-৯-২০১৭ইং - ১২-১১-২০১৭ তারিখ বিশ্বব্যাং কের অনাপত্তি (NOL) পাওয়া যায়। - ২৮-২-২০১৮ তারিখ CCGP কর্তৃক অনুমোদিত হয়।	মূল্যায়ন ও অনুমোদনের মধ্যে দিবসের প্রকৃত পার্থক্য ১৫৯ দিন-৫৬ দিন=মোট বিলম্ব ১০৩ দিন	NOL প্রদানে বিশ্বব্যাংক মোট ৫২ দিন সময় নিয়েছে। বিশ্বব্যাংক NOL প্রদানের পর CCGP কর্তৃক চড়ান্ত অনুমোদনে ১১১ দিন সময় নিয়েছে।
২৫.	দরপত্র অনুমোদন করেছেন কে? DOFP অনুসারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরপত্র	CCGP (২৮-২-২০১৮ইং)		

ক্রমিক নং	বিবরণ ও অনুসরণীয় বিষয়াবলী	প্রকৃত	বিলম্ব	কারণ
	অনুমোদন হয়েছে কি না			
২৬.	মূল্যায়ন প্রতিবেদন সরাসরি অনুমোদনকারী কর্তৃপক্ষের (AA) নিকট প্রেরণ করা হয়েছিল কি না Be sent directly to AA in sealed envelope [R-৩৬(৩৩)]	মূল্যায়ন প্রতিবেদন সরাসরি অনুমোদনকারী কর্তৃপক্ষের (AA) নিকট প্রেরণ করা হয়েছিল		
২৭.	NOA প্রদান ক) টেন্ডার Validity Period এর মধ্যে সমাপ্ত করতে হবে খ) টেন্ডার মূল্যায়ন প্রতিবেদন (TER) অনুমোদনের ৭ দিনের মধ্যে হতে হবে গ) চুক্তি স্বাক্ষর-NOA জারীর ২৮ দিনের মধ্যে [R-১০২(১১), schedule-II]	১২-৩-২০১৮ইং তারিখে মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame (Italy) JV কে NOA প্রদান করা হয়। ক) ২৭-৮-২০১৮ইং খ) ২৮-২-২০১৮ইং গ) ৪-৪-২০১৮ইং		
২৮.	NOA জারীর কতদিনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে NOA জারীর ২৮ দিনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হবে হবে। Ministry: (Secretary-২ weeks, Ministter-১ weeks, Total ৩ weeks (২১ days); NOA-১ week) [R-৩৬(৬)-schedule-৩, part-A]	২৩ দিন (৪-৪-২০১৮ইং তারিখে মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame (Italy) JV এর সাথে চুক্তি স্বাক্ষর হয়।)		
২৯.	টেন্ডার Validity Period এর মধ্যে চুক্তি সম্পাদনসাধারণত ৬০-১২০ দিন [R-১৯(১)(২), d-১১৭(১০)]	টেন্ডার Validity Period ২৭/৮/২০১৮ এর মধ্যে চুক্তি সম্পাদন		
৩০.	প্রাক্কলিত মূল্যমান	টাকা ১০০৪৭৫.৩১ লক্ষ		
৩১.	চুক্তিমূল্য	টাকা ৯,৬০,০৩২৯৯৯৮.০৮		

৫.২ WB ক্রয় গাইড লাইন -২০১১ আলোকে উপরোক্ত দরপত্রটির ওপর মন্তব্য

নিবিড় পরিবীক্ষণ কালে প্রকল্প দপ্তর কর্তৃক পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রক্রিয়াসমূহ WB ক্রয় গাইড লাইন -২০১১ ও পিপিআর- ২০০৮ অনুযায়ী সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। ক্রয় কাজে কোন ব্যতিক্রম ও দুর্বলতা পরিলক্ষিত হয়নি ।

১. ডিপিপি অনুযায়ী উল্লেখিত W-3 প্যাকেজের দরপত্রটির ক্রয় প্রক্রিয়াকরণে ICB অনুসরণ করা হয়েছে; (**WB ক্রয় গাইড লাইন -২০১১ এ বর্ণিত ICB অনুযায়ী)**

২. দরপত্রটি ২টি ইংরেজী ও ১টি বাংলা পত্রিকায় ও CPTU, DG (Food) এবং UNDB-এ ওয়েব সাইট প্রকাশিত হয়েছে; (**WB ক্রয় গাইড লাইন -২০১১ এ বর্ণিত অনুচ্ছে-২.৭অনুযায়ী)**

৩. ৩ সদস্য বিশিষ্ট (২ জন আর্ন্তজার্তিক বিশেষজ্ঞ ও ১ জন স্থানীয় বিশেষজ্ঞ) সমন্বয়ে International Procurement Panel (IPP) কর্তৃক দরপত্রটি মূল্যায়ন করা হয় যা WB কর্তৃক অনুমোদন ও NOL প্রাপ্তি সাপেক্ষ পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা হয়; (**WB ক্রয় গাইড লাইন -২০১১ এ বর্ণিত অনুচ্ছে-২.৯ অনুযায়ী)**

৪. উক্ত প্যাকেজ এর দরপত্র দাখিলের শেষ সময় ছিল ৩১-০৫-২০১৭ইং তারিখ। উক্ত প্যাকেজের কাজের জন্য মোট ৫টি প্রতিষ্ঠান প্রাকযোগ্যতা অর্জন করে;হয়;(**WB ক্রয় গাইড লাইন -২০১১ এ বর্ণিত অনুচ্ছে-২.৪৯অনুযায়ী)**

৫. উক্ত ৫টি প্রাক-যোগ্যতা সম্পন্ন দরদাতার মূল্যায়ন সম্পন্ন করা হয় ৬-৮-২০১৭ইং তারিখে। উক্ত মূল্যায়ন WB পূনরায় মূল্যায়নের জন্য নির্দেশনা প্রদান করে। পুনরায় মূল্যায়ন কাজ IPP কর্তৃক ২১-১-২০১৭ইং তারিখে সম্পন্ন করা হয়। অর্থাৎ দরপত্র দাখিল থেকে চূড়ান্ত মূল্যায়ন করতে মোট সময় লাগে ১১৩দিন;

৬. ২য় বার উক্ত প্যাকেজের মূল্যায়নের পর WB NOL প্রদান করে ১২-১১-২০১৭ইং তারিখে। এখানে বিশ্ব ব্যাংকের NOL পেতে সময় লাগে ৫২দিন;

৭. বিশ্ব ব্যাংকের NOL প্রাপ্তির পর চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি CCGP বরাবরে প্রেরণ করা হয়। CCGP কর্তৃক ২৮-০২-২০১৮ইং তারিখে ক্রয় সংক্রান্ত মন্ত্রী সভায় চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। অর্থাৎ WB কর্তৃক NOL প্রদানের পর সরকারের CCGP কর্তৃক চূড়ান্ত ক্রয় অনুমোদন প্রদান করতে সময় লাগে ১১১দিন;

৮. অতপর W-3 প্যাকেজের কাজ সম্পন্ন করার জন্য ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে বিগত ৪-০৪-২০১৮ তারিখে;

৯. CCGP কর্তৃক অনুমোদনের পর চুক্তি স্বাক্ষর করতে সময় লেগেছে ৩৫দিন;

১০. উপরের পর্যালোচনা থেকে দেখা যায় যে, W-3 প্যাকেজ দরপত্র আহ্বান থেকে কর্ম সম্পাদনের চুক্তি স্বাক্ষর পর্যন্ত মোট সময় লেগেছে ৩১১দিন;

১১. প্যাকেজ চূড়ান্ত করার কাজ বিভিন্ন ধাপে অনুমোদন সাপেক্ষে সম্পন্ন করতে হয়েছে। প্রতিটি ধাপের কাজ আরোও দ্রুত হলে অল্প সময়ে প্যাকেজটির (W-3) চুক্তি সম্পন্ন করে কাজ আরম্ভ করা যেত। ভবিষ্যতে এ বিষয়ে নজর দিতে হবে।

৫.৩ পণ্য, কার্য ও সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলসহ বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ

উক্ত প্রকল্পের আওতাধীনে ইতিমধ্যে সম্পাদিত কার্য, পণ্য ও সেবা ক্রয় সুষ্ঠুভাবে বাস্তবায়িত হয়েছে এবং সম্পাদিত কার্যবলীর মান গ্রহণযোগ্য পর্যায়ে রয়েছে বলে প্রতীয়মান হয়। কার্য, পণ্য ও সেবা ক্রয় কাজ সম্পাদনের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ তাদের নিজ নিজ দায়িত্ব পালনের ফলে তেমন উল্লেখযোগ্য কোন সমস্যার উদ্ভব হয়নি। প্রকল্পের কার্য সম্পাদন ও পণ্য সংগ্রহের কাজে নিয়োজিত জনবল যথেষ্ট বলে বিবেচিত হয়েছে।

ষষ্ঠ অধ্যায়

ডিজাইন, স্পেসিফিকেশন,গুণগত মান ও পরিমাণবিষয়ে সরেজমিনে পরিদর্শন, পর্যালোচনা ও পর্যবেক্ষণ

৬.১ প্রকল্পের সাইলো সংশ্লিষ্ট TSS Civil) প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণ

৬.১.১ নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ার কারণ

প্রকল্পের সাইলো সংশ্লিষ্ট Technical Site Specialist (Civil) এর দপ্তর (সাইলো সাইট অফিস) হতে প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায় যে, ৮টি সাইলো নির্মাণ স্থানে সাইট অফিস বিল্ডিং নির্মাণ, ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ ও রিভার ট্রেনিং এর নির্মাণ কাজ কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে সম্পন্ন করা যায় নি। কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত না হওয়ার কারণ সম্পর্কে TSS (Civil) প্রকৌশলীর কাছ থেকে তথ্য পাওয়া যায়। কারণগুলি নিম্নরুপ

১. অতি বৃষ্টি
২. ভূমি উন্নয়নে নির্ধারিত স্থান জলাশয় (ভরাট) এর উপর উচ্চ আদালতের নিষেধাজ্ঞা
৩. পুরাতন খাদ্য গুদাম ভাঙ্গার কাজে সময় ক্ষেপন
৪. ঠিকাদারের অবহেলা
৫. নির্মাণ সাইট প্রাপ্তিতে বিলম্ব
৬. বরিশাল সাইলো সাইটের উন্নয়নের জটিলতার ও ১৩টি খাদ্য গুদাম অপসারণ
৭. নারায়ণগঞ্জ সাইলো সাইটের ভূমির মালিকানা নিয়ে বিরোধে
৮. চট্টগ্রাম সাইলো সাইটের অব্যবহৃত ভবন ও স্ক্র্যাপ মালামাল নিষ্পত্তিকরণের জটিলতা
৯. মহেশ্বরপাশা, খুলনা সাইলো সাইটের জরাজীর্ণ ভবন অপসারণে জটিলতা
১০. ময়মনসিংহ সাইলো সাইটের ১০টি পুরাতন খাদ্য গুদাম অপসারণ জটিলতা

নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্নের বিষয়ে ঠিকাদারের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্ধারিত সময়ের মধ্যে কাজ আরম্ভ করা হলেও অগ্রগতি সন্তোষজনক না হওয়ায় ঠিকাদারকে কর্তৃপক্ষ সময় বৃদ্ধির অনুমতি প্রদান করেন। কিন্তু ঠিকাদার বর্দ্ধিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রকল্প কর্তৃপক্ষ আইন অনুযায়ী ঠিকাদারকে জরিমানা করা হয়।

৬.১.২ নির্মাণ সামগ্রীর ল্যাবরেটরি পরীক্ষার ফলাফল সম্পর্কিত তথ্য

নির্মাণ সামগ্রীর গুণগত মান যথাযথ হলে সামগ্রীক ভাবে নির্মাণ কাজের মানও ভাল হওয়া স্বাভাবিক। নির্মাণ কাজের গুণগত মান যাচাইয়ের লক্ষে ৮টি সাইলো সাইটের অপরাপর (Ancillary work) নির্মাণ কাজে ব্যবহৃত রড, সিমেন্ট, বালু, ইট, কংক্রিট ইত্যাদির মান ল্যাবরেটরি পর্যায়ে পরীক্ষা করা হয়েছে কিনা সে লক্ষ্যে নির্মাণ সামগ্রী টেস্ট সম্পর্কিত বিষয়ে সাইলো সংশ্লিষ্ট TSS (Civil) প্রকৌশলীর নিকট হতে তথ্য সংগ্রহ করা হয় এবং তাদের নিকট থেকে টেস্ট সম্পর্কিত প্রতিবেদন সংগ্রহ করে পরীক্ষা নিরীক্ষা করা হয়। নির্মাণ সামগ্রীর ল্যাবরেরি টেস্ট বিভিন্ন প্রতিষ্ঠান যেমন- BUET, DUET, CUET ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে করা হয়েছে।

৮টি সাইলো সাইটের অফিস বিল্ডিং সীমানা প্রাচীর নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর টেস্ট প্রতিবেদন পরীক্ষা করে দেখা গেছে যে, অধিকাংশ নির্মাণ সামগ্রীর টেস্ট ফলাফল সংশ্লিস্ট নির্মাণ সামগ্রীর জন্য নির্ধারিত ন্যূনতম/স্টান্ডার্ড মান থেকে বিভিন্ন মাত্রায় বেশি। উদাহরনস্বরূপ বলা যায়, মধুপুর সাইলো সাইটে নির্মাণ কাজে ব্যবহৃত কোর্স স্যান্ড এর

ল্যাবরেটরি পরীক্ষা ভ্যালু ছিল 1.43 FM,যা নির্ধারিত মান হতে বেশি। চট্টগ্রাম সাইলো সাইটে নির্মাণ কাজে ব্যবহৃত কংক্রিট ও সিমেন্টের ল্যাবরেটরিতে পরীক্ষার ফলাফল যথাক্রমে 3480 psi এবং 3060 psi, যা স্ট্যান্ডর্ড ভ্যালু হতে বেশি। নারায়ণগঞ্জ সাইলো সাইটে নির্মাণ কাজে ব্যবহৃত এমএস বার এর Tensile strength test of M.S bar এবং ইটের Compressive strength test of brick টেস্টের ফলাফল যথাক্রমে 720 Mpa এবং 3040 psi এ দুইটি ফলাফলও স্যান্ডর্ড ভ্যালু হতে অধিক। সামগ্রীকভাবে দেখা যায় যে, ৮টি সাইলো সাইটের মধ্যে ৮টির Compressive strength of cement, concrete ও Tensile strength test of M.S bar এর Lab test value standard value হতে অধিক। এছাড়া অধিকাংশ সাইলো সাইটে নির্মাণ কাজে ব্যবহৃত ইটের Water absorption test of brick ল্যাবরেটরি টেস্ট প্রাপ্ত ভ্যালু হতে অধিক পাওয়া গিয়েছে (**সারণি ৬.১**)।

সারণি ৬.১: নির্মাণ সামগ্রীর ল্যাবরেটরি পরীফার ফলাফল সম্পর্কিত তথ্য

সাইলোর নাম ও ঠিকানা	Compressive strength of concrete (ন্যূনতম Value ২৫০০ psi)	Compressive strength of cement (ন্যূনতম Value ২৫০০ psi)	FM test of coarse sand (ন্যূনতম FM ২.৫)	Water absorption test of brick (Max Value ২২%)	Compressive strength test of brick ((ন্যূনতম Value ২০০০ psi)	Tensile strength test of M.S bar (ন্যূনতম Value ৬০০mpa)	পরীক্ষা করার প্রতিষ্ঠানের নাম
	প্রাপ্ত ফলাফল	**প্রাপ্ত ফলাফল**	**প্রাপ্ত ফলাফল**	**প্রাপ্ত ফলাফল**	**প্রাপ্ত ফলাফল**	**প্রাপ্ত ফলাফল**	
বরিশাল সাইলো সাইট	৩৭৬০	৩০৯৩	২.৬২		৪১৬০	৬৮৫	KUET
মহেশরপাশা সাইলো সাইট	৩৮৮০	৩৬৫০	২.৭১		৫৯৪০	৬৯৪	KUET
ঢাকা সাইলো সাইট	৩১৩১	৪৯৫০	২.৭২		৬৭১০	৬৭৩	BUET
নারায়নগঞ্জ সাইলো সাইট	৩৭৪০	৫২৬০	২.৭৮	১৫.৫	৩০৪০	৭২০	BUET
মধুপুর সাইট	৪৩১৬		২.৭৬		৪৪৯৫	৬৯০	DUET/BUET
ময়মনসিংহ সাইলো সাইট	৩১৪১	৩১৫৩	২.৬৭			৬৬৩	BAU
আশুগঞ্জ সাইলো সাইট	৩৫৬০	৩১২০	২.৬৮		৪১৬০	৬৭০	BUET
চট্টগ্রাম সাইলো সাইট	৩৪৮০	৩০৬০	২.৬৯	২২	৩০৬০	৬৭৫	CUET

৬.১.৩ নির্মাণ কাজ পরিদর্শন সম্পর্কিত তথ্যাদি

৮টি সাইলো সাইটের সকল Technical Site Specialist (Civil) প্রকৌশলী জানান যে নির্মাণ কার্যক্রমের পরিদর্শন রেজিষ্ট্রার (সাইট অর্ডার বই) নির্মাণ সাইটে সংরক্ষণ করা হয়। তথ্য সংগ্রহকালে পরিদর্শন রেজিষ্ট্রার নির্মাণ সাইটে পাওয়া যায়।



চিত্র: সাইট অর্ডার বই

নমুনায়িত ৮টি সাইলো সাইটের নির্মাণ কাজ পরিদর্শন সম্পর্কিত প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায়, প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পৃক্ত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা নির্মাণ কাজ পরিদর্শন করেছেন। যাদের মধ্যে রয়েছে প্রকল্প পরিচালক, মহা পরিচালক (খাদ্য অধিদপ্তর), উপ-প্রকল্প পরিচালক, প্রকল্প কো-অর্ডিনেটর, Technical Specialist (Civil/(Electrical Mechanical), ও আইএমইডি'র কর্মকর্তা। এ সকল কর্মকর্তা ৮টি সাইলো সাইটে মোট

৪২৪ বার পরিদর্শন করেছেন। তবে অধিকাংশ পরিদর্শন Sr. Technical Specialist (Civil), Technical Site Specialist (Civil), Sr. Technical Specialist (Electrical) ও Sr. Technical Specialist(Mechanical) প্রকৌশলী কর্তৃক করা হয়েছে। ৮টি সাইলো সাইটে Sr. Technical Specialist (Civil), Senior Environmental Specialist, Senior Social Specialist, Sr.Technical Specialist(Electrical), Sr.Technical Specialist(Mechanical) যথাক্রমে ১০, ৫, ৫, ২ ও ৩ বার পরিদর্শন করেছেন। মহা-পরিচালক, প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, প্রকল্প কোঅর্ডিনেটরের গড় পরিদর্শন সংখ্যা যথাক্রমে ৩, ৬, ২, ১৫ বার **(সারণি ৬.২)**

সারণি- ৬.২: নির্মাণ কাজ পরিদর্শন সম্পর্কিত তথ্যাদি

	৮ সংখ্যা
নির্মাণ সাইটে পরিদর্শন রেজি: সংরক্ষণ করা হয় কি-না	
হ্যাঁ	**৮ (১০০%)**
না	**-**
মোট	**১০০%**
কে কতবার পরিদর্শন করেছেন	**গড় পরিদর্শন সংখ্যা**
মহাপরিচালক	**৩ বার**
প্রকল্প পরিচালক	**৬ বার**
উপ-প্রকল্প পরিচালক	**২ বার**
পরিক্ষণ ও মূল্যায়ণ বিভাগ (আএমইডি)	**১ বার**
প্রকল্প কো-অর্ডিনেটর)	**১৫**
Technical site Specialist (Civil)	**প্রত্যেক কার্যদিবস**
Senior Environmental Specialist	**৫ বার**
Senior Social Specialist	**৫ বার**
Technical Site Specialist (Civil)	**১০ বার**
Sr. Technical Specialist (Electrical)	**২ বার**
Sr. Technical Specialist (Mechanical)	**৩ বার**

৬.১.৪ নির্মাণ ও আসবাবপত্রের গুনগত মান সম্পর্কিত

প্রকল্প আওতায় সাইট অফিস বিল্ডিং নির্মাণ, ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ ও আসবাবপত্রের গুণগত মান সম্পর্কে Technical Site Specialist (Civil) কর্তৃক তথ্য বিশ্লেষণে দেখা যায় যে ৮ জন Technical Site Specialist (Civil) এর মধ্যে ২ জন (২৫%) বলেছেন নির্মাণ কাজ গ্রহণযোগ্য পর্যায়ে হয়েছে। নির্মাণ কাজের মান ভাল হয়েছে এমন মন্তব্য করেছেন ৬জন (৭৫%)। ৮টি সাইলো সাইটে অফিসের কাজের জন্য আসবাবপত্র সরবরাহ করা হয়েছে। আসবাবপত্রের মান ভাল হয়েছে বলে মত দিয়েছে ৭৫% প্রকৌশলী। **(সারণি ৬.৩)**

সারণি ৬.৩: নির্মাণ ও আসবাপত্রের গুণগত মান সম্পর্কেTSS (Civil) প্রকৌশলীর মতামত

নির্মাণ কাজের গুণগত মান	সংখ্যা	%
ভাল	৬	৭৫
গ্রহণযোগ্য	২	২৫
মন্দ	০	০
আসবাপত্রের গুণগত মান		
ভাল	৬	৭৫
গ্রহণযোগ্য	২	২৫
মন্দ	০	০

৬.২ সরেজমিনে সাইলো পরিদর্শনের মাধ্যমে সংগৃহীত তথ্য

সাইলো সাইট অফিস বিল্ডিং সমীক্ষা টিম সরেজমিনে পরিদর্শন করেন। নির্মাণ সামগ্রীর ল্যাবরেটরি টেস্ট করা হয়েছে এবং এ সংক্রান্ত প্রাপ্ত ফলাফল বিশ্লেষণে দেখা গিয়েছে, অধিকাংশ নির্মাণ সামগ্রীর ল্যাবরেটরি টেস্টের ফলাফল স্ট্যান্ডর্ড ভ্যালু হতে অধিক, যা নির্মাণ কাজ মান-সম্মত হতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সরেজমিনে পরিদর্শন কালে সামগ্রীকভাবে নির্মাণ কাজের মান মোটামুটি ভালই হয়েছে বলে মনে হয়েছে। নিম্নে **সারণি ৬.৪ এ** পরিদর্শিত সাইলো সাইট ভিত্তিক নির্মাণ সম্পর্কিত বিভিন্ন বিষয়ের ওপর মতামত দেয়া হলো:

সারণি-৬.৪ :প্রকল্পের সাইলো সাইট অফিস ভবন নির্মাণ কাজের মান সম্পর্কে মন্তব্য

সাইলোর নাম	মেঝের অবস্থা	ছাদের অবস্থা	দেয়াল	দরজা ও জানালা	কমোড ও লোডাউন	পানির ট্যাংক
সকল সাইলো সাইট	Floor tiles (৬০০mm x ৬০০mm size mirror polish homogenous tiles) **ফিটিং করা হয়েছে। কাজের গুণগত মান ভাল**	Red colour ceramic Roof tiles round size ২০০mm X ১২৫mm X ৫mm **ফিটিং করা হয়েছে। কাজের গুণগত মান ভাল**	১০ hole machine made Ceramic bricks(৯.৫X৪.৫X২.৭৫)inch Red uniform colour **লাগানো আছে। কাজের গুণগত মান ভাল**	**সেগুন কাঠের দড়জা এবং** Aluminum **জানালা ফিটিং করা হয়েছে**।জানালায় স্টিল ফ্রেম লাগানো হয়েছে।	BISF Approved porcelain commode **ফিটিং করা হয়েছে। সিডিউলের সাথে সংগতিপূর্ণ।**	১৫০০ liters food grade plastic over head tank **বসানো হয়েছে**

সয়েল টেস্টের প্রতিবেদন অনুযায়ী ৮টি সাইালো সাইটের অফিস ভবনের নির্মাণ নকশা প্রণীত হয়েছে কিনা এবং অনুমোদিত নকশা (Structural Design) অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন করা হচ্ছে কিনা, এ বিষয়ে ৮টি সাইলো সাইটের নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট শতভাগ Technical Site Specialist (Civil) প্রকৌশলী হ্যাঁ সূচক উত্তর দিয়েছেন (**সারণি ৬.৫**)।

সারণি-৬.৫: সয়েল টেস্ট প্রতিবেদন অনুযায়ী নির্মাণ নকশা হয়েছে কিনা এবং অনুমোদিত নির্মাণ নকশা অনুযায়ী নির্মাণ কাজ হচ্ছে কিনা, এবিষয়েTSS (Civil) প্রকৌশলীর মতামত

সয়েল টেস্ট নকশানুযায়ী নির্মাণ নকশা হয়েছে কিনা	সংখ্যা	%
হ্যাঁ	৮	১০০
না	-	-
নির্মাণ নকশানুযায়ী কাজ হয়েছে কিনা		
হ্যাঁ	৮	১০০
না	-	-

৬.৩ প্রকল্পের সাইলো সাইট অফিস ভবন নির্মাণ কাজের মান সম্পর্কে মন্তব্য

৮টি সাইলো সাইট অফিস ভবন পরিদর্শন ও তথ্য সংগ্রহ কালে নির্মাণাধীন/নির্মিত সাইলো অফিস ভবনের একতলা, দ্বিতলা ও ত্রিতলার অফিস রুম, গ্রেড়েজ, সিঁড়ি, দরজা, জানালা, বাথরুম বং রুফ-টপ (roof-top) অনুমোদিত নকশা অনুযায়ী নির্মিত হয়েছে কিনা তা যাচাই করার জন্য সরজমিনে পরিমাপ করা হয়। এখানে উল্লেখ্য যে, ৮টি সাইলো সাইট অফিস ভবন একই আয়তন ও একই স্থাপত্য নকশা বিশিষ্ট। অনুমোদিত নকশা অনুযায়ী অফিস ভবনের অফিস রুমের আয়তন ১২-০ X ১০-০ ফুট ও ১৭-৫ X ১০-০ ফুট, সিঁড়ির আয়তন ৭-৬ X ১১-৬ ফুট, প্রাপ্ত তথ্য অনুমোদিত নকশার সাথে তুলনা করে দেখা গেছে ৮টি সাইলো সাইটে অফিস ভবনের পরিমাপকৃত অংশ অর্থাৎ অফিস রুম, সিঁড়ি, দরজা, জানালা, বাথরুম, রুফ-টপ (roof-top) ইত্যাদি অনুমোদিত নকশা অনুযায়ী নির্মাণ করা হয়েছে। ৮টি সাইলো অফিস

ভবনের মধ্যে ১টি বরিশাল অফিস ভবনের নির্মাণ কাজ এখনো সম্পন্ন হয়নি। এ কারণে উক্ত ভবনের অফিস রুম, সিঁড়ি, গ্রেড়েজ, দরজা, জানালা পরিমাপ করা যায়নি।

সারণি-৬.৬:সাইট অফিস ভবন নির্মাণ কাজের বিভিন্ন অংশ সরেজমিনে পরিমাপে প্রাপ্ত তথ্য

সাইলোর নাম		পরিমাপকৃত অংশ	নকশাঅনুযায়ী মোটআয়তন (ফুট)	নকশা অনুযায়ী নির্মাণ করা হয়েছে
ময়মনসিংহ, মহেশরপাশা,মধুপুর,আশুগঞ্জ,চট্টগ্রাম (২ তলা) ও নারায়নগঞ্জ , ঢাকা, বরিশাল (৩ তলা) সাইলো **সাইট** অফিস ভবন নির্মাণ	**Ground Floor**	রুম	Office -12′-0″x10 ′-0″& 17 ′-5″x10 ′-0″ Grage-20 ′-5″x12 ′-0″	হ্যাঁ
		সিড়ি	7 ′-6″x11 ′-6″ Lobby-7 ′-6″x8 ′-11″	হ্যাঁ
		দরজা	(1) 3 ′-4″x7 ′-0″- 2nos (2) 2 ′-6″x7 ′-0″-2 nos	হ্যাঁ
		জানালা	(1) 5 ′-0″x4 ′-6″-4 nos (2) 7 ′-1″x4 ′-6″- 3nos (3) 2 ′-1″x2 ′-1″ -2 nos (4) 7 ′-4″x4 ′ -6″ -1 no.	হ্যাঁ
		বাথরুম	(1) 5 ′-0″x10 ′-0″-1no (2) 5 ′-0″x7 ′-0″- 1no	হ্যাঁ
	First Floor	রুম	Office -12 ′-0″x10 ′-0″& 17 ′-5″x10 ′-0″ Office-12 ′-0″x20 ′-5″ (Lobby) 5 ′-5″x10 ′-0″	হ্যাঁ
		সিড়ি	7 ′-6″x11 ′-6″ Lobby-7 ′-6″x8 ′-11″	হ্যাঁ
		দরজা	(1) 3 ′-4″x7 ′-0″- 3nos (2) 2 ′-6″x7 ′-0″ -2 nos	হ্যাঁ
		জানালা	(1) 5 ′-0″x4 ′-6″-4 nos (2) 7 ′-1″x4 ′-6″- 3nos (3) 9 ′-9″x4 ′-6″ -1no. (4) 2 ′-1″x2 ′-1″ -2 nos (5) 7 ′-4″x4 ′ -6″ -2 no.	হ্যাঁ
		বাথরুম	(1) 5 ′-0″x8 ′-0″ 1no. (2) 5 ′-0″x10 ′-3″ -1no	হ্যাঁ
	2nd Floor	রুম	Office -12 ′-0″x10 ′-0″ & 17 ′-5″x10 ′-0" Officers Dormitory-12 ′-0″ x 20 ′-5″, (Lobby) 5 ′-5″x10 ′-0″	হ্যাঁ
		সিড়ি	7 ′-6″x11 ′-6″ Lobby-7 ′-6″x8 ′-11″	হ্যাঁ
		দরজা	(1) 3 ′-4″x7 ′-0″- 3nos (2) 2 ′-6″x7 ′-0″ -2 nos	হ্যাঁ
		জানালা	(1) 5 ′-0″x4 ′-6″-4 nos (2) 7 ′-1″x4 ′ -6″- 3nos (3) 9 ′-9″x4 ′-6″ -1no. (4) 2 ′-1″x2 ′-1″ -2 nos (5) 7 ′-4″x4 ′ -6″ -1 no.	হ্যাঁ
		বাথরুম	(1) 5 ′-0″x8 ′-0″ 1no. (2) 5 ′-0″x10 ′-3″ -1no	হ্যাঁ

সপ্তম অধ্যায়

অর্থায়ন ও বাস্তবায়নে বিলম্ব, ব্যবস্থাপনা এবং মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা

এ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা, যেমন-প্রকল্প পরিচালক নিয়োগে বিলম্ব, আইপিপি নিয়োগে বিলম্ব, স্টিল সাইলো নির্মাণের ডিজাইন প্রতিষ্ঠান নির্বাচনে বিলম্ব, ডিজাইন প্রতিষ্ঠান কর্তৃক ডিজাইন প্রাক্কলন ও দরপত্র প্রণয়ন কাজে বিলম্ব। বিভিন্ন পর্যায়ে WB এর NOL প্রদানে জটিলতা, অর্থায়নে বিলম্ব, বাস্তবায়ন অর্থাৎ পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনার অদক্ষতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি করে নতুন ধরণের প্রকল্প কার্য সম্পাদনে উপযুক্ত কারিগরি জ্ঞান সম্পন্ন জনবলের অভাব ইত্যাদি কারণ সহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ:

৭.১ প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে বিলম্ব

প্রকল্পের শুরু থেকেই বিভিন্ন কারণে বাস্তবায়ন কাজ বিলম্বিত হয়েছে। আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম বিলম্ব হওয়ার কারণসমূহ নিম্নে উল্লেখ করা হল:

১. প্রকল্প পরিচালক নিয়োগ:

আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের ডিপিপি একনেক কর্তৃক ১১ মার্চ, ২০১৪ তারিখে অনুমোদিত হয়। ডিপিপি অনুমোদনের প্রায় ৫ মাস পর ৬ আগষ্ট, ২০১৪ তে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়।

২. IPP (International Procurement Panel) নিয়োগ

বিশ্ব ব্যাংক ও বাংলাদেশ সরকারের ঋণ চুক্তি অনুযায়ী প্রকল্পের বৃহত্তম ক্রয়সমূহের দরপত্র প্রস্তাব মূল্যায়নের জন্য ৩ সদস্য বিশিষ্ট International Procurement Panel (১জন বিদেশী পরামর্শক, প্রকিউরমেন্ট স্পেশালিষ্ট-চেয়ারম্যান, ১জন বিদেশী পরামর্শক টেকনিক্যাল স্পেশালিষ্ট-সদস্য, ১জন স্থানীয় পরামর্শক প্রকিউরমেন্ট স্পেশালিষ্ট-সদস্য) সমন্বয়ে মূল্যায়নের বাধ্য বাধকতা থাকায় উক্ত পূর্ণাঙ্গ প্যানেল নিয়োগ করতে প্রায় এক বছর সময় অতিবাহিত হয়। এরপরও পরামর্শকগণ ভিন্ন ভিন্ন দেশে অবস্থান করায় অনেক সময় সকলের সিডিউল সময় সমন্বয় করে কাজ করতে বিলম্ব ঘটে। ফলে প্যাকেজের কাজ মূল্যায়নে বিলম্বিত হয়।

৩. Silo Design & Supervision পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে বিলম্ব

প্রকল্পের মূল কম্পোনেন্ট ৮টি সাইলো নির্মাণ নকশা প্রণয়ন ও নির্মাণ কাজ তত্ত্বাবধান করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের সময় প্রাক নির্বাচিত প্রতিষ্ঠানগুলোর মধ্যে ১টি প্রতিষ্ঠান চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিশ্বব্যাংকে অভিযোগ দায়ের করে। উক্ত অভিযোগ নিরসন করতে বিশ্ব ব্যাংকের প্রায় ছয় মাস সময় লাগে। ফলে পরামর্শক প্রতিষ্ঠানের কাজ শুরু করতে বিলম্ব ঘটে। ফলশ্রুতিতে (Tender document, BoQ, Specifications, Drawing-Design etc.) প্রণয়ন করে দরপত্র আহবান করতে দেরী হয়।

৪. ঠিকাদার প্রাক নির্বাচনে (Pre-qualification) বিলম্ব

প্রাক নির্বাচনের জন্য প্রস্তাব আহবান করা হলে ২৩টি প্রতিষ্ঠান/গ্রুপ অব প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। প্রাপ্ত প্রস্তাবগুলোর মূল্যায়ন প্রতিবেদন বিশ্ব ব্যাংকে রিভিউ-এর জন্য প্রেরণ করা হলে ধারাবাহিক ভাবে তাদের বিভিন্ন সময়ে বিভিন্ন জিজ্ঞাসার উত্তর প্রদানের মাধ্যমে চূড়ান্ত তালিকা নির্বাচন করতে প্রায় দশ মাস সময় প্রয়োজন হয়।

৫. হলি আর্টিজান দুর্ঘটনা

২০১৬ খ্রি: সালের জুলাই মাসের হলি আর্টিজানে মর্মান্তিক সন্ত্রাসী হামলার পর Silo Design & Supervision পরামর্শক প্রতিষ্ঠান Gerico, France সাময়িকভাবে ঢাকা আসতে অনীহার কারণেও কাজে দেরী হয়েছে।

৬. বিশ্ব ব্যাংকের Social and Environmental safe guard এর শর্তাদি পরিপালন

বিশ্ব ব্যাংকের পরিবেশ ও সামাজিক সুরক্ষার শর্তসমূহ পরিপালন তুলনামূলকভাবে জটিল হওয়ার কারণে কাজের বিলম্ব ঘটেছে। যেমন চট্টগ্রাম ও খুলনা সাইলো সাইটে ৩৯টি পরিবারকে পুনর্বাসন করতে হয়েছে।

৭. বরিশাল সাইলো সাইটের ভূমি উন্নয়নের জটিলতা

Feasibility Study Report এর আলোকে প্রণীত ডিপিপিতে বরিশালে নির্মিতব্য সাইলো সাইটে একটি পুকুর অন্তর্ভুক্ত ছিল। কিন্তু বরিশাল সাইটের জন্য নির্ধারিত জায়গার পুকুর ভরাট করার বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের ২৫/০১/২০১৬ তারিখের স্থগিতাদেশ অনুযায়ী উক্ত পুকুর ভরাট বন্ধ করা হয়। পরবর্তীতে খাদ্য মন্ত্রণালয়ের ২৫/০২/২০১৬ তারিখে ৬৪নং স্মারকে ১৩টি জরাজীর্ণ গুদাম অপসারণ করে পরিবর্তিত স্থানে সাইলো নির্মাণের প্রশাসনিক আদেশ দেয়া হয়। সে মোতাবেক ১৩টি গোডাউন অপসারণের লক্ষ্যে নিলাম দরপত্র মূল্যায়ন প্রতিবেদন চুড়ান্ত অনুমোদনের জন্য খাদ্য মন্ত্রণালয়ে ২৪/০১/২০১৭ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়। ফলে গুদাম অপসারণ প্রক্রিয়া শুরু না হওয়ায় উক্ত সাইটের কাজ বিলম্বিত হচ্ছে।

৮. নারায়ণগঞ্জ সাইলো সাইটের ভূমির মালিকানা নিয়ে বিরোধ

নারায়ণগঞ্জ সাইলো সাইটের ভূমি উন্নয়ন করে সীমানা প্রাচীর নির্মাণের সময় স্থানীয় জনগন বাঁধা প্রদান করে। ফলে মালিকানা নিয়ে বিরোধ থাকায় সীমানা প্রাচীর নির্মাণ স্থগিত থাকে। এর ফলে কিছুটা সময় ব্যয় হয়। বর্তমানে বিষয়টি নিষ্পত্তি হয়েছে।

৯. চট্টগ্রাম সাইলো সাইটের অব্যবহৃত ভবন ও স্ক্র্যাপ মালামাল নিষ্পত্তিকরণ

চট্টগ্রাম সাইলোর পুরাতন জরাজীর্ণ সেমি পাকা ভবন এবং এর অভ্যন্তরে সংরক্ষিত স্ক্র্যাপ মালামাল বিধি মোতাবেক দরপত্র নিলামের মাধ্যমে নিষ্পত্তি করতে কিছুটা সময় ব্যয় হয়। বর্তমানে বিষয়টি নিষ্পত্তি হয়েছে।

১০. মহেশ্বরপাশা, খুলনা সাইলো সাইটের জরাজীর্ণ ভবন অপসারণ

আলোচ্য সাইলো সাইটে একটি জরাজীর্ণ পরিত্যাক্ত ভবন বিধি মোতাবেক দরপত্র নিলামের মাধ্যমে অপসারণ করতে কাঙ্খিত সময়ের অধিক সময় ব্যয় হয়। বর্তমানে বিষয়টি নিষ্পত্তি হয়েছে।

১১. ময়মনসিংহ সাইলো সাইটের পুরাতন খাদ্য গুদাম অপসারণ

আলোচ্য সাইলো সাইটে ১০টি পুরতন খাদ্য গুদাম বিধি মোতাবেক দরপত্র নিলামের মাধ্যমে নিষ্পত্তি করতে অধিক সময় ব্যয় হচ্ছে। বর্তমানে ১০টি পুরাতন খাদ্য গুদাম Dismantle কার্যক্রম চলছে।

১২. বিশ্ব ব্যাংকের অনাপত্তি প্রাপ্তির বিলম্ব

Prior Review প্যাকেজগুলোর দরপত্র দলিল, ব্যক্তি পরামর্শক ও পরামর্শক সংস্থার কার্যপরিধি, প্রস্তাব, মূল্যায়ন প্রতিবেদন ইত্যাদির উপর বিশ্ব ব্যাংকের অনাপত্তি পেতে সাধারণভাবে স্বাভাবিকের তুলনায় অধিক বিলম্ব ঘটে।

উল্লিখিত কারণে অত্র প্রকল্পের কাঙ্খিত অগ্রগতি হয়নি। উল্লেখ্য প্যাকেজ W-3 এর আওতায় আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে সাইলো নির্মাণের জন্য pre-qualified ৬টি প্রতিষ্ঠানকে দরপত্র দাখিলের আহবান জানানো হয়। দরপত্র দাখিলের সর্বশেষ ৩১/০৫/২০১৭ তারিখে ৫টি দরপত্র পাওয়া যায়। দরপত্রগুলো IPP কর্তৃক মূল্যায়ন শেষে মূল্যায়ন প্রতিবেদনের উপর বিশ্ব ব্যাংকের অনাপত্তি পাওয়া যায়। গত ২৭/০১১/২০১৭ তারিখে কৃতকার্য দরদাতার সাথে চুক্তি স্বাক্ষরের অনুমোদন চেয়ে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির বরাবরে উপস্থাপনের জন্য খাদ্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ

করা হয়েছে। মন্ত্রণালয়ের অনুমোদনের প্রাপ্তির পর প্যাকেজ W-3 এর আওতায় আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে সাইলো নির্মাণের কাজ আরম্ভ করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তমা কনস্ট্রাকশন কো: লি: এবং Frame Italy (JV)এর সাথে বিগত ০৪-০৪-২০১৮ তারিখের চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

প্যাকেজ W-1 এর আওতায় চট্টগ্রাম এবং খুলনায় গমের সাইলো নির্মাণের জন্য pre-qualified ৭টি প্রতিষ্ঠানকে দরপত্র দাখিলের আহবান জানানো হয়। দরপত্র দাখিলের নির্ধারিত সর্বশেষ ০৬/১১/২০১৭ তারিখে ৪টি দরপত্র পাওয়া যায়। IPP কর্তৃক প্রাপ্ত দরপত্রগুলো মূল্যায়ন শেষে প্রণীত মূল্যায়ন প্রতিবেদন ১৪/১২/২০১৭ তারিখে বিশ্ব ব্যাংকের অনাপত্তির জন্য প্রেরণ করা হয়েছে। যাহা বিশ্ব ব্যাংকের অনাপত্তি প্রাপ্তির অপেক্ষায় আছে।

প্যাকেজ W-2 এর আওতায় নারায়ণগঞ্জ, বরিশাল এবং ঢাকা চাল সাইলো নির্মাণের সকল প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন হয়েছে এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) খাদ্য মন্ত্রণালয়ের আওতায় অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত আলোকে ডিপিপিতে অতিরিক্ত অর্থের সংস্থান করে দরপত্র আহবানের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। ইতোমধ্যে ডিপিপি'র সংশোধনী প্রস্তাব গত ১৮/০২/২০১৮ তারিখে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

৭.২ W-3 প্যাকেজ এর চুক্তি সম্পাদনে বিভিন্ন পর্যায়ে সময় ক্ষেপন ও কারণ

প্রকল্পটি নিবিড় পরিবীক্ষণকালে সুনির্দিষ্ট প্রকল্প বাস্তবায়নে W-3 প্যাকেজ এর চুক্তি সম্পাদনে বিভিন্ন পর্যায়ে সময় ক্ষেপনের কারণ নিম্নে প্রদান করা হল।

- প্রকল্প দলিল অনুযায়ী প্যাকেজ W-3 প্রকল্পের মূল কাজের অংশ বিশেষ। উক্ত প্যাকেজের আওতায় আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে স্টিল সাইলো নির্মাণ করা হবে।
- উক্ত প্যাকেজ এর দরপত্র দাখিলের শেষ সময় ছিল ৩১-০৫-২০১৭ইং তারিখ। উক্ত প্যাকেজের কাজের জন্য মোট ৫টি প্রতিষ্ঠান প্রাক-যোগ্যতা অর্জন করে।
- উক্ত ৫টি প্রাক-যোগ্যতা সম্পন্ন দরদাতার মূল্যায়ন সম্পন্ন করা হয় ৬-৮-২০১৭ইং তারিখে। উক্ত মূল্যায়ন WB পুনরায় মূল্যায়নের জন্য নির্দেশনা প্রদান করে। পুনরায় মূল্যায়নের কাজ IPP কর্তৃক ২১-১-২০১৭ইং তারিখে সম্পন্ন করা হয়। অর্থাৎ দরপত্র দাখিল থেকে চূড়ান্ত মূল্যায়ন করতে মোট সময় লাগে ১১৩দিন।
- ২য় বার উক্ত প্যাকেজের মূল্যায়নের পর WB No Objection Letter (NOL) প্রদান করে ১২-১১-২০১৭ইং তারিখে এখানে বিশ্ব ব্যাংকের NOL পেতে সময় লাগে ৫২দিন।
- বিশ্ব ব্যাংকের NOL প্রাপ্তির পর চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি Cabinet Committee of Government Procurement (CCGP) বরাবরে প্রেরণ করা হয়। CCGP কর্তৃক ২৮-০২-২০১৮ইং তারিখে ক্রয় সংক্রান্ত মন্ত্রী সভায় চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। অর্থাৎ WB কর্তৃক NOL প্রদানের পর সরকারের CCGP কর্তৃক চূড়ান্ত ক্রয় অনুমোদন প্রদান করতে সময় লাগে ১১১দিন।
- অতপর W-3 প্যাকেজের কাজ সম্পন্ন করার জন্য ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয় ৪-০৪-২০১৮ তারিখে।
- CCGP কর্তৃক অনুমোদনের পর চুক্তি স্বাক্ষর করতে সময় লেগেছে ৩৫দিন।
- উপরের পর্যালোচনা থেকে দেখা যায় যে, W-3 প্যাকেজ দরপত্র আহবান থেকে কর্ম সম্পাদনের চুক্তি স্বাক্ষর পর্যন্ত মোট সময় লেগেছে ৩১১দিন।
- প্যাকেজ চূড়ান্ত করার কাজ বিভিন্ন ধাপে অনুমোদন সাপেক্ষে সম্পন্ন করতে হয়েছে। প্রতিটি ধাপের কাজ আরোও দ্রুত হলে অল্প সময়ে প্যাকেজটির (W-3) চুক্তি সম্পন্ন করে কাজ আরম্ভ করা যেত। ভবিষ্যতে এ বিষয়ে নজর দিতে হবে।

৭.৩ প্রকল্প ডিজাইন

“আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ ” শীর্ষক প্রকল্পটি প্রণয়নের পূর্বে KEY International Joint Venture with Sthopati sangshad Ltd . কর্তৃক সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) করা হয়। উক্ত সম্ভাব্যতা যাচাই (Feasibility Study Report)-এ প্রতিবেদনের ভিত্তিতে প্রকল্পটি র DPP প্রণয়ন করা হয়।

আরডিপিপিতে সাইলো নির্মাণ খাতে মোট ১৪২৭ কোটি বরাদ্দ আছে। অপরদিকে সম্ভাব্যতা যাচাই প্রতিষ্ঠান KEY International Joint Venture with Sthopati sangshad Ltd. কর্তৃক সাইলোর নির্মাণ খাতে প্রাক্কলন করেছিল ১৬৮০ কোটি টাকা। এখানে প্রতীয়মান হয় যে, ডিপিপি অনুমোদন পর্যায়ে সাইলো নির্মাণ খাতে ব্যয় বরাদ্দ হ্রাস করা হয়েছে।

এছাড়াও ০৩/১২/২০১৩ সালে World Bank-IDA কর্তৃক Project Appraisal Document প্রণয়ন করা হয়। PAD ডকুমেন্টে সাইলো নির্মাণে ১৩৬০ কোটি টাকা প্রাক্কলন করা হয়।

সম্ভাব্যতা যাচাইকালে কেবলমাত্র প্রকল্পের মূল কাজ সাইলো নির্মাণের প্রাক্কলন করা হয়েছিল। কিন্তু প্রকল্পের অন্যান্য অংগ যেমন ICT, দক্ষতা বৃদ্ধি, প্রকল্প ব্যবস্থপনা খাতে প্রাক্কলন করা হয়নি।

৭.৪ প্রকল্পের প্রথম সংশোধনী

প্রকল্পের মূল প্রাক্কলন গণপূর্ত বিভাগের ২০১১ সালের রেট সিডিউল অনুযায়ী করা হয়েছিল। সুষ্ঠভাবে কাজ সম্পাদনের জন্য বর্তমান চালু কাজ সমূহ গণপূর্ত বিভাগের ২০১৪ সালের রেট সিডিউল অনুযায়ী সংশোধন করার জন্য প্রকল্প পরিচালক দপ্তর থেকে প্রস্তাব করা হয়েছে। আন্ত:খাত সমন্বয় করে মূল ডিপিপির ব্যয় বৃদ্দি ব্যতিরেকে মোট ১৯১৯৯৬.৭৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি খাদ্য মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রী পর্যায়ে ২৬/০৫/২০১৬ তারিখে ১ম সংশোধন করা হয়।

৭.৫ বর্তমানে প্রকল্পের ব্যয় বৃদ্বির কারণ

Tabl-7.1: Increase of Project Cost by Components (US $ Million)

Project Component	IDA Financing as per FA	Required Financing	Additional requirement (IDA 18 SUF)	% of variation
A. Construction of Modern Grain Storage Silo Facilities				
A1 Construction of Public Silos	145.00	342.91	197.91	136.49%
A2 Provision of Household Silos	10.00	12.75	2.75	27.50%
A3 Implementation of Social and Environmental Management Plans	10.00	1.25	(8.75)	-87.50%
B. Support for Food Planning and Monitoring Program				
B1. Support for Food Planning and Policies	10.00	11.25	1.25	12.50%
B2. Support for Food Stock and Market Monitoring System	15.00	76.98	61.98	413.20%
C. Project Management, Construction Supervision, GAAP, TA and Training, Strategic Studies				
C1. Project Management Support GAAP, Panel and Audits	8.00	16.66	8.66	108.25%
C2. Construction Supervision and Contract Management	10.00	16.88	6.88	68.80%
C3. Capacity Building, TA, Training, Strategic studies, Future project preparation	2.00	9.66	7.66	383.00%
Contingency		1.50	1.50	100%
Total IDA Financing	**210.00**	**489.84**	**279.84**	**133.26%**

A1.পাবলিক সাইলো নির্মাণ

২০১১ সালে পরিচালিত Feasibility Study –তে ব্যয় ছিল আটটি স্টীল সাইলো নির্মাণের জন্য ২১৬.৯৭ মিলিয়ন মার্কিন ডলার যা বিশ্ব ব্যাংক কমিয়ে ১৭০ মিলিয়ন ডলার ধার্য্য করে। এই ১৭০ মিলিয়ন ডলার মধ্যে ২৫ মিলিয়ন মার্কিন ডলার ছিল Bangladesh Climate Change Resilience Fund (BCCRF) এর আওতায় মন্জুরী (gants) যা পরবর্তীতে বাদ (lapse) পড়ে যায়। এর ফলে Feasibulity Study তে দেখানো ব্যয় ও ফাইন্যানসিয়াল এগ্রিমেন্ট দেখানো ব্যয়ের মধ্যে পার্থক্য দাঁড়ায় ৭১.৯৭ মিলিয়ন মার্কিন ডলারে (২১৬.৯৭-১৪৫.০০) ।

তিনটি প্যাকেজ (W-1, W-2, W-3) বাস্তবায়নের জন্য আইডিএ ফাইন্যান্সিং এ বরাদ্দকৃত অর্থের পরিমান ১৪৫ মিলিয়ন মার্কিন ডলার। । প্রকল্পের নক্সা ও পর্যবেক্ষণ পরামর্শক প্রতিষ্ঠান Gerico France এর প্রাকল্পন অনুযায়ী এই তিনটি প্যাকেজের প্রকল্প ব্যয় ২৯৭.৭১ মিলিয়ন মার্কিন ডলার। অন্যদিকে এ ই তিনটি প্যাকেজের জন্য আহ্বানকৃত টেন্ডারের বিপরীতে যে সর্বনিম্ন দরপত্র পড়েছে সে হিসেবে এই তিনটি প্যাকেজের ব্যয় ৩৪২.৯১ মিলিয়ন মার্কিন ডলার।

ষ্টিল সাইলো নির্মাণের জন্য চাহিদাকৃত অর্থ বিশ্ব ব্যাংক কর্তৃক ঋণ প্রদান না করা সত্ত্বেও প্রকল্প গ্রহণ করায় ব্যয় বৃদ্ধিজনিত জটিলতা সৃষ্টি হয়েছে।

A-2.Provision of Household Silos

PAD ও contract document অনুযায়ী ৫০০,০০০ হাউজহোল্ড বিতরণের লক্ষ্যমাত্রা ধার্য্য ছিল। পরবর্তীতে বিশ্ব ব্যাংক ও খাদ্য মংত্রণালয় আরো ১০০,০০০ বৃদ্ধি করে। ফলে অতিরিক্ত ২.৭৫ মিলিয়ন মার্কিন ডলার (২৭.৫০%) ব্যয় বৃদ্ধি পায়।

A-3. Implementation of Socialand Environmental Management Plans

যেহেতু আটটি সাইলোই খাদ্য অধিদপ্তরের নিজস্ব ভূমিতে বাস্তবায়ন হবে তাই কোন বড় ধরণের পুনর্বাসন জন্য ব্যয় হবে না। এ ক্ষেত্রে ব্যয় কমে যাবে।

B. Support for Food and Market Planning and Monitoring program

B-1. Support for Food Planning and Policies

আইডিএ ফিন্যান্সের তুলনায় চুক্তিমূল্য ১.৯১% বেশী ছিল।

চুক্তি বাস্তবায়ন সময়ে সার্ভিসের ক্ষেত্রে ট্যাক্সের হার ২% বেড়ে যায়।

বাংলাদেশী টাকার চেয়ে মার্কিন ডলারের মূল্য ৮.৫৯% বেড়ে যায়।

B-2. Support for Food Stock and Market Monitoring Sestem

কোন সম্ভাব্যতা যাচাই সমীক্ষা ছাড়াই ডিপিপি ও PAD এ ক্ষেত্রে অর্থ বরাদ্দ করা হয়েছে যা প্রয়োজনের তুলনায় অস্বাভাবিকভাবে কম। পরবর্তীতে ICT Consulting firm Price house Coopers Ltd . একটি বেইজলাইন সার্ভে করে বিস্তারিত ডিজাইন ও প্রাক্কলন নির্ধারণ করেছে। PAD অনুযায়ী ডিজি ফুড ডিপোজিট /সাইলোর জন্য আটটি কম্পিউটার বরাদ্দ করা হয়েছে। কিন্তু ICT consulting firm সকল ডিজি ও প্রতিটি ডিভিশনে কম্পিউটার বরাদ্দের জন্য বিবেচনায় রেখেছে। অধিকন্তু ডিজি ফুড হেডকোয়া র্টারের জন্য একটি কম্পিউটার ল্যাব রাখার কথা বিবেচনা করেছে। এ ছাড়াও এভিআর , ইউপিএস ধরা হয়েছে যা কমপক্ষে চার ঘণ্টার জন্য বিদ্যুৎ সরবরাহের নিশ্চয়তা দিবে।

C-2. Construction Supervision and Contact Management

ক) আইডিএ অর্থের চেয়ে প্রাইয়র রিভিউড চুক্তিমূল্য ২৩.৭% বেশী ছিল।

খ) চুক্তি বাস্তবায়ন সময়ে সার্ভিসের উপর ট্যাক্স ২% বৃদ্ধি পায়।

গ) বাংলাদেশী টাকার চেয়ে মার্কিন ডলারের মূল্য ৮.৫৯% বেড়ে যায়।

ঘ) পরিদর্শন (সুপারভিশন) সময় ভিত্তিক। আটটি সাইলো বাস্তবায়নের তিনটি চুক্তি একই সময় বাস্তবায়ন হওয়ার পরিকল্পনা ছিল। কিন্তু অর্থের সীমা বদ্ধতার কারণে শুধুমাত্র একটি চুক্তি বাস্তবায়নের জন্য কার্যাদেশ দেয়া সম্ভব হয়েছে।

অন্য দুটির কার্যা দেশ দেয়া হবে অর্থ সংস্থানের সাপেক্ষে। এর ফলে এই দুটি কাজের জন্য পরিদর্শন সময় বৃদ্ধি পাবে যার ফলশ্রুতিতে পরিদর্শন ব্যয়ও বৃদ্ধি পাবে।

C-3. Capacity Building, TA, Training, Strategic studies, future project preparation

ছয়টি আঞ্চলিক খাদ্য অফিসে ছয়টি Food Testing Laboratory স্থাপন করার জন্য প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল ২ মিলিয়ন মার্কিন ডলার। এই প্রাকল্পিত ব্যয় ছিল থোক বরাদ্দ কারণ এর জন্য কোন সমীক্ষা করা হয়নি। পরবর্তীতে সমীক্ষার মাধ্যমে এ ব্যয় নির্দ্ধারণ করা হয় ৯.৬৬ মিলিয়ন মার্কিন ডলার। অর্থাৎ এ খাতে অতিরিক্ত ৭.৬৬ মিলিয়ন মার্কিন ডলার প্রয়োজন।

প্রকল্পের ব্যয় বৃদ্ধির সাথে প্রকল্পের মেয়াদও বৃদ্ধি প্রয়োজন হবে। বর্তমান কাজের অগ্রগতি বিবেচনায় প্রকল্পের মেয়াদ আরও অন্তত ২ বছর বৃদ্ধি পাবে। অর্থাৎ ২০২২ সালের পূর্বে প্রকল্পের সম্পূর্ণ কাজ সমাপ্তির কোন সম্ভাবনা নেই।

৭.৬ প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা

আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ শীর্ষক প্রকল্পটি খাদ্য মন্ত্রণালয় তথ্য দেশের জন্য অতীব জনগুরুত্বপূর্ণ একটি প্রকল্প। এই প্রকল্পটি সুষ্ঠভাবে বাস্তবায়ন সম্পন্ন হলে এবং পরবর্তীতে তা দক্ষতার সাথে পরিচালিত হলে দেশে ভবিষ্যতে যে কোন প্রাকৃতিক দূর্যোগে খাদ্য সংকট মোকাবেলা করা যাবে।

অত্র প্রকল্পটি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প আরডিপিপি অনুযায়ী জনবল

পদবী	জনবল (সংখ্যা)
প্রকল্প পরিচালক	১
উপ-প্রকল্প পরিচালক	১
প্রজেক্ট কো-অর্ডিনেটর	৮
কম্পিউটার অপারেটর	১০
ড্রাইভার	২
এমএলএসএস	১০
সুইপার	৯
মোট	৬১

মোট ৬১ জনের সংস্থা রয়েছে। অপরদিকে, প্রকল্পের আরডিপিপি অনুযায়ী মোট ৩৩ জন পরামর্শকের সংস্থান রয়েছে ।

উক্ত জনবল এর মধ্যে প্রজেক্ট কো-অর্ডিনেটরের ৮টি পদের মধ্যে পদ ৫টি শূন্য রয়েছে। অর্থাৎ ৩ (তিন) জন প্রজেক্ট কো-অর্ডিনেটর দিয়ে ৮ জনের কাজ সম্পন্ন করা হচ্ছে। ফলে কর্মরত ৩ (তিন) জন প্রজেক্ট কো-অর্ডিনেটর যথাযত ভাবে তাদের কাজ করতে পারছেন না, কম্পিউটার অপারেটরের ১০ জনের মধ্যে বর্তমানে কর্মরত আছে ৯ (নয়) জন। অর্থাৎ ১ (এক)টি কম্পিউটার অপারেটরের পদ খালি রয়েছে।

যা দ্রুত: সম্ভব পূরণ করা জরুরী।

পরামর্শক:

প্রকল্পে সংস্থান অনুযায়ী ১ (এক) জন Senior Financial Management Specialist পদ খালি রয়েছে। ১ (এক) জন ক্রয় বিশ্লেষক এর পদ, ১ (এক) জন Technical Site Specialist (civil) এর পদ খালি রয়েছে। এই পদগুলি শূন্য থাকায় বিভিন্ন মাঠে নির্মাণ কাজ এর গুণগত মান ও সময় নিশ্চিত করতে সমস্যা হচ্ছে। দ্রুত তম সময়ের মধ্যে উক্ত পদগুলি পূরণ করা জরুরী।

অদুপরি প্রকল্পের সংস্থান অনুযায়ী ৫ (পাঁচ) জন Short Term Consultant (STC) নিয়োগ দেয়ার কথা যা অত্র মূল্যায়ন কাজ চলাকালিন ও নিয়োগ দেয়া হয় নি।

এই শূন্য পদগুলি পূরণ করা হলে প্রকল্পের কাজে আরোও অগ্রগতি লাভ করবে এবং কাজের গুণগত মান ও বজায় রাখা সম্ভব হবে।

প্রকল্পে বর্তমানে কর্মরত সকল কর্মকর্তা, কর্মচারী ও পরামর্শকবৃন্দ পারস্পরিক সমন্বয় ও সহোযোগিতার মাধ্যমে প্রকল্পের কাজ করে যাচ্ছেন।

আইএমইডি'র নির্ধারিত প্রকল্প পরিবীক্ষণ ছকে (Project Monitoring Form) অর্থাৎ IMED 01/2003, (প্রকল্প সংশোধন না হলে একবার; সংশোধন হলে সংশ্লিষ্ট ছক পূরণপূর্বক প্রতিবেদন), 02/2003 (বাৎসরিক লক্ষ্যমাত্রার ভিত্তিতে এডিপি'র বরাদ্দের বিপরীতে প্রতি বছর একবার), 03/2003 (Quarterly Progress Report এবং IMED 05/2003 (Monthly Progress Report) ছকে তথ্যাদি পূরণপূর্বক প্রযোজ্য সময়ে আইএমইডি দপ্তরে প্রেরণ করার কথা।

নিবিড় পরিবীক্ষণ কালে উক্ত প্রতিবেদন সমূহ প্রকল্প পরিচালকের দপ্তর থেকে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ পূর্বক খাদ্য অধিদপ্তরে কপি দেয়ার প্রমান পাওয়া গেছে। আইএমইডি'তে উক্ত প্রতিবেদন সমূহ খাদ্য মন্ত্রণালয়/প্রকল্প দপ্তর থেকে প্রেরণ করা হয়নি।

৭.৭ প্রকল্পের Log Frame-এর সঠিকতা বিশ্লেষণ

ডিপিপিতে ৪x৪ ম্যাট্রিক্স-এর একটি Log-Frame দেয়া আছে। উক্ত Log Frame-এ Narrative Summary (NA), Objectively Verifiable Indicators (OVI), Means of Verificatin (MOV) Important Assumption (IA) কলাম রাখা হয়েছে। Narrative summary column –এ Input, output, Project purpose ও Program goal বর্ণনা করা হয়েছে। Log Frame প্রস্তুত করতে If and then logic অনুসরণ করা হয়েছে। নিম্মের চিত্র এ logic বর্ণনা করা হলো।

উক্ত Log Frame টি কম্পোনেন্ট অনুযায়ী করা হয়েছে। তবে সাধারণত Log frame গোটা প্রকল্পের জন্যই করাটাই রীতি। প্রকল্পের একটিই program goal থাকে। কিন্তু এখানে কম্পোনেন্ট অনুযায়ী program goal নির্ধারণ করা হয়েছে।

Component-A-এ Input কলামে প্রযোজনীয় ইন্পুট সম্পর্কে বর্ণনা করা হয়েছে তবে আরো বিশদভাবে উল্লেখ করার প্রযোজন ছিল। Objectively Verifiable Indicators ও বর্ণনা করা হয়েছে।

Narrative Summary তে ইন্পুট সম্পর্কে বিশদভাবে বলা হয়নি যদিও আউটপুট কলামে বি শদভাবে আউটপুট সম্পর্কে বলা হয়েছে। Objectively Verifiable column output সম্পর্কে সুনির্দিষ্টভাবে সময় উল্লেখ করা হয়েছে। Narrative Summary কলামে প্রকল্পের Project purpose পরিমানসহ উল্লেখ করা হয়েছে। OVI কলামে নির্দিষ্ট তারিখসহ indicator উল্লেখ করা হয়েছে। Means of Verification সম্পর্কে যথাযথ উল্লেখ করা হয়েছে। তবে, Means of verification হিসেবে ICR ও PCR অন্তর্ভূক্ত করা যেতে পারে।

Program goal : চারটি কলামই পূরণ করা হয়েছে। তবে Means of verification হিসেবে impact survey, মাসিক মজুদ ও বিতরণ প্রতিবেদন ও দূর্যোগ-উত্তর সমীক্ষা প্রতিবেদন অন্তর্ভূক্ত করা দরকার।

Project Purpose: তবে Log Frame টি হাল-নাগাদের প্রয়োজন কারণ প্রকল্পটি নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন হয়নি। নতুন সময় সীমার আলোকে এর indicator স্থাপন করা প্রয়োজন।

ডিপিপিতে প্রদত্ত Logframe টি উন্নত করার সুযোগ সমীক্ষা টিমের Consultant-দের পক্ষে সম্ভব ছিল না কারণ প্রকল্প সংশ্লিষ্ট সকলের অংশ গ্রহনের মাধ্যমে একটি প্রকল্পের Logframe তৈরি করার নিয়ম।

যেহেতু প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়েছে এবং সময় সীমা বর্দ্ধিত করা হবে সে আলোকে নতুন করে Logframe তৈরি করার জন্য সুপারিশ করা হলো।

৭.৮ প্রকল্পের সম্ভাব্য Exit Plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত

প্রকল্প আরডিপিপি অনুযায়ী প্রকল্প সমাপ্তির পর দেশে অতিরিক্ত আরোও ৫,৪৩,২২৩ মে.টন. খাদ্য শস্য মজুদ করা যাবে। দেশে বর্তমানে বিভিন্ন খাদ্য গুদামে ১৮ লক্ষ মে.টন. খাদ্য শস্য মজুদ ও সংরক্ষণ করা যায়। খাদ্য মন্ত্রণালয়ের খাদ্য অধিদপ্তরের বর্তমান জনবল দিয়ে বর্তমান মজুদ খাদ্য শস্য সংগ্রহ, সংরক্ষণ, সরবরাহ ও পরিবহন করা হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়ন সম্পন্ন হলে অতিরিক্ত ৫,৪৩,২২৩ মে.টন. খাদ্য শস্য সংগ্রহ, সংরক্ষন, সরবরাহ ও পরিবহন খাদ্য অধিদপ্তরের বর্তমান জনবল দিয়ে কোন ভাবেই সুষ্ঠ ভাবে সম্পন্ন করা সম্ভব হবে না।

এছাড়া প্রকল্পের মাধ্যমে স্টিল সাইলো নির্মাণ করা হচ্ছে যা সম্পূর্ণ আধুনিক প্রযুক্তিগত কারিগরি পদ্ধতিতে পরিচালিত হবে। এখানে সম্পূর্ণ ব্যবস্থা একটি নেটওয়ার্কের আওতায় মনিটরিং ও তত্ত্বাবধান করা হবে। যা ইতিপূর্বে খাদ্য বিভাগ সনাতন পদ্ধতিতে করে থাকে।

প্রকল্পের বাস্তবায়িত অবকাঠামোর সুষ্ঠ ব্যবহার, ব্যবস্থাপনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ ও কম্পিউটারাইজড পদ্ধতি পরিচালনার জন্য যথাযথ জনবল খাদ্য অধিদপ্তরে নাই।

যে কারণে প্রকল্পটি বাস্তবায়ন শেষে তা ব্যবস্থাপনা, পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ করার জন্য সম্পূর্ণ আলাদা জনবল নিয়োগ দেয়া জরুরী।

বর্তমানে প্রকল্পটি বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ও জনবল কেবলমাত্র প্রকল্প বাস্তবায়ন করার দায়িত্ব পালন করছে। প্রকল্পের সকল অঙ্গ নির্মাণ শেষে সাইলো সুষ্ঠ ভাবে তত্ত্বাবধান, পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য এক দল দক্ষ ও অভিজ্ঞ জনবল প্রয়োজন। প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি এখনই উক্ত জনবলের কাঠামো ঠিক করে তাদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা জরুরী। যাতে প্রকল্প বা স্তবায়নকারী কর্তৃপক্ষ উক্ত প্রশি ক্ষিত জনবল কাঠামোর নিকট প্রকল্পটি চালু করে হস্তান্তর করতে পারে।

৮টি সাইলো পরিচালনায় ও ব্যবস্থাপনার জন্য সর্বমোট ৭১৮ জন জনবলের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। যা সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিবেচনাধীন রয়েছে।

উক্ত জনবল নিয়োগের জন্য খাদ্য অধিদপ্তরে জনবলের কাঠামো পূণবিণ্যাস সহ পদ সৃজনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ এখনই গ্রহণ করা প্রয়োজন। সাইলো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োগকৃত জনবল যথাযথ প্রশিক্ষণ দিয়ে ম্যাকানিক্যাল, ইলেট্রিক্যাল, সিভিল ও আইটি কার্যক্রমে উপর দক্ষতা বৃদ্ধি করতে হবে।

৭.৯ CPM/PERT পদ্ধতি অনুসরণের বাস্তবতা যাচাই

আলোচ্য প্রকল্পের মূল্য কার্যক্রম তথা স্টিল সাইলো নির্মাণ এবং নেটওয়াকিং কার্যক্রম বাংলাদেশে এটাই প্রথম। পূর্ব অভিজ্ঞতা না থাকায় প্রকল্পের বিভিন্ন পর্যায়ে সময়ক্ষেপন, অর্থ সমন্বয় ও সময় সমন্বয়ের প্রয়োজন হয়।

প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার নিমিত্তে প্রকল্প দপ্তর কর্তৃক কোনWork Plan/CPM প্রণয়ন করেননি।

এ ধরনের কাজ যথা সময়ে সম্পন্ন ও যথাযত মনিটরিং এর জন্য CPM/PERT পদ্ধতি অনুসরণ করা খুবই জরুরী। কারণ কখন কোন কাজ আরম্ভ ও সমাপ্ত হবে এবং কোন কাজ বিলম্ব ঘটলে অপর কাজের বিলম্ব ঘটবে তা পূর্বেই

CPM/PERT পদ্ধতি অনসরণ করে নির্ণয় করা যায়। সময় সময় উক্ত পদ্ধতি পর্যালোচনা করে CPM/PERT পদ্ধতি পুন:নির্ধারন করে ঘাটতি সময় পূরণ করা সম্ভব হয়।

এই প্রকল্পে CPM/PERT পদ্ধতি অনুসরণ করা হয় নি।

বিলম্ব হলেও PMU এর অতিসত্বর CPM/PERT পদ্ধতি অনুসরণ করা প্রয়োজন। একই সাথে Cut Slope পদ্ধতিতে নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার পদক্ষেপ নিতে হবে।

প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পর্যলোচনা করে দেখা যায় বিভিন্ন কর্ম সম্পাদন কল্পে নিয়োগকৃত ঠিকাদার/সরবরাহ করা/সেবা প্রদানকারীগণ তাদের কাজের একটি Work Plan দাখিল করেছে। কিন্তু বেশির ভাগে ক্ষেত্রে দেখা গেছে ঠিকাদারগণ তাদের Work Plan অনুযায়ী কার্য, পন্য বা সেবা সরবরাহ করতে ব্যার্থ হয়েছেন।

এক্ষেত্রে কাজ তদারককারী কর্তৃপক্ষকে ঠিকাদারদের প্রতি নমনীয় মনোভাব না দেখিয়ে দ্রুত কাজ সম্পাদনের জন্য সকল পদক্ষেপ নিতে হবে।

বিগত ০৪-০৪-২০১৮ তারিখে W-3 প্যাকেজের আওতায় ময়মনসিংহ, মধুপুর, আশুগঞ্জ ৩(তিনটি) স্টিল সাইলো নির্মাণ কাজের চুক্তি সম্পদান করা হয়েছে।

উক্ত কাজের ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে Work Plan গ্রহণ করে কঠোর ভাবে তা অনুসরণের সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে।

এক্ষেত্রে সামান্য শৈথল্য প্রদর্শন করা হলে কাজ আরোও বিলম্ব ঘটবে। চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে W-3 প্যাকেজের কাজ সম্পন্ন করার বিষয়ে ঠিকাদার প্রতিষ্ঠানকে সময় সময় তাগদা পত্র প্রদানসহ প্রয়োজনীয় সকল পদক্ষেপ নিতে হবে।

অষ্টম অধ্যায়

নিবিড় পরিবীক্ষণের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদিবিশ্লেষণ

৮.১ সুফলভোগীগণের নিকট হতে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ

৮.১.১ বয়স ভিত্তিক উপকারভোগীর শ্রেণী বিন্যাস

পরীবিক্ষণেরর জন্য দৈবচয়নের মাধ্যমে ৭৭৪ টি উপকারভোগী খানা নির্বাচিত করা হয়। মোট ৭৭৪ জন উপকারভোগীর মধ্যে ৬৬৯ জন (৯০.৩%) পুরুষ ও ৭৫ জন (৯.৭%) নারী।

নির্বাচিত উপকারভোগীদের বয়সভিত্তিক শ্রেনি বিভাজনে দেখা যায় যে প্রায় ৫৫% উপকারভোগী ৪০-৫৯ বছর বয়স-শ্রেণির অন্তর্ভূক্ত। চল্লিশের কম বয়সের উপকারভোগীর সংখ্যা প্রায় ২৫% অন্যদিকে ৫৯ বছরের উর্দ্ধের উপকারভোগীর সংখ্যা ২০%।

লিঙ্গভিত্তিক বিভাজনে দেখা যায় পুরুষ উপকারভোগীর প্রায় ৫৫ শতাংশ ৪০-৫৯ বছর বয়স-শ্রেণভূক্ত আর নারী উপকারভোগীর ৫৩ শতাংশ ৪০-৫৯ বছর বয়স-শ্রেণিভূক্ত। চল্লিশের কম বয়সের উপকারভোগী পুরুষ যেখানে, ২৩.৬ শতাংশ সেখানে নারী উপকারভোগী ২৪.৪ শতাংশ। ৫৯ বছরের উর্দ্ধের পুরুষ উপকারভোগীর সংখ্যা ২১.৬ শতাংশ বং এর বিপরীতে নারী উপকারভোগীর সংখ্যা ২০.৫ শতাংশ। পুরুষ উপকারভোগীদের গড় বয়স ৪৮.৫ বছর এবং নারী উপকারভোগীদের গড় বয়স ৪৪.২ বছর (সারণি-৮.১)।

সারণি-৮.১: হাউজহোল্ড সাইলোর উপকারভোগী খানাপ্রধানদের বয়স ও লিঙ্গভিত্তিক বিভাজন

গড় বয়স (বৎসর)	হাউজহোল্ড সাইলোর উপকারভোগী				মোট	
	পুরুষ		মহিলা			
	সংখ্যা	শতকরা হার	সংখ্যা	শতকরা হার	সংখ্যা	শতকরা হার
২০ বছরেরে কম	০	০.০	০	০.০	০	০.০
২০-৩৯	১৬৫	২৩.৬	২৭	৩৬.০	১৯২	২৪.৮
৪০-৫৯	৩৮৩	৫৪.৮	৪০	৫৩.৩	৪২৩	৫৪.৭
৬০+	১৫১	২১.৬	৮	১০.৭	১৫৯	২০.৫
মোট	৬৯৯	১০০.০	৭৫	১০০.০	৭৭৪	১০০.০
গড় বয়স(বৎসর)	৪৮.৫		৪৪.২		৪৮.১	
পুরুষ:মহিলা অনুপাত (%)	**৯০.৩**		**৯.৭**		**১০০**	

৮.১.২ হাউজহোল্ড সাইলোর উপকারভোগীর শিক্ষাগত যোগ্যতা

শিক্ষা জনগোষ্ঠীর দক্ষ , সচেতন ও কর্মোপযোগী করে তুলতে সকায়তা করে। নতুন প্রযুক্তি গ্রহণে শিক্ষা র ভূমিকা অতুলনীয়। নির্বাচিত ৭৭৪ জন হাউজহোল্ড সাইলোর উপকারভোগী মধ্যে প্রায় ২৯.৭% নিরক্ষর, শুধু পড়তে ও লেখতে পারেন এমন উপকারভোগীর সংখ্যা ৭.৯%, প্রাথমিক শিক্ষা সমাপ্ত করেছেন ৩০.৭%, জেএসসি সমাপ্ত করেছেন ১৮.০%। এসএসসি ও এইএসসি উত্তীর্ণ উপকারভোগীর সংখ্যা যথাক্রমে ৮.৩% ও ৩.১%। স্নাতক ও স্নাতকোত্তর উপকারভোগীর সংখ্যা যথাক্রমে ১.৪% ও ০.৯% (সারণি-৮.২)।

সারণি-৮.২: হাউজহোল্ড সাইলোর উপকারভোগীদের শিক্ষাগত যোগ্যতা

শিক্ষার ধরণ	খানা প্রধানের সংখ্যা	খানা প্রধানের শতকরা হার
নিরক্ষর	২৩০	২৯.৭
শুধু পড়তে ও লিখতে পারে	৬১	৭.৯
প্রাথমিক	২৩৮	৩০.৭
জেএসসি	১৩৯	১৮.০
এসএসসি পাশ	৬৪	৮.৩

শিক্ষার ধরণ	খানা প্রধানের সংখ্যা	খানা প্রধানের শতকরা হার
এইচএসসি	২৪	৩.১
স্নাতক	১১	১.৪
মাস্টার্স	৭	০.৯
মোট	**৭৭৪**	**১০০**

৮.১.৩ হাউজহোল্ড সাইলোর উপকারভোগীর পেশাগত বিন্যাস

সারণি-৮.৩ এ দেখা যাচ্ছে যে হাউজহোল্ড সাইলোর উপকারভোগীদের মধ্যে ৭২.১% কৃষি নির্ভর, ৮.৯% ক্ষুদ্র ব্যবসায়ী, ৮.৮% কৃষি শ্রমিক ৩,২% অকৃষি শ্রমিক ৩.২% ও ৫.৩% গৃহিনী। উল্লেখ্য যে খানা প্রধানের প্রধান পেশাকে বিবেচনায় নেয়া হয়েছে।

সারণি-৮.৩: হাউজহোল্ড সাইলোর উপকারভোগীর পেশাগত বিন্যাস

পেশা	উপকারভোগী	
	সংখ্যা	শতকরা হার
নির্ভরশীল	৮	১.০
কৃষি কাজ	৫৫৮	৭২.১
কৃষি শ্রমিক	৩৪	৪.৪
অকৃষি শ্রমিক	২৫	৩.২
গৃহিনী	৪১	৫.৩
চাকুরি	২২	২.৮
পরিবহন শ্রমিক,	৪	০.৫
ক্ষুদ্র ব্যবসা	৬৯	৮.৯
কুটির শিল্প	১	০.১
অন্যান্য	১২	১.৬
মোট	**৭৭৪**	**১০০**

সারণি-৮.৪ এ দেখা যাচ্ছে যে ৭৭৪ জন উপকারভোগী খানার মধ্যে ১৭ টি খানার (২.২%) সদস্য বিদেশে থাকেন এবং বৈদেশিক মুদ্রা আহরণ করেন।

সারণি-৮.৪: হাউজহোল্ড সাইলোর উপকারভোগীদের খানার বহির্গমন পরিস্থিতি

প্রবাসী অবস্থান	খানার সংখ্যা	শতকরা হার
হ্যা	১৭	২.২
না	৭৫৭	৯৭.৮
মোট	৭৭৪	১০০

সারণি-৮.৫ এ হাউজহোল্ড সাইলোর উপকারভোগী খানার সদস্যদের কৃষি সমবায়ের সাথে সম্পৃক্ততা আছে কি না সে সম্পর্কে তথ্য উপস্থাপনা করা হয়েছে। এতে দেখা যাচ্ছে যে প্রায় ২১% খানা কৃষি সমবায়ের সাথে সম্পৃক্ত যদিও ৭৯% খানার কোন সম্পৃক্ততা নেই।

সারণি-৮.৫: হাউজহোল্ড সাইলোর উপকারভোগী খানার সদস্যদের কৃষি সমবায়ের সাথে সম্পৃক্ততা

কৃষি সমবায়ের সদস্য সংক্রান্ত অবস্থা	খানার সংখ্যা	শতকরা হার
হ্যা	১৬২	২০.৯
না	৬১২	৭৯.১
মোট	৭৭৪	১০০.০

হাউজহোল্ড সাইলোর উপকারভোগীদের মাত্র ০.৩% ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভূক্ত (সারণি-৮.৬)।

সারণি-৮.৬: হাউজহোল্ড সাইলোর উপকারভোগীদের ক্ষুদ্র নৃগোষ্ঠীভুক্তির অবস্থান

আপনি কি ক্ষুদ্র নৃ-গোষ্টি ভূক্ত	খানা সংখ্যা	শতকরা হার
হ্যা	২	০.৩
না	৭৭২	৯৯.৭
মোট	**৭৭৪**	**১০০**

৮.১.৪ হাউজহোল্ড সাইলো বিতরণের বর্তমান অবস্থা

সারণি-৮.৭ জরীপ চলাকালীন সময় পর্যন্ত কোন উপকারভোগীউ কোন হাউজহোল্ড সাইলো /বিন পায়নি কারণ প্রকল্প থেকে এখনও কোন হাউজহোল্ড সাইলো/বিন বিতরণ করা হয় নি। তবে , ৯৯.৬% উপকারভোগী জানেন যে তাঁ রা তালিকাভূক্ত হয়েছেন। যেহেতু তারা এখনও হাউজহোল্ড সাইলো /বিন পাননি তাই সাইলোর গুণ গত মান নিয়ে কোন প্রশ্ন করা হয়নি (সারণি-৮.৭)।

তালিকাভূক্ত উপকারভোগীর (সমীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে) ৩৮.৮% স্বতঃস্ফূর্ত (আনপ্রম্পট) উত্তরে দাবী করেন যে তাঁরা জানেন কোন সংস্থা তাঁ দেরকে হাউজহোল্ড সাইলো /বিন দিবেন এবং ৬১.২% জানেন না বলে জানিয়েছেন। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে যে যারা জানেন বলে দাবী করেছেন কাদের মধ্যে ৪.৭% উপকারভোগী আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের কথা উল্লেখ করেছেন , ৬৭.৩% উল্লেখ করেছেন খাদ্য বিভাগের কথা , ১০% উল্লেখ করেছেন এনজিও -র কথা। অনান্য উৎসের কথা বলেছেন ১৮% উত্তরদাতা। যদি মোট উত্তরদাতাদের (৭৭৪ জন) বিবেচনায় নেয়া হয় তা'হলে দেখা যাচ্ছে যে মাত্র ১.৮% উত্তরদাতা আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের নাম উল্লেখ করেছেন (সারণি-৮.৭)।

যে সকল উত্তরদাতা (৪৭৪ জন) প্রথমে বলেছিলেন যে তাঁরা জানেন না যে কোন সংস্থা তাদেরকে হাউজহোল্ড সাইলো/বিন দিবে তাঁদেরকে পরে বিভিন্ন সংস্থার না ম পেড়ে শুনানো হয়। তার পরিপ্রেক্ষিতে দেখা যায় যে ৯.৫% উত্তরদাতা আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের নাম উল্লেখ করেন এবং ৭৭% উত্তরদাতা খাদ্যবিভাগের কথা উল্লেখ করেন (সারণি-৮.৭)।

প্রতিটি হাউজহোল্ড সাইলো/বিনের জন্য উপকারভোগীকে ৮০ টাকা করে (কন্ট্রিবিউট) দিতে হবে। এ সম্পর্কে প্রশ্ন করা হলে ৪% উত্তরদাতা জানেন বলে জানেন (সারণি-৮.৭)।

যেহেতু উপকারভোগীগণ এখনও হাউজহোল্ড সাইলো /বিন পান নি তাই তাঁদেরকে প্রশ্ন করা হয়েছে তাঁ দের বাড়িতে/বসত ঘরে হাউজহোল্ড সাইলো /বিন রাখার পর্যাপ্ত জায়গা আছে কী না ? উত্তরে সকল উত্তরদাতা ই বলেছেন যে তাঁদের বাড়িতে/বসত ঘরে হাউজহোল্ড সাইলো/বিন রাখার পর্যাপ্ত জায়গা আছে (সারণি-৮.৭)।

প্রায় ৮২% উত্তরদাতা জানেন যে তাঁদেরকে হাউজহোল্ড সাইলোর /বিনের জন্য একটি নির্দিষ্ট মূল্য পরিশোধ করতে হবে (সারণি-৮.৭)।

সারণি-৮.৭: হাউজহোল্ড সাইলো বিতরণের বর্তমান অবস্থা

নির্দেশক	খানা প্রধানের সংখ্যা	খানা প্রধানের শতকরা হার
আপনি কি হাউজ হোল্ড সাইলো/ বিন গ্রহণ করেছেন?		
হ্যা	০	০.০
না	৭৭৪	১০০.০
মোট	৭৭৪	১০০.০
আপনি কি জানেন যে আপনাকে হাউজহোল্ড সাইলো/বিন-এর প্রদানের জন্য তালিকাভূক্ত করা হয়েছে।		
হ্যা	৭৭১	৯৯.৬
না	৩	০.৪
মোট	৭৭৪	১০০.০

নির্দেশক	খানা প্রধানের সংখ্যা	খানা প্রধানের শতকরা হার
আপনি কি জানেন হাউজহোল্ড সাইলো/বিন সরবরাহকারী কে?		
হ্যা	৩০০	৩৮.৮
না	৪৭৪	৬১.২
মোট	৭৭৪	১০০.০
আপনি যদি হাউজহোল্ড সাইলো/বিন সরবরাহকারী নাম জানেন, তবে নাম বলেন		
আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প,	১৪	৪.৭
খাদ্য বিভাগ	২০২	৬৭.৩
এনজিও	৩০	১০.০
অন্যান্য	৫৪	১৮.০
মোট	৩০০	১০০
যদি নাম না জানে, তবে		
আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প	৪৫	৯.৫
খাদ্য বিভাগ	৩৬৫	৭৭.০
এনজিও	৩০	৬.৩
অন্যান্য	৩৪	৭.২
মোট	৪৭৪	১০০.০
যদি নাম না জানে, তবে		
আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প	৪৫	৯.৫
খাদ্য বিভাগ	৩৬৫	৭৭.০
এনজিও	৩০	৬.৩
অন্যান্য	৩৪	৭.২
মোট	৪৭৪	১০০.০
প্রতিটি হাউজহোল্ড সাইলো/বিনের জন্য উপকারভোগীকে ৮০ টাকা করে দিতে হবে তা		
জানেন	৩১	৪
জানেন না	৭৪৩	৯৬
মোট	**৭৭৪**	**১০০**
আপনি যদি হাউজহোল্ড সাইলো/বিন না পেয়ে থাকেন তবে, আপনার ঘরে কি হাউজহোল্ড সাইলো/বিন রাখার জন্য যথেষ্ট জায়গা আছে?		
হ্যা	৭৭৪	১০০.০
না	০	০.০
মোট	৭৭৪	১০০.০
আপনি যদি হাউজহোল্ড সাইলো/বিন না পেয়ে থাকেন তবে আপনি কি জানেন হাউজহোল্ড সাইলো/বিন পেতে আপনাকে উহার মূল্যে একটি অংশ পরিশোধ করতে হবে?		
হ্যা	৬৩১	৮১.৫
না	১৪৩	১৮.৫
আপনি কি জানেন, কি কারণে আপনাকে হাউজহোল্ড সাইলো/বিন প্রদান করার জন্য তালিকাভূক্ত করা হয়েছে?		
হ্যা	৬৯৪	৮৯.৭
না	৮০	১০.৩
মোট	৭৭৪	১০০.০

প্রকল্প কর্তৃপক্ষ হাউজহোল্ড সাইলো /বিনের উপকারভোগী বাঁ ছাইয়ের জন্য কয়েকটি শর্ত নির্দ্ধারণ করেছে। এগুলি হলো সাইক্লোন/বন্যা ইত্যাদি প্রাকৃতিক দূর্যোগ প্রবণ এলাকার বসতবাড়ী, প্রান্তিক চাষী, ভূমিহীন কৃষক/বর্গা চাষী, সমিতি ভুক্ত কৃষক, মহিলা প্রধান খানা, দূর্গোম এলাকার বসতবাড়ী, যারা বৈদেশিক মুদ্রা পায় না এমন ধরণের খানা। উক্ত শর্ত সম্পর্কে উত্তরদাতাদের জ্ঞান আছে কী না সমীক্ষায় তা যাচাই করা হয়েছে। প্রায় ৯০% উত্তরদাতা দাবী করেছেন যে তাঁরা ঐ শর্তগুলি সম্পর্কে ওয়াকিবহাল (সারণি-৮.৮)।

যে সকল উত্তরদাতা হ্যাঁ বলেছেন তাঁদের মধ্যে সাইক্লোন/ বন্যা ইত্যাদি প্রাকৃতিক দূর্যোগ প্রবণ এলাকার বসতবাড়ী সম্পর্কে বলেছেন ৪৩.৪% উত্তরদাতা, প্রান্তিক চাষী সম্পর্কে বলেছেন ১৫.৩% উত্তরদাতা, ভূমিহীন কৃষক যে অন্যের জমিতে চাষ করে এমন শর্তের কথা উল্লেখ করেছেন ৯.৪% উত্তরদাতা, দূর্গম এলাকার বসতবাড়ী সম্পর্কে বলেছেন ৩০.৭% উত্তরদাতা, মহিলা খানা প্রধান সম্পর্কে উল্লেখ করেছেন ০.৫% এবং সমিতি ভুক্ত কৃষক শর্তের উল্লেখ করেছেন ০.৩% উত্তরদাতা (সারণি-৮.৮)।

অন্যদিকে যে সকল উত্তরদাতা শর্তগুলো সম্পর্কে অবহিত নন বলে দাবী করেছেন তাঁদেরকে পরে শর্তগুলো পড়ে শুনানো হলে, ৪৩% উত্তরদাতা সাইক্লোন/ বন্যা ইত্যাদি প্রাকৃতিক দূর্যোগ প্রবণ এলাকার বসতবাড়ী উল্লেখ করেছেন, ১৩.১% উত্তরদাতা উল্লেখ করছেন প্রান্তিক চাষীর শর্ত, ২৩.৪% উত্তরদাতা উল্লেখ করেছেন ভূমিহীন কৃষক যে অন্যের জমিতে চাষ করে শর্ত, ২০.৬% উত্তরদাতা উল্লেখ করেছেন দূর্গোম এলাকার বসতবাড়ীর শর্ত (সারণি-৮.৮)।

সারণি-৮.৮: হাউজহোল্ড সাইলো/বিন প্রদান করার জন্য তালিকাভুক্ত শর্তগুলি

হাউজহোল্ড সাইলো/বিন প্রদান করার জন্য তালিকাভূক্ত শর্তগুলি কী কী?	**উত্তরদার সংখ্যা**	**উত্তরদাতার শতাংশ**	**ক্রমপুঞ্জিভূত শতাংশ**
সাইক্লোন/ বন্যা ইত্যাদি প্রাকৃতিক দূর্যোগ প্রবণ এলাকার বসতবাড়ী	৪৮১	৪৩.৪	৬৯.৩
প্রান্তিক চাষী	১৭০	১৫.৩	২৪.৫
ভূমিহীন কৃষক যে অন্যের জমিতে চাষ করে	১০৪	৯.৪	১৫
সমিতি ভুক্ত কৃষক	৩	০.৩	০.৪
মহিলা খানা প্রধান গৃহ	৬	০.৫	০.৯
দূর্গোম এলাকার বসতবাড়ী	৩৪০	৩০.৭	৪৯
যারা বৈদেশিক মুদ্রা পায় না	৪	০.৪	০.৬
মোট	৬৯৪	১০০.০	১৫৯.৭
উত্তর না হয়ে, থাকে তবে নীচের কারণগুলি/শর্তগুলি কী কী?			
সাইক্লোন/ বন্যা ইত্যাদি প্রাকৃতিক দূর্যোগ প্রবণ এলাকার বসতবাড়ী,	৪৬	৪৩.০	
প্রান্তিক চাষী	১৪	১৩.১	
ভূমিহীন কৃষক যে অন্যের জমিতে চাষ করে	২৫	২৩.৪	
সমিতি ভুক্ত কৃষক			
মহিলা খানা প্রধান গৃহ,			
দূর্গোম এলাকার বসতবাড়ী,	২২	২০.৬	
যারা বৈদেশিক মুদ্রা পায় না			
মোট	**১০৭**	**১০০**	

প্রকল্প যে হাউজহোল্ড সাইলো /বিন উপকারভোগীদের মধ্যে বিতরণ করবে তার ধারণ ক্ষমতা ৫০ কেজি। বিনের ধারণ ক্ষমতা সম্পর্কে উত্তরদাতাদের ধারণা আছে কি না সমীক্ষা তা যাচাই করে দেখেছে। প্রাপ্ত তথ্যে দেখা যাচ্ছে প্রায় ৮৬% উত্তরদাতা ধারণা আছে বলে দাবী করেছেন (সারণি-৮.৯)।

সমীক্ষা উত্তরদাতাদের প্রশ্ন করা হয় তাঁরা যে ধারণ ক্ষমতার হাউজহোল্ড সাইলো /বিন পাবেন তা তাঁদের প্রযয়াজনের নিরিখে পর্যাপ্ত কি না? প্রাপ্ত তথ্যে দেখা যায় প্রায় ৯০% উত্তরদাতাই মনে করেন যে তাঁদের প্রয়াজনের তুলনায় হাউজহোল্ড সাইলোনর/বিনের ধারণ ক্ষমতা কম (সারণি-৮.৯)।

প্রকল্প কর্তৃপক্ষ প্রতিটি হাউজহোল্ড সাইলোর বিপরীতে যে পরিমান টাকা নিবে বলে ধার্য্য করেছে বা যথাযথ বলে মনে করেন ৯১.৫% উপকারভোগী যদিও ৭.৫% উত্তরদাতা এ পরিমানকে বেশী বলে উল্লেখ করেছেন। অন্য ১% উত্তরদাতা এটাকে অতি বেশী বলে মনে করছেন (সারণি-৮.৯)।

হাউজহোল্ড সাইলোর উপকারিতা সম্পর্কে উত্তরদাতাদের প্রশ্ন করা হলে ৪৫.৮% উত্তরদাতা বলেছেন এর ফলে তাঁদের শস্যের ধারণ ক্ষমতা বৃদ্ধি পাবে, ৪৫.৩% উত্তরদাতার মতে শস্য সংরক্ষনে অপচয় কমবে, দূর্যোগ পরবর্তী সময়ে খাদ্য নিরাপত্তা বাড়াবে বলে ৮.৬% উত্তরদাতা মনে করেন। প্রকল্পের অন্যতম প্রধান উদ্দেশ্য হলো দূর্যোগ পরবর্তী সময়ে খাদ্য নিরাপত্তা বাড়ানো। কিন্তু উত্তরদাতারা এ উদ্দেশ্য সম্পর্কে ততটা অবগত নন বলে মনে হয় যদিও বাস্তব অবস্থা হলো দূর্যোগ পরবর্তী সময়ে খাদ্য নিরাপত্তা বাড়বে (সারণি-৮.৯)।

সারণি-৮.৯: হাউজহোল্ড সাইলোর ধারণ ক্ষমতা

আপনি কি জানেন হাউজহোল্ড সাইলো/বিনে কত কেজি ধান/চাল/গম রাখা যাবে?	**খানা প্রধানের সংখ্যা**	**খানা প্রধানের শতকরা হার**
হ্যা	৬৬২	৮৫.৫
না	১১২	১৪.৫
মোট	৭৭৪	১০০.০
আপনার প্রয়োজনের নিরিখে, হাউজহোল্ড সাইলোর/বিনের ধারণ ক্ষমতা সম্পর্কে আপনার মতামত কি?		
যথেষ্ট	৬৯	৮.৯
প্রয়োজনের তুলনায় কম	৬৯৫	৮৯.৮
অন্যান্য (উল্লেখ করুন)	১০	১.৩
মোট	৭৭৪	১০০.০
হাউজহোল্ড সাইলোর বাবদ আপনার কাছ থেকে যে পরিমান টাকা নিচ্ছে সে সম্পর্কে আপনার মতামত কি?	খানা প্রধানের সংখ্যা	খানা প্রধানের শতকরা হার
যথাযথ নিচ্ছে	৭০৮	৯১.৫
বেশী নিচ্ছে	৫৮	৭.৫
অতি বেশী নিচ্ছে	৮	১.০
মোট	৭৭৪	১০০.০
হাউজহোল্ড সাইলোর উপকারীতা সম্পর্কে আপনার কি ধারণা?	খানা প্রধানের সংখ্যা	খানা প্রধানের শতকরা হার
শস্য ধারণ ক্ষমতা বাড়বে,	৩৭২	৪৫.৮
শস্য সংরক্ষনে অপচয় কমবে,	৩৬৮	৪৫.৩
দূর্যোগ পরবর্তী সময়ে খাদ্য নিরাপত্তা বাড়বে	৭০	৮.৬
অন্যান্য ((উল্লেখ করুন)	২	০.২
মোট	৮১২	১০০.০

প্রশ্ন ছিল হাউজহোল্ড সাইলো উত্তরদাতার নিজের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করবে কী না। এর উত্তরে দেখা যাচ্ছে ৭৫. ৩% উত্তরদাতা হ্যাঁ সূচক উত্তর দিয়েছেন। (সারণি-৮.১০)

যে সকল উত্তরদাতা মনে করেন যে হাউজহোল্ড সাইলো /বিন তাঁদের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করবে তাঁদের ৫১.৫% উত্তরদাতা জানান যে বন্যা বা দূর্যোগ পরবর্তী সময়ে অভাব বা খাদ্য ঘাটতি দূর করে খাদ্য নিরাপত্তা বাড়াবে , ১৩.২% উত্তরদাতা মনে করেন যে দূর্যোগ মোকাবেলায় খাদ্য ঘাটিতি দূর করতে সহায়ক হবে , ১২.৩% উত্তরদাতার মতে দূর্যোগ কালীন সময় প্রয়োজনীয় চাহিদা মেটাবে /প্রয়োজনমত ব্যবহার করা যাবে , ১৭.২% উত্তরদাতা মতে শস্য অপচয় কম হওয়ার ফলে খাদ্য নিরাপত্তা নিশ্চিতা করবে (সারণি-৮.১০)।

হাউজহোল্ড সাইলো/বিন পাওয়ার আগে উত্তরদাতারা কীভাবে খাদ্য শস্য মজুত করতেন সম্পর্কে জানতে চাও য়া হয়। এই প্রশ্নটি করা হয়েছিল এটা ধরে নিয়ে যে উত্ত রদাতারা হাউজহোল্ড সাইলো /বিন পেয়ে গেছেন। কিন্তু বাস্তবতা হলো সমীক্ষা চলাকালীন সময়ে তাঁরা কোন হাউজহোল্ড সাইলো /বিন পায়নি। তাই প্রশ্নটির উত্তর বর্তমানে উত্তরদাতাগণ কীভাবে খাদ্য শস্য মজুদ রাখেন তার পরিপ্রেক্ষিতে দেখতে হবে। দেখা যাচ্ছে যে ৬২.৩% উত্তরদাতা বস্তা য় তাঁদের খাদ্য শস্য মজুদ রাখেন আর ২৪.২% উত্তরদাতা জানাচ্ছেন যে তাঁরা মাটির পাত্র, যেমন- মাইট/কলসীতে খাদ্য শস্য মজুদ করেন। টিনের বা প্লাস্টিকের ড্রামে খাদ্য মজুদ রাখেন মাত্র ৪.৯% উত্তরদাতা (সারণি-৮.১০)।

বর্তমানে উত্তরদাতারা যে ভাবে খাদ্য শস্য মজুদ রাখেন তা তে সমস্যা হয় বলে ৯৫.৯% উত্তরদাতা জানিয়েছেন। প্রায় ৫৩% উত্তরদাতা জানিয়েছেন যে ইদুর মজুদকৃত খাদ্য শস্য নষ্ট করে থাকে। পোঁ কা-মাকড় মজুদকৃত শস্য নষ্ট করে বলে জানিয়েছেন ৩০.৬% উত্তরদাতা। দূর্যোগের সময় স্থানান্তর করা সমস্যা হয় বলে জানিয়েছেন ২.৯% উত্তরদাতা (সারণি-৮.১০)।

সারণি ৮.১০: হাউজহোল্ড সাইলো কিভাবে আপনার নিজের খাদ্য নিরাপত্তা

হাউজ হোল্ড সাইলো কি আপনার নিজের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করবে?	**খানা প্রধানের সংখ্যা**	**খানা প্রধানের শতকরা হার**
হ্যা	৫৮৩	৭৫.৩
না	১৯১	২৪.৭
মোট	৭৭৪	১০০.০
উপরের উত্তর হ্যাঁ হলে, হাউজহোল্ড সাইলো কিভাবে আপনার নিজের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করবে? বর্ণনা করুন:		
দূর্যোগ মোকাবেলায় খাদ্য ঘাটিতি দূর করতে সহায়ক হবে	৭৭	১৩.২
দূর্যোগ কালীন সময় প্রয়োজনীয় চাহিদা মেটাবে/প্রয়োজনমত ব্যবহার করা যাবে	৭২	১২.৩
অভাব কালীন সময় প্রয়োজনীয় চাহিদা মেটাবে/প্রয়োজনমত ব্যবহার করা যাবে	১০	১.৭
বন্যা বা দূর্যোগ পরবর্তী সময়ে অভাব বা খাদ্য ঘাটতি দূর করে খাদ্য নিরাপত্তা বাড়াবে	৩০০	৫১.৫
শস্য অপচয় কম হওয়ার ফলে খাদ্য নিরাপত্তা নিশ্চিতা করবে	১০০	১৭.২
বিপদের সময় বীজ সাইলোতে নিরাপদে সংরক্ষ ণ করে দূর্যোগ পরবর্তীতে ফসলের আবাদ করে নিজের খাদ্য নিরাপত্তা	৬	১.০
অনান্য	১৮	৩.১
মোট	৫৮৩	১০০.০
হাউজহোল্ড সাইলো পাওয়ার আগে আপনি কিভাবে খাদ্য শস্য মজুদ করতেন?		
বস্তায় রেখে	৩৫৩	৬২.৩
টিনের বা প্লাস্টিকের ড্রামে রেখে	২৮	৪.৯
বাঁশের তৈরী পাত্রে রেখে	১৮	৩.২
মাটির পাত্র, যেমন- মাইটা/কলসীতে রেখে	১৩৭	২৪.২
পিপায় রেখে	৮	১.৪
ঘেরায় রেখে	৮	১.৪
অন্যান্য	১৫	২.৬
মোট	৫৬৭	১০০.০

৮.১.৫ খানার জমির মালিকানা

সারণি-৮.১১ তে দেখা যাচ্ছে যে সকল উত্তরদাতারই নিজস্ব বসতবাড়ী আছে এবং তাঁদের গড় বসতবাড়ীর জমির পরিমান মাত্র ০.১৬ একর। নিজস্ব চাষের জমি আছে ৭৪.৪% উপকারভোগীর এবং তাঁদের খানা প্রতি গড় কৃষি জমির পরমিান ০.৭৩৩ একর। উপকারভোগীদের ৫৫% খানা বর্গা চাষী এবং খানা প্রতি বর্গা নেয়া জমির পরিমান ১.০৫৭ একর। উপকারভোগীদের প্রায় ২৫% খানা জমি ইজারা নিয়েছে এবং গড় ইজারা নেয়া জমির পরিমান ০.৬৮৩ একর। উপকারভোগীদের মধ্যে ১.৭% উত্তরদাতা নিজেদের জমি বর্গা চাষের জন্য অন্যদেরকে দিয়েছেন। তাঁদের বর্গা দেয়া গড় জমির পরিমান ১৭৮.৮ একর। উপকারভোগীদের মধ্যে .০৪% খানা নিজেদের জমি ইজারা দিয়েছেন। তাঁদের ইজারা দেয়া গড় জমির পরিমান ৫.৫০ একর।

সারণি-৮.১১ :খানার জমির মালিকানা

জমির ধরণ	খানার সংখ্যা	খানার শতকরা হার	গড় জমির পরিমাণ (শতাংশ)
বসতবাড়ী	৭৭৪	১০০.০	১৫.৯
নিজস্ব চাষের জমি	৫৭৮	৭৪.৭	৭৩.৩
বর্গা নেয়া জমি	৪২৬	৫৫.০	১০৫.৭
ইজারা নেয়া জমি	১৯১	২৪.৭	৬৮.৩
বর্গা দেওয়া জমি	১৩	১.৭	১৭৮.৮
ইজারা দেওয়া জমি	৩	০.৪	৫৫০.০

৮.১.৬ সুবিধাভোগীর শর্তের পূরণ

প্রকল্পের শর্তানুযায়ী যার নিজস্ব জমির পরিমান ০.৫০ একরের নীচে সেই কেবল হাউজহোল্ড সাইলোর সুবিধাভোগী হতে পারবেন। জরিপের ফলাফলে দেখা যায় যে ৮৫% সুবিধাভোগী উক্ত শর্ত পূ রণ করেছে। অবশিস্ঠ ১৫% সুবিধাভোগীর জমির পরিমান ০.৫ একরের উর্দ্ধে (সারণি-৮.১২)।

সারণি-৮.১২: সুবিধাভোগীর শর্তের পূরণ

জামর পরিমাণ	শর্তের মধ্যে কতজন		শর্তের বহির্ভূত		মোট	
	খানার সংখ্যা	শতকরা হার	খানার সংখ্যা	শতকরা হার	খানার সংখ্যা	শতকরা হার
৪৯ শতাংশের কম	৬৫৫	৮৫	১১৯	১৫	৭৭৪	১০০

হাউসহোল্ড সাইলো/বিন কীভাবে ব্যবহার করতে হয়/হবে সে সম্পর্কে প্রকল্প কর্তৃপক্ষ উপকারভোগীদের প্রশিক্ষণ দিবে। যেহেতু হাউসহোল্ড সাইলো/বিন জরিপ চলাকালিন সময় পযর্ন্ত বিতরণ করা হয়নি তাইএখনও প্রশিক্ষণ দেয়া হয়নি বলে প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন।

৮.১.৭ পারিবারিক সাইলোর উল্লেখযোগ্য ব্যবহারিক সুবিধা সমূহ

- পারিবারিক সাইলো ফুডগ্রেড প্লাস্টিকের তৈরি। এতে ধান, চাল বা বীজ সংরক্ষণ করলে গুণগত মান নষ্ট হয় না।
- সাইলো বায়ুরোধক বিধায় এর ভিতরে বাতাস ঢুকতে পারে না। ফলে সংরক্ষিত খাদ্য সামগ্রী ও বীজের যথাযথ মান বজায় থাকে।
- এটি বায়ুরোধক হওয়ায় এতে সংরক্ষিত ধান, চাল বা অন্যান্য জিনিস দীর্ঘদিন রোদে শুকানো ছাড়াই অবিকল গুণগত মান বজায় থাকে।
- প্রাকৃতিক দুর্যোগপ্রবণ (ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, বন্যা, খরা ইত্যাদি) এলাকাসমূহের ভূক্তভোগী পরিবারগুলো সাইলোতে ধান, চাল, চিড়া, মুড়ি, বীজ সংরক্ষণ করে আপদকালীন মজুদ গড়ে তুলে দূর্যোগ পরবর্তী খাদ্য চাহিদা মেটাতে পারেন।
- এ পাত্রে পানি প্রবেশের প্রতিরোধক ব্যবস্থা থাকায় (Water tight seal) পানিতে নিমজ্জিত অবস্থায়ও খাদ্য শস্য সংরক্ষণ করা সম্ভব।
- পানিতে নিমজ্জিত অবস্থায় খুঁটি বা গাছের সাথে শক্ত করে বেঁধে রাখার জন্য এ পাত্রের সাথে হুক/রশি/চেইন লাগানোর মজবুত ব্যবস্থা আছে।
- দূর্যোগের পরে সংরক্ষিত বীজ জমিতে বপন করে তাৎক্ষণিকভাবে ফসল উৎপাদন শুরু করা যাবে।
- প্রতিটি পারিবারিক সাইলোর ধারণ ক্ষমতা ৭০ লিটার যাতে ৫৬ কেজি চাল সংরক্ষণ করা যায়।
- ফুডগ্রেড প্লাস্টিকের তৈরি পারিবারিক সাইলো ওজনে হালকা (৬.৫ কেজি) ও মজবুত বিধায় এক জায়গা থেকে অন্য জায়াগায় স্থানান্তর করা সহজ এবং সহজে নষ্ট হয় না।

চিত্র: প্রকল্পের পারিবারিক সাইলো

৮.১.৮ পারিবারিক পর্যায়ে খাদ্য শস্যের সংরক্ষণ

হাউজহোল্ড সাইলো/বিনের উপকারভোগীগণ তাঁদের বিভিন্ন শস্য যেমন আমন ধান , আমন চাল, বোর ধান ও চাল, আউশ ধান ও চাল ও গম হাউজহোল্ড সাইলো /বিনে মজুদ ও সংরক্ষণ করে রাখার কথা। কিন্তু তাঁদের মধ্যে এখনও কোন হাউজহোল্ড সাইলো/বিনে বিতরণ করা হয়নি বলে তাঁরা তাঁদের পুরানো পদ্ধতিতেই উক্ত শস্যসমূহ সংরক্ষণ করে থাকেন।

আমন ধানঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ৮৭% খানা আমন ধান সং রক্ষণ করেন। উল্লেখ্য যে হাউজহোল্ড সাইলো /বিন দূর্যোগপ্রবণ এলাকায় বিতরণ করা হবে বলে সমীক্ষাটি মূলতঃ উপকূলীয় এলাকায় পরিচালনা করা হয় যেখানে মূল খাদ্য শস্য হলো আমন ধান। যারা আমন ধান সংগ্রহ করেন তাদের মধ্যে ৮৭% বস্তায় ও ১৩% অন্যান্য পাত্রে সংরক্ষণ করেন বলে জানিয়েছেন। উত্তরদাতাদের মধ্যে যারা আমন ধান সংরক্ষণ করেন তাঁরা খানা প্রতি গড়ে ১৫৪২.৭ কেজি আমন ধান বস্তায় ও ১০২.৩ কেজি আমন ধান অন্যান্য পাত্রে সংরক্ষণ করেন। বস্তার ক্ষেত্রে গড় সংরক্ষণ কাল ৭.৩ মাস ও অন্যান্য পাত্রের ক্ষেত্রে সংরক্ষণ কাল ৬.৪ মাস। বাস্তায় ও অন্যান্য পদ্ধতিতে রাখা আমন ধান ক্ষতিগ্রস্থ হয় বলে উত্তরদাতাগণ জানিয়েছেন। বস্তার ক্ষেত্রে গড় ক্ষতির পরিমা ৫২.৮ কেজি যা সংরক্ষিত আমন ধানের ৫.৭% এবং অন্যান্য পাত্রের ক্ষেত্রে গড় ক্ষতির পরিমান ২৬.২ কেজি যা সংরক্ষিত আমন ধানের ৮.৭% (সারণি-৮.১৩)।

আমন চালঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ৬১.২% খানা আমন চাল সংরক্ষণ করেন। উত্তরদাতাদের মধ্যে যারা আমন চাল সংরক্ষণ করেন তাঁরা খানা প্রতি গড়ে ২৩৩ কেজি বস্তায় ও ১০২.৩ কেজি অন্যান্য পাত্রে সংরক্ষণ করেন । উভয় ক্ষেত্রেই সংরক্ষণ কাল ৪.৯ মাস। সংরক্ষিত আমন চালের গড় ক্ষতি র পরিমান বস্তার ক্ষেত্রে ১৩.৪ কেজি যা বস্তায় সংরক্ষিত আমন চালের ৫.৯% ও অন্যান্য পাত্রের ক্ষেত্রে ১১.২ কেজি যা অন্যান্য পাত্রে সংরক্ষিত আমন চালের ৮.৫% (সারণি-৮.১৩)।

বোর ধানঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ৩৯.০% খানা বোর ধান সংরক্ষণ করেন। উপকারভোগী খানাগুলোর মধ্যে যারা বোর ধান সংরক্ষণ করন বলে জানিয়েছেন তাঁরা খানা প্রতি গড়ে ১২০১.২ কেজি বোর ধান বস্তায় ও অন্যান্য পাত্রে ৪৪৭.৪ কেজি বোর ধান সংরক্ষণ করেন । বোর ধানেন সংরক্ষণের সময় কাল বস্তার ক্ষেত্রে ৩৯.৩ মাস ও অন্যান্য পাত্রের ক্ষেত্রে ২১.৮ মাস। ক্ষতির পরিমান বস্তার ক্ষেত্রে ৫৯.০ কেজি যা সংরক্ষিত ধানের ৬.২% এবং অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৩৬.৬ কেজি যা সংরক্ষিত ধানের ৯.২% (সারণি-৮.১৩)।

বোরো চালঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ২৮.৭% খানা বোর চাল সংরক্ষণ করেন। উত্তরদাতা খানার মধ্যে যারা বোর চাল সংরক্ষণ করেন বলে জানিযেছেন তাঁ রা খানা প্রতি গড়ে ৩২২.৯ কেজি বোর চাল বস্তায় সংরক্ষণ করেন এবং ৯৮.৩ কেজি বোর চাল সংরক্ষণ করেন অন্যান্য পাত্রে। বোর চালের গড় সংরক্ষণ সময় কাল বস্তার ক্ষেত্রে ১০.৯ মাস আর অন্যান্য পাত্রের ক্ষেত্রে ২.৫ মাস। গড় ক্ষতির পরিমান বস্তার ক্ষেত্রে ১০.৬ কেজি যা সংরক্ষিত বোর চালের ৭.৮% ও অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৭.১ কেজি যা সংরক্ষিত বোর চালের ৮.৯% (সারণি-৮.১৩)।

আউশ ধানঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ২৮.০% খানা আউশ ধান সংরক্ষণ করেন। উত্তরদাতা খানার মধ্যে যারা আউশ ধান সংরক্ষণ করে ন বলে জানিয়েছেন তাঁরা খনা প্রতি গড়ে ১৫৬৪.৬ কেজি আউশ ধান সংরক্ষণ করেন বস্তায় এবং ৭৩২.০ কেজি সংরক্ষণ করেন অন্যান্য পাত্রে। গড় আউশ ধানের সংরক্ষণ সময় কাল বস্তার ক্ষেত্রে ৯.৯ মাস আর অন্যান্য পাত্রের ক্ষেত্রে সংরক্ষণ সময় কাল ৩.২ মাস। গড় ক্ষতির পরিমান বস্তার ক্ষেত্রে ৪৪.৪ কেজি যা সংরক্ষিত আউশ ধানের ৩.৮% ও অন্যান্য পাত্রের ক্ষেত্রে ১৯.৫ কেজি যা সংরক্ষিত আউশ ধানের ৩.৯% (সারণি-৮.১৩)।

আউশ চালঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ২২.৭% খানা আউশ চাল সংরক্ষণ করেন। উত্তরদাতা খানার মধ্যে যারা আউশ ধান সংরক্ষণ করে ন তাঁরা খানা প্রতি গড়ে ১৯৬.১ কেজি আউশ চাল সংরক্ষণ করেন বস্তা য় এবং ১১৩.২ কেজি সংরক্ষণ করেন অন্যান্য পাত্রে। বস্তায় গড় সংরক্ষণ সময় কাল ৩.৬ মাস আর অন্যান্য পাত্রের ক্ষেত্রে সংরক্ষণ সময় কাল ২.৯ মাস। গড় ক্ষতির পরিমান বস্তার ক্ষেত্রে ৭.৪ কেজি যা সংরক্ষিত আউশ চালের ৫.১% ও অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৬.০ কেজি যা সংরক্ষিত আউশ চালের ৫.১%। (সারণি-৮.১৩)

গমঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ২% খানা গম সংরক্ষণ করেন। উত্তরদাতা খানার মধ্যে যারা গম সংরক্ষণ করেন বলে জানিয়েছেন তাঁরা খানা প্রতি গড়ে ৩৮৫.৩ কেজি গম সংরক্ষণ করেন বস্তায় এবং ২৯২.১ কেজি সংরক্ষণ করেন অন্যান্য পাত্রে। বস্তায় গড় সং রক্ষণ সময় কাল ৪.৯ মাস আর অন্যান্য পাত্রের ক্ষেত্রে সংরক্ষণ সময় কাল ৩.৭ মাস। গড় ক্ষতির পরিমান বস্তার ক্ষেত্রে ১২.৪ কেজি যা সংরক্ষিত আউশ চালের ৩.১% ও অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৮.৭ কেজি যা সংরক্ষিত আউশ চালের ২.৮% (সারণি-৮.১৩)।

সারণি-৮.১৩: পারিবারিক পর্যায়ে খাদ্য শস্যের সংরক্ষণ

নির্ধারকসমূহ	সংরক্ষণ পাত্র	
	বস্তা	অন্যান্য*
আমন ধানের সংরক্ষণের উত্তরদাতার %	**৮৬.৬**	**৩৩.৫**
গড় আমন ধানের সংরক্ষণের পরিমাণ (কেজি)	১৫৪২.৭	৪৮৮.১
গড় সংরক্ষণ কাল (মাস)	৭.৩	৬.৪
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	৫২.৮	২৬.২
ক্ষতির পরিমাণ (%)	৫.৭	৮.৭
আমন চালের সংরক্ষণের উত্তরদাতার %	**৬১.২**	**১৬.৪**
গড় আমন চালের সংরক্ষণের পরিমাণ (কেজি)	২৩৩.০	১০২.৩
গড় সংরক্ষণ কাল (মাস)	৪.৯	৪.৯
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	১৩.৪	১১.২
ক্ষতির পরিমাণ (%)	৫.৯	৮.৫
বোরো ধানের সংরক্ষণের উত্তরদাতার %	**৩৯.০**	**১৭.৬**
গড় বোরো ধানের সংরক্ষণের পরিমাণ (কেজি)	১২০১.২	৪৪৭.৪
গড় সংরক্ষণ কাল (মাস)	৩৯.৩	২১.৮
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	৫৯.০	৩৬.৬
ক্ষতির পরিমাণ (%)	৬.২	৯.২
বোরো চাউলের সংরক্ষণের উত্তরদাতার %	**২৮.৭**	**৮.০**
গড় বোরো চাউলের সংরক্ষণের পরিমাণ (কেজি)	৩২২.৯	৯৮.৩
গড় সংরক্ষণ কাল (মাস)	১০.৯	২.৫
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	১০.৬	৭.১
ক্ষতির পরিমাণ (%)	৭.৮	৮.৯
আউশ ধানের উত্তরদাতার %	**২৮.০**	**১১.০**
গড় আউশ ধানের সংরক্ষণের পরিমাণ (কেজি)	১৫৬৪.৬	৭৩২.০
গড় সংরক্ষণ কাল (মাস)	৯.৯	৩.২
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	৪৪.৪	১৯.৫
ক্ষতির পরিমাণ (%)	৩.৮	৩.৯
আউশ চাউলের সংরক্ষণের উত্তরদাতার %	**২২.৭**	**৫.৬**
গড় আউশ চাউলের সংরক্ষণের পরিমাণ (কেজি)	১৯৬.১	১১৩.২
গড় সংরক্ষণ কাল (মাস)	৩.৬	২.৯
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	৭.৪	৬.০
ক্ষতির পরিমাণ (%)	৫.১	৫.১
গমের সংরক্ষণের উত্তরদাতার %	**১.৯**	**১.৮**
গড় গম ধানের সংরক্ষণের পরিমাণ (কেজি)	৩৮৫.৩	২৯২.১
গড় সংরক্ষণ কাল (মাস)	৪.৯	৩.৭
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	১২.৪	৮.৭
ক্ষতির পরিমাণ (%)	৩.১	২.৮

৮.১.৯ পারিবারিক পর্যায়ে খাদ্য শস্যের বীজ সংরক্ষণ

মোট উত্তরদাতাদের মধ্যে যে সকল উত্তরদাতা আমন ধান সংরক্ষণ করেন তাঁরা হয় বস্তায় না হয় অন্যান্য পাত্রে (ড্রাম, মাটির পাত্র) সংরক্ষণ কনে।

আমন বীজঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ৫৬.২% খানা আমন বীজ সংরক্ষণ করেন। মোট উত্তরদাতাদের মধ্যে যে সকল খানা আমন বীজ সংরক্ষণ করেন বলে জানিয়েছেন তাঁদের সংরক্ষিত আমন বীজের পরিমান খানা প্রতি গড়ে ৮৩.৫ কেজি বস্তায় এবং অন্যান্য পাত্রে ৪৫.৬ কেজি। গড়ে আমন বীজ সংরক্ষণ কাল বস্তার ক্ষেত্রে ৮.৬ মাস ও অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৮.৩ মাস। আমন বীজের গড় ক্ষতির পরিমান বস্তার ক্ষেত্রে ৯.৩ কেজি যা বস্তায় সংরক্ষিত আমন বীজের ১০.৮% আর অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৬.১ কেজি যা অন্যান্য পাত্রের ক্ষেত্রে সংরক্ষিত আমন বীজের ১২.৫%(সারণি-৮.১৪)।

বোর বীজঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ২৩.৪% খানা বোর বীজ সংরক্ষণ করেন। বোর বীজ সংরক্ষণকারী খানাগুলির গড় বোর বীজ সংরক্ষণের পরিমান ১০২.০ কেজি বস্তায় এবং অন্যান্য পাত্রে ৪৫.১ কেজি । গড়ে বোর বীজ সংরক্ষণ কাল বস্তার ক্ষেত্রে ৭.২ মাস ও অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৬.১ মাস। বোর বীজের গড় ক্ষতির পরিমান বস্তার ক্ষেত্রে ১২.৬ কেজি যা বস্তায় সংরক্ষিত বোর বীজের ১২.৫% আর অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৬.০ কেজি যা অন্যান্য পাত্রের ক্ষেত্রে সংরক্ষিত বোর বীজের ১৬.০% (সারণি-৮.১৪)।

আউশ বীজঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ১৫.৬% খানা আউশ বীজ সংরক্ষণ করেন। **আউস বীজ** সংরক্ষণকারী খানাগেুলোর আউশ বীজের সংরক্ষণ পরিমান গড়ে ১০৬.৬ কেজি বস্তায় এবং অন্যান্য পাত্রে ৫৪.৬ কেজি। গড়ে আউশ বীজ সংরক্ষণ কাল বস্তার ক্ষেত্রে ৮.৮ মাস ও অন্যান্য পাত্রের ক্ষে ত্রে ৭.৬ মাস। আউশ বীজের গড় ক্ষতির পরিমান বস্তার ক্ষেত্রে ১০.৪ কেজি যা বস্তায় সংরক্ষিত আউশ বীজের ৯.৪% আর অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৭.২ কেজি যা অন্যান্য পাত্রের ক্ষেত্রে সংরক্ষিত আউশ বীজের ১১.১%। (সারণি-৮.১৪)

গম বীজঃ মোট উত্তরদাতা খানার মধ্যে ২% খানা গম বীজ সংরক্ষণ করেন। সংরক্ষণকারী খানাগুলোর খানা প্রতি গড় গম বীজের পরিমান ১৩৯.৭ কেজি বস্তায় এবং অন্যান্য পাত্রে ৩০.৭ কেজি। গম বীজ সংরক্ষণ কাল বস্তার ক্ষেত্রে ৭.৬ মাস ও অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৭.৪ মাস। গম বীজের গড় ক্ষতির পরিমান বস্তার ক্ষেত্রে ৮.৭ কেজি যা বস্তায় সংরক্ষিত গম বীজের ২১.১% আর অন্যান্য পাত্রের ক্ষেত্রে ৬.৪ কেজি যা অন্যান্য পাত্রের ক্ষেত্রে সংরক্ষিত গম বীজের ১৯.৬% (সারণি-৮.১৪)।

সারণি-৮.১৪: পারিবারিক পর্যায়ে খাদ্য শস্যের বীজ সংরক্ষণ

নির্ধারকসমূহ	সংরক্ষণ পাত্র	
	বস্তা	অন্যান্য*
আমন বীজ সংরক্ষণের উত্তরদাতার %	**৫৬.২**	**৩৫.১**
গড় আমন বীজের সংরক্ষণের পরিমাণ (কেজি)	৮৩.৫	৪৫.৬
গড় সংরক্ষণ কাল (মাস)	৮.৬	৮.৩
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	৯.৩	৬.১
ক্ষতির পরিমাণ (%)	১০.৮	১২.৫
বোরো বীজ সংরক্ষণের উত্তরদাতার %	**২৩.৪**	**১৮.২**
গড় বোরো বীজের সংরক্ষণের পরিমাণ (কেজি)	১০২.০	৪৫.১
গড় সংরক্ষণ কাল (মাস)	৭.২	৬.১
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	১২.৬	৬.০
ক্ষতির পরিমাণ (%)	১২.৫	১৬.০
আউশ বীজ সংরক্ষণের উত্তরদাতার %	**১৫.৬**	**১১.২**
গড় আউশ বীজের সংরক্ষণের পরিমাণ (কেজি)	১০৬.৬	৫৪.৬
গড় সংরক্ষণ কাল (মাস)	৮.৮	৭.৬
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	১০.৪	৭.২
ক্ষতির পরিমাণ (%)	৯.৪	১১.১
গম বীজ সংরক্ষণের উত্তরদাতার %	**১.৯**	**১.৮**
গড় গম বীজের সংরক্ষণের পরিমাণ (কেজি)	৩৯.৭	৩০.৭
গড় সংরক্ষণ কাল (মাস)	৭.৬	৭.৪
গড় ক্ষতির পরিমাণ (কেজি)	৮.৭	৬.৪
ক্ষতির পরিমাণ (%)	২১.১	১৯.৬

***অন্যান্য বলতে মটকা/মাটির পাত্র, ড্রাম ইত্যাদি**

৮.১.১০ প্রচলিত পদ্ধতিতে খাদ্য শস্য সংরক্ষণে অসুবিধাসমূহ

প্রচলিত পদ্ধতিতে খাদ্য শস্য সংরক্ষণে সবচেয়ে বড় অসুবিধা হলো দুটি। প্রথমটি হল পোকায় ও ইঁদুরে নষ্ট করা। ধান সংরক্ষণের ক্ষেত্রে ইঁদুর নষ্ট করে বলে ৪১.৩% উত্তরদাতা উল্লেখ করেছেন আর পোকায় নষ্ট করে বলে উল্লেখ করেছেন ৪২.৯% উত্তরদাতা। ধান বীজের ক্ষেত্রে ইঁদুর নষ্ট করে বলে জানিয়েছেন ৩৩.১% উত্তরদাতা ও পোকায় নষ্ট করে বলে উল্লেখ করেছেন ৩৫%। চালের ক্ষেত্রে প্রায় ৩০% উত্তরদাতা ইঁদুর ও পোকার কথা উল্লেখ করেছেন। গমের ক্ষেত্রে নষ্ট করার কথা কম উত্তরদাতাই বলেছেন। সম্ভবত গম রক্ষণের হার কম। উপরোল্লিখিত দু'টি কারণ ছাড়াও তৃতীয় কারণ হিসেবে ধান বীজের ক্ষেত্রে বীজ গজায় না/কম গজায় বলে উল্লেখ করেছেন প্রায় ১৪% উত্তরদাতা (সারণি-৮.১৫)।

সারণি -৮.১৫: প্রচলিত পদ্ধতিতে খাদ্য শস্য সংরক্ষণে অসুবিধাসমূহ

প্রচলিত পদ্ধতিতে খাদ্য শস্য সংরক্ষণের অসুবিধা সমূহ	অসুবিধাসমূহ							
	ধান		ধান বীজ		চাল		গম	
	n	%	n	%	n	%	n	%
ইঁদুর নষ্ট করে	৩২০	৪১.৩	২৫৬	৩৩.১	২২৮	২৯.৫	৮	১.০
পোকায় নষ্ট করে	৩৩২	৪২.৯	২৭১	৩৫.০	২৩১	২৯.৮	১১	১.৪
পাত্রের নিচের ধান চাল নষ্ট হয়	৩০	৩.৯	২৯	৩.৭	২৯	৩.৭		০.০
বীজ গজায় না/ কম গজায়			১০৭	১৩.৮			৯	১.২
হাঁস মুরগী নষ্ট করে	৪৪	৫.৭	৪৪	৫.৭	৪৪	৫.৭	৬	০.৮
উজ্বলতা নষ্ট হয়	৪০	৫.২	৪০	৫.২	৪০	৫.২		০.০
গুণগত মান নষ্ট হয়	৫৭	৭.৪	৫৭	৭.৪	৫৭	৭.৪	১	০.১
মোট	৮২৩	১০৬	৮০৪	১০৩.৯	৬২৯	৮১.৩	৩৫	৪.৫

বিঃদ্রঃ একজন উত্তর দাতা একাধিক উত্তর দিয়েছেন।

৮.১.১১ পারিবারিক পর্যায়ের সর্বশেষ বন্যা এবং প্রাকৃতিক দুর্যোগ/ঘুর্ণিঝড়ে নষ্ট হওয়া মজুদকৃত খাদ্য শস্যের পরিমাণ

সর্বশেষ প্রাকৃতিক দূর্যোগের ফলে মজুদকৃত আমন ধান নষ্ট হয়েছে বলে মো ট ৭৭৪ উত্তরদাতার মধ্যে ২১৯ (২৮.৩%) উল্লেখ করেছেন। তাঁদের মজুদকৃত আমন ধানের গড় ক্ষতির পরি মান ১১৩.৩ কেজি যা মোট উত্তরদাতার পরিপ্রেক্ষিতে ৩২.১ কেজি। প্রায় ১৩% উত্তরদাতা তাঁদের মজুদকৃত আমন চালের ক্ষতি গ্রস্থ হয়েছে বলে উল্লেখ করেছেন (সারণি-৮.১৬)।

সর্বশেষ বন্যা এবং প্রাকৃতিক দূর্যোগ/ঘুর্ণিঝড়ের ফলে মজুদকৃত আমন চাল নষ্ট হয়েছে বলে ৭৭৪ উত্তরদাতার মধ্যে ৯৯ (১২.৮%) উত্তরদাতা উল্লেখ করেছেন। তাঁদের গড় ক্ষতির পরিমান ৫৬.৭ কেজি যা মোট উত্তরদাতার (৭৪৪) পরিপ্রেক্ষিতে ৭.৩ কেজি। বোর ধান নষ্ট হয়েছে বলে তথ্য দিয়েছেন ৭০উত্তরদাতা (৯.০%) (সারণি-৮.১৬)।

সারণি-৮.১৬: পারিবারিক পর্যায়ের সর্বশেষ বন্যা এবং প্রাকৃতিক দুর্যোগ/ঘুর্ণিঝড়ে নষ্ট হওয়া মজুদকৃত খাদ্য শস্যের পরিমাণ

শস্যের ধরণ	ক্ষতিগ্রস্থ খানা		গড় পরিমান (কেজি)	
	সংখ্যা	শতকরা হার	মোট খানার প্রেক্ষিতে	ক্ষতিগ্রস্থ খানার প্রেক্ষিতে
আমন ধান	২১৯	২৮.৩	৩২.১	১১৩.৩
আমন চাল	৯৯	১২.৮	৭.৩	৫৬.৭
বোর ধান	৭০	৯.০	১৭.৭	১৯৫.৬
বোর চাল	২৩	৩.০	১.৮	৬০.৪
আউশ ধান	৭	০.৯	০.৪	৩৮.৬
N=৭৭৪			৬১.৫	

৮.১.১২ পারিবারিক পর্যায়ের সর্বশেষ বন্যা এবং প্রাকৃতিক দূর্যোগ/ঘুর্ণিঝড়ে নষ্ট হওয়া মজুদকৃত শস্যের বীজেরপরিমাণ

মোট ৭৭৪ উত্তরদাতা মধ্যে ৫৪ খানা অর্থাৎ ৭% খানা সর্বশেষ প্রাকৃতিক দূর্যোগের সময় সংরক্ষিত আমন ধা নের বীজ ক্ষতিগ্রস্থ হয়েছে বলে তথ্য দিয়েছেন। মোট খানার পরিপ্রেক্ষিতে এদের গড় আমন বীজের ক্ষতির পরিমান ২.৮ কেজি এবং ক্ষতিগ্রস্থ খানার পরিপ্রেক্ষিতে এদের ক্ষতির পরিমান ৩৯.৭ কেজি। বোর ধানের বীজ সংরক্ষণের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে ৩০ জন উত্তরদাতা বলেছেন যে তাঁদের বোর বীজ ক্ষতিগ্রস্ত হয়েছে। এরা মোট খানার ৩.৯%। এদের গড় ক্ষতির পরিমান মোট খানার পরিপ্রেক্ষিতে ২.৯ কেজি কিন্তু ক্ষতিগ্রস্থ খানার পরিপ্রেক্ষি তে গড় ক্ষতির পরিমান ৭৪.৪ কেজি (সারণি-৮.১৭)।

সারণি-৮.১৭: পারিবারিক পর্যায়ের সর্বশেষ বন্যা এবং প্রাকৃতিক দূর্যোগ/ঘুর্ণিঝড়ে নষ্ট হওয়া মজুদকৃত শস্যের বীজেরপরিমাণ

মজুদকৃত বীজের ধরণ	ক্ষতিগ্রস্থ খানা		গড় পরিমান (কেজি)	
	সংখ্যা	শতকরা হার	মোট খানার প্রেক্ষিতে	ক্ষতিগ্রস্থ খানারপ্রেক্ষিতে
আমন ধান	৫৪	৭.০	২.৮	৩৯.৭
বোর ধান	৩০	৩.৯	২.৯	৭৪.৪
N=৭৭৪				

৮.১.১৩ পারিবারিক পর্যায়ে বন্যা/ঘুর্ণিঝড় থেকে খাদ্য শস্য ও বীজের ক্ষতি কমানোর উপায়সমূহ

উত্তরদাতাগণ পারিবারিক পর্যায়ে প্রাকৃতিক দূর্যোগে ফলে সংরক্ষিত বীজের ক্ষতি কমানের উপায় নিয়ে বিভিন্ন ধরণের সুপারিশ করেছেন। সবচেয়ে বেশী সুপারিশ করেছন ড্রামে সংরক্ষেণের জন্য। ধানের ক্ষেত্রে ড্রামে সংরক্ষণের জন্য প্রায় ৬৯% উত্তরদাতা, ধান বীজের জন্য ৭৩.২% উত্তরদাতা, চাল সংরক্ষণের জন্য ৭০% উত্তরদাতা ও গম সংরক্ষণের জন্য ৬৪.৩% উত্তরদাতা সুপারিশ করেছেন। হাউজহোল্ড সাইলোর মাধ্যমে সংরক্ষণের জন্য সুপারিশ করেছেন ধানের ক্ষেত্রে মাত্র ৪.৪% উত্তরদাতা, ধান বীজের ক্ষেত্রে ৫.২% উত্তরদাতা, চালের ক্ষেত্রে ৬.৭% উত্তরদাতা (সারণি-৮.১৮)। যেহেতু তাঁরা এখনও হাউজহোল্ড সাইলো পায়নি তাই তাঁরা এটাকে বিবেচনায় আনেন নি।

সারণি-৮.১৮:পারিবারিক পর্যায়ে বন্যা/ঘুর্ণিঝড় থেকে খাদ্য শস্য ও বীজের ক্ষতি কমানোর উপায়সমূহ

ক্ষতি কমানোর উপায়	সুপারিশসমূহ (%)							
	ধান		ধান বীজ		চাল		গম	
	n	%	n	%	n	%	n	%
বস্তায় রেখে	১০৫	২৭.৪	৩৫	১০.৮	৩১	১২.৩		
মাটির পাত্র যেমন-মাইটা/কলসী	১৪০	৩৬.৬	১৫৯	৪৮.৯	১২৪	৪৯.০	৫	৩৫.৭
ড্রামে রেখে	২৬৩	৬৮.৭	২৩৮	৭৩.২	১৭৭	৭০.০	৯	৬৪.৩
শুকিয়ে রাখিলে	৯৫	২৪.৮	৯৩	২৮.৬	৯৩	৩৬.৮	১৩	৯২.৯
ভাল ভাবে সংরক্ষণ করলে	৪১	১০.৭	৪১	১২.৬	৪১	১৬.২		
সাইলো ব্যবস্থা	১৭	৪.৪	১৭	৫.২	১৭	৬.৭	১	৭.১
অন্যান্য	১৫	৬.৫	১৭	৫.২	১৭	৬.৭		
মোট	৬৮১	১৭৯.১	৬০০	১৮৪.৫	৫০০	১৯৭.৭	২৮	২০০

বিঃদ্রঃ একজন উত্তরদাতা একাধিক সুপারেশ রেখেছেন।

৮.১.১৪ সরকার থেকে খাদ্য সহায়তা পাওয়ার ব্যাপ্তি

উত্তরদাতাদের অনেকেই ২০১৭ সালে সরকারের খাদ্য নিরাপত্তা কার্যক্রমের মাধ্যমে চাল ও গম পেয়েছেন। কাবিখা (FFW) মাধ্যমে পাওয়া চালের পরিমান ৩০ কেজি। যারা কাবিখার মাধ্যমে চাল পেয়েছেন তাঁদের সবাই যথা সময়ে চাল পেযয়ছেন বলে উল্লেখ করেছেন। চাল প্রাপ্তদের মধ্যে প্রায় ৮৯% উল্লেখ করেছেন যে চালের পরিমান পর্যাপ্ত ছিল এবং চালের গুণগত মান ভাল ছিল বলে উল্লেখ করেছেন প্রায় ৮৯% উত্তরদাতা। ভিজিডি (VGD) কর্মসূচীর মাধ্যমেও

অনেকেই চাল পেয়েছে যার গড় পরিমান ২৯.৯ কেজি। যারা ভিজিডি-র মাধ্যমে চাল পেয়েছেন তাঁদের ৯৭.২% উত্তরদাতা যথাসময়ে পেয়েছেন বলে উল্লেখ করেছেন, পরিমানে পর্যাপ্ত ছিল বলে উল্লেখ করেছেন ৭১.৭% উত্তরদাতা । গুণগত মান নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেছেন ৯১.১% উত্তরদাতা। ভিজিএফ (VGF) কর্মসূচীর মাধ্যমে গড়ে চাল পেয়েছেন ২৯.৫ কেজি করে। যথাসময়ে চাল পেয়েছেন বলে উল্লেখ করেছেন ৯৪.৭% উত্তরদাতা, পরিমান পর্যাপ্ত ছিল বলে উল্লেখ করেছেন ৯৭.৪% উত্তরদাতা এবং গুণগত মান ভাল ছিল বলে উল্লেখ করেছেন সকল উত্তরদাতা। টেস্ট রিলিফের মাধ্যমে অনেক উত্তরদাতা চাল পেয়েছেন বলে উল্লেখ করেছেন যার গড় পরিমান ১৪ কেজি। যথাসময়ে চাল পেয়েছেন বলে উল্লেখ করেছন ৮০% উত্তরদাতা, পরিমান পর্যাপ্ত ছিল বলে উল্লেখ করেছেন ৮০% উত্তরদাতাএবং চালের গুণগত মান ভাল ছিল বলে উল্লেখ করেছেন ৮০% উত্তরদাতা (সারণি-৮.১৯)।

২০১৭ সালে অনেক উত্তরদাতা কাবিখা (FFW) কাজের মাধ্যমে গম পেয়েছেন বলে উল্লেখ করেছেন। যারা কাবিখা-এর মাধ্যমে গম পেয়েছেন তাঁদের প্রাপ্ত গমের পরিমা ন ছিল ১০ কেজি। অনেক উত্তরদাতা ভিজিএফ-এর মাধ্যমে গম পেয়েছেন বলে উল্লেখ করেছেন যার গড় পরিমান ছিল ৩০ কেজি। যে সকল উত্ত রদাতা কাবিখা ও ভিজিএফ -এর মাধ্যমে গম পেয়েছেন তাঁদের সকলেই উল্লেখ করেছেন যে তাঁরা সময়মতো ও পর্যাপ্ত পরিমানে গম পেয়েছেন এবং গমের গুণগত মান নিয়ে সবাই সন্তুষ্টি প্রকাশ করেছেন (সারণি-৮.১৯)।

সারণি-৮.১৯:সরকার থেকে খাদ্য সহায়তা পাওয়ার ব্যাপ্তি

প্রাপ্তির বছর	খাদ্য সামগ্রী গম	উৎস	গড় পরিমাণ পেয়েছে (কেজি)	যথাসময়ে পেয়েছে %)	পরিমাণ পর্যাপ্ত (%)	গুণগত মান ভাল (%)
২০১৭	চাল	কাবিখা *(FFW)*	৩০.০	১০০.০	৮৮.৯	৮৮.৯
		VGD	২৯.৯	৯৭.২	৭১.৭	৯১.১
		VGF	২৯.৫	৯৪.৭	৯৭.৪	১০০.০
		টেস্ট রিলিফ *(TR)*	১৪.০	৮০.০	৮০.০	৮০.০
২০১৭	গম	কাবিখা *(FFW)*	১০.০	১০০.০	১০০.০	১০০.০
		VGD				
		VGF	৩০.০	১০০.০	১০০.০	১০০.০

৮.১.১৫ উৎস মোতাবেক বার্ষিক গড় আয়(২০১৭)

সারণী-৮.২০ তে আয়ের উৎস মোতাবেক জরীপকৃত খানার বার্ষিক (২০১৭) গড় আয় উপস্থাপন করা হয়েছ। উক্ত সারণি থেকে দেখা যাচ্ছে যে ৯২.৫% খানা মাঠ ফসল (field crop), ফল এবং শাক-সব্জি থেকে আয় করে থাকেন। প্রাণী সম্পদ (হাঁস/মুরগীসহ) খাত থেকে ৮৫.৩% খানা আয় করে থাকেন। মাছ চাষ থেকে আয় করে থাকে ৪২.৮% খানা ও ব্যবসা/ক্ষুদ্র ব্যবসা থেকে আয় আসে ৩১.৮% খানার। চাকুরি খাত থেকে আয় করে ২৯.৯% খানা (সারণি-৮.২০)।

টাকার হিসেবে জরিপকৃত খানার বার্ষিক গড় আয়ের পরিমান ১৩৬৮৫৩ টাকা। খাতওয়ারী সর্বোচ্চ আয় আসে মাঠ ফসল (field-crop), ফল এবং শাক-সব্জি খাত থেকে। এ খাতের বার্ষিক ড় আয় ৬৭১৮৯ টাকা যা মোট গড় আয়ের ৪৯.১%। দ্বিতীয় সর্বোচ্চ আয়ের খাত হলো ব্যবসা/ক্ষুদ্র ব্যবসা যে খাত থেকে গড় বার্ষিক আয় ১৩৫১৬ টাকা যা মোট গড় আয়ের ১৭.২%। তৃতীয় সর্বোচ্চ আয়ের খাত হলো চাকুরী যে খাতের গড় বার্ষিক আয় ১৯২৮৩ টাকা যা মোট গড় আয়ের ১৪.১%। প্রাণী সম্পদ ও মাছ চাষ থেকে গড় বার্ষিক আয় যথাক্রমে ১৬৯০১ টাকা ও ৯৯৬৩ টাকা যা মো বার্ষিক গড় আয়ের ১২.৩% ও ৭.৩%। মূলত জরীপকৃত খানাগুলো কৃষি ও উপ-কৃষি নির্ভর কারণ এ দু খাত থেকে মোট বার্ষিক গড় আয় ৯৪০৫৩ টাকা যা মোট গড় আয়ের ৬৮.৭% (সারণি-৮.২০)।

সারণি-৮.২০: উৎস মোতাবেক বার্ষিক গড় আয় (২০১৭)

আয়ের উৎস	উত্তরদাতার		মোট বার্ষিক গড় আয়	
	সংখ্যা	%	পরিমাণ (টাকা)	%
চাকুরী	২১৬	২৭.৯	১৯২৮৩	১৪.১
মাঠ ফসল, ফল এবং শাকসবজী	৭১৬	৯২.৫	৬৭১৮৯	৪৯.১
প্রাণী সম্পদ (হাঁস/মুরগীসহ)	৬৬০	৮৫.৩	১৬৯০১	১২.৩
মাছ চাষ	৩৩১	৪২.৮	৯৯৬৩	৭.৩
ব্যবসা/ক্ষুদ্র ব্যবসা	২৪৬	৩১.৮	২৩৫১৬	১৭.২
মোট	৭৭৪	১০০	১৩৬৮৫৩	১০০.০

বিঃদ্র: জরীপকৃত খানাগুলি একাধিক উৎস থেকে আয় করে থাকে।

৮.১.১৬ খাত অনুসারে বার্ষিক ব্যয় (২০১৭)

জরিপকৃত খানার বার্ষিক গড় ব্যয়ের তথ্য সংগ্রহ করা হয়েছে যা সারণী -৮.২১ তে উপস্থাপন করা হয়েছে। জরীপকৃত খানাগুলোর বার্ষিক (২০১৭) গড় ব্যয় ১০১৮৪৩ টাকা। ব্যয়ের উল্লেখযোগ্য অংশই খরচ হয় খাদ্য খাতে। এ খাতে বার্ষিক গড় ব্যয় ৬৪৯৩২ টাকা যা বার্ষিক ব্যয়ের ৬৩.৮%। পরের উল্লেখযোগ্য খাত হচ্ছে শিক্ষা খাত। এ খাতে বার্ষিক গড় ব্যয় ১৩২৫২ টাকা যা মোট ব্যয়ের ১৩%। স্বাস্থ ও পোষাক খাতে ব্যয় যথাক্রমে ৫৫৫৩ টাকা ও ৫৬৩১ টাকা যা মোট গড় বার্ষিক ব্যয়ের ৫.৫ শতাংশ করে। সর্বোনিম্ন ব্যয় বিনোদন খাতে। এ খাতে ব্যয় ১৮৫০ টাকা যা মোট বার্ষিক গড় ব্যয়ের মাত্র ১.৮%। **(সারণি-৮.২১)**

সারণি-৮.২১: খাত অনুসারে বার্ষিক ব্যয় (২০১৭)

ব্যয়ের খাত	উত্তরদাতা		মোট বার্ষিক গড় ব্যয়	
	সংখ্যা	শতাংশ	পরিমাণ (টাকা)	শতাংশ
খাদ্য	৭৭৪	১০০	৬৪৯৩২	৬৩.৮
স্বাস্থ্য সেবা	৭৭৪	১০০	৫৫৫৩	৫.৫
পোশাক	৭৭০	৯৯.৫	৫৬৩১	৫.৫
বাসস্থান	৪৫০	৫৮.১	৩৭২৩	৩.৭
শিক্ষা	৫৯০	৭৬.২	১৩২৫২	১৩.০
বিনোদন	৫০২	৬৪.৯	১৮৫০	১.৮
উৎসব	৭৩০	৯৪.৩	৬৯০১	৬.৮
মোট	৭৭৪	১০০	১০১৮৪৩	১০০

বিঃদ্র: জরীপকৃত খানাগুলি একাধিক উৎসে ব্যয়।

৮.১.১৭ মহিলাদের চলাচল

বাংলাদেশে নারীদের ক্ষমতায়নের লক্ষ্যে সরকারী ও বেসরকারী পর্যায়ে বিভিন্ন উদ্যোগ নেয়া হয়েছে। নারীদের ক্ষমতায়ন কতটুকু অগ্রগতি হয়েছে তা পরিমাপ করা সম্ভব নয়। তবে কয়েকটি নির্দেশকের (indicators) মাধ্যমে বর্তমান জরিপ তা পরিমাপ করার চেষ্টা করেছে। এ নির্দেশকগুলি হল মূলতঃ নারীরা বাড়ির বাহিরে চলাচলে কতটুকু স্বাধীনতা ভোগ করেন এবং পারিবারিক বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে কতটুকু অংশ গ্রহণ করেন **(সারণি-৮.২২)।**

গমনাগমনের উপর প্রাপ্ত জরিপের ফলাফল সারণি- ৮.২২ তে উপস্থাপন করা হয়েছে। এতে দেখা যাচ্ছে যে ৯৪.৪% নারী নিয়মিত আত্মীয়ের বাড়ি যায়, স্থানীয় শহরে যাওয়া সম্পর্কে ৫৫.২% ইতিবাচক জবাব দিয়েছেন। তাঁরা প্রতি মাসে গড়ে

১.৮ বার আত্মীয়ের বাড়ি যায় এবং ২.৩ বার শহরে যায় বলে উল্লেখ করেছেন। নারীদের স্বাস্থকেন্দ্রে যাওয়ার হার ৭৭.৫% এবং প্রতি মাসে ১.৯ বার স্বাস্থ্ কেন্দ্রে যান বলে উল্লেখ করেছেন। এনজিও অফিসে যাওয়া প্রসঙ্গে ৫২.২% নারী ইতিবাচক জবাব দিয়েছেন এবং তারা প্রতি মাসে ১.৫ বার এনজিও অফিসে যান বলে জানিয়েছেন। সরকারী অফিস ও স্থানীয় ব্যাংকে যাওযার হার আপেক্ষিকভাবে খুবই কারণ মাত্র ১৫.৫% নারী উপজেলাতে সরকারি অফিসে ও ২০.৮% নারী স্থানীয় ব্যাকেং যান বলে জানিয়েছেন। **(সারণি-৮.২২)**

সারণি-৮.২২: মহিলাদের চলাচল

স্থান	উত্তরদাতার সংখ্যা	উত্তরদাতার %	প্রতিমাসে গড় পরিদর্শনের সংখ্যা
আত্মীয়ের বাড়ি	৭৩১	৯৪.৪	১.৮
NGO অফিস	৪০৪	৫২.২	১.৫
স্বাস্থ্য কেন্দ্র	৬০০	৭৭.৫	১.৯
উপজেলাতে সরকারি অফিস	১২০	১৫.৫	১.২
স্থানীয় শহর	৪২৭	৫৫.২	২.৩
স্থানীয় ব্যাংক	১৬১	২০.৮	১.১

৮.১.১৮ সিদ্ধান্ত গ্রহণ

সারণি-৮.২৩ তে জরিপে প্রাপ্ত নারীর পারিবারিক বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহেণে কতটুক ভূমিকা রাখে সে তথ্য উপস্থাপন করা হয়েছে। এতে দেখা যাচ্ছে যে ১.৪% নারী এককভাবে অর্থব্যয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। অন্যদিকে ৪২.২% পুরুষ সদস্য এককভাবে অর্থব্যয়ে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। তবে, ৫৬.৩% উত্তরদাতা জানিয়েছেন যে উভয় মিলে অর্থব্যয়ে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। পারিবারিক বিষয়ে মাত্র ৫.৯% নারী এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেণ। এ ক্ষেত্রে ২০.৮% পুরুষ সদস্য এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। তবে ৭৩.৪% উত্তরদাতা জানিযেছেন যে উভয় মিলে পারিবারিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। পারিবারিক সঞ্চয় সৃষ্টি ও আমানতের স্থান নির্বাচন সংক্রান্ত সিদ্ধান্তের ক্ষেত্রে নারীদের একক কর্তৃত্ব খুবই সীমিত কারণ মাত্র ৪.৩% নারী পারিবারিক সঞ্চয় সৃষ্টি জন্য ও ৩% নারী আমানতের স্থান নির্বাচন সংক্রান্ত সিদ্ধান্ত এককভাবে গ্রহণ করতে পারেন। বিপরীতে ১২.৮% পুরুষ এককভাবে সঞ্চয় সৃষ্টির বিয়য়ে ৪৩.১% পুরুষ এককভাবে সঞ্চয় আমানতের স্থান নির্বাচনে সিদ্ধান্ত গ্রহণ পারেন বলে সমীক্ষার ফলাফল বলছে। তবে ৮২.৯% উত্তরদাতা বলছেন যে উভয় মিলেই সঞ্চয় সৃষ্টির বিয়য়ে সিদ্ধান্ত গ্রহণ করেন এবং ৫৩.৯% উত্তরদাতা বলছেন যে নারী ও পুরুষ উভয়ে মিলেই সঞ্চয় আমানতের স্থান নির্বাচনে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন **(সারণি-৮.২৩)।**

সারণি-৮.২৩:সিদ্ধান্ত গ্রহণ

সিদ্ধান্ত গ্রহণের বিষয়সমূহ	উত্তরদাতা (%)		
	পুরুষ	মহিলা	উভয়
অর্থব্যয়ে সিদ্ধান্ত গ্রহণ	৪২.২	১.৪	৫৬.৩
পারিবারিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ	২০.৮	৫.৯	৭৩.৪
সঞ্চয় সৃষ্টির বিয়য়ে সিদ্ধান্ত গ্রহণ	১২.৮	৪.৩	৮২.৯
সঞ্চয় আমানতের স্থান নির্বাচনে সিদ্ধান্ত গ্রহণ	৪৩.১	৩.০	৫৩.৯

৮.২ ফোকাস গ্রুপ আলোচনা

''আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ –এর লক্ষ্যে মোট ১৮টি উপজেলায় ১৮টি ফোকাস গ্রুপ (দলীয়) আলোচনা পরিচালনা করা হয়েছে। অর্থাৎ প্রতি উপজেলায় একটি করে ফোকাস গ্রুপ/দলীয় আলোচনা পরিচালনা করা হয়েছ। প্রতিটি ফোকাস গ্রুপ আলোচনায় অংশ গ্রহণ করেন সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা খাদ্য কর্মকর্তা, সার্ভিস প্রোভাইডারের (ডিপিডিএস) প্রতিনিধি, ধান কলের মালিক/ধানের ব্যবসায়ী ও হাউজহোল্ড সাইলোর উপকারভোগী ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ। দলীয় আলোচনার জন্য একটি চেকলিস্ট তৈরি করা হয় যার ভিত্তিতে দলীয় আলোচনা পরিচালিত হয়। নিম্নে উক্ত ১৮টি দলীয় আলোচনার ফলাফল উপস্থাপন করা হলো। **(পরিশিষ্ট-৯)**

হাউজহোল্ড সাইলো/ বিন উপকারভোগী গ্রুপ

১. হাউজ হোল্ড সাইলো/বিন-এর সুবিধাভোগী বাছাই প্রক্রিয়া

উপজেলা পর্যায়ে একটি কৃষি পূর্ণবাসন কমিটি আছে। উক্ত কমিটির সভাপিত হলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদস্য-সচিব হলেন উপজেলা কৃষি কর্মকর্তা। উপজেলা খাদ্য কর্মকর্তাসহ অন্যান্য সংশ্লিষ্ট উপজেলা কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলার সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ উক্ত কমিটির সদস্য।

হাউসহোল্ড সাইলো/বিনের সুবিধাভোগী নির্রাচনের জন্য প্রকল্প থেকে একটি সার্ভিস প্রোভাইডার নির্বাচন করা হয়। উক্ত সার্ভিস প্রোভাইডার কৃষি পূর্ণবাসন কমিটির সাথে সমন্ন্য করে হাউসহোল্ডের সুবিধাভোগী নির্বাচন করে। সুবিধাভোগী নির্বাচনের লক্ষ্যে সার্ভিস প্রোভাইডার প্রথমে উপজেলা কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করেন। তারপর উপজেলা কৃষি অফিসারসহ উপজেলা নির্বাহী কর্মকর্তা সাথে যোগাযোগ করেন। পরবর্তীতে, ওয়ার্ডভিত্তিক সুবিধাভোগী নির্বাচনের লক্ষ্যে উপজেলা সহকারী কৃষিকর্মর্তাসহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের সাথে সাক্ষাৎ করেন। জনসাধারণকে অবহিত করার জন্য সার্ভিস প্রোভাইডার উপজেলার বিভিন্ন স্থানে পোস্টার সেঁটে দেন। ইউনিয়ন পরিষদ অফিসে বা পূর্ব কোন নির্দিষ্ট স্থানে ও নির্দিষ্ট সময়ে সভার আয়োজন করেন। তারপর মাইকিংয়ের মাধ্যমে উক্ত সভা ও সময় সম্পর্কে জনগণকে অবহিত করেন। উক্ত সভায় জনগণকে প্রকল্পের উদেশ্য ও সুবিধাভোগী নির্বাচনের ক্রাইটারিয়া সম্পর্কে অবহিত করা হয়। তারপর ফোকাস গ্রুপ (দলীয়) আলোচনার মাধ্যমে প্রাথমিকভাবে সুবিধাভোগী নির্বাচন করা হয়। তারপর সার্ভিস প্রোভাইডার নির্বাচিত সুবিধাভোগীদের তালিকার ডাটা-বেইজ তৈরি করে। উক্ত ডাটা বেইজ-তৈরির পর উপজিলা নির্বাহী কর্মকর্তার অনুমোদন গ্রহণ করেন।

২. হাউজ হোল্ড সাইলোর সুবিধাভোগী নির্ধারণে শর্ত ছিল

হাউজহোল্ড সাইলোর সুবিধাভোগী নির্ধারণে কয়েকটি শর্ত ছিল। শর্তগুলো হ'লো:

- ইউনিয়নের ভিজিডি, ভিজিএফ, বয়স্ক ভাতা, বিধবা ভাতা ইত্যাদি সকল সুবিধাভোগী।
- হাউজহোল্ড প্রধান প্রতিনিধি হাউজহোল্ড
- ভূমিহীন বর্গাচাষী
- প্রান্তিক চাষী
- মহিলা প্রধান দরিদ্র খানা, ইত্যাদি

ফোকাস গ্রুপ দলীয়) আলোচনায় অংশগ্রহণকারীগণ মোটামোটিভাবে উক্ত শর্তগুলো সম্পর্কে অবহিত আছেন।

৩. সিলেকশন প্রক্রিয়ার পূর্ব নির্ধারিত শর্তসমূহ সঠিকভাবে মানা

ফোকাস গ্রুপ আলোচনায় অংশগ্রহণকারীগণের মতে হাউসহোল্ড সাইলোর সুবিধাভোগী নির্বাচনের জন্য নির্ধারিত শর্তসমূহ সঠিক ভাবে মানা হয়েছে।

৪. নির্বাচন প্রক্রিয়ার মূল্যায়ন

ফোকাস গ্রুপ আলোচনায় অংশ গ্রহণকারীদের মতে শুধু মাত্র ইউনিয়ন পরিষদ মেম্বারদের ইচ্ছা বা সার্ভিস প্রোভাইডারের ইচ্ছা বা কোন রাউনৈতিক নেতার প্রভাব কাজ করেনি। সার্ভিস প্রোভাইডার সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়া (সিলেকশন প্রসেস) সম্পর্কে সকলকে যথাযথভাবে অবহিত করেছেন। তারপর যাচাই বাছাই হয়েছে। অভিযোগ নিরসন কমিটির মাধ্যমে অনুমোদিত হয়েছে। তারপর তালিকা চূড়ান্ত ভাবে তৈরী করা হয়েছে যা ফোকাস গ্রুপ আলোচণায় অংশগ্রহণকারীদের কাছে সঠিক মূল্যায়ন বলে মনে হয়েছে।

৫. প্রকল্পের উদ্দেশ্য ব্যাখ্যা সম্পর্কে অবহিতকরণ

প্রথমে সার্ভিস প্রোভাইডার উপজেলায় এসে উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়োন্ত্রকসহ উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাদের প্রকল্প সম্পর্কে অবহিত করেন এবং পরবর্তী পর্যায়ে প্রতিটি ইউনিয়নে গিয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারদের নিয়ে একটি দলীয় আলোচনা করে ন। উক্ত দলীয় আলোচনায় সোর্ভিস প্রোভাইডার হাউজহোল্ড সাইলো কি, কাদের মধ্যে বিতরণ করা হবে, কেন বিতরণ করা হবে অর্থাৎ হাউজহোল্ড সাইলো দিয়ে উপকারভোগীদের কি ধরণের উপকার হবে ইত্যাদি বিষয়ে আলোকপাত করেন।

৬. সিলেকশন প্রক্রিয়ার স্বচ্ছতা

দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের মতে সিলেকশন প্রক্রিয়া যথেষ্ঠ স্বচ্ছ ছিল।

৭. হাউজহোল্ড সাইলো/ বিন-এর মূল্য

দলীয় আলোচনায় অংশগ্রহণকারীগণ জানান যে প্রতিটি হাউজহোল্ড সাইলো/বিন তৈরি ও সুবিধাভোগীদের মধ্যে বিতরণ করতে ১৪-১৫ শত টাকা খরচ পড়বে এবং সুবিধাভোগীদের থেকে ভর্তুকি মূল্য হিসাবে ৮০ টাকা আদায় করা হবে। তাই তাঁদের মতে ৮০ টাকা সুবিধাভোগীদের জন্য যথেষ্ট সাশ্রয় মূল্য যা পরিশোধ করতে কারো কোন সমস্যা হবে না।

৮. হাউজহোল্ড সাইলো/বিন-এর ধারণ ক্ষমতা

দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের জানা মতে প্রতিটি হাউসহোল্ড সাইলো/বিন এর ধারণ ক্ষমতা পানি জাতীয় দ্রব্য ৭০ লিটার এবং দানা শস্য জাতীয় দ্রব্য ৫৬ কেজি পর্যন্ত। অংশগ্রহণকারীদের মতামত হাউজহোল্ড সাইলোরের ধারণ ক্ষমতা যথাযথ।

৯. হাউজহোল্ড সাইলো/বিন-এর গুণগত মান

যেহেতু হাউসহোল্ড সাইলো বিতরণ করা হয়নি তাই এর গুণগত মান সম্পর্কে কোন ধারণা নেই বলে দলীয় আলোচনায় অংশগ্রহণকারীগণ জানান। তবে তাঁরা শুনেছেন যে এটা খুবই ভাল মানের । এটি এয়ার টাইড বা বায়ূ নিরোধকারী এবং এতই শক্ত যে উপর থেকে ভর্তি সাইলো ফেলে দিলে ভেঙ্গে যাবে না। পানি ভিতরে প্রবেশ করতে পারবে না। এটার মধ্যে খাদ্য শস্য রাখলে খাদ্য শস্য নষ্ট হবে না, ইত্যাদি।

১০. হাউজহোল্ড সাইলো/বিন-এর বিতরণ পরিকল্পনা এবং এর প্রাসংগিকতা

ইউনিয়ন পরিষদ সদস্যদের (ইউপি মেম্বারদের) মতে প্রকল্পের নিজেস্ব অর্থায়নে প্রতিটা ইউনিয়নে সাইলো পৌঁছানো এবং যারা তালিকা করেছিলেন তাদের মাধ্যমে কিংবা কোন সরকারী দপ্তরের মাধ্যমে উপকারভোগীদের কাছে পৌঁছানোর ব্যবস্থা করা হলে সুবিধাভোগী জনগনের আরো উপকৃত হবেন। এদিকে উপকারভোগীদের মতামত হলো যেমন ভাবে তালিকা তৈরী করার সময় ওয়ার্ড ভিত্তিক সভার মাধ্যমে করা হয়েছিল ঠিক তেমনি ভাবে সাইলো/বিন ওয়ার্ড ভিত্তিক জনসম্মুখে তালিকা অনুযায়ী বিতরণ করা হলে ভাল হবে।

১১. হাউজহোল্ড সাইলো/বিন-এর উপকার

হাউজহোল্ড সাইলো/বিনে ধান, চাল, বীজ ধান, গম, সরিষাসহ ইত্যাদি জাতীয় শস্য রাখা হবে এবং এগুলো পোকা-মাকড় ও ইঁদুরের হাত থেকে রক্ষা পাবে। যেহেতু এই ধরণের সাইলো পানিতে ডুবে না, আবার এর ভিতরে পানিও ঢুকে না তাই বন্যা/দূর্যোগকালীন সময়ে এর ভিতরে শুকনা খাবার রেখে এর মুখটি ভালোভাবে আটকে দিয়ে খাবার রক্ষা করা যাবে যা বন্যা/দূর্যোগ পরবর্তীতে খুবই কাজে লাগবে। এর ভিতরে বীজ সংরক্ষণ করা হলে বীজের গুণগত মান অটুট থাকবে যা ভালমানের ফসল ফলাতে সহায়ক হবে।

১২. মহিলা খানা প্রধান ও হাউজ হোল্ড সাইলো/বিন বিতরণ

মহিলা খানা প্রধান উপকারভোগীর সংখ্যা অনেক কম হয়েছে বলে দলীয় আলোচনায় অংশগ্রহণকারা মতামত প্রদান করেন। তাঁদের মতে পুরুষ ৬০% ও মহিলা ৪০% হারে হাউজহোল্ড সাইলো/বিন বিতরণ করার দরকার ছিল।

১৩. খাদ্য নিরাপত্তার প্রেক্ষাপটে হাউজ হোল্ড সাইলো/ বিন

বীজ সংরক্ষণ ও দূর্যোগ মুহূর্তে খাদ্য সংরক্ষণ করা সম্ভব হবে বলে খাদ্য নিরাপত্তা বাড়বে বলে দলীয় আলোচনা য় অংশগ্রহণকারীগণ মনে করেন।

১৪. হাউজহোল্ড সাইলো ব্যবহারের উপর প্রশিক্ষণ

যেহেতু হাউজহোল্ড সাইলো/বিন এখনও বিতরণ করা হয়নি তাই কোন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়নি। তবে হাউজহোল্ড সাইলো ব্যবহারের উপর প্রশিক্ষণের প্রয়োজন আছে সবাই একমত পোষন করেন।

আধুনিক স্টীল সাইলো খাদ্য সংরক্ষণাগার উপকারভোগী গ্রুপ: ধান কল মিলার/ট্রেডারদের মতামত

১. আধুনিক খাদ্য সংরক্ষণাগারের (স্টীল সাইলো) সম্ভ্যাব প্রভাব

আধুনিক স্টীল সাইলো সম্পর্কে ধান কল/ট্রেডারদের কোন ধারণা নেই বলে দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের প্রভাব সম্পর্কে কোন মতামত দিতে পারেননি|

২. বছরব্যাপি ধারণ ক্ষমতা

দলীয় আলোচনায় অংশগ্রহণকারী ধানকল/ট্রেডাররা এ বিষয়ে জানেন না।

৩. প্রতি বছর খাদ্য শস্য ক্রয়ের পরিমান।

দলীয় আলোচনায় অংশগ্রহণকারী ধানকল/ট্রেডাররা এ বিষয়ে জানেন না।

৪. খাদ্য শস্য ক্রয় করার উৎস

দলীয় আলোচনায় অংশগ্রহনকারী ধান কলের মালিক /ট্রেডাররা মনে করেন যে সনাতন পদ্ধতির সাধারণ খাদ্য গুদামের জন্য সরকার যেমন স্থানীয় বাজার, ব্যবসায়ী ও কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করে থাকে সেভাবেই স্টীল সাইলোর জন্য সরকার স্থানীয় বাজার, ব্যবসায়ী ও কৃষকদের নিকট থেকে খাদ্য শস্য ক্রয় করা হবে।

৫. কৃষি উৎপাদনে সম্ভ্যাব প্রভাব

দলীয় আলেচনায় অংশগ্রহণকারীদের মতে স্টীল সাইলোর ধারণ ক্ষমতার উপর নির্ভর করবে এলাকায় প্রভাব সৃষ্টির ধরণ, যেমন-যদি স্টীল সাইলোতে ধান বা গম সংরক্ষণের ব্যবস্থা থাকে এবং ধারণ ক্ষমতা বেশী হয় তাহলে এলাকায় চাহিদার তুলনায় অধিক পরিমাণ খাদ্য উৎপাদন বৃদ্ধি পাবে এবং নতুন নতুন জাতের ধান/গম উৎপাদনে কৃষক আগ্রহী হয়ে উঠবে।

৬. খাদ্য শস্য ব্যবসা বানিজ্যে সম্ভ্যাব প্রভাব

খাদ্য শস্য উৎপাদন বাড়লে ব্যবসা বানিজ্যের প্রসার ঘটবে। ভোক্তা তখন ন্যায্য মূল্য পেতে সক্ষম হবে। ব্যবসায়ীদের সাথে ভোক্তার সুসম্পর্ক তৈরী হবে। দর কষাকষির মাধ্যমে ভোক্তা খাদ্য শস্য ক্রয় ও বিক্রয় করতে সক্ষম হবে।

৭. দারিদ্র দূরীকরণে সম্ভ্যাব প্রভাব

আধুনিক স্টিল সাইলো খাদ্য সংরক্ষণাগার তৈরি হলে এলাকায় পর্যাপ্ত খাদ্য শস্য সংরক্ষিত থাকবে। ফলে খাদ্য শস্যের মূল্য স্থিতিশীল থাকবে। জরুরী মুহূর্তে দারিদ্র পীড়িত জনগোষ্ঠী কম মূল্য দিয়ে খাদ্য শস্য ক্রয় করতে পারবে। সেক্ষেত্রে খুব সহজেই দারিদ্র দূরীভূত হবে।

৮. এলাকার অন্যান্য ফসল উৎপাদনে সম্ভ্যাব প্রভাব

দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের মতে স্টীল সাইলোর চাহিদা অনুযায়ী খাদ্য শস্য উৎপাদনের পাশাপাশি অন্য খাদ্য শস্য উৎপাদন অব্যাহত থাকবে, তেমন কোন পরিবর্তন আসবে না।

৯. খাদ্য শস্যের মূল্যের উপর সম্ভ্যাব প্রভাব

দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের মতে স্টীল সাইলো নির্মাণের ফলে এলাকায় খাদ্য শস্য উৎপাদন ও পর্যাপ্ততা বৃদ্ধি পাবে। চাহিদানুযায়ী খাদ্য শস্য সংরক্ষণ থাকবে। ফলে মূল্যের পরিবর্তন না এবং মূল্যের স্থিতি রাখতে সহায়ক ভূমিকা রাখবে।

১০. খাদ্য শস্য উৎপাদনকারীদের কোন সম্ভাব্য অসুবিধাসমূহ

দলীয় আলোচনায় অংশগ্রহণকারী সকলের মতে স্টীল সাইলো নির্মাণের হলে এলাকায় খাদ্য উৎপাদনকারীদের কোন অসুবিধা হবে না।

১১. ব্যবসায়ীদের উপর উৎপাদনকারীদের সম্ভ্যাব প্রভাব

দলীয় আলোচনায় অংশগ্রহণকারী সকলের মতে স্টীল সাইলো নির্মাণের ফলে যেমন খাদ্য শস্য উৎপাদন বাড়বে তেমনি ব্যবসায়ীদের ও প্রসার ঘটবে। ফলে ভোক্তার সাথে সুসম্পর্ক তৈরী হবে। ক্রয়-বিক্রয় এর ক্ষেত্রে কার্যকরীর মাধ্যমে তাদের চাহিদা অনুযায়ী মূল্য নির্ধারণ করতে সক্ষম হবে।

১২. খাদ্য শস্য প্রক্রিয়াকারী মিলারদের উপর সম্ভ্যাব প্রভাব

দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের মতে স্টীল সাইলো নির্মাণে পর্যপ্ত খাদ্য শস্য মজুদ থাকবে। ফলে প্রক্রিয়াজাতকারী ও মিলারদের ব্যবসায়ীক চাহিদা মেটাতে সক্ষম হবে। সরকার নির্ধারিত মূল্যে বাজারজাতকরণ, রপ্তানী, আমদানীতে সহায়ক ভূমিকা রাখবে। ফলে তারা আর্থিক ভাবে লাভবান হবে।

১৩. খাদ্য শস্য প্রক্রিয়াকারী মিলারদের সম্ভাব্য অসুবিধার

দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের মতামত অনুযায়ী স্টীল সাইলো নির্মাণে এলাকায় প্রক্রিয়াজাতকারী ও মিলারদের কোন অসুবিধা হবে না।

১৪. সরকার কিভাবে লাভবান হবে

দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের মতে সরকার তার নির্ধারিত মূল্য দিয়ে চাহিদা মোতাবেক খাদ্য শস্য ক্রয় করতে সক্ষম হবে। স্থানীয় বাজার মূল্য বা ব্যবসায়ী পর্যায়ে বা কৃষক পর্যায়ে সরাসরি ভাবে সরকার যোগাযোগ তৈরী করে খাদ্য শস্য ক্রয়, বাজার মূল্য সম্পর্কে ধারণা প্রদান করা সরকারের সহজ হবে। এছাড়া সাধারণ গুদামের খাদ্য শস্য সিএসডি থেকে এলএসডি'তে স্থানামত্মর খরচ কমাতে সক্ষম হবে। বিভিন্ন কার্যক্রমের প্রদেয় খাদ্য শস্য তাতক্ষনিক ভাবে চাহিদা মেটাতে এবং যে কোন ঝুঁকি বা দূর্যোগ মোকাবেলায় সরকার পর্যপ্ত সংরক্ষিত খাদ্য শ স্য দিয়ে সংকট মোকাবেলায় সক্ষম হবে।

১৫. কর্মসংস্থানে সম্ভ্যাব প্রভাব

দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের সকলের মতে স্টীল সাইলো নির্মাণের ফলে এলাকায় বেকারত্ব দূর হবে এবং নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। ফলে এলাকাবাসী বাড়তি আয়ের বাড়বে।

দলীয় আলোচনা, গৌরনদী, বরিশাল

৮.৩ স্থানীয় পর্যায়ের কর্মশালা

আধুনিক খাদ্য সংরক্ষণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষন কার্যক্রমের অংশ হিসাবে বিগত ১৯-০৪-২০১৮খ্রি: তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকার সময় নারায়গঞ্জ জেলার বন্দর উপজেলায় শীতলক্ষ্যা নদীর তীরে স্টিল সাইলো নির্মাণ স্থানে নবনির্মিত অফিস ভবনের সম্মেলন কক্ষে স্থানীয় পর্যায়ে একটি কর্মশালার আয়োজন করা হয়। **(পরিশিষ্ট-১০)**

উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন আধুনিক খাদ্য সংরক্ষণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মো: গাজি উর রহমান, উপ-প্রকল্প পরিচালক জনাব রেজাউল করিম শেখ, আইএমইডি'র পরিচালক জনাব মো: আফজল হোসেন, উপ-পরিচালক শেখ মো: আবদুর রহমান, ইআরডি উপ-সচিব মো: মিজানুর রহমান, খাদ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী জনাব মো: আবু বকর সিদ্দিকী, স্থানীয় বন্দর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার জনাব পিন্টু বেপারি, উপজেলা কৃষি অফিসার জনাব ড. মোস্তাফা এমরান হোসেন, স্থানীয় উপ-সহকারী কৃষি অফিসার, চাষী ও চাল কল মদিনা অটো রাইস মিলের মালিক জনাব মো: হানিফ এবং আরও স্থানীয় উপকারভোগীগণ।

সভার প্রারম্ভে উপস্থিত সবাই যার যার পরিচয় প্রদান করেন। অতপর নিবিড় পরিবীক্ষন কার্যক্রমের টিম লিডার প্রকল্পের পটভূমি ও কার্যক্রম সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন। প্রকল্পের নিবিড় পরিবীক্ষন কার্যক্রমের সমীক্ষা সমন্বয়ক জনাব রবিউল আউয়াল কম্পিউটার প্রজেক্টরের মাধ্যমে প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বর্তমান অগ্রগতি লক্ষ্যমাত্রা, সমস্যা সমূহ এবং অত্র নিবিড় পরিবীক্ষনের উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করেন।

স্টিল সাইলো নির্মাণ স্থানে নবনির্মিত অফিস ভবন, নারায়গঞ্জ বন্দরে অনুষ্ঠিত স্থানীয় কর্মশালা

প্রকল্প পরিচালক জনাব মো: গাজি উর রহমান প্রকল্প সম্পর্কে বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি জানান বর্তমানে খাদ্য বিভাগের খাদ্য সংরক্ষণ ক্ষমতা প্রায় ২১ লক্ষ টন। তবে প্রকৃত পক্ষে ১২/১৩ লক্ষ টনের বেশী খাদ্য শস্য সংরক্ষণ করা সম্ভব হয় না। দেশে বর্ধিত খাদ্য শস্য উৎপাদনের পরিপ্রিক্ষেতে এবং খাদ্য নিরাপত্তা ও দূর্যোগ মোকাবেলার করার জন্য দেশে খাদ্য সংরক্ষণের ক্ষমতা বৃদ্ধি করাই এই প্রকল্পের মূল লক্ষ্য। তিনি বলেন এ বছর ৮ লক্ষ মে.টন খাদ্য ক্রয়ের লক্ষ্যমাত্রা রয়েছে সরকারের।

প্রকল্প পরিচালক আরোও জানান যে, সাইলোতে সংরক্ষিত খাদ্য শস্যের মান সঠিক রাখার জন্য সাইলো সম্পূর্ণ ভাবে বায়ুরোধী হবে। এছাড়াও সাইলোর ভিতরের শূন্য স্থান নাইট্রোজেন গ্যাস দ্বারা পূর্ণ করা হবে। ফলে সাইলোর ভিতরে কোন বাতাস তথা অক্সিজেন থাকবে না। ফলে সংরক্ষিত খাদ্যের গুণাগুন রক্ষিত হবে।

স্থানীয় চাষী এবং অটো রাইস মিলের মালিক (মদিনা অটো রাইস মিল) জনাব মো: হানিফ জানান ধান কাটার মৌসুমে ধানের দাম কম থাকায় স্থানীয় চাষীরা ধান উৎপাদনে আগ্রহ হারাচ্ছে। তিনি আরো বলেন ধান চাষের জন্য সেচের প্রয়োজন হয় কিন্তু সেচ যন্ত্রে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য আরইবি কর্তৃপক্ষকে ৪০% খরচ আগাম দিতে হয়। যা সাধারণ চাষীদের জন্য বিরাট বোঝা বলে মনে করেন।

জনাব কবির একজন চাষী। তিনি বলেন এই সাইলো তৈরির উদ্দেশ্য ব্যর্থ হবে যদি চাষীরা ন্যায্য মূল্যে বিদ্যুৎ না পায়। তিনি স্থানীয় খালগুলি সংস্কার করে খালে পানি সংরক্ষণের ব্যবস্থা করতে বলেন। তিনি আরোও বলেন যে, গত বছর সরকারী ধান/চাল ক্রয়ের সময় প্রায় ৪০০ মন ধান ভিজা অজুহাত দিয়ে ফেরৎ দেয়া হয়।

স্থানীয় সিএসডি ম্যানেজার জনাব আক্তার হোসেন জানান যে, বর্তমানে তার গুদামে ২৭০০ মে.টন চাল মজুদ আছে। স্থানীয় পর্যায়ে ধান, চাল, গম পাওয়ার ব্যাপারে অনিশ্চিয়তা আছে বলে তিনি জানান। তিনি আরোও বলেন যে, অত্র সিএসডি এলাকার চারদিকে প্রকল্পের মাধ্যমে সীমানা প্রাচির নির্মাণ করা হয়েছে। এতে সরকারী জায়গা রক্ষা পেয়েছে। কিন্তু গুদামের ভিতরের লাইন পানির নিষ্কাশন বন্ধ হয়ে যাওয়ায় খুব সমস্যা হচ্ছে। তিনি আরোও জানান যে, শীতলক্ষ্যা নদীর তীরে খাদ্য গুদামের জেটি রয়েছে। কিন্তু BIWTA কে ২০১৫ এর পর জেটির কোন ট্যাক্স খাজনা পরিশোধ করা হয় নি। BIWTA কে জেটি ট্যাক্স পরিশোধের বিষয়ে পদক্ষেপ নিতে তিনি অনুরোধ জানান।

শীতলক্ষ্যা নদীর উপর ব্রিজ নির্মাণের লক্ষ্যে স্থানীয় সিটি করর্পোরেশন খাদ্য গুদামের কিছু জায়গা নিতে চায়। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, সাইলো নির্মাণ ও চালু হলে স্থানীয় গুদামের কোন জায়গা ছাড়া সম্ভব নয়।

এ সময় একজন চাষী হাউজহোল্ড সাইলো কি সে বিষয়ে জানতে চায়। এ সময় প্রকল্পের হাউজহোল্ড সাইলোর ছবি বড় পর্দায় প্রদর্শন করা হয়। প্রকল্প পরিচালক এ বিষয়ে বিস্তারিত বিবরণ দেন। ফুড গ্রেড পিপিসিপি কাঁচামাল দিয়ে প্রতিটি হাউজহোল্ড সাইলো তৈরী, যার চাল ধারণ ক্ষমতা প্রতিটির ৬০ কেজি। এই সাইলো সম্পূর্ণ বায়ু ও পানি রোধী হবে। হাউজ হোল্ড সাইলোগুলি বেঁধে রাখার ব্যবস্থাও আছে বলে তিনি জনান।

প্রকল্প পরিচালক মহোদয় আরোও জানান যে, অত্র সাইলোর জন্য চাল স্থানীয় ভাবে ক্রয় করা হবে। প্রয়োজনে উত্তর বঙ্গ থেকেও চাল ক্রয় করে আনা হবে। বন্দর উপজেলা কৃষি কর্মকর্তা অত্র প্রকল্পের কাজ মান সম্মত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এলাকায় চাল সংরক্ষণের জন্য সাইলো নির্মিত হলে এলাকার চাষীদের মধ্যে ধান চাষে আগ্রহ সৃষ্টি হবে বলে তিনি মত প্রকাশ করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা অত্র এলাকায় স্টিল সাইলো নির্মিত হওয়া দরকারী বলে মন্তব্য করেন। এখানে সাইলো নির্মিত হলে এলাকায় ব্যাপক কর্মচাঞ্চল্য বৃদ্ধি পাবে বলে তিনি উল্লেখ করেন।

পরিচালক আইএমইডি মো: আফজল হোসেন জানান যে, আইএমইডি দুই ধরণের কাজের জন্য Outsourcing করে থাকে। (১) চলমান প্রকল্প পরিবীক্ষণ, (২) কোন প্রকল্প সমাপ্ত হওয়ার তিন/চার বৎসর পর প্রকল্পের কার্যকরিতা পরীবিক্ষণ করা। তিনি অএ নিবিড় পরিবীক্ষণ করার উদ্দেশ্য সম্পর্কে বলেন যে, চলমান প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে যথারত ক্রয় প্রক্রিয়া পরিচালনের মাধ্যমে নির্দিষ্ট সময়ে সমাপ্ত করার বিষয়টি সুনির্দিষ্ট ভাবে পরিবীক্ষণ করা ও কোন ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হলে তা সংশোধনে পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করা।

তিনি আরোও বলেন যে, প্রকল্পের কাজ যথা সময়ে সমাপ্ত করা দূরহ হলেও যথাযথ পরিকল্পনা ও সমন্বয়ের মাধ্যমে কাজ করলে কোন সমস্যা হওয়ার কথা নয়। তিনি নিবিড় পরিবীক্ষণ কাজে নিয়োজিত প্রতিষ্ঠানকে কাজের ক্ষেত্রে সমস্যা ও অসুবিধাগুলি চিহ্নিত করার উপর জোর দেন। Work plan অনুযায়ী কাজ করার পরামর্শ দেন।

প্রকল্প পরিচালক মহোদয় পুণরায় বলেন যে, অত্র প্রকল্পের আওতায় আইসিটি এর মাধ্যমে দেশের ৬৩৭ টি খাদ্য গুদাম ও ১২০৭টি স্থাপনা সরাসরি একটি নেটওয়ার্ক আওতায় চলে আসবে। ফলে সরকার খুব সহজে দেশের সকল খাদ্য গুদামের তথ্য মূহুর্তের মধ্যে পেয়ে যাবে।

উপ-সচিব ইআরডি জনাব মো: মিজানুর রহমান বলেন যে, সরকারের একটি দূরদর্শী চিন্তার ফসল এই ষ্টিল সাইলো নির্মাণ প্রকল্পটি। বাংলাদেশ মধ্যরম আয়ের দেশ হওয়ার ভিশনের একটি অংশ এই প্রকল্প বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন দেশের মানুষের খাদ্যাভাস পরিবর্তন হচ্ছে। PPP এর মাধ্যমে ও সাইলো নির্মাণ হতে পারে বলে তিনি মনে করেন। তিনি মান সম্মত ভাবে যেন এই নির্মিতব্য সাইলোতে খাদ্য সংরক্ষণ করা হয় সে ব্যাপারে দৃষ্টি রাখার জন্য পরামর্শ দেন।

অতপর আর কোন বক্তব্য না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্ত ঘোষনা করা হয়।

৮.৪ কি ইনফরমেন্ট ইন্টারভিউ

‘‘আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ (১ম সংশোধিত)’’ শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ –এর লক্ষ্যে মোট প্রকল্প এলাকার তিন জন আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ৮ জন জেলা খাদ্য নিয়ন্ত্রক, ১৮ জন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং ৮ জন সিএসডি/এলএসডি-এর সাথে কি ইনফরমেন্ট ইন্টারভিউ (KII) করা হয়েছে (**পরিশিষ্ট-১১)।** কেআইআই করার জন্য প্রথমে একটি চেক-লিস্ট তৈরি করা হয় যার ভিত্তিতে সাক্ষাতকার নেয়া হয়। নিম্নে উক্ত কেআইআই-এর ফলাফল উপস্থাপন করা হলো।

চিত্র: প্রকল্প পরিচালকের সাথে আলোচনা

১. প্রকল্প সম্পর্কে ধারণা

সাক্ষাৎ নেয়া সবাই প্রকল্প সম্পর্কে অবহিত আছেন।

২. প্রকল্পের উদ্দেশ্য সম্পর্কে বর্ণনা

প্রচলিত সাধারণ গুদামজাত এর চেয়ে স্টীল সাইলো গুদামজাত আরও উন্নত ও আধুনিক। সাধারণ গুদামে গুদামজাতের খরচের চেয়ে স্টীল সাইললোতে গুদামজাতের খরচ অনেক কম। সাধারণ গুদামে সংরক্ষিত যত খাদ্য শস্য নষ্ট হয় স্টীল সাইলোতে গুদামজাত খাদ্য শস্য নষ্ট/অপচয় তার চেয়ে অনেক কম। সাধারণ গুদামের ধারণ ক্ষমতার চেয়ে স্টীল সাইলোর ধারণ ক্ষমতা অনেক বেশি। ফলে অধিক পরিমানে খাদ্য শস্য সংরক্ষণের মাধ্যমে মান সম্পন্ন ভাবে খাদ্য সংরক্ষণ করা যেমন সম্ভব হবে তেমনি বাজার দর স্থিতিশীল রাখা সম্ভব হবে। ব্যবসায়ী দের সিন্ডিকেট এর হার কমানো যাবে। কৃষক ন্যায্য মূল্য পাবে। সরকার অধিক পরিমাণ খাদ্য শস্য ক্রয় করে সংরক্ষণের মাধ্যমে দূর্যোগ মোকাবেলা/আপতকালীন সময় মোকাবেলায় সক্ষম হবে।

৩. আধুনিক সংরক্ষণাগারের ধারণ ক্ষমতা জানেন কি?

সকল উত্তরদাতা/কি ইনফরমেন্ট একমত হন যে একটি স্টীল সাইলোর ধারণ ক্ষমতা ৪৮ -১১৪৩০০ হাজার মেট্রিক টন, যা একটি সাধারণ গুদাম এর চেয়ে অনেক অনেক বেশী।

৪. আধুনিক সংরক্ষণাগারের প্রভাব

উল্লেখিত স্টীল সাইলোর ফলে এলাকায় খাদ্য শস্য উৎপাদনের ক্ষেত্রে, খাদ্য সংরক্ষণের ক্ষেত্রে ও মূল্য স্থিতিশীল রাখার ক্ষেত্রে ইতিবাচক প্রভাব পড়বে।

৫. খাদ্য শস্য উৎপাদনে সম্ভাব্য প্রভাব।

এলাকায় যখন অধিক খাদ্য শস্য সংরক্ষণের ব্যবস্থা তৈরী হবে তখন এলাকার খাদ্য শস্য উৎপা দনের পরিমাণও বেড়ে যাবে। নতুন নতুন জাতের ফসল চাষ, মৌসুম-ভিত্তিক চাষাবাদ অর্থাৎ বর্তমান সাইলো এলাকায় যদি দুই মৌসুম চাষাবাদ হয় তাহলে সাইলো তৈরীর পর এলাকায় তিন মৌসুম চাষাবাদ এ কৃষক আগ্রহী হয়ে উঠবে।

৬. খাদ্য শস্য সংরক্ষণে সম্ভাব্য প্রভাব

বর্তমানে আমাদের খাদ্য গুদামে ৬ থেকে ৮ হাজার মেট্রিক টন খাদ্য শস্য সারা বছরে সংরক্ষণ করা যায়। সেক্ষেত্রে স্টীল সাইলোতে ৪৮ হাজার মেট্রিকটন খাদ্য শস্য সংরক্ষণ করা সম্ভব হবে। সেক্ষেত্রে সরকার এর অন্যান্য খাদ্য গুদামের খাদ্য শস্য আনা নেওয়ার জন্য খরচ অনেক কম হবে এবং স্টীল সাইলোর জন্য সরকার অধিক পরিমাণ খাদ্য শস্য ক্রয় এবং সংরক্ষণে সক্ষম হবে।

৭. সরকারী খাদ্য সংগ্রহ কার্যক্রমে সম্ভাব্য প্রভাব

কৃষক যখন অধিক ফসল উৎপাদন করতে সক্ষম হবে। তখন অধিক খাদ্য শস্য বিক্রয় করতেও সক্ষম হবে এবং নিজেদের প্রয়োজনীয় খাদ্য শস্য সংরক্ষণেও সক্ষম হবে। যখন সরকারী ভাবে খাদ্য শস্য ক্রয় করা হবে তখন কৃষক ন্যায্য মূল্য পেতেও সহায়ক ভূমিকা রাখবে তাছাড়া এলাকায় যখন এই ধরনের স্টীল সাইলো তৈরী হবে এবং চাহিদার তুলনায় পর্যাপ্ত পরিমাণ খাদ্য শস্য মজুত থাকবে তখন ব্যবসায়ীক সিন্ডিকেট রোধ করা সম্ভব হবে। ফলে বাজার স্থিতিশীল রাখতে সরকার এর সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে।

৮. খাদ্য শস্যের বাজার স্থিতি রাখতে

স্টীল সাইলো হলে খাদ্য শস্য সংরক্ষণ ক্ষমতা বেড়ে যাবে যা বাজার স্থিতি রাখতে ইতি বাচক প্রভাব রাখবে।

৯. দুর্যোগের সময় খাদ্য-শস্য প্রাপ্যতার ক্ষেত্রে

ভোক্তা এবং সরকার একত্রে যখন একটি এলাকায় চাহিদার তুলনায় অধিক পরিমাণ খাদ্য শস্য সংরক্ষণ করতে সক্ষম হবে তখন যেকোন দূর্যোগের সময় এবং যে কোন আপদকালীন মূহুর্তে খাদ্য সংকট মোকাবেলায় সক্ষম হবে এবং ভোক্তা র দারিদ্র দূরিকরণে সহায়ক হবে।

১০. ইনভেন্টরি সংক্রান্ত তথ্য

প্রকল্প কর্তৃক নিয়োজিত একটি আইসিটি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছিল। উক্ত পরামর্শক প্রতিষ্ঠান মাঠ পর্যায়ে একটি বেইজ লাইন সার্ভের মাধ্যমে ইনভেন্টরি করে ছে। উত্তরদাতা কি ইনফরমেন্টগণ এ সম্পর্কে জানেন ব লে জানিয়েছেন।

১১. ডাটা এন্ট্রি সর্ম্পকে জ্ঞান

ডাটা এন্ট্রি ও ডাটা ব্যবস্থাপনা সম্পর্কে তাঁদের ধারণা আছে বলে জানিয়েছেন এবং তাঁরা ট্রেনিং পেলে আধুনিক সাইলো-এর ডাটা হ্যান্ডেল করতে পারবেন বলে জানিয়েছেন।

১২. সফটওয়ারের মাধ্যমে মনিটরিং-এর সুবিধাসমূহ

কম্পিউটার সফটওয়ারের মাধ্যমে মনিটরিং করা হলে কী কী সুবিধা হবে প্রশ্ন করা হলে উত্তরদাতা কি ইনফরমেন্টগণ নিম্মে বর্ণিত সুবিধার কথা বলেন:

- সহজেই কেন্দ্রীয়ভাবে স্টক সম্পর্কে জানা যাবে।
- মজুতকৃত খাদ্য শস্য বিতরণ সহজ হবে।
- মজুদকৃত খাদ্য শস্যের তথ্য সংরক্ষণ সহজ হবে।
- তথ্য আদান প্রদান সহজ হবে এবং স্বচছতা থাকবে।
- হিসাবের ক্ষেত্রে স্বচছতা নিশ্চিত হবে।
- উর্দ্ধতন কর্তৃপক্ষ সহজে মনিটরিং করতে পারবেন ।
- কতটুকু খাদ্য শস্য গুদাম থেকে বের হলো বা যোগ হলো সেটার তথ্য জানা সহজ হবে।
- স্বচছতা এবং জবাবদিহিতার ক্ষেত্রে অনন্য ভূমিকা রাখবে

৮.৫ এ প্রকল্পের কার্যক্রমের সাথে অন্য প্রকল্পের কার্যক্রমের দ্বৈততা

ডিজি খাদ্য বিভাগ ১৯৬০ এর দশকে PWD এর সহযোগিতায় প্রথম খাদ্য গুদাম নির্মাণ শুরু করে। ১৯৭০ এর মধ্য ভাগের দিকে ওয়ার হাউজ করপোরেশন কিছু নতুন গোডাউন নির্মাণ করে। অতপর ১৯৭০ এর দিকে সরকার খাদ্য গুদাম নির্মাণের ক্রাশ প্রোগ্রাম গ্রহণ করে দেশের দক্ষিণাঞ্চলে খাদ্য গুদাম নির্মাণ করে। ইউরোপিয়ান কমিউনিটি, ডাচ সরকার ও সিডা (CIDA) এ কাজে সহায়তা করে। ১৯৮০ থেকে ২০০০ সালের মধ্যে অনেক খাদ্য গুদাম নির্মিত হয়। যার ফলে দেশে খাদ্য মজুদ ও খাদ্যে নিরাপত্তায় বেশ অগ্রগতি হয়। তবে নির্মিত এ সকল খাদ্য গুদামে ধান, চাল, গম ইত্যাদি বস্তায় ভর্তি করে গুদামে সাজিয়ে রাখা হয়। যা একটি নির্দিষ্ট উচ্চতার বেশি রাখা সম্ভব হয় না। খাদ্য গুদামগুলিও বায়ুরোধী ও তাপমাত্রা নিয়ন্ত্রণ করার উপযোগী নয় বিধায় খাদ্য অপচয়, খাদ্য নষ্ট হওয়া, খাদ্যের গুণগত মান কমে যাওয়ার মত ঘটনা ঘটে। আলোচ্য প্রকল্পে নির্মিতব্য খাদ্য গুদাম সনাতন এসব গোডাউনের মত নয়। এই প্রকল্পে স্টিলের গোলকার প্রায় ৬০ ফুট উচু সাইলো নির্মাণ করা হবে। সাইলো সরাসরি খাদ্য শস্য ধারণ করবে। কোন বস্তা বা ব্যাগে ভরে রাখার প্রয়োজন হবে না। তদুপরি এখানে রক্ষিত খাদ্যের তাপমাত্রাও নিয়মিত পর্যবেক্ষন ও নিয়ন্ত্রণের ব্যবস্থা থাকবে। খাদ্য শস্য সরাসরি বার্জ, ট্রাক বা অন্য কোন পরিবহন থেকে যান্ত্রিক উপায়ে (কনভেয়ার বেল্ট ও বাকেট কনভেয়ার) সরাসরি সাইলোতে উঠানো হবে। সাইলো স্টিলের হবে বিধায় তা নির্মাণে সময় ও স্থান কম লাগবে। যা মেরামত ও রক্ষণাবেক্ষণ করতেও সহজ হবে। আলোচ্য প্রকল্পে যে ধরণের স্টিল সাইলো নির্মিত হবে বা হচ্ছে সে ধরণের কোন সাইলো বর্তমানে দেশে নাই বিধায় অত্র প্রকল্পের কার্যক্রমের সাথে দৈত্বতা ঘটার কোন সম্ভাবনা নেই।

৮.৬ একই ধরণের অপরাপর খাদ্য গুদামের সাথে বর্তমান প্রকল্পের স্টিল সাইলো নির্মাণের তুলনামূলক বিবরণ

এখানে উল্লেখযোগ্য যে, ''আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ'' শীর্ষক প্রকল্পে অত্যাধুনিক স্টিল সাইলো নির্মাণ করা হবে। ইতিপূর্বে বাংলাদেশে স্টিলের উচু সাইলো নির্মাণ করা হয় নি। প্রকল্পের আওতায় দেশের বিভিন্ন কৌশলগত ৮টি স্থানে স্টিলের সাইলো নির্মিত হবে। এতে মোট প্রায় ৫,৪৩,৫০০ মে.টন. খাদ্য শস্য সংরক্ষণ করা হবে।

কংক্রিটের সাইলো বা স্টিলের ফ্লাট গুদাম থেকে স্টিলের সাইলো সম্পূর্ণ ভিন্নতর। প্রকল্পে প্র স্তাবিত স্টিল সাইলোতে খাদ্য সংরক্ষণ, পরিচালনা, উঠানো-নামানো, খাদ্য মান সংরক্ষণ এই সব কারিগরি ও প্রযুক্তিগত বিষয় ভিন্নতর হবে। এখানে সকল কার্যক্রম অত্যাধুনিক কম্পিউটার প্রযুক্তি ও সেন্সর ব্যবহার করে নিয়ন্ত্রণ করা হবে। এতে সকল কার্যক্রম এ কই স্থান থেকে নেটওয়ার্ক এর মাধ্যমে পর্যবেক্ষন, নিয়ন্ত্রণ ও পরিচালনা করা যাবে। এখানে খাদ্য শস্যের মান, পরিমাণ, মজুদ ইত্যাদি সকল তথ্য তাৎক্ষনিক পর্যবেক্ষণ করা যাবে যা বর্তমান ব্যবস্থায় সম্ভব নয়।

৭০ এর দশকে কংক্রিট সাইলো নির্মাণ করা হয়েছিল যার নির্মাণ ব্যয় বর্তমানে তুলনাযোগ্য নয়। তবে বর্তমানে দুইটি কংক্রিট সাইলো নির্মিত হচ্ছে যাদের নির্মাণ ব্যয়ের সাথে অত্র প্রকল্পের স্টিল সাইলো নির্মাণ ব্যয় তুলনা করা যেতে পারে। **(পরিশিষ্ট-১২)**

প্রকল্পের স্টিল সাইলো নির্মাণ ব্যয় ও সনাতনী পদ্ধতির সাধারণ গুদাম নির্মাণ ব্যয় তুলনা করে প্রতিয়মান হয় যে স্টিল সাইলো নির্মাণ ব্যয় কম। সান্তাহার ওয়ারহাউজ ২০১৪-২০১৫ সালে নির্মিত হয়। যার প্রতি টন খাদ্য শস্য সংরক্ষণে ১.০৫ লক্ষ টাকা নির্মাণ খরচ হয়। মংলায় ২০১৪-২০১৫ সালে কংক্রিটের সাইলো নির্মিত হয়েছে, যেখানে প্রতিটন খাদ্য শস্য সংরক্ষণের জন্য সাইলো নির্মাণ খরচ হয় ১.০৭ লক্ষ টাকা। অপর দিকে অত্র প্রকল্পে নির্মিত স্টিল সাইলো নির্মাণে প্রতিটন খাদ্য শস্য সংরক্ষণে নির্মাণ খরচ হবে (প্রাক্কলিত) ১.০৭ লক্ষ টাকা।

৮.৭ প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম ও সৃষ্ট সুবিধাদি টেকসই করার লক্ষ্যেপর্যবেক্ষণ ও পর্যালোচনা

Sustainability of the Project

- **কাজের গুনগত মান:** সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের সাথে মত বিনিময় করে কাজের গুনগত মান সম্পর্কে যে ধারণা পাওয়া যায় তাতে প্রতিয়মান হয় যে সকল পূর্ত কাজ যথাযথ মানের হয়েছে।
- **প্রকল্পের কাজের স্থায়িত্ব:** প্রকল্পের আওতায় ক্রয়কৃত সকল মালামাল যেমন-কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, ফটোকপিয়ার, টেবিল, চেয়ার ইত্যাদি যথাযত মানের পাওয়া গেছে।
- **অফিস ভবন:** অফিস ভবনসমূহ নির্মাণ কাজ যথাযথ মানের পাওয়া গেছে। ভবনে ব্যবহৃত স্যানিটারী মালামাল বিআইএসএফ ও আরএকে ব্রান্ডের পাওয়া গেছে যা বর্তমান বাজারের গুনগত মালামালের অন্তর্ভূক্ত। ব্যবহৃত বালু, সিমেন্ট ও রড যথাযথভাবে পরীক্ষা করা হয়েছে।
- **সাইট উন্নয়ন:** প্রকল্প এলাকায় প্রয়োজনানুযায়ী বালু দ্বারা ভরাট করা হয়েছে।
- **সীমানা প্রাচীর:** প্রকল্প এলাকা সীমানা প্রাচীর নির্মাণ করে স্থাপনার নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। প্রয়োজনীয় আরসিসি কলাম ও গ্রেড বিম দ্বারা সীমানা প্রাচীরের স্থায়িত্ব নিশ্চিত করা হয়েছে। বরিশাল এলাকায় একই পদ্ধতিতে সীমানা প্রাচীর নির্মাণ কাজ চলমান পাওয়া গেছে।
- খাদ্য মান পরীক্ষার জন্য পরীক্ষাগার নির্মাণ কাজ চলামান রয়েছে।
- **সকল খাদ্য গুদাম আন্ত:সংযোগ (নেটওয়ার্ক):** প্রকল্পের আওতায় খাদ্য বিভাগের প্রায় ১৬৪০টি স্থাপনা আইসিটি-এর আওতায় সংযুক্ত হবে। কাজ চলমান রয়েছে।
- **স্টিল সাইলো নির্মাণ:** স্টিল সাইলো নির্মাণের জন্য W-1, W-2 ও W3 এই তিন প্যাকেজে কাজ সম্পন্ন হবে। W-3 প্যাকেজের কাজ M/S. Toma Construction কর্তৃপক্ষের সাথে সম্পন্ন হবে। উক্ত কাজ প্রকল্পের আওতায় নিয়োজিত পূর্ত, বৈদ্যুৎতিক ও যান্ত্রিক প্রকৌশলী সহ আন্তর্জাতিক তদারকী প্রতিষ্ঠান মেসার্স জেরিকো ফ্রান্স কর্তৃক তত্ত্বাবধান করা হবে। অপর দুটি প্যাকেজের কাজও একই ভাবে তদারক করা হবে।
- **Sustainability of the Project:** প্রকল্পটি সম্পন্ন হলে ও চালু হলে তা যথাযত ভাবে স্থায়িত্ব লাভ করবে। প্রকল্পটি চালু রাখার মূল উপাদান হলো চাল ও গম। দেশে জনসংখ্যা বৃদ্ধির পাশাপাশি খাদ্য উৎপাদনও বৃদ্ধি পাচ্ছে। ফলে প্রকল্পে খাদ্য শস্য সংরক্ষলণর জন্য যথেষ্ট দানা জাতীয় খাদ্য শস্য পাওয়া যাবে। প্রকল্পের মূল কাঠামো স্টিল সাইলো গ্যালভানাইজড করোগেটেড জিঙ্ক কোটেড স্টিল দ্বারা নির্মিত হবে। যাহার মান ASTMA653 স্টিল ৬৪১ গ্রাম জিঙ্ক প্রতি বর্গ.মি. এ হবে। এই সাইলো বিনের স্থায়িত্ব ৬০ বছর। তবে যথাযত ভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হলে স্থায়িত্ব আরোও বৃদ্ধি পাবে।
- **ব্যবস্থাপনা:** প্রকল্পের ব্যবস্থাপনা মোটামুটি সন্তোষজনক। প্রকল্পের ডিপিপি প্রণয়নে ত্রুটি থাকায় প্রকল্পের মূল কাজ অর্থাৎ স্টিল সাইলো নির্মাণ কাজ বিলম্বিত হচ্ছে। প্রকল্পের নির্বাচিত স্থান সমূহ কৌশলগত ভাবে সঠিক আছে। তবে কিছু কিছু জায়গা যেমন-নারায়ণগঞ্জ, বরিশাল প্রকল্পের জায়গা নিয়ে বিরোধ ছিল। যাহা প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দক্ষতার সাথে মোকাবেলা করে সরকারের দখলীকৃত খালি জায়গাসমূহ উদ্ধার করে তা সীমানা প্রাচীর দ্বারা স্থায়ী ভাবে সরকারের দখলে আনতে পেরেছে।

নবম অধ্যায়

SWOT বিশ্লেষণ

৯.১ SWOT বিশ্লেষণ

প্রকল্পের সবল ও দুর্বলদিকসমূহ চিহ্নিত করার জন্য প্রকল্পের SWOT বিশ্লেষণ করা হয়েছে। এ লক্ষ্যে প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে সাক্ষাৎ করে তথ্য সংগ্রহ করা হয়েছে। এছাড়াও প্রকল্প এলাকার সকল স্থান সরেজমিনে পরিদর্শন করে প্রকল্পের সবল, দুর্বল, সুযোগ এবং ঝুঁকি বিষয়ে পর্যালোচনা করা হয়েছে। **KII** এর মাধ্যমে প্রকল্পের সবল, দুর্বল, সুযোগ এবং প্রকল্পের ঝুঁকি বিষয়ে নিম্নে আলোচনা করা হলো:

৯.২ প্রকল্পের সবল দিক

১) **খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে মান সম্পন্ন খাদ্য সংরক্ষণ ক্ষমতা বৃদ্ধি:** বাংলাদেশ একটি দূর্যোগ প্রবণ এলাকা। এদেশের খাদ্য শস্য উৎপাদন অনেকাংশেই আবহাওয়ার উপর নির্ভরশীল। তদুপরি বছরের প্রায় ৭/৮ মাস থাকে ঝড়, ঘূর্ণিঝড় ও বন্যা প্রবণ সময়। দূর্যোগকালীন সময়ে প্রান্তিক জনগোষ্ঠীর কাছে দ্রুত খাদ্য পৌছানো সরকারের একটি বড় ধরণের চ্যালেঞ্জ বা বাঁধা। অত্র প্রকল্পের মাধ্যমে দেশের ৮(আট)টি কৌশলগত স্থানে স্টিল সাইলো নির্মাণ করে প্রায় ৫,৪৩,২২৫, মে.টন খাদ্য শস্য সংরক্ষণ করা হবে। এতে করে দেশে সংঘটিত দূর্যোগ দূর্বিপাকে উক্ত সাইলো সমূহ হতে দ্রুত খাদ্য শস্য ক্ষতিগ্রস্থ পরিবার বা জনগণের নিকট পৌছানো সম্ভব হবে।

২) **খাদ্য মূল্য নিয়ন্ত্রণ এবং উৎপাদকের জন্য শস্যের ন্যায্য মূল্য নিশ্চিতকরণ:** বাংলাদেশে চাষীরা প্রচুর পরিশ্রম ও অর্থ বিনিয়োগ করে খাদ্য শস্য উৎপন্ন করে থাকে। দেশে শস্য উৎপাদন মৌসুমে সমগ্র দেশে একই সময় শস্য কর্তন ও বাজারজাত করা হয়। ফলে ক্রেতার অভাবে চাষীদের কম মূল্যে তাদের উৎপাদিত শস্য বিভিন্ন ফড়িয়া, স্থানীয় চাতাল মালিক বা মজুদদারদের নিকট বিক্রি করতে হয়। এই প্রকল্পের মাধ্যমে সরকারের খাদ্য মজুদ ক্ষমতা বৃদ্ধি পাবে। ফলে সরকার মৌসুমের সময় ন্যায্য মূল্যে অধিক পরিমাণ শস্য ক্রয় করতে পারবে। এতে মৌসুমের সময় বাজারে শস্য ক্রেতার অভাব দূর হয়ে চাষীর খাদ্য শস্যের ন্যায্য মূল্য নিশ্চিত করবে।

৩) **কৃত্রিম সংকট মোকাবেলা:** দেশের অধিকাংশ খাদ্য শস্য স্থানীয় খাদ্য ব্যবসায়ীদের নিকট মজুদ থাকে বলে কিছু কিছু অসাধু ব্যবসায়ী কৃত্রিম সংকট সৃষ্টি করে খাদ্য শস্যের মূল্য বৃদ্ধি করে থাকে। ফলে প্রান্তিক জনগোষ্ঠির জন্য খাদ্য শস্য ক্রয় করা কঠিন হয়ে পড়ে। এই প্রকল্পের আওতায় মজুদকৃত খাদ্য শস্য কৃত্রিম সংকটকালীন সময়ে বাজারজাত করার মাধ্যমে খাদ্য শস্যের সংকট মোকাবেলা সহজতর হবে এবংপ্রান্তিক জনগোষ্ঠির উপকৃত হবে।

৪) **মান সম্পন্ন শস্য সংরক্ষণ:** দেশে সরকারী ভাবে খাদ্য শস্য সংরক্ষণে কোন আধুনিক প্রযুক্তি প্রয়োগ করা হয় না। সনাতন পদ্ধতিতে সংরক্ষিত খাদ্য শস্যের মান সব সময় ঠিক রাখা যায় না। অত্র প্রকল্পে অত্যাধুনিক প্রযুক্তি (N_2 গ্যাস) ব্যবহারের মাধ্যমে সংরক্ষিত খাদ্য শস্যের গুণগত মান সংরক্ষণ করা যাবে।

৫) **খাদ্য সংরক্ষণ খরচ কমানো:** প্রচালিত পদ্ধতিতে খাদ্য শস্য পাটের বস্তায় ভর্তি করে কাঠের ডায়জের উপর সর্বোচ্চ ১৫/১৬ ফুট উচ্চতায় সংরক্ষণ করা হয়। এতে করে প্রতি বছর পাটের বস্তা ক্রয়, ডায়েজ ক্রয় ও মেরামত করতে সরকারের বিপুল অর্থ ব্যয় হয়। এই প্রকল্পে খাদ্য সংরক্ষণে কোন বস্তা বা ডায়জের প্রয়োজন হবে না। ফলে সংরক্ষণ খরচও কম হবে।

৬) **স্বাস্থ্য ঝুঁকি রোধ:** সনাতন পদ্ধতিতে বস্তায় ভরে গুদামে খাদ্য শস্য সংরক্ষণ করা হয়। পোকা মাকড় রোধ করার জন্য উক্ত সংরক্ষণাগারে বিভিন্ন কীটনাশক ব্যবহার করা হয়ে থাকে। এ সকল কীটনাশকের ক্ষতিকর প্রভাবে সংরক্ষিত খাদ্য শস্যের মান নিম্ন মাত্রায় হলেও ক্ষতি করে থাকে। কিন্তু স্টিল সাইলোতে কীটনাশকের তেমন

ব্যবহারের প্রয়োজন হবে না বলে স্টিল সাইলোতে সংরক্ষিত খাদ্য শস্য সম্পূর্ণ ভাবে মানব শরীরের জন্য ঝুঁকি মুক্ত থাকবে।

৭) **দ্রুত খাদ্য শস্য মজুদ, খালাস ও বিতরণ:** স্টিল সাইলো সম্পূর্ণ যান্ত্রিক উপায়ে পরিচালিত হবে। ফলে দ্রুত খাদ্য শস্য সাইলোতে গুদামজাত করা এবং প্রয়োজনের সময় বিতরণ করা সম্ভব হবে।

৮) **দারিদ্র্য বিমোচন:** স্টিল সাইলো নির্মাণের ফলে সরকারের হাতে অধিক পরিমাণ খাদ্য মজুদ থাকবে। যার ফলে সরকার দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠির নিকট প্রয়োজনানুযায়ী বিনা মূল্যে/ন্যায্য মূল্যে খাদ্য শস্য বিতরণ করতে সক্ষম হবে।

৯) **খাদ্য শস্য মজুদ সময় বৃদ্ধিকরণ:** সম্পূর্ণ বায়ুরোধী হওয়ায় স্টিল সাইলোতে খাদ্য শস্য প্রায় ৩ (তিন) বৎসর কাল নিরাপদে খাদ্য শস্য সংরক্ষণ করা যাবে। ফলে দেশে কোন প্রাকৃতিক দূর্যোগ সংঘটিত হলে ও সরকারের হাতে যথেষ্ট খাদ্য মজুদ থাকবে।

১০) **খাদ্য শস্যের মজুদ পরিবীক্ষণ:** আলোচ্য প্রকল্পের মাধ্যমে দেশের সকল খাদ্য সংরক্ষণাগারগুলি একটি নেটওয়ার্কের আওতায় চলে আসবে। ফলে সরকারের নীতিনির্ধারকগণ তাৎক্ষণিক ভাবে খাদ্য শস্যের মজুদ সম্পর্কে খোঁজ খবর নিতে পারবেন এবং তদনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। এতে করে মজুদ ঘাটতি বা অপচয় বন্ধ করা সম্ভব হবে।

১১) **তথ্য সংরক্ষণ সুবিধা বৃদ্ধি:** এই প্রকল্পের মাধ্যমে সৃষ্ট অন-লাইন নেটওয়ার্কের মাধ্যমে দৈনিন্দন খাদ্য মজুদ, সংগ্রহ, বিতরণসহ যাবতীয় তথ্য কম্পিউটারে সংরক্ষিত থাকবে। যা সরকারের খাদ্য সংগ্রহ ও বিতরণ কাজে সহায়ক হবে।

৯.৩ দূর্বল দিক

১) আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ শীর্ষক প্রকল্পটি ১৯১৯.৯৭ কোটি টাকা ব্যয়ে সম্পন্ন করার কথা। প্রকল্পের বর্তমান কার্যক্রম, সম্পাদিত কাজ ও অবিশিষ্ট কাজ পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের পূর্ণ সুষ্ঠ বাস্তবায়নের জন্য আরোও প্রায় ২০০০ কোটি টাকার প্রয়োজন হবে। অর্থাৎ প্রকল্প পত্র প্রণয়নের সময় প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য পূরণে করণীয় কার্যাবলী যথা ভৌত অবকাঠামো নির্মাণ, ভূমি উন্নয়ন, প্রকল্পের মূল কাঠামো স্টিল সাইলো নির্মাণ আনুষাঙ্গিক কাজ এর জন্য খরচের প্রাক্কলন ও টাকার অবমূল্যায়নের বিষয়টি যথাযথ ভাবে বিবেচনা করা হয়নি।

২) সম্ভব্যতা যাচাইকালে কেবলমাত্র প্রকল্পের মূল কাজ সাইলো নির্মাণের প্রাক্কলন করা হয়েছিল। কিন্তু প্রকল্পের অন্যান্য অংগ যেমন ICT, দক্ষতা বৃদ্ধি, প্রকল্প ব্যবস্থপনা খাতে প্রাক্কলন করা হয়নি। কোন সম্ভাব্যতা যাচাই সমীক্ষা ছাড়াই ডিপিপি ও PAD এ ক্ষেত্রে অর্থ বরাদ্দ করা হয়েছে যা প্রয়োজনের তুলনায় অস্বাভাবিকভাবে কম।

৩) প্রকল্পের কাজ সুষ্ঠ বাস্তবায়নের জন্য খাদ্য বিভাগের যথেষ্ঠ জনবল নেই। প্রকল্পের কাজ সুষ্ঠ তদারক ও বাস্তবায়নের জন্য মধ্যম ও নিম্ন পর্যায়ের প্রয়োজনীয় কারিগরী জনবলের সংখ্যা সঠিক ভাবে নির্ধারণ করা হয়নি। ফলে প্রকল্পের মূল কাজ সাইলো নির্মাণকালীন প্রকল্পের সংস্থানকৃত জনবল দিয়ে মাঠ পর্যায়ে কাজ সঠিক ভাবে তদারকী করা দূরহ হয়ে পড়বে। যার ফলশ্রুতিতে কাজের গুণগত মান রক্ষা করা কঠিন হবে।

৪) প্রকল্পের PMU দপ্তরে উচ্চ পর্যায়ে (Specialist) জনবল থাকা সত্তেও কেন্দ্রীয় ভাবে তাদের পক্ষে ৮ টি সাইটের চলমান কাজ তদারকী করা সম্ভব হয় না। প্রকল্প দপ্তরে একজন Senior Procurement Specialist এবং একজন Procurement Analyst থাকা সত্ত্বেও সকল সেবা, পণ্য ও কার্য ক্রয় কাজে যথেষ্ঠ বিলম্ব ঘটেছে।

৫) প্রকল্পের সম্ভাব্যতা যাচাই সমীক্ষার প্রদতবেদনে ষ্টিল সাইলো নির্মা ণের জন্য যে প্রাকল্পিত ব্যয় ধরা হয়েছিল ডিপিপিতে তার চেয় কম ধরা হয়েছে। যেমন সম্ভাব্যতা যাচাই সমীক্ষায় (২০১২) W-3 প্যাকেজের জন্য প্রাকল্পিত ব্যয় ছিল ৬৯৭.৪২ কোটি টাকা কিন্তু ডিপিপিতে (২০১৪) প্রাকল্পিত ব্যয় ধরা হয় ৫১৩.৮৫ কোটি টাকা। পরবর্তীতে (২০১৭) Gerico পরামর্শক ফার্ম কর্তৃক প্রাকল্পিত ব্যয় নির্ণয় করা হয় ৯২৫.৬৬ কোটি টাকা। ডিপিপিতে বরাদ্দ কম ধরার কারণ মূলত অফিসিয়াল ব্যয় যাচাই-বাছাই কমিটিতে কারিগরী জ্ঞানসম্পন্ন দক্ষ লোকের অভাব ছিল।

৬) ২০১১ সালে পরিচালিত Feasibility Study–তে ব্যয় ছিল আটটি স্টীল সাইলো নির্মাণের জন্য ২১৬.৯৭ মিলিয়ন মার্কিন ডলার যা বিশ্ব ব্যাংক কমিয়ে ১৭০ মিলিয়ন ডলার ধার্য্য করে।

৭) তিনটি প্যাকেজ (W-1, W-2, W-3) বাস্তবায়নের জন্য আইডিএ ফাইন্যান্সিং এ বরাদ্দকৃত অর্থের পরিমান ১৪৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পের নক্সা ও পর্যবেক্ষণ পরামর্শক প্রতিষ্ঠান Gerico France এর প্রাকল্পন অনুযায়ী এই তিনটি প্যাকেজের প্রকল্প ব্যয় ২৯৭.৭১ মিলিয়ন মার্কিন ডলার। অন্যদিকে এই তিনটি প্যাকেজের জন্য আহ্বানকৃত টেন্ডারের বিপরীতে যে সর্ব্বোনিম্ম দরপত্র পড়েছে সে হিসেবে এই তিনটি প্যাকেজের ব্যয় ৩৪২.৯১ মিলিয়ন মার্কিন ডলার।

৮) ষ্টিল সাইলো নির্মাণ কাজ তদারকীর জন্য মাঠ পর্যায়ে কারিগরি জনবল অপ্রতুল। সকল ভৌত অবকাঠামো নির্মাণ কাজ সার্বক্ষনিক তদারকী ও কাজের হিসাব সংরক্ষণের জন্য প্রকল্পে কারিগরি জ্ঞান সম্পন্ন অভিজ্ঞ কার্য সহকারী (Work Assistant) এর ব্যবস্থা রাখা হয় নি।

৯) বর্তমান খাদ্য ক্রয় নীতিমালা অনুযায়ী সরকারি খাদ্য ক্রয় লক্ষ্যমাত্রা অর্জন দূরহ হয়ে পরে। সে ক্ষেত্রে স্টীল সাইলোর জন্য ৫,৪৩২২৫ মেট্রিক টন খাদ্য ক্রয় ও সংগ্রহ করা কঠিন হতে পারে।

৯.৪ সুযোগ

প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সুযোগ: সরকারিভাবে স্টিল সাইলো নির্মাণ এই প্রকল্পের মূল কাজ। এই প্রকল্পের স্টিল সাইলো নির্মাণ ও ব্যবহারের মাধ্যমে দেশে ভবিষ্যতে আরোও স্টিল সাইলো নির্মাণের সুযোগ সৃষ্টি হবে।

১) এই প্রকল্পের মাধ্যমে দেশে খাদ্য শস্য সংরক্ষণ প্রক্রিয়ায় একটি আধুনিক প্রযুক্তির নির্ভর কার্যক্রম শুরু হবে। ভবিষ্যতে খাদ্য সংরক্ষণ কাজে আরোও নতুন প্রযুক্তির আহরণ ও সংগ্রহের দক্ষতা বৃদ্ধি পাবে।

২) খাদ্য শস্য সংরক্ষণে দক্ষ জনবল গড়ে উঠবে এবং কারিগরি জ্ঞান সম্পন্ন জনবলের চাহিদা বৃদ্ধি পাবে।

৩) খাদ্য মজুদ বৃদ্ধি পাবে এবং এ কাজে দক্ষ/অদক্ষ শ্রমিক কাজ করার সুযোগ পাবে।

৪) প্রকল্প এলাকায় খাদ্য শস্য সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ কাজে বেসরকারী পর্যায়ে কর্মসংস্থান সৃষ্টি হবে।

৫) চাষীদের উৎপাদিত খাদ্য শস্যের ন্যায্য মূল্য নিশ্চিত করবে।

৬) খাদ্য শস্যের কৃত্রিম সংকট সৃষ্টি সুযোগ কমে যাবে।

৭) খাদ্য শস্য উৎপাদনকারী চাষীদের মধ্যে আস্থার ভাব সৃষ্টি হবে।

৮) খাদ্য শস্য উৎপাদনে নিয়োজিত চাষীগনের মধ্যে অধিক খাদ্য শস্য উৎপাদনের সুযোগ সৃষ্টি হবে।

৯) খাদ্য অধিদপ্তরের তথ্য-ভান্ডার ডিজিটাল হবে এবং তথ্য আদান-প্রদান সহজতর হবে।

৯.৫ ঝুঁকি

১) প্রকল্প সমাপ্তি দীর্ঘায়িত হবে।

২) প্রকল্প সামাপ্তির পর তা চালু রাখার জন্য প্রয়োজনীয় দক্ষ জনবল সৃষ্টি করতে না পারলে ষ্টিল সাইলো পরিচালনা ও রক্ষণাবেক্ষণের ঝুঁকি আছে।

৩) নতুন প্রযুক্তির ষ্টিল সাইলো মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য প্রয়োজনীয় দক্ষ জনবল সৃষ্টি করতে না পারলে কোন যান্ত্রিক ত্রুটি দেখা দিলে তা তাৎক্ষনিক মেরামত ও চালু করার ঝুকি রয়েছে।

৪) কারিগরি ত্রুটির কারনে সংরক্ষিত খাদ্য শস্য মান নষ্ট হতে পারে।

৫) প্রকল্প মেয়াদের মধ্যে প্রকল্পের যাব তীয় কার্যক্রম সম্পূর্ণ করে প্রকল্পের মূল উদ্দেশ্য খাদ্য শস্য সংগ্রহ, সংরক্ষণ, বিতরণের কাজে যথাযত শুরু করা নিয়ে অনিশ্চিয়তা রয়েছে।

৬) বিদ্যমান ডিপিপি'র বরাদ্দের আওতায় সাইলো নির্মা ণের সকল প্যাকেজের ক্রয় কার্য সম্পন্ন করা নিয়ে অনিশ্চিয়তা রয়েছে।

দশম অধ্যায়

নিবিড় পরিবীক্ষণের আলোকে প্রাপ্ত পর্যবেক্ষণ সুপারিশমালা ও উপসংহার

১০.১ পর্যবেক্ষণ

